পপুলার

ডিপ্লোমা ও মিডওয়াইফারি

নার্সিং ভর্তি গাইড

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা নং
* বাংলা	০৭ - ৬৬
* ইংরেজি	৬৭ - ১২৮
* গণিত	১২৯ - ২০৮
* সাধারণ জ্ঞান	২০৯ - ২৬০
* সাধারণ বিজ্ঞান	২৬১ - ২৮৮
* মডেল টেস্ট	২৮৯ - ৩২৩
* নার্সিং সাল প্রশ্ন	৩২৪ - ৪০০

POPULAR EDUCATION FAMILY
PEF
RAJSHAHI
EST: 2018

পপুলার

ডিপ্লোমা ও মিডওয়াইফারি

নার্সিং ভর্তি গাইড

বাংলা

গদ্যাংশ

গল্প/প্রবন্ধের নাম	লেখক/সাহিত্যিকের নাম	যে গ্রন্থ থেকে নেয়া	জন্ম-মৃত্যু সাল	সাহিত্যকর্ম
সুভা	রবীন্দ্রনাথ ঠাকুর	গল্পগুচ্ছ	৭ই মে ১৮৬১ খ্রি. - ৭ই আগস্ট ১৯৪১ খ্রি.	উপন্যাস : চোখের বালী, গোরা, ঘর-বাইরে, যোগাযোগ, শেষের কবিতা। কাব্যগ্রন্থ : মানসী,সোনার তরী, চিত্রা, কল্পনা, ক্ষনিকা, বলাকা, পুনশ্চ। নাটক : বিসর্জন, ডাকঘর, রক্তকরবী।
বই-পড়া	প্রমথ চৌধুরী	প্রবন্ধ সংগ্রহ	৭ই আগস্ট ১৮৬৮ খ্রি. - ২রা সেপ্টেম্বর ১৯৪৬ খ্রি.	প্রবন্ধ : বীরবলের হালখাতা, রায়তের কথা, চার-ইয়ারি কথা, আহুতি, প্রবন্ধ সংগ্রহ নীললোহিত, সনেট পঞ্চাশৎ পদচারনা।
অভাগীর স্বর্গ	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়	শরৎ সাহিত্যসমগ্র	১৫ সেপ্টেম্বর ১৮৭৬ সাল - ১৬ জানুয়ারি ১৯৩৮ সাল	উপন্যাস : চরিত্রহীন, দত্তা, ছবি গৃহদাহ, দেনা, শেষপ্রশ্ন, শ্রীকান্ত, দেবদাস। পণ্ডিতমশাই, পল্লিসমাজ।
পল্লিসাহিত্য	মুহম্মদ শহীদুল্লাহ্	"পূর্ব ময়মনসিংহ সাহত্যি সম্মিলন"-এর ভাষণ	১০ জুলাই ১৮৮৫ সাল - ১৩ জুলাই ১৯৬৯ সাল।	অঙ্কুর পত্রিকার সম্পাদক, বাংলা ভাষার ইতিবৃত্ত, বাংলা সাহিত্যের কথা, বাংলা ভাষার ব্যাকরণ, বাংলাদেশের আঞ্চলিক অভিধান।
আম-আঁটির ভেঁপু	বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়	পথের পাঁচালী	১৮৯৪ সাল - ১লা সেপ্টেম্বর ১৯৫০ সাল	উপন্যাস : পথের পাঁচালী, অপরাজিত, আরণ্যক, ইতিমতি দৃষ্টিপ্রদীপ। গল্পগ্রন্থ : মেঘমল্লার মৌরীফুল, যাত্রাবদল।
মানুষ মুহম্মদ (স)	মোহাম্মদ ওয়াজেদ আলী	মরু-ভাস্কর	১৮৯৬ (২৯শে ভাদ্র ১৩০৩) - ১৯৫৪ সালের ৮ই নভেম্বর	মহামানুষ মুহসীন, মরুভাস্কও, সৈয়দ আহমদ, খনিনন্দিনী, ছোট হযরত মুহম্মদ।
নিমগাছ	বনফুল (বলাইচাঁদ মুখোপাধ্যায়)	অদৃশ্যলোক	১৮৯৯, ১৯শে জুলাই	গল্পগ্রন্থ : বিন্দুবিসর্গ, অনুগামিনী, তন্বী, ঊর্মিমালা, দূরবীন। উপন্যাস : তৃণখণ্ড, কিছুক্ষন, দ্বৈরথ, নির্মোক, সে ও আমি জঙ্গম, অগ্নি।
উপেক্ষিত শক্তির উদ্বোধন	কাজী নজরুল ইসলাম	নজরুল রচনা-সমগ্র	২৪শে মে ১৮৯৯ (১১ই জৈষ্ঠ ১৩০৬) - ২৯শে আগস্ট ১৯৭৬ (১২ ভাদ্র ১৩৮৩)	উপন্যাস : বাঁধন হারা, মৃত্যুক্ষুধা, কুহেলিকা গল্পগ্রন্থ : ব্যথার দান, শিউলিমালা, রিক্তের বেদন। কাব্যগ্রন্থ : অগ্নি-বীনা, বিষের বাঁশি, ছায়ানট, প্রলয়শিখা, চক্রবাক সিন্ধুহিন্দোল।
শিক্ষা ও মনুষ্যত্ব	মোতাহের হোসেন চৌধুরী	সংস্কৃতি কথা	১৯০৩ খ্রি. - ১৯৫৬ সালের ১৮ই সেপ্টেম্বর	প্রবন্ধগ্রন্থ : সংস্কৃতি কথা, সভ্যতা ও সুখ।
প্রবাস-বন্ধু	সৈয়দ মুজতবা আলী	দেশে-বিদেশে	১৩ই সেপ্টেম্বর ১৯০৪ - ১১ই ফেব্রুয়ারি ১৯৭৪	দেশে-বিদেশে, পঞ্চতন্ত্র, চাচা কাহিনী, ময়ূরকণ্ঠী শবনম
মমতাদি	মানিক বন্দ্যোপাধ্যায়	সরীসৃপ	১৯০৮ সাল - ৩রা ডিসেম্বর ১৯৫৬ সাল	উপন্যাস : দিবারাত্রির কাব্য, পদ্মানদীর মাঝি, পতুল নাচের ইতিকথা, জননী, চিহ্ন সহরতলী, অহিংস, চতুষ্কোন। গল্পগ্রন্থ : সরীসৃপ, অতসীমামী।
পথন বৈশাখ	কবীর চৌধুরী	বাংলাদেশের উৎসব: নববর্ষ	৯ই ফেব্রুয়ারি, ১৯২৩ সাল - ১৩ ডিসেম্বর, ২০১১ সাল	হয় সঙ্গী, সাহিত্য কোষ।
একাত্তরের দিনগুলি	জাহানারা ইমাম	একাত্তরের দিনগুলি	৩রা মে ১৯২৯ সাল - ২৬শে জুন ১৯৯৪ সাল	গ্রন্থ : গজকচ্ছপ, সাতটি তারার ঝিকিমিকি, ক্যান্সারের সঙ্গে বসবাস, প্রবাসের দিনগুলি।
সাহিত্যের রূপ ও রীতি	হায়াৎ মামুদ	সাহিত্যের রূপরীতি	২রা জুলাই ১৯৩৯ সাল - বর্তমান (জীবত)	গ্রন্থ : স্বগত সংলাপ, প্রেম অপ্রেম নিয়ে বেঁচে আছি, প্রতিভার খেলা।
নিয়তি	হুমায়ূন আহমেদ	আমার ছেলে-বেলা	১৩ই নভেম্বর ১৯৪৮ সাল - ১৯শে জুলাই ২০১২ সাল	উপন্যাস : নন্দিত নরকে, নীল অপরাজিতা, প্রিয়তমেষু জয়জয়ন্তী, এলেবেলে। চলচ্চিত্র : শঙ্খনীল কারাগার, আগুনের পরশমনি, শ্যামলছায়া, শ্রাবন মেঘের দিন।

পদ্যাংশ

কবিতার নাম	কবির নাম	যে গ্রন্থ থেকে নেয়া	জন্ম-মৃত্যু সাল	সাহিত্যকর্ম
বঙ্গবাণী	আবদুল হাকিম	নূরনামা	১৬২০-১৬৯০ সাল	কাব্যগ্রন্থ : ইউসুফ জুলেখা, লালমতি, শিহাবুদ্দিননামা, কারবালা ও শহরনামা
কপোতাক্ষ নদ	মাইকেল মধুসূদন দত্ত	চতুর্দশপদী কবিতাবলি	২৫শে জানুয়ারি ১৮২৪-২৯শে জুন ১৮৭৩	কাব্য : হেক্টরবধ, বীরাঙ্গনা, ব্রজাঙ্গনা, তিলোত্তমা সম্ভব, চতুর্দশপদী কবিতাবলি। নাটক : কৃষ্ণকুমারী, মায়াকানন, শর্মিষ্ঠা, পদ্মাবতী মহাকাব্য : মেঘনাদবধ।
জীবন সংগীত	হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়	A psalm of life	১৭ই এপ্রিল ১৮৩৮ - ২৪শে মে ১৯০৩ সাল	মহাকাব্য : বৃত্রসংহার কাব্যগ্রন্থ : চিন্তাতরঙ্গিনী, বীরবাহু, আশাকানন, ছায়াময়ী।
জুতা-আবিষ্কার	রবীন্দ্রনাথ ঠাকুর	কল্পনা	৭ই মে ১৮৬১ খ্রি. - ৭ই আগস্ট ১৯৪১ খ্রি.	উপন্যাস : চোখের বালী, গোরা, ঘর-বাইরে, যোগাযোগ, শেষের কবিতা। কাব্যগ্রন্থ : মানসী,সোনার তরী, চিত্রা, কল্পনা, ক্ষনিকা, বলাকা, পুনশ্চ। নাটক : বিসর্জন, ডাকঘর, রক্তকরবী।
ঝরনার গান	সত্যেন্দ্রনাথ দত্ত	বিদায় আরতি	১৮৮২ সাল - ১৯২২ সাল	কাব্যগ্রন্থ : সবিতা, সন্ধিক্ষন, বেনু ও বীনা, হোমশিখা, কহু ও কেকা, অভ্র-আবীর, বেলাশেষের গান, বিদায় আরতি।
মানুষ	কাজী নজরুল ইসলাম	সাম্যবাদী	২৪শে মে ১৮৯৯ (১১ই জ্যৈষ্ঠ ১৩০৬) - ২৯শে আগস্ট ১৯৭৬ (১২ ভদ্র ১৩৮৩)	উপন্যাস : বাঁধন হারা, মৃত্যুক্ষুধা, কুহেলিকা গল্পগ্রন্থ : ব্যথার দান, শিউলিমালা, রিক্তের বেদন। কাব্যগ্রন্থ : অগ্নি-বীনা, বিষের বাঁশি, ছায়ানট, প্রলয়শিখা, চক্রবাক সিন্ধুহিন্দোল।
সেইদিন এই মাঠ	জীবনানন্দ দাশ	রূপসী বাংলা	১৮৯৯ সাল - ২২শে অক্টোবর ১৯৫৪ সাল	কাব্যগ্রন্থ : ঝরা-পালক, ধূসর পাণ্ডুলিপি, বনলতা সেন, মহাপ্রিবিবী, সাতটি তারার তিমির, কবিতার কথা, রূপসী বাংলা, বেলা অবেলা কালবেলা, মান্যবান, সুতীর্থ।
পল্লিজননী	জসীমউদ্‌দীন	রাখালী	১৯০৩ সাল - ১৩ই মার্চ ১৯৭৬ সাল	কাব্যগ্রন্থ : নক্সী কাঁথার মাঠ, সোজন বাদিয়ার ঘাট, রাখালী, বালুচর, হাসু, এক পয়সার বাঁশি, মাটির কান্না।
আশা	সিকান্দার আবু জাফর	মানব কৌশিক	১৯মার্চ ১৯১৯ সাল - ৫ আগস্ট ১৯৭৫ সাল	কাব্যগ্রন্থ : প্রসন্ন শহর, বৈরী বৃষ্টিতে, তিমিরান্তিক, বৃশ্চিক লগ্ন, মানব কৌশিক।
আমি কোনো আগন্তুক নই	আহসান হাবীব	আমি কোনো আগন্তুক নই	২রা ১৯১৭ সাল - ১০ জুলাই ১৯৮৫ সাল	কাব্যগ্রন্থ : রাত্রিশেষ, ছায়াহরিন, সারা দুপুর, আশায় বসতি, মেঘ বলে চৈত্রে যাবো। উপন্যাস : রানী খালের সাঁকো।
রানার	সুকান্ত ভট্টাচার্য	ছাড়পত্র	১৯২৬ সাল - ১৯৪৭ সাল	কাব্য : ছাড়পত্র, ঘুমনেই, পূর্বাভাস, অভিযান। গল্প : হরতাল।
তোমাকে পাওয়ার জন্য হে স্বাধিনতা	শামসুর রাহমান	কামসুর রাহমানের শ্রেষ্ঠ কবিতা	১৯২৯ সালের ২৩ শে অক্টোবর - ২০০৬ সালের ১৭ আগস্ট	কাব্য : প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে, রৌদ করোটিতে বিধ্বস্তনীলিমা, নিরালোকে বিদ্যরথ, নিজ বাসভূমে, বন্দি শিবির থেকে, বাংলাদেশ স্বপ্ন দ্যাখে।
আমার পরিচয়	সৈয়দ শামসুল হক	কিশোর কবিতা সমগ্র	২৭শে ডিসেম্বর ১৯৩৫ সাল - ২৭শে সেপ্টেম্বর ২০১৬ সাল	কাব্য : একদা এক রাজ্যে বৈশাখে ও জলের কবিতা, রাজনৈতিক কবিতা। উপন্যাস : বৃষ্টি ও বিদ্রোহীগন। নাটক : পায়ের আওয়াজ পাওয়া যায়, নূরলদীনের সারাজীবন।
স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো	নির্মলেন্দু গুন	চাষাভূষার কাব্য	১৯৪৫ সাল - বর্তমান	কাব্য : প্রেমাংশুর রক্ত চাই, বাংলার মাটি বাংলার জল, চাষাভূষার কাব্য, পঞ্চাশ সহস্র বর্ষ। ছোটগল্প : আপন দলের মানুষ। উপন্যাস : কালোমেঘের ভেলা, বাবা যখন ছোট ছিলেন।
সাহসী জননী বাংলা	কামাল চৌধুরী	ধুলি ও সাগর দৃশ্য	১৯৫৭ সালে ২৮শে জানুয়ারি - বর্তমান	কাব্য : মিছিলের সমান বয়সী, টানাপোড়েনের দিন, এই পথ এই কোলাহল, এসেছি নিজের ভোরে, ধুলি ও সাগর দৃশ্য, হে মাটি পৃথিবীর, পাথাশালার ঘোড়া।

বাংলা ভাষা ও সাহিত্য

বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ

খ্রিস্টজন্মের প্রায় দুই হাজার বছর আগে আর্যরা ভারতীয় উপমহাদেশে আসে। তাদের ধর্মগ্রন্থ 'বেদ' ও 'ব্রাহ্মণ-সংহিতা'র ভাষাই ছিল আর্য ভারতীয়দের প্রাচীনতম সাহিত্যিক ভাষা। এই প্রাচীনতম সাহিত্যিক ভাষাই নানাভাবে বিবর্তনের মধ্য দিয়ে বাংলা ভাষায় রূপান্তরিত হয়েছে। ভাষাতাত্ত্বিকদের মতে, বাংলা ভাষা কোনো স্বতন্ত্র ভাষা নয়, একটি রূপান্তরিত ভাষারূপ। বৃহত্তম বঙ্গ অঞ্চলে অধিবাসীদের দ্বারা ব্যবহৃত বলে এই ভাষার নামকরণ করা হয়েছে বাংলা ভাষা।

বৈদিক ভাষা থেকে বাংলা ভাষা পর্যন্ত বিবর্তনের তিনটি ধারা হলো:

* প্রাচীন ভারতীয় আর্য ভাষা
* মধ্য ভারতীয় আর্য ভাষা
* নব্য ভারতীয় আর্য ভাষা

এই নব্য ভারতীয় আর্য ভাষাই মূলত বাংলা ভাষা। এর তিনটি স্তর রয়েছে। সেগুলো হলো:

- প্রাচীন যুগের বাংলা ভাষা (৬৫০ খ্রি. - ১২০০ খ্রি.)
- মধ্যযুগের বাংলা ভাষা (১২০১ খ্রি. - ১৮০০ খ্রি.)
- আধুনিক যুগের বাংলা ভাষা (১৮০১ খ্রি. থেকে বর্তমান)

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

১. বাংলা সাহিত্যের প্রাচীন যুগের নিদর্শন কোনটি?
উত্তরঃ চর্যাপদ।

২. বাংলা ভাষার প্রাচীনতম নিদর্শন চর্যাপদের পদকর্তা কতজন ছিলেন?
উত্তরঃ ২৪ জন।

৩. ব্রাহ্মী লিপির পরবর্তী লিপিকে কী বলা হতো?
উত্তরঃ খরোষ্ঠী লিপি।

৪. কোন যুগে বাংলা লিপি ও অক্ষরের গঠনকাজ শুরু হয়?
উত্তরঃ সেন যুগে।

৫. বাংলা ভাষা কোন মূল ভাষাগোষ্ঠীর অন্তর্গত?
উত্তরঃ ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠীর।

৬. বাংলা সাহিত্যের প্রাচীন যুগ কোন সময় পর্যন্ত বিস্তৃত ছিল?
উত্তরঃ ৬৫০ থেকে ১২০০ খ্রিস্টাব্দ পর্যন্ত।

৭. মধ্যযুগ কোন সময় পর্যন্ত ছিল?
উত্তরঃ ১২০১ থেকে ১৮০০ খ্রিস্টাব্দ পর্যন্ত।

৮. বাংলা সাহিত্যের অন্ধকার যুগের সময়কাল কত?
উত্তরঃ ১২০১-১৩৫০ সাল।

৯. বাংলা সাহিত্যের আধুনিক যুগ কোন সময় পর্যন্ত বিস্তৃত?
উত্তরঃ ১৮০০ খ্রিস্টাব্দ থেকে বর্তমান পর্যন্ত।

১০. বাংলা সাহিত্যের প্রথম মুসলমান কবির নাম কি?
উত্তরঃ শাহ্ মুহম্মদ সগীর।

১১. বাংলা সাহিত্যের প্রথম মুসলমান কবি রচিত গ্রন্থের নাম কী?
উত্তরঃ ইউসুফ জুলেখা।

১২. বাংলা সাহিত্যের গদ্য ধারায় চলিত রীতির প্রবর্তন কে করেন?
উত্তরঃ প্রমথ চৌধুরী।

১৩. বাংলা সাহিত্যের 'সাহিত্য সম্রাট' বলা হয় কাকে?
উত্তরঃ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কে।

১৪. বাংলা সাহিত্যের প্রথম যতিচিহ্নের ব্যবহারকারীর নাম কী?
উত্তরঃ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

১৫. বাংলা সাহিত্যের মধ্যযুগের প্রথম নিদর্শন কী?
উত্তরঃ বড়ু চণ্ডীদাশের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য।

১৬. ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতো বাংলা ভাষার উৎপত্তিকাল কোন শতকে?
উত্তরঃ সপ্তম শতকে।

১৭. বাংলা ভাষার আধুনিক যুগের শুরু কোন শতাব্দী থেকে?
উত্তরঃ উনবিংশ শতাব্দী থেকে।

১৮. প্রথম প্রকাশিত বাংলা পত্রিকার নাম কী?
উত্তরঃ দিকদর্শন।

প্রাচীন যুগ

১. চর্যাপদ আবিষ্কারের কত বছর পর তা গ্রন্থাকারে প্রকাশিত হয়?
উত্তরঃ ৯ বছর (১৯০৭ সালে আবিষ্কৃত এবং ১৯১৬ সালে প্রকাশিত)।

২. চর্যাপদের কোন পদটি খণ্ডিত আকারে পাওয়া গেছে?
উত্তরঃ ২৩ নম্বর পদটি।

৩. প্রথম প্রকাশের সময় চর্যাপদের নাম কী ছিল?
উত্তরঃ 'হাজার বছরের পুরান বাঙ্গলা ভাষায় বৌদ্ধগান ও দোহা'।

৪. হরপ্রসাদ শাস্ত্রীর সম্পাদনায় কোন সংস্থা থেকে চর্যাপদ গ্রন্থাকারে প্রকাশিত হয়?
উত্তরঃ বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে।

৫. কত সালে চর্যাপদ প্রথম প্রকাশিত হয়?
উত্তরঃ ১৯১৬ সালে (১৩২৩ বঙ্গাব্দে)।

৬. চর্যাপদে সবচেয়ে বেশি পদ রচনা করেছেন কে?
উত্তরঃ কাহ্ন পা।

৭. চর্যাপদের কোন রচয়িতা বাঙালি ছিলেন?
উত্তরঃ শবর পা।

৮. চর্যাপদে মোট কয়টি পদ ছিল?
উত্তরঃ ৫১টি।

৯. বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীন নিদর্শন কোনটি?
উত্তরঃ চর্যাপদ।

১০. কত সালে চর্যাপদ আবিষ্কৃত হয়?
উত্তরঃ ১৯০৭ সালে।

১১. চর্যাপদে মোট কতজন লেখকের পরিচয় পাওয়া যায়?
উত্তরঃ ২৪ জন।

১২. চর্যাগীতি রচনার সংখ্যাধিক্যের দ্বিতীয় স্থানের অধিকারী কে?
উত্তরঃ ভুসুকু পা।

১৩. বাংলা সাহিত্যের ইতিহাসে প্রাচীন যুগ কোনটি?
উত্তরঃ ৬৫০-১২০০ সাল।

১৪. চর্যাপদের উল্লেখযোগ্য সংস্কৃত টীকাকার কে?
উত্তরঃ মুনিদত্ত।

১৫. চর্যাপদ কত সালের মধ্যে রচিত হয়?
উত্তরঃ ৯৫০-১২০০ সাল।

১৬. চর্যাপদে কোন ধর্মের তত্ত্বকথা বিধৃত হয়েছে?
উত্তরঃ বৌদ্ধ।

১৭. চর্যাপদ কোন ছন্দে লেখা?
উত্তরঃ মাত্রাবৃত্ত

১৮. চর্যাপদে সমাজের কোন শ্রেণির প্রসঙ্গ আলোচিত হয়েছে?
উত্তরঃ অন্ত্যজ শ্রেণি।

১৯. চর্যার পদগুলো আবিষ্কৃত হয়েছে কোথা থেকে?
উত্তরঃ নেপাল থেকে।

২০. কোন শাসনামলে চর্যাপদ রচিত হয়েছে বলে জানা যায়?
উত্তরঃ পাল আমলে।

২১. চর্যাপদ নেপালের কোথা থেকে আবিষ্কৃত হয়?
উত্তরঃ রাজগ্রন্থাগার থেকে।

২২. চর্যা ভাষা সম্পর্কে প্রথম স্পষ্ট মত প্রকাশ করেন—
উত্তরঃ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়।

মধ্যযুগ

১. কোন কবি বাঙালি না হয়েও এবং বাংলায় কোনো পদ রচনা না করেও বাঙালি বৈষ্ণবের গুরুস্থানীয় হয়ে আছেন?
উত্তরঃ মিথিলার কবি বিদ্যাপতি।

২. মধ্যযুগের বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ ফসল কী?
উত্তরঃ বৈষ্ণব পদাবলি।

৩. বাংলা ভাষায় বৈষ্ণব পদাবলির আদি রচয়িতা কে?
উত্তরঃ চণ্ডীদাস।

৪. সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু/অনলে পুড়িয়া গেল-এ অংশটির রচয়িতা কে?
উত্তরঃ জ্ঞানদাস।

৫. বাংলা সাহিত্যের প্রথম জীবনীগ্রন্থ কোনটি?
উত্তরঃ বৃন্দাবন দাসের 'শ্রীচৈতন্যভগবত'।

৬. রামায়ণ অনুবাদক প্রথম মহিলা কবি কে?
উত্তরঃ চন্দ্রাবতী।

৭. রোমান্টিক প্রণয়োপাখ্যান ধারার প্রথম কবি কে?
উত্তরঃ শাহ মুহম্মদ সগীর।

৮. আরাকান রাজসভার প্রথম বাঙালি কবি কে?
উত্তরঃ দৌলত কাজী।

৯. মধ্যযুগের সবচেয়ে উল্লেখযোগ্য মুসলমান কবি কে?
উত্তরঃ আলাওল।

১০. মধ্যযুগের প্রথম কবি কে?
উত্তরঃ বড়ু চণ্ডীদাস।

১১. কার সম্পাদনায় ও কত সালে বঙ্গীয় সাহিত্য পরিষদ কর্তৃক শ্রীকৃষ্ণকীর্তন কাব্য প্রথম প্রকাশিত হয়?
উত্তরঃ বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভের সম্পাদনায় ১৯১৬ সালে (১৩২৩ বঙ্গাব্দে)।

১২. সর্বজনস্বীকৃত ও খাঁটি বাংলা ভাষায় রচিত প্রথম কাব্যগ্রন্থ কোনটি?
উত্তরঃ শ্রীকৃষ্ণকীর্তন।

১৩. শ্রীকৃষ্ণকীর্তন কাব্য কে, কোথা থেকে আবিষ্কার করেন?
উত্তরঃ ১৯০৯ খ্রিস্টাব্দে কাব্যটি পশ্চিমবঙ্গের বাঁকুড়ায় এক গৃহস্থের গোয়ালঘর থেকে উদ্ধার করেন শ্রী বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ।

১৪. অধিকাংশ বৈষ্ণব পদাবলি কোন ভাষায় রচিত?
উত্তরঃ ব্রজবুলি ভাষায়।

১৫. 'দেওয়ানা মদিনা' পালাটির রচয়িতা কে?
উত্তরঃ মনসুর বয়াতি।

১৬. লোকসাহিত্যের প্রাচীনতম সৃষ্টি কী?
উত্তরঃ ছড়া।

১৭. কোন কবি বাঙালি না হয়েও বাংলা সাহিত্যের স্বতন্ত্র স্থান দখল করে আছেন?
উত্তরঃ বিদ্যাপতি।

১৮. মহাভারতের স্বার্থক অনুবাদক কে?
উত্তরঃ কাশীরাম দাস।

১৯. 'শূন্যপূরাণ' কার লেখা?
উত্তরঃ রামাই পণ্ডিত।

২০. বাংলা সাহিত্যের প্রথম নাগরিক কবি কে?
উত্তরঃ ভারতচন্দ্র।

২১. বাংলা সাহিত্যের মধ্যযুগ কোনটি?
উত্তরঃ ১২০১-১৮০০।

২২. মধ্যযুগের প্রথম নিদর্শন কোনটি?
উত্তরঃ শ্রীকৃষ্ণকীর্তন।

২৩. বাংলা সাহিত্যে 'অবক্ষয়ের যুগ' কোনটি?
উত্তরঃ ভারতচন্দ্রের মৃত্যুর পরবর্তী যুগ।

২৪. বড়ু চণ্ডীদাসের জন্মস্থান কোনটি?
উত্তরঃ বীরভূম জেলার নানুর গ্রাম।

২৫. কত বঙ্গাব্দে 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য আবিষ্কৃত হয়?
উত্তরঃ ১৩১৬ বঙ্গাব্দে।

২৬. চণ্ডীমঙ্গল কাব্য কার রচনা?
উত্তরঃ মুকুন্দরাম।

আধুনিক যুগ

১. ধাতুতে খোদাই করা প্রথম বাংলা হরফ ব্যবহার করেন কে ?
উত্তরঃ বাংলা অক্ষরে প্রথম মুদ্রিত বইয়ের নাম কী এবং এর রচয়িতা কে

২. ফোর্ট উইলিয়াম কলেজ কত সাল পর্যন্ত চালু ছিল?
উত্তরঃ ১৮৫৪ সাল পর্যন্ত।

৩. ধাতুতে খোদাই করা বাংলা হরফ ব্যবহার করা হয় কোন গ্রন্থে?
উত্তরঃ ১৭৭৮ সালে রচিত ব্রাসি হ্যালহেডের 'A Grammar of the Bengali Language' গ্রন্থে।

৪. বাংলা মৌলিক নাটকের সূত্রপাত হয় কখন?
উত্তরঃ ১৮৫২ সালে। যোগেন্দ্রচন্দ্র গুপ্তের 'কীর্তিবিলাস' এবং তারাচরণ শিকদারের 'ভদ্রার্জুন' নাটক দিয়ে। নাটকদ্বয় ১৮৫২ সালে প্রকাশিত হয়।

৫. ফোর্ট উইলিয়াম কলেজের বাংলা বিভাগের প্রথম অধ্যাপক নিযুক্ত হন কে?
উত্তরঃ উইলিয়াম কেরি।

৬. ফোর্ট উইলিয়াম কলেজে ১৮০১ থেকে ১৮১৫ সাল পর্যন্ত মোট কতটি গ্রন্থ রচিত হয়?
উত্তরঃ ১৩টি।

৭. বাংলা গদ্যে প্রথম যতিচিহ্ন ব্যবহার করেন কে?
উত্তরঃ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

৮. ১৮০০ সালের কোন মাসে ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হয়?
উত্তরঃ মে মাসে।

৯. বাংলা মুদ্রাক্ষরের জনক বলা হয় কাকে?
উত্তরঃ পঞ্চানন কর্মকার।

১০. ভারতীয়দের মধ্যে প্রথম কে বাংলা ব্যাকরণ রচনা করেন?
উত্তরঃ রামমোহন রায়।

১১. বাংলা গদ্যরীতিকে পাঠ্যপুস্তকের বাইরে প্রথম ব্যবহার করেন কে?
উত্তরঃ রাজা রামমোহন রায়।

১২. 'গৌড়ীয় ব্যাকরণ' নামক গ্রন্থের রচয়িতা কে?
উত্তরঃ রামমোহন রায়।

১৩. আধুনিক কালের চলিত ভাষার প্রবর্তক কে?
উত্তরঃ প্রমথ চৌধুরী।

১৪. ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠা করেন—
উত্তরঃ লর্ড ওয়েলেসলি।

ভাষা ও সাহিত্যের উন্নয়ন বাংলা সাহিত্যের উন্নয়নে বিভিন্ন প্রতিষ্ঠান

১. বাংলা সাহিত্যের উন্নয়নে কোন প্রতিষ্ঠান সবচেয়ে বেশি অবদান রাখে?
উত্তরঃ বাংলা একাডেমি।

২. বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয় কত সালে?
উত্তরঃ ১৯৫৫ সালে।

৩. ভাষার ইতিবৃত্ত বইটি কে লিখেছেন?
উত্তরঃ সুকুমার সেন।

৪. বাংলা গদ্য সাহিত্যের উদ্ভব ও বিকাশে কোন প্রতিষ্ঠানটির বিশেষ অবদান রয়েছে?
উত্তরঃ ফোর্ট উইলিয়াম কলেজ।

৫. রাজা রামমোহন রায় কোন সমাজ প্রতিষ্ঠা করেন?
উত্তরঃ ব্রাহ্ম সমাজ।

৬. 'মেঘনাদবধ' বাংলা সাহিত্যের প্রথম জীবনী কাব্য, এর রচয়িতা কে?
উত্তরঃ মাইকেল মধুসূদন দত্ত।

৭. আজীবন পুঁথি সংগ্রহে নিজেকে উৎসর্গ করেছিলেন কোন মুসলমান সাহিত্যিক?
উত্তরঃ আবদুল করিম সাহিত্য বিশারদ।

৮. রাজা রামমোহন রায়ের রচিত ব্যাকরণের নাম কী?
উত্তরঃ গৌড়ীয় ব্যাকরণ।

৯. 'বীরাঙ্গনা' মধুসূদন দত্ত রচিত মূলত-
উত্তরঃ পত্রকাব্য।

১০. উপমহাদেশে প্রথম ছাপাখানা প্রতিষ্ঠিত হয় কবে?
উত্তরঃ ১৪৯৮ সালে।

১১. কোন বাঙালি বাংলা অক্ষর প্রথম খোদাই করেন?
উত্তরঃ পঞ্চনন কর্মকার।

১২. বাংলা অক্ষরে প্রথম মুদ্রিত বইয়ের নাম কী এবং এর রচয়িতা কে?
উত্তরঃ A Grammar of the bengali language, ন্যাথানিয়েল ব্রাসি হ্যালহেড।

রোমান্টিক প্রণয়োপাখ্যান

১. মধ্যযুগে বাংলা সাহিত্যে মুসলমান কবিদের সবচেয়ে উল্লেখযোগ্য অবদান কী?
উত্তরঃ রোমান্টিক প্রণয়োপাখ্যান।

২. মধ্যযুগে কোন অনুবাদ সাহিত্যগুলো স্বতন্ত্র ধারার সৃষ্টি করেছিল?
উত্তরঃ রোমান্টিক প্রণয়োপাখ্যান।

৩. 'দৌলত উজীর' কার উপাধি? কে তাঁকে এ উপাধি দেন?
উত্তরঃ বাহরাম খানের। ১৫৬০ সালে নেজাম শাহ সুর তাঁকে এ উপাধি দেন।

৪. 'গুলে বকাওলী'র রচয়িতা কে?
উত্তরঃ নওয়াজীশ আলী খান।

৫. 'লাইলী মজনু' প্রণয়োপাখ্যানের রচয়িতার নাম কী?
উত্তরঃ বাহরাম খান।

৬. 'রসুল বিজয়' এটি কোন ধরনের রচনা?

উত্তরঃ কাব্যগ্রন্থ।

৭. শাহ মুহম্মদ সগীরের 'ইউসুফ জুলেখা' কাব্যগ্রন্থের পাণ্ডুলিপি কোথায় সংরক্ষিত আছে?
উত্তরঃ বরেন্দ্র জাদুঘরে।

বাংলা সাহিত্যের ইতিহাস সম্পর্কিত গ্রন্থ ও গ্রন্থকার

১. মাইকেল মধুসূদন দত্তের জন্ম ও মৃত্যুর তারিখ কত?
উত্তরঃ জন্ম ২৫ জানুয়ারি ১৮২৪ এবং মৃত্যু ২৯ জুন ১৮৭৩

২. বিদ্যাসাগরের প্রথম প্রকাশিত গ্রন্থ কোনটি?
উত্তরঃ বেতাল পঞ্চবিংশতি (১৮৪৭)।

৩. রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে নোবেল পুরষ্কার পান?
উত্তরঃ ১৯১৩ সালে।

৪. কাজী নজরুল ইসলামের জন্ম ও মৃত্যুর তারিখ কত?
উত্তরঃ জন্ম ১১ জ্যৈষ্ঠ ১৩০৬ বঙ্গাব্দ (২৪ মে ১৮৯৯) এবং মৃত্যু ১২ ভাদ্র ১৩৮৩ বঙ্গাব্দ (২৯ আগস্ট ১৯৭৬)।

৫. বঙ্কিমচন্দ্রের জন্ম ও মৃত্যুর তারিখ কত?
উত্তরঃ জন্ম ২৬ জুন ১৮৩৮ খ্রিস্টাব্দ এবং মৃত্যু ২৯ জুন ১৮৯৪ খ্রিস্টাব্দ।

৬. বাংলা ভাষায় 'রামায়ণ' প্রথম কে রচনা করেন?
উত্তরঃ কৃত্তিদাস।

৭. 'চলে মুসাফির' ভ্রমণকাহিনিমূলক গ্রন্থটি কে রচনা করেন?
উত্তরঃ কাজী নজরুল ইসলাম।

৮. 'সূর্যদীঘল বাড়ি' উপন্যাসটির রচয়িতা কে?
উত্তরঃ আবু ইসহাক।

৯. 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর' গ্রন্থটির রচয়িতা কে?
উত্তরঃ আবুল মনসুর আহমদ।

১০. 'চাচা কাহিনী'র লেখক কে?
উত্তরঃ সৈয়দ মুজতবা আলী।

১১. 'সঞ্চিতা' কোন কবির কাব্য সংকলন?
উত্তরঃ কাজী নজরুল ইসলাম

১২. 'আবার আসিব ফিরে' কবিতাটির রচয়িতা কে?
উত্তরঃ জীবনানন্দ দাশ।

১৩. 'পথের দাবী' উপন্যাসটির রচয়িতা কে?
উত্তরঃ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।

১৪. 'পায়ের আওয়াজ পাওয়া যায়' নাটকটির রচয়িতা কে?
উত্তরঃ সৈয়দ শামসুল হক।

১৫. 'সোনালী কাবিন'-এর রচয়িতা কে?

১৬. উত্তরঃ আল মাহমুদ।

বাংলার ভাষাবিজ্ঞানী ও তাঁদের গ্রন্থ

ভাষাবিজ্ঞানী	গ্রন্থের নাম
নাথানিয়েল ব্রাসি হ্যালহেড	A Grammar of the Bengali Language
রামমোহন রায়	গৌড়ীয় ব্যাকরণ
ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌	বাঙলা ব্যাকরণ, বাংলা ভাষার ইতিবৃত্ত
মুহাম্মদ আব্দুল হাই	ভাষা ও সাহিত্য, ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব
রবীন্দ্রনাথ ঠাকুর	শব্দ তত্ত্ব, বাংলা ভাষার পরিচয়
আবুল কালাম মঞ্জুর মোরশেদ	আধুনিক ভাষাতত্ত্ব
হুমায়ুন আজাদ	তুলনামূলক ঐতিহাসিক ভাষাবিজ্ঞান
মুনীর চৌধুরী	বাংলা গদ্যরীতি
নরেন বিশ্বাস	বাংলা উচ্চারণ অভিধান
সুকুমার সেন	ভাষার ইতিবৃত্ত

বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষক

১. কবি জৈনুদ্দীন কার সভাকবি ছিলেন?
উত্তরঃ গৌড়ের সুলতান ইউসুফ শাহের।

২. 'রসুল বিজয় কাব্য' কার অনুপ্রেরণায় রচিত হয়?
উত্তরঃ শামসুদ্দীন ইউসুফ শাহের।

৩. বাংলা প্রথম 'বিদ্যাসুন্দর' কাহিনি কার আমলে রচিত?
উত্তরঃ হুসেন শাহের আমলে।

৪. রাজা কৃষ্ণচন্দ্রের রাজসভার কবি কে ছিলেন?
উত্তরঃ ভারতচন্দ্র।

৫. রাজা লক্ষন সেনের সভাকবি কে ছিলেন?
উত্তরঃ জয়দেব।

৬. 'সারদা মঙ্গল' নামক বিখ্যাত কাব্যগ্রন্থের পৃষ্ঠপোষক কে?
উত্তরঃ রাজা কৃষ্ণচন্দ্র।

৭. কবি মালাধর বসুর পৃষ্ঠপোষক ছিলেন কে?
উত্তরঃ শামসুদ্দীন ইউসুফ শাহ।

৮. শামসুদ্দীন ইউসুফ শাহের পৃষ্ঠপোষকতায় কাব্যচর্চা করেন কে?
উত্তরঃ কবি জৈনুদ্দীন

৯. ভারতচন্দ্র 'বিদ্যাসুন্দর' কার পৃষ্ঠপোষকতায় রচনা করেন?
উত্তরঃ রাজা কৃষ্ণচন্দ্রের।

১০. ব্রজবুলি ভাষায় কবি রবীন্দ্রনাথ ঠাকুর কী রচনা করেন?
উত্তরঃ ভানুসিংহের পদাবলী।

কাব্য, উপন্যাস, নাটক ও গল্পের চরিত্র

১. চাঁদ সওদাগর বাংলা কোন কাব্যধারার চরিত্র?
উত্তরঃ মনসামঙ্গল।

২. 'ভ্রমর' চরিত্রটি কোন উপন্যাসে পাওয়া যায়?
উত্তরঃ কৃষ্ণকান্তের উইল।

৩. 'রাজলক্ষ্মী' চরিত্রের স্রষ্টা ঔপন্যাসিক-
উত্তরঃ শরৎচন্দ্র।

৪. 'শকুন্তলা' চরিত্রটির স্রষ্টা কে?
উত্তরঃ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

৫. 'রাজসিংহ' রচনাটি কোন ধরনের রচনা?
উত্তর: ঐতিহাসিক।

৬. 'নবকুমার' চরিত্রটি কোন উপন্যাসের?
উত্তর: কপালকুণ্ডলা।

৭. 'সূর্যমুখী' চরিত্রটি কোন উপন্যাসের?
উত্তর: বিষবৃক্ষ।

৮. রোহিণী-বিনোদিনী-কিরণময়ী কোন ধরনের চরিত্র?
উত্তর: কৃষ্ণকান্তের উইল-এর বাল-বিধবা।

৯. 'ভারতী' কোন উপন্যাসের চরিত্র?
উত্তর: পথের দাবী।

১০. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের প্রধান দুটি চরিত্রের নাম-
উত্তর: গোবিন্দলাল ও রোহিণী।

মুক্তিযুদ্ধভিত্তিক রচনা

গ্রন্থকার	গ্রন্থ
আবদুল গাফফার চৌধুরী	ইতিহাসের রক্তপলাশ, আমরা বাংলাদেশী না বাঙালি, বাংলাদেশ কথা কয়।
রশীদ হায়দার	অসহযোগ আন্দোলন-৭১, শপথ।
নীলিমা ইব্রাহিম	আমি বীরাঙ্গনা বলছি।
জাহানারা ইমাম	একাত্তরের দিনগুলি, বুকের ভিতর আগুন, বিদায় দে মা ঘুরে আসি, Of Blood and Fire.
শওকত ওসমান	কালরাত্রি খণ্ডচিত্র, জননী, জাহান্নাম হইতে বিদায়, জন্ম যদি তব বঙ্গে, দুই সৈনিক, নেকড়ে অরণ্য, শেষের সন্ধ্যা।
মেজর রফিকুল ইসলাম	একাত্তরের বিজয় গাথা, প্রতিরোধের প্রথম প্রহরে মুক্তিযুদ্ধ ও মুক্তিবাহিনী, লক্ষ প্রাণের বিনিময়ে।
আবুল হাসনাত	মুক্তিযুদ্ধের রূপরেখা, মুক্তিযুদ্ধের পাঁচালী।
মেজর জেনারেল সুখওয়ান্ত সিং	দ্য লিবারেশন অব বাংলাদেশ।

আধুনিক বাংলা কাব্য সাহিত্য

১. আধুনিক বাংলা সাহিত্যের সার্থক স্রষ্টা কে?
উত্তর: মাইকেল মধুসূদন দত্ত।

২. মধুসূদনের প্রথম প্রকাশিত কাব্য কোনটি? কত সালে প্রকাশিত?
উত্তর: 'Captive Lady' ১৮৪৯ সালে।

৩. মধুসূদন প্রথম তাঁর কোন কাব্যে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তন করেন?
উত্তর: চতুর্দশপদী কবিতাবলি।

৪. বীরাঙ্গনা কাব্য কে রচনা করেন? কোন শ্রেণির গ্রন্থ?
উত্তর: মাইকেল মধুসূদন দত্ত, পত্রকাব্য গ্রন্থ।

৫. শান্তি নিকেতন কত সালে এবং কোথায় প্রতিষ্ঠিত হয়?
উত্তর: ১৯০১ সালে বোলপুরে।

৬. 'ভানুসিংহ ঠাকুরের পদাবলী' কে রচনা করেন? কোন ভাষায় রচনা?
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর, ব্রজবুলী ভাষায় রচিত কাব্যগ্রন্থ।

৭. রবীন্দ্রনাথের মৃত্যুতে শোকার্ত নজরুল কোন কবিতাটি লিখেছেন?
উত্তর: রবি হারা।

৮. কাজী নজরুল ইসলামের প্রথম রচনা কোনটি?
উত্তর: বাউণ্ডুলের আত্মকাহিনী।

৯. আহসান হাবিবের প্রথম কাব্যগ্রন্থ কোনটি?
উত্তর: রাত্রিশেষ, ১৩৫২ বাংলা।

১০. 'বন্দীশিবির থেকে' কোন জাতীয় রচনা, রচয়িতা কে?
উত্তর: কাব্যগ্রন্থ, শামসুর রাহমান।

বাংলা সাহিত্যে মহাকাব্য

মাইকেল মধুসূদন দত্ত	মেঘনাদবধ কাব্য (১৮৬১)
সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী	স্পেন বিজয় (১৯১৪)
কায়কোবাদ	মহাশ্মশান (১৯০৪)
নবীনচন্দ্র সেন	রৈবতক (১৮৮৩), কুরুক্ষেত্র (১৮৯৩), প্রভাস (১৮৯৬)
বাল্মীকি	রামায়ণ (খ্রিস্টপূর্ব ৪র্থ শতকে অনুমান)
ব্যাসদেব	মহাভারত
হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়	বৃত্র সংহার (১ম ও ২য় খণ্ড) (১৮৭৫, ১৮৭৭)
মহম্মদ হামিদ আলী	কাসেম বধ (১৩১১ বঙ্গাব্দ)
যোগীন্দ্রনাথ বসু	পৃথ্বীরাজ (১৩২২ বঙ্গাব্দ)

বাংলা উপন্যাস সাহিত্য

১. বঙ্কিমচন্দ্রের প্রথম সামাজিক উপন্যাসের নাম কী?
উত্তর: বিষবৃক্ষ, ১৮৭৩ সালে প্রকাশিত।

২. বঙ্কিমচন্দ্রের প্রথম উপন্যাসের নাম কী?
উত্তর: Rajmohon's wife (১৮৬৪)।

৩. বঙ্কিমের রোমান্টিক উপন্যাসের নাম কী?
উত্তর: কপালকুণ্ডলা।
৪. 'উদাসীন পথিকের মনের কথা' ও 'বিষাদ সিন্ধু'র রচয়িতা কে? কোন শ্রেণির রচনা?
উত্তর: মীর মশাররফ হোসেন, রাজর্ষী।
৫. রবীন্দ্রনাথ ঠাকুরের দুটি ঐতিহাসিক উপন্যাস-
উত্তর: বৌ ঠাকুরানীর হাট, উপন্যাস।
৬. রবীন্দ্রনাথের রাজনৈতিক উপন্যাস?
উত্তর: গোরা।
৭. কাজী নজরুল ইসলামের প্রথম উপন্যাস কী?
উত্তর: বাঁধনহারা (১৯২৭)।
৮. কাজী নজরুল ইসলামের কয়েকটি উপন্যাসের নাম লিখুন?
উত্তর: বাঁধনহারা, মৃত্যুক্ষুধা, কুহেলিকা, ব্যথার দান।
৯. 'চাঁদের অমাবস্যা' 'কাঁদো নদী কাঁদো' গ্রন্থদ্বয়ের প্রকৃতি কী?
উত্তর: উপন্যাস, সৈয়দ ওয়ালীউল্লাহ।
১০. 'তেইশ নম্বর তৈলচিত্র' গ্রন্থটির রচয়িতা কে? কোন শ্রেণির রচনা?
উত্তর: আলাউদ্দিন আল আজাদ, উপন্যাস।

বাংলা প্রবন্ধ সাহিত্য

১. ইসমাইল হোসেন সিরাজীর কয়েকটি প্রবন্ধের নাম করুন।
উত্তর: তুরস্ক ভ্রমণ, আদব কায়দা শিক্ষা, স্পেনে মুসলমান সভ্যতা, স্বজাতী প্রেম।
২. 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর' কোন শ্রেণির রচনা?
উত্তর: প্রবন্ধ গ্রন্থ, আবুল মনসুর আহমদ।
৩. কোনগ্রন্থে রবীন্দ্রনাথ বিজ্ঞানের প্রতি অসীম আগ্রহের কথা বলেছেন?
উত্তর: বিশ্ব পরিচয়।
৪. 'সভ্যতার সংকট' প্রবন্ধটি রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে এবং কোথায় পাঠ করেন?
উত্তর: ১৯৪১ সালে, তাঁর নিজের জন্মদিনে।
৫. শরৎচন্দ্রের কয়েকটি প্রবন্ধের নাম উল্লেখ করুন।
উত্তর: নারীর মূল্য, সত্যাশ্রয়ী, স্বদেশ ও সাহিত্য।
৬. ডা. মোহাম্মদ লুৎফর রহমানের কয়েকটি গ্রন্থের নাম উল্লেখ করুন-
উত্তর: উন্নত জীবন, মহৎ জীবন, মানব জীবন, প্রীতি উপহার।
৭. 'সংস্কৃতি কথা' কোন ধরনের গ্রন্থ? রচয়িতা কে?
উত্তর: প্রবন্ধ গ্রন্থ, মোতাহার হোসেন চৌধুরী।

বাংলা নাট্য সাহিত্য

১. 'অভিজ্ঞান শকুন্তলম' নাটক কোন ভাষায় রচিত?
উত্তর: সংস্কৃত ভাষায়।
২. 'দণ্ড কারণ্য' নাটকের রচয়িতা কে?
উত্তর: মুনীর চৌধুরী।
৩. কবি জসীমউদ্দীন রচিত নাটক-
উত্তর: পদ্মাপার, বেদের মেয়ে, মধুমালা, পল্লীবধূ।
৪. সেলিম আলদীন রচিত কোন নাটকের চলচ্চিত্র তৈরি হয়েছে?
উত্তর: কীত্তনখোলা।
৫. 'পায়ের আওয়াজ পাওয়া যায়' নাটকের রচয়িতা?
উত্তর: সৈয়দ শামসুল হক।
৬. আসকার ইবনে শাইখ রচিত দুটি নাটক-
উত্তর: তিতুমীর, অগ্নিগিরি।
৭. 'নবনাটক' গ্রন্থটির রচয়িতা কে?
উত্তর: রামনারায়ণ তর্করত্ন।
৮. আলেয়া, পুতুলের বিয়ে, ঝিলিমিলি, মধুমালতি কোন শ্রেণির রচনা?
উত্তর: নাটক, কাজী নজরুল ইসলাম।

বাংলা সাহিত্যে ছোটগল্প

১. বাংলা সাহিত্যে ছোটগল্পের প্রকৃত জনক কে?
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর।
২. 'ফুড কনফারেন্স' গ্রন্থের রচয়িতা কে? এটির প্রকৃতি কী?
উত্তর: আবুল মনসুর আহমদ, ছোটগল্প।
৩. 'গালিভারের সফরনামা' গ্রন্থের রচয়িতা কে?
উত্তর: আবুল মনসুর আহমদ।
৪. 'পথ জানা নেই' কার রচনা? কোন জাতীয় রচনা?
উত্তর: শামসুদ্দীন আবুল কলাম, গল্পগ্রন্থ।
৫. কাজী নজরুল ইসলামের ছোটগল্প কী?
উত্তর: 'ব্যথার দান' 'রিক্তের বেদন', 'শিউলীমালা'।
৬. 'টুনি মেম' গল্পের রচয়িতা কে?
উত্তর: সৈয়দ মুজতবা আলী।

বাংলা ব্যাকরণ

ভাষা, বর্ণ ও ধ্বনি

ভাষা

বাগযন্ত্রের দ্বারা উচ্চারিত অর্থবোধক ধ্বনির সাহায্যে মানুষের ভাব প্রকাশের মাধ্যমকে ভাষা বলে। মানুষের কণ্ঠনিঃসৃত বাক্ সংকেতের সংগঠনকে ভাষা বলা হয়। অর্থাৎ বাগযন্ত্রের দ্বারা সৃষ্ট অর্থবোধক ধ্বনির সংকেতের সাহায্যে মানুষের ভাব প্রকাশের মাধ্যমই হলো ভাষা। যেমন: অঙ্গভঙ্গি, ইশারা-ইঙ্গিত, চিত্রকর্ম ইত্যাদি।
বর্তমানে পৃথিবীতে সাড়ে তিন হাজারের বেশি ভাষা প্রচলিত আছে। তার মধ্যে বাংলা একটি ভাষা।

বর্ণ

বাক প্রত্যঙ্গজাত প্রত্যেকটি ধ্বনি এককের জন্য প্রত্যেক ভাষায়ই লেখার সময় এক একটি প্রতীক বা চিহ্ন ব্যবহৃত হয়। বাংলায় এ

প্রতীক বা চিহ্নকে বলা হয় বর্ণ। যেমন: 'অ' ধ্বনির প্রতীক হলো অ বর্ণ; 'আ' ধ্বনির প্রতীক হলো আ বর্ণ; 'ই' ধ্বনির প্রতীক হলো ই বর্ণ ইত্যাদি।

ধ্বনি

মানুষের বাক-প্রত্যঙ্গ কণ্ঠনালি, মুখবিবর, জিহ্বা, আল-জিহ্বা, কোমল তালু, শক্ত তালু, দাঁত, মাড়ি, চোয়াল, ঠোঁট ইত্যাদির সাহায্যে উচ্চারিত আওয়াজকে 'ধ্বনি' বলে। বাক প্রত্যঙ্গজাত ধ্বনির সূক্ষ্মতম মৌলিক অংশ বা একককে ধ্বনিমূল বলা হয়।

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

১. মানুষের যোগাযোগের বাহন কী?
উত্তরঃ ভাষা।

২. ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে বাংলা ভাষা এসেছে-
উত্তরঃ গৌড়ীয় প্রাকৃত থেকে।

৩. বাংলা লিপির উৎস কোনটিকে ধরা হয়?
উত্তরঃ ব্রাহ্মীলিপি।

৪. স্যার জর্জ গ্রিয়ারসনের মতে বাংলা ভাষা এসেছে-
উত্তরঃ গৌড়ীয় অপভ্রংশ থেকে।

৫. পৃথিবীর সব ভাষার আদি ভাষা হিসেবে গণ্য করা হয় কোনটিকে?
উত্তরঃ ইন্দো-ইউরোপীয়।

৬. পৃথিবীর অধিকাংশ ভাষারই কয়টি রূপ লক্ষণীয় ও কী কী?
উত্তরঃ দুটি। লৈখিক ও মৌলিক।

৭. প্লেটোর ভাষাবিষয়ক বিখ্যাত গ্রন্থের নাম কী?
উত্তরঃ কথোপকথন (Dialogues)।

৮. বাংলা ভাষা কোন দুটি অনার্য ভাষা দ্বারা বিশেষভাবে প্রভাবিত?
উত্তরঃ দ্রাবিড় ও কোল।

৯. উদ্ভবের সময় থেকে বর্তমান পর্যন্ত বাংলাকে কয়টি পর্যায়ে ভাগ করা হয়েছে ও কী কী?
উত্তরঃ তিনটি পর্যায়ে: ক. প্রাচীন বাংলা (৯০০/১০০০-১৩৫০), খ. মধ্য বাংলা (১৩৫০-১৮০০) ও গ. আধুনিক বাংলা (১৮০০-এর পরবর্তী)।

১০. বাংলা ভাষার ব্যাকরণ প্রথম কোন ভাষায় রচিত হয়?
উত্তরঃ পর্তুগিজ ভাষায়।

১১. চলিত ভাষার প্রবর্তকরূপে খ্যাত কে?
উত্তরঃ প্রমথ চৌধুরী।

১২. স্বরধ্বনিদ্যোতক সাংকেতিক চিহ্নকে কী বলা হয়?
উত্তরঃ স্বরবর্ণ।

১৩. ভাষার ক্ষুদ্রতম একক কী?
উত্তরঃ ধ্বনি।

১৪. বর্ণ কাকে বলে?
উত্তরঃ ধ্বনির সাংকেতিক চিহ্ন বা ধ্বনির লিখিত রূপকে বলা হয় বর্ণ।

১৫. ভাষার মৌলিক অংশ কয়টি?
উত্তরঃ তিনটি।

১৬. যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় তাকে বলা হয়-
উত্তরঃ ঘোষ ধ্বনি।

১৭. ব্যঞ্জনধ্বনিদ্যোতক সাংকেতিক চিহ্নের নাম কী?
উত্তরঃ ব্যঞ্জনবর্ণ।

১৮. বাংলা ভাষায় বর্ণ কয় প্রকার ও কী কী?
উত্তরঃ দুই প্রকার। স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ।

১৯. বাংলা ভাষার মৌলিক ধ্বনি প্রধানত কয় ভাগে বিভক্ত-
উত্তরঃ দুই ভাগে (স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনি)।

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. বাংলা ভাষার ব্যাকরণ প্রথম কে লেখেন?
ক. মদন মোহন তর্কালঙ্কার খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ. ডেবিট হেয়ার ঘ. উইলিয়াম কেরি

২. মনের ভাব প্রকাশের প্রধান বাহন কোনটি?
ক. চিত্র খ. লেখা
গ. ভাষা ঘ. ইঙ্গিত

৩. 'গুরুচণ্ডালী দোষ' বলতে বোঝায়-
ক. সাধু ও চলিত ভাষার মিশ্রণ
খ. সাধু ও আঞ্চলিক ভাষার মিশ্রণ
গ. বিদেশি ও দেশি ভাষার মিশ্রণ
ঘ. বাংলা ও ইংরেজি ভাষার মিশ্রণ

৪. শব্দের ক্ষুদ্রতম একক কোনটি?
ক. বর্ণ খ. ধ্বনি
গ. শব্দ ঘ. প্রতীক

৫. ন্যাথানিয়েল ব্রাসি হ্যালহেড রচিত 'A Grammar of the Bengal Language' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?
ক. ১৭৭৮ খ. ১৭৭৭
গ. ১৮৭৮ ঘ. ১৬৭৮

৬. বর্ণ হচ্ছে-
ক. শব্দের ক্ষুদ্রতম অংশ খ. একসঙ্গে উচ্চারিত ধ্বনিগুচ্ছ
গ. ধ্বনি নির্দেশক প্রতীক ঘ. ধ্বনির শ্রুতিগ্রাহ্য রূপ

৭. কোনগুলো শিশ ধ্বনি?
ক. ঙ, ঞ, ন খ. শ, স, ষ
গ. প, ফ, ভ ঘ. য, র, ল

৮. 'The Origin and Development of the Bengali Language' গ্রন্থের রচয়িতা কে? কোন সালে এটি প্রকাশিত?
ক. সুকুমার সেন, ১৯২৭ সালে
খ. ড. মুহম্মদ শহীদুল্লাহ, ১৯২৬ সালে
গ. এনামুল হক, ১৯৭২ সালে
ঘ. ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়, ১৯২৬ সালে

৯. কোন তিনটি বর্ণকে উষ্মবর্ণ বলা হয়?
ক. ক, চ, ট, ত   খ. খ, ছ, ঠ, প
গ. শ, স, হ   ঘ. গ, থু, ঙ, চ

১০. 'একদা মরণ-সমুদ্রের বেলাভূমিতে দাঁড়াইয়া কোনো এক আরবীয় সাধক বলিয়াছিলেন' বাক্যাংশটি কোন রীতিতে লিখিত?
ক. চলিত রীতি   খ. সাধু রীতি
গ. মিশ্র রীতি   ঘ. বিদেশি রীতি

১১. বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি?
ক. ৪টি   খ. ৫টি
গ. ৬টি   ঘ. ৭টি

১২. 'তিনি হাঁটিতে ভাবিতেছিলেন, শুধুমাত্র মণিষী-বাক্যই তো জীবন্মৃত যুবসমাজের কল্যাণ বহিয়া আনিতে যথেষ্ট নহে।' চলিত রীতিতে লেখা বাক্যটিতে ভুলের সংখ্যা—
ক. চার   খ. নয়
গ. আট   ঘ. দশ

১৩. 'গৌড়ীয় ব্যাকরণ' গ্রন্থটি রচনা করেছেন কে?
ক. সুকুমার সেন   খ. আবদুল হাই
গ. আজিজুল হক   ঘ. রামমোহন রায়

১৪. প্রথম বাংলা ব্যাকরণের নাম—
ক. The Begali Grammar
খ. ভোকাবুলারিও এম ইদিওমা-ই-পর্তুগিজ
গ. The Grammar of the Bengali Language
ঘ. সবুজ বাংলা ব্যাকরণ

১৫. উইলিয়াম কেরি রচিত ব্যাকরণের নাম কী?
ক. A Grammar of the Bengal Language
খ. A Grammar of the English Language
গ. A Grammar of the Bengali Language
ঘ. A Grammar of the Bengali and English Language

১৬. 'ব্যাকরণ মঞ্জুরী' গ্রন্থটি কে রচনা করেন?
ক. ড. মুহম্মদ শহীদুল্লাহ   খ. সুকুমার সেন
গ. সুনীতিকুমার চট্টোপাধ্যায়   ঘ. ড. মুহম্মদ এনামুল হক

১৭. 'ধ্বনি দিয়ে আঁট বাধা শব্দই ভাষার ইট' এই ইটকে বাংলা ভাষায় কী বলে?
ক. বর্ণ   খ. কথা
গ. বাক্য   ঘ. ব্যাকরণ

১৮. 'বাঙ্গালা ব্যাকরণ' কে রচনা করেন?
ক. ড. মুহম্মদ শহীদুল্লাহ   খ. নকুলেশ্বর বিদ্যাভূষণ
গ. রামমোহন রায়   ঘ. শ্যামাচরণ সরকার

১৯. বাংলা ভাষার মৌলিক ধ্বনিগুলোকে প্রধানত কয়ভাগে ভাগ করা হয়?
ক. ৪ ভাগে   খ. ৩ ভাগে
গ. ৫ ভাগে   ঘ. ২ ভাগে

২০. বর্ণমালায় ব্যবহৃত মাত্রাহীন বর্ণগুলোর মধ্যে কতটি ব্যঞ্জনবর্ণ রয়েছে?
ক. ৪টি   খ. ৩টি
গ. ৬টি   ঘ. ৫টি

উত্তরপত্র

১.	ঘ	২.	গ	৩.	ক	৪.	খ	৫.	ক
৬.	গ	৭.	খ	৮.	ঘ	৯.	গ	১০.	খ
১১.	ঘ	১২.	ক	১৩.	ঘ	১৪.	খ	১৫.	গ
১৬.	ঘ	১৭.	ক	১৮.	ক	১৯.	ঘ	২০.	গ

শব্দ, শব্দের শ্রেণিবিভাগ ও শব্দ গঠন

শব্দ

এক বা একাধিক ধ্বনি একত্রিত হয়ে যদি নির্দিষ্ট অর্থ প্রকাশ করে, তাকে শব্দ বলে। বাক্যের ক্ষুদ্রতম একক শব্দ।

শব্দের শ্রেণিবিভাগ

বিভিন্ন দৃষ্টিকোণ থেকে শব্দের শ্রেণিবিভাগ সম্ভব। যেমনঃ শব্দগুলো কোন উৎস থেকে এসেছে অথবা কোন প্রক্রিয়ায় তৈরি হয়েছে, কিংবা কোন অর্থ প্রকাশের কথা বিবেচনা করে। অর্থাৎ বাংলা ভাষার শব্দগুলোকে তিন ভাগে ভাগ করা হয়েছে। যথাঃ

১. অর্থগত শ্রেণিবিভাগ
২. গঠনগত শ্রেণিবিভাগ
৩. উৎসমূলক শ্রেণিবিভাগ

শব্দের গঠন

শব্দভান্ডার ভাষার অন্যতম সম্পদ। যে ভাষার শব্দ যত সমৃদ্ধ সে ভাষা তত সমৃদ্ধ। মানুষ তার প্রয়োজনে নতুন নতুন শব্দ গঠন করেছে এবং প্রয়োজনে গঠন করছে।

শব্দের অর্থের বৈচিত্র্যের জন্য তার বিভিন্ন রূপ ও রূপান্তর সাধন করা হয়। বিভিন্ন অর্থে ব্যবহার উপযোগী করে তোলার জন্য শব্দ তৈরি করার যে প্রক্রিয়া, তাকে শব্দ গঠন বলে।

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

১. 'সন্দেশ' কোন শ্রেণির শব্দ?
উত্তরঃ রূঢ়।

২. যোগরূঢ় শব্দ কোনটি?
উত্তরঃ পঙ্কজ।

৩. 'রাজপুত' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কোনটি?
উত্তরঃ রাজার পুত্র।

৪. 'শ্রীঘর'- শব্দটি বৈশিষ্ট্যপূর্ণ অর্থ কী?
উত্তরঃ জেলখানা।

৫. 'দৌহিত্র' কোন শব্দ?
উত্তরঃ যৌগিক শব্দ।

৬. হাসপাতাল কোন শ্রেণির শব্দ?
উত্তর: পরিবর্তিত উচ্চারণের ইংরেজি শব্দ।

বাংলা ভাষার শব্দাবলি

১. **ফারসি ভাষার শব্দ:** আজাদ, নমুনা, আয়না, আব্রু, আসমান, আঞ্জুমান, আস্তে, জানোয়ার, খানসামা, খুচরা, খুশি, গ্রেপ্তার, চশমা, চশমখোর, জোরদার, তন্দুর, তরমুজ, তীর, তীরন্দাজ, তোষামোদ, দরজা, দরদ, দরবেশ, দর্জি, দাগী, দারোগা, দারোয়ান, দালান, সাজা, সাদাসাদি, সাবাস, সুদ, সুপারিশ, সেতারা, বদমাস, পাজামা, পাঞ্জাবি, পোশাক, পোলাও, বখরা, বখশিস, বদ, একতারা, একটা, ওস্তাদ, কম, কামান, কারবার, কারসাজি, কারিগর, আতশবাজি, বালি, রাস্তা, শিরোনামা, সবজি, সবুজ, সরকার, সরাসরি, সর্দি, বেতর, মজা, মজাদার, মজুরি, মরিচ, মরিচা, মাহিনা, রসদ, রসিদ, হাঙ্গামা, আফসোস, আবাদ, আমদানি, আদমি, রপ্তানি, জিন্দা, চাকর, চাদর, চাঁদা, চেহারা, জখম, জবানবন্দি, জামা, জামদানি, জোর, বনাম, বন্দি, বরখাস্ত, বস্তা, বাগান, বাজার, বারবার, দুরবিন, দেরি, দোস্তী, নিশান, নিশানা, পর্দা, পশম, পাইকারি, হাজার ইত্যাদি।

২. **ফরাসি শব্দ:** বাংলায় ফরাসি শব্দের সংখ্যা কম এবং অনেক ক্ষেত্রে অন্য মাধ্যমে এগুলো বাংলা ভাষায় প্রবেশ করেছে। শব্দগুলোর মূল উচ্চারণেও অনেক পরিবর্তন এসেছে। যেমন: ক্যাফে, বুর্জোয়া, কার্তুজ, কুপন, ডিপো, সেমিজ, বিস্কুট, আঁশ, জাহাজ, খোরাকি, আঁতাত, রেস্তোরাঁ, মাদাম, ব্যালে, গ্যারেজ, এলিট, মেনু, বুফে, রেনেসাঁ, দিনেমার, পিজা, ম্যাটিনি, ইংরেজি ইত্যাদি।

৩. **আরবি শব্দ:** আদব, আসবাব, আসল, ইনকিলাব, ইনাম, ইসলাম, এলাকা, অজুহাত, আকবর, আক্কেল, আজব, আতর, আবির, আমল, আমানত, আমিন, ওজন, ওয়ারিশ, কবর, কবুল কলাই, কাফন, কামাল, কামিজ, ছবি, জনাব, জরিপ, জরিমানা, জাহাজ, জিনিস, তওবা, কুদরত, কেতাব, খতম, খাজনা, খেতাব, খেসারত, গরিব, মুনাফা, মুলতবি, মুসলিম, মুসাফির, লেবু, ছোঁয়া, দৌড়, দৌলত তামাম, দফা, দফারফা, দলিল, দাখিল, দালাল, দুনিয়া, দেনা, বদল, বাকি, বাতিল, বাদে, বাবদ, বিলাত, বোরকা, মক্কেল, মন, কায়দা, নকল, নিকা, নূর, ফতোয়া, ফাজিল, ফায়দা, বই, বন্দুক, তহবিল, নকশা, নগদ, নবাব, নায়েব, ময়দান, মসলা, মশার, মসজিদ, মহরম, মাতব্বর, মাফ, মাল, মালিক, হেফাজত ইত্যাদি।

৪. **ওলন্দাজ শব্দ:** পর্তুগিজদের পর এ দেশে ওলন্দাজ বা ডাচরা এসেছিল ব্যবসায়িক কারণে। এদের কিছু কিছু শব্দ এখনো আমাদের ভাষায় প্রচলিত রয়েছে। যেমন: ইস্কাপন, টেক্কা, তুরুপ, রুইতন, হরতন ইত্যাদি।

৫. **পর্তুগিজ শব্দ:** গির্জা, জানালা, গোপাল, আলকাতরা, আচার, আলমারি, আয়া, আনারস, আলপিন, পাউরুটি, চাবি, কফি, কাকাতুয়া, গরাদ, গাঁদা, বোমা, পেরেক, ক্রুশ, পাদ্রি, যিশু, পেয়ারা, কামরাঙা, কপি, তোয়ালে, গুদাম, তামাক, মস্করা, পাচার, বাতাবি, সাবান, পিস্তল, গামলা, পাদরি, পিরিচি, পেরেক, পেয়ালা, বেহালা, বর্গা, টুপি, সালসা, বারান্দা, ফিতা, মাসুল, আতা, ফিরিঙ্গি, বোতল, বোতাম, বালতি, বন্দর, বাসন, মিস্ত্রি, নিলাম, লোনা, পেঁপে, সাবু ইত্যাদি শতাধিক বা তার বেশি পর্তুগিজ শব্দ রয়েছে বাংলা ভাষায়।

৬. **গুজরাটি শব্দ:** হরতাল, খদ্দর, জয়ন্তী।

৭. **পাঞ্জাবি শব্দ:** চাহিদা, শিখ।

৮. **তুর্কি শব্দ:** কোর্মা, খাঁ, খান, খোকা, চকমক, চিক, চোগা, কঞ্চি, তকমা, তালাশ, তুর্ক, তোপ, বাবা, বাবুর্চি, কাবু, কুর্নিশ, কুলি, সওগাত ইত্যাদি।

৯. **চীনা শব্দ:** চা, এলাচি, চিনি, লিচু, লবি, তুফান, সিন্দুর ইত্যাদি।

১০. **বর্মি শব্দ:** ফুঙ্গি, কিয়াং, লুঙ্গি, লামা ইত্যাদি।

১১. **জাপানি:** রিকশা, প্যাগোডা, হারিকিরি, সাম্পান ইত্যাদি।

১২. **গ্রিক শব্দ:** দাম, সুড়ঙ্গ, ইত্যাদি।

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে সোজাসুজি বাংলায় এসেছে এবং যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে কী বলা হয়?
ক. তৎসম শব্দ খ. অর্ধতৎসম শব্দ
গ. বিদেশি শব্দ ঘ. দেশি শব্দ

২. 'খ্রিস্টাব্দ' কোন ধরনের শব্দ?
ক. মিশ্র শব্দ খ. তৎসম শব্দ
গ. অর্ধতৎসম শব্দ ঘ. বিদেশি শব্দ

৩. 'রেটাইম' শব্দটি গঠিত হয়েছে—
ক. ফারসি ও ইংরেজি শব্দে
খ. ফরাসি ও ইংরেজি শব্দে
গ. ফারসি ও ফরাসি শব্দে
ঘ. ফারসি ও হিন্দি শব্দে

৪. বাংলা ভাষার শব্দ সম্ভারকে উৎসগতভাবে কয় ভাগে ভাগ করা হয়েছে?
ক. ৬ ভাগে খ. ৪ ভাগে
গ. ৫ ভাগে ঘ. ৩ ভাগে

৫. যেসব শব্দের মূল সংস্কৃত ভাষায় পাওয়া যায়, তাকে কোন শব্দ বলা হয়?
ক. তৎসম শব্দ খ. দেশি শব্দ
গ. অর্ধতৎসম শব্দ ঘ. তদ্ভব শব্দ

৬. সিংহলি ভাষা থেকে নিম্নোক্ত একটি শব্দ বাংলা ভাষায় আত্তীকরণ করা হয়েছে—
ক. লামা খ. সিডর
গ. নাৎসি ঘ. জেব্রা

৭. আনারস, আলকাতরা, কেরানি, আলমারি, চাবি-শব্দগুলো কোন ভাষা থেকে এসেছে?
ক. ওলন্দাজ খ. তুর্কি
গ. পর্তুগিজ ঘ. ফারসি

৮. কোন শব্দটি ফরাসি?
ক. চিনি খ. রেস্তোরা
গ. রিকশা ঘ. হরতন

৯. ধাতুর সাথে কৃৎ-প্রত্যয় যোগে যে নতুন শব্দ গঠিত হয়, তাকে বলে—
ক. তদ্ধিতান্ত শব্দ খ. তদ্ধিত প্রত্যয়
গ. কৃদন্ত শব্দ ঘ. প্রাতিপাদিক

১০. 'হরতন' শব্দটি যে ভাষার শব্দ—
ক. ওলন্দাজ খ. আরবি
গ. ফারসি ঘ. পর্তুগিজ

১১. কোনটি তৎসম শব্দ?
ক. হাত খ. লতা
গ. ডিম ঘ. বাড়ি

১২. 'লুঙ্গি' কোন ভাষার শব্দ?
ক. চীনা খ. বর্মি
গ. নেপালি ঘ. ভুটানি

১৩. নিচের কোনটি তদ্ভব শব্দ?
ক. চাঁদ খ. নক্ষত্র
গ. সূর্য ঘ. গগন

১৪. 'আনারস' কোন ভাষার শব্দ?
ক. সংস্কৃত খ. ফারসি
গ. পর্তুগিজ ঘ. জাপানি

১৫. 'নামাজ' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক. আরবি খ. ফারসি
গ. তুর্কি ঘ. সিন্ধি

১৬. অভিধানে কোন শব্দটি আগে বসবে?
ক. চাঁদা খ. চানা
গ. চালা ঘ. চাঁটি

১৭. নিচের কোনটি তৎসম শব্দ?
ক. চাঁদ খ. খোকা
গ. কাঠ ঘ. সন্ধ্যা

১৮. পর্তুগিজ ভাষা থেকে নিম্নোক্ত একটি শব্দ বাংলা ভাষায় আত্তীকরণ করা হয়েছে—
ক. টেবিল খ. চেয়ার
গ. বালতি ঘ. শরবত

১৯. শব্দার্থ অনুসারে বাংলা ভাষার শব্দ সমষ্টিকে ভাগ করা যায়-
ক. দুই ভাগে খ. তিন ভাগে
গ. চার ভাগে ঘ. পাঁচ ভাগে

২০. মৌলিক শব্দ কোনটি?
ক. গোলাপ খ. শীতল
গ. নেয়ে ঘ. গৌরব

উত্তরপত্র

১.	ক	২.	ক	৩.	ক	৪.	খ	৫.	ঘ
৬.	খ	৭.	গ	৮.	খ	৯.	গ	১০.	ক
১১.	খ	১২.	খ	১৩.	ক	১৪.	গ	১৫.	খ
১৬.	ঘ	১৭.	ঘ	১৮.	গ	১৯.	খ	২০.	ক

সন্ধি

সন্নিহিত দুটি ধ্বনির মিলনের নাম সন্ধি। যেমন: আশা + অতীত = আশাতীত। হিম + আলয় = হিমালয়। প্রথমটিতে আ + অ = আ (া) হয়েছে। আবার, তৎ + মধ্যে = তন্মোধ্য, এখানে ত + ম = ন্ম হয়েছে।

সন্ধির উদ্দেশ্য:

১. উচ্চারণে সহজপ্রবণতা।
২. ধ্বনিগত মাধুর্য সম্পাদন।

সন্ধির প্রকারভেদ:

বাংলা সন্ধি দুই রকমের : স্বরসন্ধি ও ব্যঞ্জনসন্ধি।

স্বরসন্ধি : স্বরধ্বনির সঙ্গে মিলে যে সন্ধি হয় তাকে স্বরসন্ধি বলে। যেমন : শত + এক = শতক; শাঁখা + আরি = শাঁখারি; কুড়ি + এক = কুড়িক ইত্যাদি।

ব্যঞ্জনসন্ধি : স্বরে আর ব্যঞ্জনে আর ব্যঞ্জনে এবং ব্যঞ্জনে আর স্বরে মিলিত হয়ে যে সন্ধি হয় তাকে ব্যঞ্জন সন্ধি বলে। যেমন : নাত + জামাই = নাতজামাই; সাত + শ = সাশ্‌শ; কাঁচা + কলা = কাঁচকলা ইত্যাদি।

তৎসম শব্দের সন্ধি

বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম শব্দের সন্ধি তিন প্রকার। যেমন : নর + অধম = নরাধম; হিম + আলয় = হিমালয়; বিদ্যা + আলয় = বিদ্যালয় ইত্যাদি।

ব্যঞ্জন সন্ধি : স্বরে-ব্যঞ্জনে, ব্যঞ্জনে-স্বরে ও ব্যঞ্জনে-ব্যঞ্জনে যে সন্ধি হয় তাকে ব্যঞ্জন সন্ধি বলে। যেমন: দিক্ + অন্ত = দিগন্ত; ণিচ্ + অন্ত = ণিজন্ত; ষট্ + আনন = ষড়ানন; পরি + ছদ = পরিচ্ছদ; বিপদ + জাল = বিপজ্জাল ইত্যাদি।

সন্ধিজাত শব্দ : নিচের কতিপয় গুরুত্বপূর্ণ সন্ধিজাত শব্দের উদাহরণ দেওয়া হলো:

অন্তর্লীন = অন্তঃ + লীন	অধোভাগ = অধঃ + ভাগ
অপরাপর = অপর + অপর	অত্যদ্ভুত = অতি + অদ্ভুত
ঈষদুষ্ণ = ঈষৎ + উষ্ণ	উদ্ধরণ = উৎ + হরণ

[illegible]

বনৌষধি = বন + ঔষধি	ঝঞ্ঝাট = ঝঞ্ঝা + ট
নয়ন = নে + অন	কন্না = কদ্ + না
নায়ক = নৈ + অক	টাকশাল = টাকা + শাল
গায়ক = গৈ + অক	ঠকবাজ = ঠক + বাজ
সংবাদ = সম + বাদ	তদধিক = তত + অধিক
কুজ্ঝটিকা = কুৎ + ঝটিকা	ততোধিক = তদধিক
উড্ডীন = উৎ + ডীন	তন্ময় = তৎ + ময়
উচ্ছ্বাস = উৎ + শ্বাস	তন্বী = তৎ + ঈ
পরিষ্কার = পরি + কার	তপোধন = তপঃ + ধন
সংযম = সম্ + যম	মনস্কামনা = মনঃ + কামনা
সংযোগ = সম্ + যোগ	অত্যধিক = অতি + অধিক
বিপদাপন্ন = বিপদ + আপন্ন	ইত্যাদি = ইতি + আদি
অশাতিরিক্ত = অশা + অতিরিক্ত	স্বাগত = সু + আগত
মহার্ণব = মহা + অর্ণব	তন্বী = তনু + ঈ
মনোযোগ = মনঃ + যোগ	তিরস্কার = তিরঃ + কার
পরিচ্ছদ = পরি + ছদ	হতাশ = হত + আশ
অহংকার = অহম্ + কার	যথার্থ = যথা + অর্থ
অন্যান্য = অন্য + অন্য	যোগাযোগ = যোগ + অযোগ
অতএব = অতঃ + এব	তপোবন = তপঃ + বন
উন্নতি = উৎ + নতি	অত্যুক্তি = অতি + উক্তি
খ্রিস্টাব্দ = খ্রিস্ট + অব্দ	গ্রামান্তর = গ্রাম + অন্তর
ব্যাকরণ = বি + আকরণ	মহাশয় = মহা + আশয়
দুরবস্থা = দুঃ + অবস্থা	রূপালি = রূপ + আলি
তদনুসারে = তৎ + অনুসারে	কার্যাবলি = কার্য + আবলি
নিষ্ঠুর = নিঃ + ঠুর	নিরাপদ = নিঃ + আপদ
সপ্তাহ = সপ্ত + অহ	তস্কর = তৎ + কর
বৃষ্টি = বৃষ্ + তি	সম্রাট = সম্ + রাট
বিচ্ছেদ = বি + ছেদ	স্বাধীকার = স্ব + অধিকার
সংগ্রাম = সম্ + গ্রাম	অতীব = অতি + ইব
জলাঞ্জলি = জল + অঞ্জলি	সম্রাজ্ঞী = সম্ + রাজ্ঞী
মহোৎসব = মহা + উৎসব	সচ্চরিত্র = সৎ + চরিত্র
রূপান্তর = রূপ + অন্তর	উচ্চারণ = উৎ + চারণ
গীতাঞ্জলি = গীত + অঞ্জলি	উচ্ছেদ = উৎ + ছেদ
তথাপি = তথা + অপি	অন্বয় = অনু + অয়
সিংহাসন = সিংহ + আসন	পবন = পো + অন
চিরানন্দ = চির + আনন্দ	ভবন = ভো + অন
হিমানী = হিম + আনী	দিগন্ত = দিক + অন্ত
যশোবন্ত = যশঃ + অন্ত	ষড়ঋতু = ষট্ + ঋতু
দশানন = দশ + আনন	ষড়ানন = ষট্ + আনন
কুসুমাস্তীর্ণ = কুসুম + আস্তীর্ণ	বাগদত্তা = বাক্ + দত্তা
গবাদি = গো + আদি	মৃণ্ময় = মৃৎ + ময়
উদ্ধরণ = উৎ + হরণ	শঙ্কা = শম্ + কা
উল্লেখ = উৎ + লেখ	একচ্ছত্র = এক + ছত্র
অত্যদ্ভুত = অতি + অদ্ভুত	অধোভাগ = অধঃ + ভাগ

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. সন্ধির প্রধান সুবিধা কী?
ক. পড়ার সুবিধা খ. লেখার সুবিধা
গ. উচ্চারণের সুবিধা ঘ. শোনার সুবিধা

২. কোন বাংলা পদের সাথে সন্ধি হয় না?
ক. বিশেষ্য খ. বিশেষণ
গ. ক্রিয়া ঘ. অব্যয়

৩. পরস্পর কাছাকাছি ধ্বনি বা বর্ণের মিলনকে বলে—
ক. সন্ধি খ. সমাস
গ. কারক ঘ. প্রত্যয়

৪. 'সন্ধি' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
ক. রূপতত্ত্ব খ. ধ্বনিতত্ত্ব
গ. পদক্রম ঘ. বাক্য প্রকরণ

৫. স্বাগত-এর সন্ধি বিচ্ছেদ কী?
ক. সু+আগত খ. স্বা+গত
গ. সু+গত ঘ. সা+আগত

৬. 'মুখচ্ছবি' সন্ধি কোন নিয়মে পড়ে?
ক. স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি
খ. ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি
গ. ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি
ঘ. ব্যঞ্জনধ্বনি + বিসর্গধ্বনি

৭. 'জগজ্জীবন' শব্দটি সন্ধির কোন নিয়মানুসারে হয়েছে?
ক. ত + ঝ খ. ত + জ
গ. দ + ঝ ঘ. দ + জ

৮. অঘোষ অল্পপ্রাণ ও ঘোষ অল্পপ্রাণ তালব্য ধ্বনির পরে নাসিক্য ধ্বনি তালব্য ধ্বনি হয়। এর উদাহরণ কোনটি?
ক. তৎ + রূপ = তদ্রূপ
খ. সম্ + তান = সন্তান
গ. রাজ + নী = রাজ্ঞী
ঘ. তদ্ + কাল = তৎকাল

৯. বর্গীয় ওষ্ঠ্য নাসিক্য ধ্বনির পর অন্তঃস্থ ধ্বনি কিংবা উষ্ম ধ্বনি থাকলে ওষ্ঠ্য নাসিক্য ধ্বনির স্থলে অনুস্বর (ং) হয়। যেমন—
ক. সংস্কার খ. স্বয়ংবরা
গ. তন্মধ্যে ঘ. শঙ্কা

১০. কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?
ক. বৃহস্পতি খ. দুর্যোগ
গ. নায়ক ঘ. পরীক্ষা

১১. 'কুড়িক' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. কুড়ি + এক খ. কুড় + এক
গ. কুড়ি + ক ঘ. কুড়ো + ক

১২. রুপালি-এর সন্ধি বিচ্ছেদ-
ক. রুপ + আলি খ. রুপা + আলি
গ. রুপ + লি ঘ. রুপা + লি

১৩. 'সচ্চিন্তা'-এর সন্ধি বিচ্ছেদ কী হবে?
ক. সদ + চিন্তা খ. সঃ + চিন্তা
গ. স + চিন্তা ঘ. সৎ + চিন্তা

১৪. 'উদ্যোগ' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. উৎ + দোগ খ. উৎ + যোগ
গ. উদ্ + যোগ ঘ. কোনোটিই নয়

১৫. 'পরিচ্ছেদ' এর সন্ধি বিচ্ছেদ—
ক. পরি + ছেদ খ. পর + ছেদ
গ. পরী + ছেদ ঘ. পরি + ছাদ

১৬. 'পরিচ্ছন্ন'-এর সন্ধি বিচ্ছেদ —
ক. পর + ছিন্ন খ. পরী + ছন্ন
গ. পরি + ছন্ন ঘ. পরঃ + ছন্ন

১৭. 'আশ্চার্য' এর সন্ধি বিচ্ছেদ —
ক. অতি + চর্য খ. আশ + চর্য
গ. আ + চর্য ঘ. আ + চার্য

১৮. 'নমস্কার' এর সন্ধি বিচ্ছেদ—
ক. নমঃ + কার খ. নমস + কার
গ. নমো + কার ঘ. নম + আকার

১৯. 'সংলাপ' এর সন্ধি বিচ্ছেদ কী?
ক. সং + লাপ খ. সম্ + লাপ
গ. সঃ + লাপ ঘ. কোনোটিই নয়

উত্তরপত্র

১.	গ	২.	ঘ	৩.	ক	৪.	খ	৫.	ক
৬.	ক	৭.	খ	৮.	গ	৯.	খ	১০.	ক
১১.	ক	১২.	ক	১৩.	ঘ	১৪.	খ	১৫.	ক
১৬.	গ	১৭.	গ	১৮.	ক	১৯.	খ		

প্রকৃতি ও প্রত্যয়

ক্রিয়াপদের মূল ও শব্দ উভয়কেই প্রকৃতি (ধাতু-প্রকৃতি) বলে। শব্দের ক্ষেত্রে বলা হয় নাম-প্রকৃতি বা সংজ্ঞা-প্রকৃতি। যেমনঃ বৃদ্ধা। এখানে প্রকৃতি হলো 'বৃদ্ধ', এর সঙ্গে 'আ' যুক্ত হয়ে 'বৃদ্ধা' হয়েছে। ক্রিয়ার ক্ষেত্রে বলা হয় ধাতু প্রকৃতি। যেমনঃ চলা। এখানে প্রকৃতি হলো 'চল'। সুতরাং 'চল্' হলো ধাতু-প্রকৃতি। (একে 'ধাতু'ও) বলে। আবার 'ক্রিয়া প্রকৃতি'ও বলে।) শব্দ কিংবা পদ থেকে প্রত্যয় ও বিভক্তি বাদ দিলে ' প্রকৃতি' অংশ পাওয়া যায়। 'ধাতু প্রকৃতি' কথাটি বোঝানোর জন্য প্রকৃতির আগে √ চিহ্ন ব্যবহার করা হয়। এ প্রকৃতি চিহ্নটি ব্যবহার করলে 'প্রকৃতি' শব্দটি লেখার প্রয়োজন হয় না। যেমনঃ √পড়ু+ উয়া = পড়ুয়া; √নাচ্ + উনে = নাচুনে।

প্রকৃতি দুই প্রকার। যথা :

১. নাম প্রকৃতি ও ২. ক্রিয়া বা ধাতু প্রকৃতি।

১. **নাম প্রকৃতি :** শব্দের মূলকে নাম প্রকৃতি বলে। যেমন: হাত, বাড়ি, মিঠা, মিতা, ঢাকা, বোকা, চাঁদ ইত্যাদি।

২. **ক্রিয়া প্রকৃতি :** ক্রিয়ার মূলকে ক্রিয়া বা ধাতু প্রকৃতি বলে। যেমন: চল্, খা, পড়্, লিখ্, দিশ্, দৃশ্, কৃ ইত্যাদি।

প্রত্যয়

কোনো বর্ণ বা বর্ণসমষ্টি ধাতু বা শব্দের পর যুক্ত হয়ে নতুন অর্থবোধক শব্দ গঠন করে, তাকে প্রত্যয় বলে। যেমন: লিখ্ + আ = লিখা। এখানে 'লিখ্' ধাতুর সাথে 'আ' প্রত্যয় যোগ হয়ে 'লিখা' শব্দটি তৈরি হয়েছে। 'আ' বর্ণটি এখানে প্রত্যয় হিসেবে বিবেচিত।

প্রত্যয়ের কাজ নতুন শব্দ গঠন করা। দুই ভাবে এ শব্দ গঠন কাজটি সম্পন্ন হয়। যথা:

১. ধাতুর সাথে প্রত্যয় যুক্ত হয়ে এবং
২. শব্দের সাথে প্রত্যয় যুক্ত হয়ে।

গুরুত্বপূর্ণ প্রকৃতি ও প্রত্যয়

প্রদত্ত শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	প্রত্যয়ের নাম
হাসি	√হাস্ + ই	কৃৎ প্রত্যয়
হিংসা	√হিন্স্ + অ + আ	কৃৎ প্রত্যয়
শয়ন	√শী + অনট্	কৃৎ প্রত্যয়
লেখক	√লিখ্ + অক	কৃৎ প্রত্যয়
মুগ্ধ	√মুহ্ + ক্ত	কৃৎ প্রত্যয়
মুক্তি	√মুচ্ + ক্তি	কৃৎ প্রত্যয়
মড়ক	√মড়্ + অক	কৃৎ প্রত্যয়
ভোজন	√ভুজ্ + অন	কৃৎ প্রত্যয়
জয়	√জি + অ	কৃৎ প্রত্যয়
বর্ষণ	√বৃষ্ + অন	কৃৎ প্রত্যয়
পড়ুয়া	√পড়্ + উয়া	কৃৎ প্রত্যয়
নর্তক	√নৃত্ + অক	কৃৎ প্রত্যয়
নয়ন	√নী + অন	কৃৎ প্রত্যয়
দুগ্ধ	√দুহ্ + ক্ত	কৃৎ প্রত্যয়
দর্শন	√দৃশ্ + অনট্	কৃৎ প্রত্যয়
ফুটন্ত	√ফুট্ + অন্ত	কৃৎ প্রত্যয়
ঝুঁটি	√ঝুঁট্ + ই	কৃৎ প্রত্যয়
ছাঁটাই	√ছাঁট্ + আই	কৃৎ প্রত্যয়
ক্রন্দন	√ক্রন্দ্ + অন	কৃৎ প্রত্যয়
চিরুনী	√চির্ + উনি = চিরূনী > চিরুনী	কৃৎ প্রত্যয়
চলতি	√চল্ + তি	কৃৎ প্রত্যয়
ঘাতক	√হন্ + অক	কৃৎ প্রত্যয়
চড়াই	√চড়্ + আই	কৃৎ প্রত্যয়
কর্তব্য	√কৃ + তব্য	কৃৎ প্রত্যয়
কর্তা	√কৃ + তৃচ্	কৃৎ প্রত্যয়
কান্না	√কাঁদ্ + না	কৃৎ প্রত্যয়
কারক	√কৃ + অক	কৃৎ প্রত্যয়
খেলনা	√খেল্ + অনা	কৃৎ প্রত্যয়
খ্যাতি	√খ্যা + তি	কৃৎ প্রত্যয়
গমন	√গম্ + অনট্	কৃৎ প্রত্যয়
গায়ক	√গৈ + অক	কৃৎ প্রত্যয়
ইন্দ্রজিৎ	√ইন্দ্র + জি + ক্বিপ্	কৃৎ প্রত্যয়
আগামী	√আ + গম্ + ইন্	কৃৎ প্রত্যয়
অনুচর	√অনু + চর	কৃৎ প্রত্যয়
প্রশ্ন	√প্রচ্ছ্ + ন	কৃৎ প্রত্যয়
অগ্নি	√অঙ্গ্ + নি	কৃৎ প্রত্যয়
অগ্রিম	অগ্র + ইম	তদ্ধিত প্রত্যয়
অন্তিম	অন্ত + ইম	তদ্ধিত প্রত্যয়
মুখ্য	মুখ + য	তদ্ধিত প্রত্যয়
প্রকাশ্য	প্রকাশ + য	তদ্ধিত প্রত্যয়
আধুলী	অর্ধ + উলি	তদ্ধিত প্রত্যয়
[illegible]	[illegible] + ল = [illegible] > [illegible]	তদ্ধিত প্রত্যয়
ঐতিহাসিক	ইতিহাস + ইক	তদ্ধিত প্রত্যয়
ঐকান্তিক	একান্ত + ই	তদ্ধিত প্রত্যয়
মেছো	মাছ + উয়া = মছুয়া > মেছো	তদ্ধিত প্রত্যয়
গ্রামীণ	গ্রাম + ঈন	তদ্ধিত প্রত্যয়
ঢাকাই	ঢাকা + আই	তদ্ধিত প্রত্যয়
তৈল	তিল + ষ্ণ	তদ্ধিত প্রত্যয়
ধীমান	ধী + মতুপ্	তদ্ধিত প্রত্যয়
ধৈর্য	ধীর + ষ্ণ্য	তদ্ধিত প্রত্যয়
নাবিক	নৌ + ষ্ণিক	তদ্ধিত প্রত্যয়
পার্থিব	পৃথিবী + ষ্ণ	তদ্ধিত প্রত্যয়
বার্ষিক	বর্ষ + ষ্ণিক	তদ্ধিত প্রত্যয়
মানব	মনু + ষ্ণ	তদ্ধিত প্রত্যয়
শৈশব	শিশু + ষ্ণ	তদ্ধিত প্রত্যয়
সাহিত্যিক	সাহিত্য + ইক	তদ্ধিত প্রত্যয়
সাপ্তাহিক	সপ্তাহ + ষ্ণিক	তদ্ধিত প্রত্যয়
সাংবাদিক	সংবাদ + ষ্ণিক	তদ্ধিত প্রত্যয়
হিসাবী	হিসাব + ঈ	তদ্ধিত প্রত্যয়

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. ধাতুর পরে কোন প্রত্যয় যুক্ত করে ভাববাচক বিশেষ্য তৈরি করে?
ক. অক খ. আই
গ. ফলে ঘ. আও

২. 'চালান'-এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. চালান + য খ. চাল + আন
গ. চালান + অ ঘ. চালা + আন

৩. 'নীলিমা' শব্দের সঠিক তদ্ধিত প্রত্যয় কোনটি?
ক. নীল + ইমা খ. নীল + ইমন
গ. নীঃ + ইমন ঘ. নীল + ঈমা

৪. শব্দের পরে যে প্রত্যয় যুক্ত হয়, তাকে বলে—
ক. শব্দ প্রত্যয় খ. কৃৎ প্রত্যয়
গ. অন্ত প্রত্যয় ঘ. তদ্ধিত প্রত্যয়

৫. 'নন্দন' এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. √নন্দ + অন খ. √নন্দ + অন
গ. √নন্ + দোন ঘ. √নন্দি + অন

৬. প্রত্যয়গতভাবে শুদ্ধ কোনটি?
ক. উৎকৃর্ষতা খ. উৎকর্ষ
গ. উৎকৃষ্ট ঘ. উৎকৃষ্টতা

৭. 'দোলনা-এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. দুল + না খ. দোল্ + না
গ. দোল্ + অনা ঘ. দোলনা + আ

৮. 'মুক্ত' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. √মু + ক্ত খ. √মুচ্ + ক্ত
গ. √মুক + ত ঘ. √মুচ + ত

৯. দর্শন—
ক. দশন + অন খ. দৃশ + অনট
গ. দর্শ + ন ঘ. দর + শন

১০. 'কারক' শব্দের প্রকৃতি প্রত্যয় কোনটি?
ক. √কৃ + অক খ. √কার + অক
গ. √কৃচ + ণক ঘ. √কৃ + ণক

১১. প্রকৃতির আগে কোন চিহ্ন ব্যবহৃত হয়?
ক. + খ. -
গ. × ঘ. √

১২. 'যৌবন' শব্দের সঠিক প্রত্যয় কোনটি?
ক. যৌ + অন খ. যু + অন
গ. যৌব + ন ঘ. যুব + অন

১৩. 'উক্ত' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. √বচ্ + ক্ত খ. √বপ + ক্ত
গ. √উক্ত + ক্ত ঘ. √উচ্ + ক্ত

১৪. প্রত্যয় শব্দের কোথায় বসে?
ক. পূর্বে খ. পরে
গ. মাঝে ঘ. ক ও খ উভয়ই

১৫. বিভক্তিহীন নামশব্দকে কী বলা হয়?
ক. প্রকৃতি খ. ধাতু
গ. প্রাতিপদিক ঘ. কৃদন্ত পদ

১৬. প্রাতিপদিকের অপর নাম কী?
ক. মূল শব্দ খ. শব্দ প্রকৃতি
গ. ধাতু প্রকৃতি ঘ. ক্রিয়া প্রকৃতি

১৭. 'হৈমন্তিক'-এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. হেমন্ত + ষ্ণিক খ. হেম + ষ্ণিক
গ. হৈমন্ত + ষ্ণিক ঘ. হৈম + ষ্ণিক

১৮. 'বর্ধিষ্ণু' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. বী + অন খ. বৃধ + ইষ্ণু
গ. বর্ধি + ষ্ণু ঘ. বর্ধ + ইষ্ণু

১৯. শ্রবণ—
ক. √শ্রবণ + অ খ. √শ্রী + অন
গ. √শ্রব + অন ঘ. √শ্রু + অন

২০. যে শব্দ বা শব্দাংশের অংশকে আর কোনো বিশ্লেষণ বা ক্ষুদ্রতম অংশে ভাগ করা যায় না, তাকে বলে—
ক. প্রত্যয় খ. কারক
গ. প্রকৃতি ঘ. বর্ণ

উত্তরপত্র

১.	খ	২.	খ	৩.	খ	৪.	ঘ	৫.	ঘ
৬.	গ	৭.	ক	৮.	খ	৯.	খ	১০.	ক
১১.	ঘ	১২.	ঘ	১৩.	ক	১৪.	খ	১৫.	গ
১৬.	ক	১৭.	ক	১৮.	খ	১৯.	ঘ	২০.	গ

বিরাম চিহ্নের ব্যবহার

লিখিত বাক্যে অর্থ সুস্পষ্টভাবে প্রকাশ করে মানুষের আবেগ, অনুভূতি ইত্যাদি ব্যক্ত করার জন্য যেসব চিহ্ন ব্যবহার করা হয়, সেগুলোকে বিরাম চিহ্ন বলে।

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

১. 'কমা'- এ কত সময় থামতে হয়?
উত্তরঃ এক বলতে যে সময় লাগে।

২. সমার্থক ও বিপরীতার্থক শব্দের মধ্যে কোন চিহ্ন বসে?
উত্তরঃ ড্যাস।

৩. বাংলা ভাষায় যতি বা ছেদ- চিহ্ন কয়টি?
উত্তরঃ ১৪টি।

৪. বাংলা ভাষায় যতি চিহ্নের প্রচলন করেন-
উত্তরঃ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

৫. লেখার সময় বাক্যের মধ্যে বিরতি দেখানোর জন্য যে সব চিহ্নের ব্যবহার করা হয়, সেগুলোকে কী বলে?
উত্তর: ছেদ।

৬. পূর্ণবাক্যের শেষে ব্যবহৃত চিহ্নকে কী বলে?
উত্তর: দাঁড়ি।

৭. লেখার সময় বিশ্রামের জন্য আমরা যে চিহ্নগুলো ব্যবহার করে থাকি সেগুলোকে কী বলে?
উত্তর: বিরামচিহ্ন।

৮. সেমিকোলনের বিরতিকালের পরিমাণ কত?
উত্তর: 'এক' উচ্চারণের দ্বিগুণ সময়।

৯. যৌগিক ও মিশ্রবাক্যে পৃথক ভাবাপন্ন দুই বা তার বেশি বাক্যের সমন্বয় বা সংযোগ বোঝাতে কোন চিহ্ন ব্যবহৃত হয়?
উত্তর: ড্যাশ।

১০. কোনটির বিরতিকাল কোলন-ড্যাশ-এর বিরতিকালের সমান?
উত্তর: কোলন।

১১. বাক্যে কোন যদি চিহ্নের থামার প্রয়োজন নেই?
উত্তর: হাইফেন/ইলেক।

১২. একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোন চিহ্ন বসবে?
উত্তর: কোলন।

১৩. কোন যতিচিহ্নের জন্য সবচেয়ে বেশি সময় থামতে হয়?
উত্তর: দাঁড়ি।

১৪. বাক্যে (,) থাকলে কতক্ষণ থামতে হয়?
উত্তর: 'এক' বলতে যে সময় লাগে।

১৫. কোথায় যাচ্ছ-এটি কী ধরনের বাক্য?
উত্তর: প্রশ্নসূচক বাক্য।

১৬. বাড়ি বা রাস্তার নম্বরের পরে কোন চিহ্ন বসে?
উত্তর: কমা।

১৭. এক কথার সাথে অন্য কথার, এক বাক্যের সাথে অন্য বাক্যের অবিচ্ছেদ্য সম্পর্ক থাকলে যে চিহ্ন ব্যবহৃত হয়, তার নাম কী?
উত্তর: ড্যাস।

১৮. বাক্যে কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কী বসে?
উত্তর: সেমিকোলন।

১৯. কোনটি কোলন ড্যাস?
উত্তর :-

২০. তিনি বললেন কেমন আছ- এ বাক্যে মোট ক'টি যতিচিহ্ন ব্যবহৃত হবে?
উত্তর: ৩টি।

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. 'তৌর্য' কোন ধরনের শব্দ?
ক. পরিমাণবাচক খ. অঙ্কবাচক
গ. তারিখবাচক ঘ. পূরণবাচক

২. দুটি সমবর্ণের একটির পরিবর্তনকে কী বলে?
ক. সমীভবন খ. বিষমীভবন
গ. অপিনিহিতি ঘ. অসমীকরণ

৩. 'যা কখনো নষ্ট হয় না'- এর সংক্ষিপ্ত রূপ কোনটি?
ক. নশ্বর খ. অনন্যসাধারণ
গ. সর্বংসহা ঘ. অবিনশ্বর

৪. একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোন চিহ্ন ব্যবহৃত হয়?
ক. কোলন খ. ড্যাস
গ. দাঁড়ি ঘ. সেমিকোলন

৫. 'বৃষ্টি আসে আসুক'- বাক্যের ক্রিয়াপদটি কোন ভাব প্রকাশ করে?
ক. সাপেক্ষ খ. অনুজ্ঞা
গ. আকাঙ্ক্ষা ঘ. নির্দেশক

৬. এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি- বাক্যটি কোন কালের?
ক. সাধারণ বর্তমান খ. পুরাঘটিত বর্তমান
গ. ঘটমান অতীত ঘ. সাধারণ অতীত

৭. 'কাটিতে কাটিতে ধান এলো বরষা'- এই বাক্যে অসমাপিকা ক্রিয়াটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক. সূচনা খ. সমাপ্তি
গ. সমকাল ঘ. নিরন্তরতা

৮. 'দপ্তর' কোন ভাষা থেকে আগত শব্দ?
ক. ফারসি খ. ফরাসি
গ. আরবি ঘ. পর্তুগিজ

৯. 'বাইশা' শব্দে কী অর্থে আ-প্রত্যয় যুক্ত হয়েছে?
ক. অবজ্ঞা খ. বৃহৎ
গ. সমষ্টি ঘ. সদৃশ

১০. 'বিনে স্বদেশী ভাষা, মিটে কি আশা?- এখানে 'বিনে' কী অর্থ প্রকাশ করছে?
ক. সঙ্গে খ. ব্যতিরেকে
গ. প্রয়োজন ঘ. নিমিত্ত

উত্তরপত্র

১.	গ	২.	খ	৩.	ঘ	৪.	ক	৫.	গ
৬.	খ	৭.	ঘ	৮.	ক	৯.	গ	১০.	খ

বাক্য প্রকরণ

অর্থ ঠিক রেখে অর্থাৎ পরিবর্তন না ঘটিয়ে এক শ্রেণির বাক্যকে অন্য শ্রেণিতে পরিবর্তন করাকে বাক্য পরিবর্তন বলে। যেমন: সরল বাক্যকে জটিল, জটিল বাক্যকে সরল, সরল বাক্যকে যৌগিক এবং যৌগিক বাক্যকে জটিল বাক্যে পরিবর্তন করা যায়।

'বাক্য' শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ কথ্য বা কথিত বিষয়। যথাযথ বিন্যস্ত শব্দসমষ্টি যদি একটি সম্পূর্ণ মনোভাব প্রকাশ করে, তবে তাকে বাক্য বলে। বাক্যের কয়েকটি সংজ্ঞা নিচে দেয়া হলো :

- যে সুবিন্যাস্ত পদসমষ্টি বক্তার কোনো মনোভাবকে সম্পূর্ণরূপে প্রকাশ করে, তাকে বাক্য বলে।
- দুই বা ততোধিক শব্দ বা পদ একত্র হয়ে যখন মনের একটি সম্পূর্ণ ভাব বা অর্থ প্রকাশ করে, তখন তাকে বাক্য বলে।
- যে সুবিন্যস্ত পদসমষ্টি দ্বারা কোনো বিষয়ে বক্তার মনোভাব সম্পূর্ণরূপে প্রকাশিত হয়, তাকে বাক্য বলে।

গঠনের দিক থেকে বাক্য তিন প্রকার। যথা: ১. সরল বাক্য, ২. জটিল বাক্য ও ৩. যৌগিক বাক্য।

১. **সরল বাক্য :** যে বাক্যে একটিমাত্র উদ্দেশ্য (কর্তা) ও একটিমাত্র বিধেয় (সমাপিকা ক্রিয়া) থাকে, তাকে সরল বাক্য বলে। যেমন: দিপা বই পড়ে। রাসেল ক্রিকেট খেলে। বাক্য দুটির কর্তা হচ্ছে দিপা ও রাসেল। পড়ে ও খেলে বাক্য দুটির সমাপিকা ক্রিয়া।

২. **জটিল বা মিশ্র বাক্য:** একটি পূর্ণ বাক্যে যদি একটি প্রধান খণ্ডবাক্য ও এক বা একাধিক অপ্রধান খণ্ডবাক্য পরস্পর সম্পর্কযুক্ত থাকে, তবে তাকে জটিল বাক্য বলে। যেমন— যারা মাতৃভাষার মূল্য দেয় না, তারা মায়ের মূল্য দিতে জানে না। এ বাক্যে দুটি খণ্ডবাক্য রয়েছে, যার একটি হচ্ছে 'যারা মাতৃভাষার মূল্য দেয় না।' অপরটি হচ্ছে 'তারা মায়ের মূল্য দিতে জানে না'। দুটি বাক্যের একটি অপরটির ওপর নির্ভরশীল। একটি বাদে অন্যটির স্বয়ংসম্পূর্ণ অর্থ প্রকাশ সম্ভব নয়। অতএব, এটি একটি জটিল বা মিশ্র বাক্য।

৩. **যৌগিক বাক্য:** দুই বা ততোধিক বাক্য যখন ও, এবং, আর, কিন্তু, তথাপি ইত্যাদি অব্যয়ের সাহায্যে যুক্ত থাকে, তখন থাকে যৌগিক বাক্য বলে। উল্লেখ্য, যৌগিক বাক্যে দুটি স্বাধীন বাক্য থাকে। যেমন: সে গরিব কিন্তু অসৎ। তুমি এবং আমি ঢাকা যাব।

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. বাক্যের ক্ষুদ্রতম একক কোনটি?
ক. শব্দ খ. বর্ণ
গ. ধ্বনি ঘ. চিহ্ন

২. কোনটি জটিল বাক্য?
ক. যে বালকটি পরীক্ষায় প্রথম হয়েছে, সে পুরস্কার পাবে
খ. পরীক্ষায় পাস না করলে চাকরি পাবে না
গ. বৃষ্টি পড়ছে
ঘ. তোমার পাস করার কথা শুনেছি

৩. যে বাক্যে একটিমাত্র কর্তা এবং একটিমাত্র সমাপিকা ক্রিয়া থাকে, তাকে কী বলে?
ক. সরল বাক্য খ. জটিল বাক্য
গ. যৌগিক বাক্য ঘ. মৌলিক বাক্য

৪. নিচের কোনটি সরল বাক্য?
ক. যখন তুমি যাবে, তখন আমিও যাব
খ. তুমি না গেলে আমি যাব না
গ. তুমি যেয়ো না ঘ. আমি যাব, তুমি আসবে না

৫. শব্দ প্রয়োগকালে যদি তার যোগ্যতা হারায়, তবে তাকে কোন দোষে দুষ্ট বলা হয়?
ক. গুরুচণ্ডালী খ. বাগধারার রদবদল
গ. উপমার ভুল ঘ. শব্দ গঠনের ভুল

৬. বাক্যের অর্থসংগতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসকে কী বলে?
ক. আকুতি খ. মিনতি
গ. আসত্তি ঘ. আকাঙ্ক্ষা

৭. বাক্যের অর্থ গ্রহণের নিমিত্ত এক পদের পর অপর পদ শোনার যে ইচ্ছা থাকে, তাকে কী বলে?
ক. যোগ্যতা খ. আকাঙ্ক্ষা
গ. আসত্তি ঘ. স্পৃহা

৮. জ্ঞানী লোক সকলের শ্রদ্ধা পান।— এটি কোন বাক্যের উদাহরণ?
ক. সরল খ. জটিল
গ. যৌগিক ঘ. মিশ্র

৯. মেঘ গর্জন করে, তবে ময়ূর নৃত্য করে-এটি কোন ধরনের বাক্য?
ক. মিশ্র বাক্য খ. সরল বাক্য
গ. জটিল বাক্য ঘ. যৌগিক বাক্য

১০. 'যদিও তিনি অত্যন্ত দরিদ্র, তথাপি তিনি দানশীল'- এটি কোন ধরনের বাক্য?
ক. জটিল বাক্য খ. সরল বাক্য
গ. যৌগিক বাক্য ঘ. কোনোটিই নয়

১১. যৌগিক বাক্যের অন্যতম গুণ কী?
ক. একটি জটিল ও একটি সরল বাক্যের সাথে বাক্য গঠন
খ. একটি সংযুক্ত ও একটি বিযুক্ত বাক্যের সাহায্যে বাক্য গঠন
গ. দুটি সরল বাক্যের সাহায্যে বাক্য গঠন
ঘ. দুটি মিশ্র বাক্যের সাহায্যে বাক্য গঠন

১২. হযরত মুহাম্মদ (সা) ছিলেন একজন আদর্শ মানব— বাক্যটি নিম্নোক্ত কোন শ্রেণির?
ক. মিশ্র খ. জটিল
গ. যৌগিক ঘ. সরল

১৩. তার বয়স বেড়েছে, কিন্তু বুদ্ধি বাড়েনি— এটা কোন ধরনের বাক্য?
ক. যৌগিক বাক্য খ. সাধারণ বাক্য
গ. মিশ্র বাক্য ঘ. সরল বাক্য

১৪. কোন বাক্যটি দ্বারা অনুরোধ বোঝায়?
ক. তুই বাড়ি যা খ. ক্ষমা করা ঘোর অপরাধ
গ. কাল একবার এসো ঘ. দূর হও

১৫. 'ভিক্ষুকটা যে পিছনে লেগেই রয়েছে, কী বিপদ!'- বাক্যে কী এর অর্থ—
ক. ভয় খ. রাগ
গ. বিরক্তি ঘ. বিপদ

১৬. গঠন অনুসারে বাক্য কত প্রকার?
ক. ৩ খ. ৪
গ. ৫ ঘ. ৬

১৭. 'তুমি আসবে বলে আমি অপেক্ষা করছি' এটা কোন আশ্রিত বাক্যের উদাহরণ?
ক. বিশেষ্য স্থানীয় খ. বিশেষণ স্থানীয়
গ. ক্রিয়া বিশেষণ স্থানীয় খণ্ডবাক্য
ঘ. যৌগিক বাক্য

১৮. হয় রওনা হও, নতুবা গাড়িতে ওঠ— কোন বাক্যের উদাহরণ?
ক. সরল বাক্য খ. জটিল বাক্য
গ. সন্দেহবাচক বাক্য ঘ. যৌগিক বাক্য

১৯. বাক্যের অংশ কয়টি?
ক. ২টি খ. ৩টি
গ. ৪টি ঘ. ৫টি

২০. কতগুলো পদ একত্র হয়ে বক্তার মনের ভাব সম্পূর্ণরূপে প্রকাশ করলে তাকে কী বলে?
ক. উক্তি খ. সমাস
গ. সন্ধি ঘ. বাক্য

উত্তরপত্র

১	ক	২.	ক	৩.	ক	৪.	গ	৫.	ক
৬.	গ	৭.	খ	৮.	ক	৯.	ঘ	১০.	ক
১১.	গ	১২.	ঘ	১৩.	ক	১৪.	গ	১৫.	গ
১৬.	ক	১৭.	গ	১৮.	ঘ	১৯.	ক	২০.	ঘ

ণত্ব ও ষত্ববিধান

ণত্ববিধান

যে রীতি অনুসারে বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম বা সংস্কৃত শব্দের বানানে 'ন' (দন্ত্য-ন) স্থানে 'ণ' (মূর্ধন্য-ণ) ব্যবহৃত হয়, তাকে ণত্ববিধান বলে। অর্থাৎ তৎসম শব্দের বানানে ণ-এর সঠিক ব্যবহারের নিয়মই ণত্ববিধান। যেমন: ঋণ, কারণ, মরণ, ভীষণ, ভাষণ ইত্যাদি।

ণত্ব বা ণ ব্যবহারের নিয়ম নিম্নরূপ:

১. ট-বর্গীয় ধ্বনির আগে দন্ত্য-ন ব্যবহৃত হয়ে যুক্ত ব্যঞ্জন গঠিত হলে সেক্ষেত্রে সব সময় মূধন্য 'ণ' হয়। যেমন: ঘন্টা, কান্ড ইত্যাদি।

২. ঋ, র, ষ এর পরে স্বরধ্বনি ষ, য়, ব, হ, ং, এবং ক বর্গীয় ও প-বর্গীয় ধ্বনি থাকলে পরবর্তী ন মূধন্য "ণ" হয়। যেমন: কৃপণ (ক-কারের পরে প, তার পরে ণ)

৩. ঋ, র, ষ, এর পরে মূর্ধন্য 'ণ' হয়। যেমন: ঋণ, তৃণ ইত্যাদি।

৪. প্র, পরি, নির-এই তিনটি উপসর্গ ও অন্তর শব্দের পর নদ, নম্, নশ্, নহ্, নী, নু, নুদ, অন্, ও হন্ ধাতুর দন্ত্য 'ন' মূধন্য 'ণ' হয়। যেমন প্রণয়, প্রমাণ ইত্যাদি।

৫. পর, উত্তর, চান্দ্র, নার, রাম, শব্দের পর 'আয়ন' প্রত্যয় যুক্ত হলে আয়নের দন্ত্য 'ন' মূর্ধন্য 'ণ' হয়। যেমন: পরায়ণ, নারায়ণ ইত্যাদি।

ষত্ববিধান

যে রীতি অনুসারে বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম বা সংস্কৃত শব্দের বানানে মূর্ধন্য-ষ ব্যবহৃত হয়, তাকে ষত্ববিধান বলে। অর্থাৎ তৎসম শব্দের বানানে ষ-এর সঠিক ব্যবহারের নিয়ম ষত্ববিধান। যেমন: বিষ, কৃষক, বর্ষণ, আষাঢ়, আভাষ ইত্যাদি।

'ষ-ত্ব' বা 'ষ' ব্যবহারের নিয়ম নিম্নরূপ:

১. অ, আ, ভিন্ন, অন্য স্বরধ্বনি এবং ক ও র-এর পরের ষ প্রত্যয়ের স থাকলে তা ষ হয়। যেমন: ভবিষ্যৎ, মুমূর্ষু ইত্যাদি।

২. ই-কারান্ত এবং উ-কারান্ত উপসর্গের পর কতকগুলো ধাতুতে 'ষ' হয়। যেমন: বিষম, অভিষেক ইত্যাদি।

৩. ঋ-কার ও র-এর পর ষ হয়। যেমন: কৃষক, তৃষ্ণা ইত্যাদি।

৪. ট ও ঠ, এর সঙ্গে যুক্ত হলে দন্ত্য স না হয়ে মূধন্য 'ষ' হয়। যেমন: কাষ্ঠ, নষ্ট ইত্যাদি।

৫. নিঃ, দুঃ, অবিঃ, চতুঃ বহিঃ এগুলোর পর ক, খ, প, ফ থাকলে বিসর্গ (ঃ) স্থানে মূধন্য ষ হয়। যেমন: নিষ্কর, বহিষ্কার, ইত্যাদি।

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. 'ঋ, র, ষ এর পর মূর্ধন্য ণ হয়- এ নিয়মের উদাহরণ কোনটি?
ক. উষ্ণ খ. কৃপণ
গ. হরিণ ঘ. অর্পণ

২. ট বর্গীয় ধ্বনির আগে কোনটি ব্যবহৃত হয়?
ক. ন খ. ণ
গ. ন্ন ঘ. ন্য

৩. নিচের কোন শব্দে স্বভাবতই 'ণ' ব্যবহার হয়েছে?
ক. লাবণ্য/গণনা খ. হরিণ
গ. ঋণ ঘ. রামায়ণ

৪. দুর্নীতি, দুর্নাম, দুর্নিবার, সর্বনাম- প্রভৃতি শব্দগুলোতে মূর্ণ্য 'ণ' ব্যবহৃত হয়নি কেন?
ক. তৎসসম শব্দ বলে খ. দেশি শব্দ বলে
গ. বিদেশি শব্দ বলে ঘ. সমাসবদ্ধ শব্দ বলে

৫. কোন বর্গীয় বর্ণের আগে কখনও মূর্ধন্য হয় না?
ক. ক-বর্গ খ. চ-বর্গ
গ. প-বর্গ ঘ. ত-বর্গ

৬. কোন জাতীয় শব্দ 'ষ'-এর ব্যবহার হয়?
ক. বিদেশি খ. তদ্ভব
গ. দেশি ঘ. তৎসম

৭. পণ্ডিতগণ কোন ধরনের শব্দের বানানে 'ষ' এর ব্যবহার অবিকৃত রাখার পক্ষপাতী?
ক. দেশি খ. তৎসম
গ. অর্ধ-তৎসম ঘ. খাঁটি বাংলা

৮. কোন জাতীয় শব্দে "ষ' ব্যবহার হয় না?
ক. বিদেশি খ. তৎসম
গ. সংস্কৃত ঘ. অর্ধ-তৎসম

৯. খাঁটি বাংলা ভাষায় সাধারণত কোন ধ্বনির ব্যবহার নেই?
ক. দন্ত্য ন ধ্বনি খ. তালব্য শ ধ্বনি
গ. স্বরধ্বনি ঘ. মূর্ধন্য ষ ধ্বনি

১০. 'ই' কারান্ত ও 'উ' কারান্ত উপসর্গের পর কতকগুলো ধাতুতে কী হয়?
ক. 'স' হয় খ. 'উ' হয়
গ. 'ষ' হয় ঘ. 'ই' হয়

উত্তরপত্র

১.	ক	২.	খ	৩.	ক	৪.	ঘ	৫.	ঘ
৬.	ঘ	৭.	খ	৮.	ক	৯.	ঘ	১০.	গ

লিঙ্গ

লিঙ্গ

যেভাবে বা চিহ্নের সাহায্যে শব্দকে পুরুষ, স্ত্রী, স্ত্রী-পুরুষ, ক্লীব বা অচেতন পদার্থ হিসেবে আলাদা আলাদা ভাগ করা হয়, তাকে লিঙ্গ বলা হয়।

লিঙ্গের প্রকারভেদ : লিঙ্গ চার প্রকার। যথা:

ক. পুংলিঙ্গ; খ. স্ত্রীলিঙ্গ; গ. উভয় লিঙ্গ ও ঘ. ক্লীব লিঙ্গ।

ক. **পুংলিঙ্গ :** যেসব শব্দ পুরুষ জাতীয় প্রাণীদের বোঝায়, সেসব শব্দকে পুংলিঙ্গ বলে। যেমন: বাবা, ভাই, পুত্র, পতি, ছাত্র, বাঘ, সিংহ, মোরগ, দেবর, বুদ্ধিমান, রাজা, সভাপতি ইত্যাদি।

খ. **স্ত্রীলিঙ্গ :** যেসব শব্দ স্ত্রী জাতীয় প্রাণীদের বোঝায়, সেসব শব্দকে স্ত্রীলিঙ্গ বলে। যেমন : জননী, কন্যা, বালিকা, বোন, পত্নী, ছাত্রী, বুদ্ধিমতী, চাতকী, দাদী, সভানেত্রী ইত্যাদি।

গ. **উভয় লিঙ্গ :** যেসব শব্দে স্ত্রী ও পুরুষ উভয়বাচক শ্রেণি বোঝায়, তাদের উভয় লিঙ্গ বলে। যেমন: শিশু, মানুষ, সন্তান, বন্ধু, আমি, সে, তুমি ইত্যাদি। ইংরেজি ব্যাকরণের অনুসরণে বাংলায় এ প্রকার লিঙ্গ প্রবর্তিত হয়েছে।

ঘ. **ক্লীব লিঙ্গ :** যেসব শব্দ পুরুষ স্ত্রী কিছুই বোঝায় না, সেসব শব্দকে ক্লীব লিঙ্গ বলে। যেমন : ফুল, পাতা, মাটি, জল, কলম, চেয়ার, টেবিল, জামা, জুতা, ঘর, বাড়ি ইত্যাদি।

লিঙ্গ পরিবর্তনের নিয়ম

ক. সাধারণত পুংলিঙ্গ শব্দের পরে স্ত্রী প্রত্যয়, আ, ঈ, আনী, ইনি ইত্যাদি যুক্ত করে ওই শব্দকে স্ত্রীলিঙ্গ শব্দে পরিবর্তিত করা যায়। যেমন: চাচা-চাচি, দীন-দীনা, নায়ক-নায়িকা ইত্যাদি।

খ. পুরুষবাচক শব্দ বা স্ত্রীবাচক শব্দ আগে বা পরে যুক্ত করে স্ত্রীলিঙ্গ শব্দ বা পুরুষ লিঙ্গ শব্দ গঠন করা যায়। যেমন: বেটাছেলে-মেয়েছেলে, রাজপুত্র-রাজকন্যা, এঁড়ে বাছুর-বকনা বাছুর, পুরুষ মানুষ-মেয়ে মানুষ, মর্দা হাতি-মাদী হাতি ইত্যাদি।

গ. পুরুষবাচক শব্দের বিপরীত অর্থ প্রকাশ করে, এমন স্ত্রীবাচক শব্দ ব্যবহার করে স্ত্রীলিঙ্গ শব্দ গঠন করা হয়। যেমন: বর-কনে, ছেলে-মেয়ে, মামা-মামী ইত্যাদি।

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

১. লিঙ্গ শব্দের অর্থ কী?
উত্তরঃ চিহ্ন।

২. বাংলা ব্যাকরণে লিঙ্গ এসেছে মূলত কোন ভাষা থেকে?
উত্তরঃ সংস্কৃত ভাষা।

৩. ক্লীবলিঙ্গ কাকে বলে?
উত্তরঃ যেসব শব্দ পুরুষ ও স্ত্রী জাতির কোনোটিই বোঝায় না, তাদের ক্লীবলিঙ্গ বলে। যেমন: ফুল, পাথর, জামা।

৪. 'সাহেব' শব্দের বহুবচন—
উত্তরঃ সাহেবান।

৫. অপ্রাণী বা ইতর প্রাণিবাচক শব্দের বহুবচনে কোন বিভক্তি যুক্ত হয় না?
উত্তরঃ রা।

৬. অনেক সময় বিশেষ্য ও বিশেষণ পদের দ্বিত্ব প্রয়োগে কী সাধিত হয়?
উত্তরঃ বহুবচন।

৭. উভয় লিঙ্গ কাকে বলে?
উত্তরঃ যেসব শব্দ পুরুষ ও স্ত্রী উভয় শব্দই নির্দেশ করে, তাদের উভয় লিঙ্গ বলে। যেমন: সন্তান, শিশু, বন্ধু, মানুষ।

৮. পুরুষ ও স্ত্রী উভয়ই বোঝায় এমন শব্দের উদাহরণ—
উত্তরঃ জন, পাখি, শিশু, সন্তান, শিক্ষিত।

৯. কেবল পুরুষ বোঝায় এমন শব্দের উদাহরণ—
উত্তরঃ কবিরাজ, ঢাকি, কৃতদার, অকৃতদার।

১০. কোন প্রত্যয়যোগে গঠিত স্ত্রীবাচক শব্দে কোন কোন সময় অর্থের পার্থক্য ঘটে?
উত্তরঃ আনী প্রত্যয়।

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. দুটি পুরুষবাচক শব্দ রয়েছে কোনটির?
ক. ননদ খ. প্রিয়া
গ. শিষ্যা ঘ. আয়া

২. পুরুষ বা স্ত্রী নির্দেশক সূত্রকে ব্যাকরণে কী বলা হয়?
ক. বচন খ. লিঙ্গ
গ. পুরুষ ঘ. বাচ্য

৩. সেবক শব্দের শুদ্ধ স্ত্রীলিঙ্গ কোনটি?
ক. সেবকা খ. সেবোকি
গ. সেবিকি ঘ. সেবিকা

৪. 'অরণ্য'- এর লিঙ্গান্তর কী?
ক. অরণ্য খ. অরণী
গ. অরণ্যা ঘ. অরণ্যানী

৫. যে শব্দ দ্বারা স্ত্রী বা পুরুষ কিছুই বোঝায় না তাকে কোন লিঙ্গ বলে?
ক. পুংলিঙ্গ খ. স্ত্রীলিংঙ্গ
গ. ক্লীবলিঙ্গ ঘ. উভয়লিঙ্গ

৬. লিঙ্গ ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
ক. শব্দতত্ত্ব খ. ধ্বনিতত্ত্ব
গ. অর্থতত্ত্ব ঘ. বাক্যতত্ত্ব

৭. সাধারণত কোন কোন পদে লিঙ্গ হয়?
ক. বিশেষণ ও অব্যয় খ. অব্যয় ও সর্বনাম
গ. ক্রিয়া ও বিশেষণ ঘ. বিশেষ্য ও সর্বনাম

৮. কোনটি ভিন্নার্থক স্ত্রীবাচক শব্দ?
ক. নাটিকা খ. অরণ্যানী
গ. বনানী ঘ. সুন্দরী

উত্তরপত্র

১.	ক	২.	খ	৩.	ঘ	৪.	ঘ	৫.	গ
৬.	ক	৭.	ঘ	৮.	ক				

বচন

'বচন' অর্থ সংখ্যার ধারণা। এটি ব্যাকরণের একটি পারিভাষিক শব্দ। বিশেষ্য ও সর্বনাম পদের বচন হয়। অন্য কোনো পদের বচনভেদ হয় না। সাধারণত বিশেষ্য ও সর্বনাম পদের এক বা একাধিক সংখ্যা নির্দেশ করার জন্য শব্দের শেষে বর্ণ বা শব্দের প্রয়োগ হয়ে বচন নির্দেশিত হয়। যা কিছু গণনা করা যায় বা যার পরিমাণ সংখ্যা দ্বারা নির্ণয় করা হয়, সেসব জিনিসেরই বচন নির্ণয় সম্ভব। অতএব, যা দিয়ে বিশেষ্য ও সর্বনামের এক বা একাধিক সংখ্যা বিষয়ে বোধ জন্মে, তাকে বচন বলে।

প্রতিদিন নানা কাজ আমরা সংখ্যার ধারণা প্রকাশ করে এমন কতকগুলো শব্দ ব্যবহার করি। যেমন: আমি ভাত খাই; একজন লোকের ধারণা সংখ্যার ধারণা, তোমার ভাত খাও, দুজন বা তার বেশি লোকসংখ্যার ধারণা। এখানে আমি, তোমরা শব্দগুলো সংখ্যার ধারণা প্রকাশ করেছে।

বচনের প্রকারভেদ:
১। এক বচন ২। বহুবচন

<u>এক বচন:</u> যে শব্দ দ্বারা একটি মাত্র ব্যক্তি, বস্তু ও প্রাণীর সংখ্যা অর্থাৎ বিশেষ্য ও সর্বনাম বুঝায় তাকে এক বচন বলে। যেমন: মেয়েটি, কলমটি, মহিষটি ইত্যাদি।

<u>বহু বচন:</u> যে শব্দ দ্বারা একাধিক ব্যক্তি, বস্তু বা প্রাণীকে অর্থাৎ বিশেষ্য ও সর্বনামকে বুঝায় তাকে বহুবচন বলে। যেমন: মেয়েগুলো, কলমগুলো, মহিষগুলো ইত্যাদি।

<u>বচনের কিছু ব্যবহার:</u>
১। রা= কেবল উন্নত প্রাণী বাচক শব্দের সাথে যুক্ত হয়। যেমন: ছাত্ররা, মেয়েরা ইত্যাদি।
২। গুলো-গুলি =ইতর প্রাণী ও অপ্রাণী বাচক শব্দের বহু বচনে যুক্ত হয়। যেমন: আমগুলি, টাকাগুলি ইত্যাদি।
৩। কেবল উন্নত প্রাণী বাচক শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ। যেমন:
গণ=দেবগণ, শিক্ষকগণ।
মন্ডলী= শিক্ষক মন্ডলী, সম্পাদক মন্ডলী।
বর্গ = পন্ডিতবর্গ, মন্ত্রীবর্গ।
৪। প্রাণীবাচক ও অপ্রাণীবাচক শব্দের বহু বচনে শব্দ। যেমন:
কুল= কবিকুল, মাতৃকুল।
নিশ্চয় = পর্বত নিশ্চয়, কুসুম নিশ্চয়।
সকল = পর্বত সকল, মানুষ্যসকল।
সমূহ= বৃক্ষ সমূহ, মানুষ্যসমূহ।
৫। অপ্রাণীবাচক শব্দে ব্যবহৃত বহু বচন বোধক শব্দ। যেমন:
আবলী = পুস্তকাবলী, গ্রাম=গুনগ্রাম, গুচ্ছ = কবিতাগুচ্ছ, দান= কুসুমদান ইত্যাদি।
বি:দ্র: পাল ও যুথ কেবল জন্তুর বহু বচনে ব্যবহৃত হয়।

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

১. লিঙ্গ শব্দের অর্থ কী?
উত্তরঃ চিহ্ন।

২. বাংলা ব্যাকরণে লিঙ্গ এসেছে মূলত কোন ভাষা থেকে?
উত্তরঃ সংস্কৃত ভাষা।

৩. ক্লীবলিঙ্গ কাকে বলে?
উত্তরঃ যেসব শব্দ পুরুষ ও স্ত্রী জাতির কোনোটিই বোঝায় না, তাদের ক্লীবলিঙ্গ বলে। যেমন: ফুল, পাথর, জামা।

৪. সর্বনামের বহুবচন—
উত্তরঃ তোমরা।

৫. কেবল অপ্রাণিবাচক বহুবচনের প্রত্যয়—
উত্তরঃ মালা।

৬. কেবল স্ত্রীবাচক নির্দেশ করে এমন শব্দের উদাহরণ—
উত্তরঃ সতীন, সৎমা, সধবা।

৭. দুটো স্ত্রীবাচক শব্দ রয়েছে এমন শব্দের উদাহরণ—
উত্তরঃ দেবর, ভাই, শিক্ষক, বন্ধু, দাদা।

৮. খাঁটি বাংলায় পুরুষ ও স্ত্রীবাচক শব্দ মূলত কয় প্রকার?
ক. দুই প্রকার।

৯. বচন কাকে বলে?
উত্তরঃ যে শব্দ দ্বারা বিশেষ্য ও সর্বনাম পদের সংখ্যা বা পরিমাণ নির্দেশ করে, তাকে বলা হয় বচন।

১০. বচন শব্দটি কীসের ধারণা দেয়?
উত্তরঃ সংখ্যার ধারণা।

১১. প্রাণিবাচক ও অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ—
উত্তরঃ কুল, সকল, সব, বর্গ।

১২. 'বচন'- শব্দের বহুবাচন—
উত্তরঃ রচনাবলি।

১৩. যে শব্দ দ্বারা কোনো প্রাণী, বস্তু বা ব্যক্তির একের অধিক অর্থাৎ বহু সংখ্যার ধারণা হয় তাকে — বলে।
উত্তরঃ বহুবচন।

১৪. বচন শব্দটি—
উত্তরঃ পারিভাষিক।

১৫. যে শব্দ দ্বারা কোনো প্রাণী, বস্তু বা ব্যক্তির একটি মাত্র সংখ্যার ধারণা হয়, তাকে কী বলে?
উত্তরঃ একবচন।

১৬. বাংলায় কোন কোন পদে বচনের সূত্র প্রয়োগ হয়?
উত্তরঃ বিশেষ্য ও সর্বনাম।

১৭. টি, টা, খানা, খানি ইত্যাদি যোগ করে কোন বচন নির্দেশ করা হয়ে থাকে?
উত্তরঃ একবচন।

১৮. মণ্ডলী, গণ, বৃন্দ ব্যবহৃত হয়—
উত্তরঃ কেবল উন্নত প্রাণীবাচক শব্দের বহুবচনে।

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. বচন অর্থ কী?
ক. সংখ্যার ধারণা খ. গণনার ধারণা
গ. ক্রমের ধারণা ঘ. পরিমাপের ধারণা

২. বিশেষ নিয়মে সাধিত বহুবচনের উদাহরণ কোনটি?
ক. লাল লাল ফুল খ. বড় বড় মাঠ
গ. মেয়েরা কানাকানি করছে ঘ. হাঁড়ি হাঁড়ি সন্দেশ

৩. নিচের কোনটি একবচনের উদাহরণ?
ক. বনে সিংহ থাকে খ. মানুষ মরণশীল
গ. লোকে বলে ঘ. শিক্ষক ছাত্র পড়াচ্ছেন

৪. 'বন্ধু' শব্দের বহুবচন কোনটি?
ক. বন্ধুগণ খ. বন্ধুরা
গ. বন্ধুবর্গ ঘ. সবকটি

৫. কোনটি অপ্রাণীবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়?
ক. বৃন্দ খ. কুল
গ. বর্গ ঘ. গ্রাম

৬. নিচের কোনটি বিশেষ নিয়মে সাধিত বহুবচনের উদাহরণ?
ক. সিংহ বনে থাকে খ. বাগানে ফুল ফুটেছে
গ. মানুষ মরণশীল ঘ. এটাই করিমনের বাড়ি

৭. কোনটি ক্রমবাচক সংখ্যা?
ক. পাঁচই খ. সপ্তম
গ. এগারো ঘ. একুশে

৮. কোন দুটি পদের বচন ভেদে পার্থক্য হয়?
ক. বিশেষ্য ও সর্বনাম খ. বিশেষ্য ও বিশেষণ
গ. সর্বনাম ও অব্যয় ঘ. ক্রিয়া ও অব্যয়

৯. ইতর প্রাণী ও অপ্রাণীবাচক শব্দের বহুবচনে যুক্ত হয়—
ক. টা, টি খ. কুল
গ. খানা, খানি ঘ. রা, এরা

১০. বচন কয় প্রকার?
ক. দুই প্রকার খ. তিন প্রকার
গ. চার প্রকার ঘ. পাঁচ প্রকার

১১. বচন ব্যাকরণে কীরূপ শব্দ?
ক. অব্যয়সূচক শব্দ খ. প্রাতিপাদিক শব্দ
গ. পারিভাষিক শব্দ ঘ. কারকসূচক শব্দ

১২. ইতর প্রাণী ও অপ্রাণীবাচক শব্দের শেষে কোন বহুবচনবোধক শব্দ যোগ হয়?
ক. রা, এরা খ. গুলা, গুলো
গ. গণ, বৃন্দ ঘ. বৃন্দ, বর্গ

উত্তরপত্র

১.	ক	২.	গ	৩.	ঘ	৪.	ঘ	৫.	ঘ
৬.	ঘ	৭.	খ	৮.	ক	৯.	খ	১০.	ক
১১.	খ	১২.	খ						

পদ প্রকরণ

পদ কী?

বাক্যে ব্যবহৃত এক একটি শব্দকে পদ বলে। যেমন— ফাহিম বই পড়ে। এখানে 'ফাহিম', 'বই', 'পড়ে' প্রত্যেকটি শব্দ পদ হিসেবে বিবেচিত। মানুষ মনের ভাব প্রকাশ করার জন্য নানা রকম কথা বলে। কথা বলার সময় প্রয়োজন মতো কতকগুলো শব্দকে

পাশাপাশি সাজায়। সেই সাজানো কথা দিয়ে গঠিত হয় বাক্য। বাক্যের মধ্যে যেসব শব্দ ব্যবহৃত হয় সেগুলোই এক একটি পদ।

পদের প্রকারভেদ

বাক্যে ব্যবহৃত পদগুলোকে প্রধানত দুটি ভাগে ভাগ করা হয়। যথা— ১. নামপদ ও ২. ক্রিয়াপদ।

নাম পদ চার প্রকার। যথা— (ক) বিশেষ্য, (খ) বিশেষণ, (গ) সর্বনাম, (ঘ) অব্যয়।

সুতরাং, নামপদের চার প্রকার পদ এবং ক্রিয়াপদ মিলে পদ মোট আট প্রকার। যথা— (১) বিশেষ্য, (২) বিশেষণ, (৩) সর্বনাম, (৪) ক্রিয়া বিশেষণ (৫) ক্রিয়া (৬) আবেগসূচক (৭) সংযোজক (৮) অনুসর্গ।

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে বলে -
   ক. কারক খ. শব্দ
   গ. পদ ঘ. ক্রিয়াপদ

২. ছেলেটিকে বিছানায় শোয়াও- 'ছেলেটিকে' কোন কর্ম?
   ক. উদ্দেশ্য কর্ম খ. বিধেয় কর্ম
   গ. সমধাতুজ কর্ম ঘ. প্রযোজক ক্রিয়ার কর্ম

৩. 'বাঁশি বাজে' কোন ধরনের কর্তা?
   ক. কর্মবাচ্যের খ. ভাববাচ্যের
   গ. কর্ম-কর্তৃবাচ্যের ঘ. উদ্দেশ্যের

৪. গমন, দর্শন, ভোজন, শয়ন, শোনা-কোন পদের উদাহরণ?
   ক. সংজ্ঞাবাচক বিশেষ্য
   খ. ভাববাচক বিশেষ্য
   গ. বস্তুবাচক বিশেষ্য
   ঘ. নামবাচক বিশেষ্য

৫. মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন-এখানে কিংবা অব্যয়টি কোন অব্যয়?
   ক. অনুকার অব্যয় খ. বিয়োজক অব্যয়
   গ. সমুচ্চয়ী অব্যয় ঘ. সংযোজক অব্যয়

৬. শিক্ষক ছাত্রদের ব্যাকরণ পড়াচ্ছেন-'শিক্ষক' শব্দটি কোন কর্তা?
   ক. মুখ্য কর্তা খ. প্রযোজক কর্তা
   গ. প্রযোজ্য কর্তা ঘ. ব্যতিহার কর্তা

৭. রাখাল গরুকে ঘাস খাওয়ায়-'গরু' শব্দটি কোন কর্তা?
   ক. প্রযোজ্য কর্তা খ. ব্যতিহার কর্তা
   গ. মুখ্য কর্তা ঘ. প্রযোজক কর্তা

৮. 'আমার যাওয়া হবে না'- 'আমার' কোন কর্তা?
   ক. মুখ্য কর্তা খ. ব্যতিহার কর্তা
   গ. ভাববাচ্যের কর্তা ঘ. কর্মবাচ্যের কর্তা

৯. 'মরি মরি! কী সুন্দর প্রভাতের রূপ' বাক্যে মরি মরি কোন শ্রেণির অব্যয়?
   ক. সমন্বয়ী খ. অনন্বয়ী
   গ. পদান্বয়ী ঘ. অনুকার

১০. বৃষ্টি পড়ে টাপুর টুপুর, নদে এল বান- এখানে টাপুর টুপুর কোন ধরনের শব্দ?
   ক. অবস্থাবাচক শব্দ খ. বাগ্‌ধারা/অলংকার
   গ. ধ্বন্যাত্মক শব্দ ঘ. দ্বিরুক্ত শব্দ

১১. কোন পদে বিভক্তিযুক্ত হয় না?
   ক. অব্যয় খ. বিশেষণ
   গ. সর্বনাম ঘ. ক্রিয়া

১২. পদ প্রকরণ ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
   ক. ধ্বনিতত্ত্বে খ. রূপতত্ত্বে
   গ. বাক্যতত্ত্বে ঘ. অর্থতত্ত্বে

১৩. পদ মোট কত প্রকার?
   ক. ৬ প্রকার খ. ৮ প্রকার
   গ. ৪ প্রকার ঘ. ৩ প্রকার

১৪. সমধাতুজ কর্মপদ অকর্মক ক্রিয়াকে কোন ক্রিয়ায় রূপান্তরিত করে?
   ক. দ্বিকর্মক ক্রিয়া খ. সমাপিকা ক্রিয়া
   গ. সকর্মক ক্রিয়া ঘ. অসমাপিকা ক্রিয়া

১৫. মুষলধারে বৃষ্টি পড়ছে এখানে 'বৃষ্টি' শব্দটি কোন কর্তা?
   ক. প্রযোজ্য কর্তা খ. প্রযোজ্য কর্তা
   গ. ব্যতিহার কর্তা ঘ. মুখ্য কর্তা

উত্তরপত্র

১.	গ	২.	ঘ	৩.	গ	৪.	খ	৫.	খ
৬.	খ	৭.	ক	৮.	গ	৯.	খ	১০.	খ
১১.	ক	১২.	খ	১৩.	খ	১৪.	গ	১৫.	খ

কারক ও বিভক্তি

'কারক' শব্দের অর্থ যা ক্রিয়া সম্পাদক করে। সুতরাং বাক্যস্থিত ক্রিয়াপদের সাথে নাম পদের বা অন্যান্য পদের যে সম্পর্ক, তাকে কারক বলে।

ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে, "ক্রিয়ার সহিত যে পদের কোনো অন্বয় থাকে তাহাকে কারক বলে।

কারকের প্রকারভেদ:

কারক ছয় প্রকার। যথা:

১। কর্তৃ কারক ২। কর্ম কারক ৩। করণ কারক
৪। সম্প্রদান কারক ৫। অপাদান কারক ৬। অধিকরণ কারক।

কারক নির্ণয় করার উপায়:

* 'কে' প্রশ্ন করে যে উত্তর পাওয়া যায় তা কর্তৃ কারক।
* 'কী' এবং 'কাকে' প্রশ্ন করে যে উত্তর পাওয়া যায় তা করণ কারক।

* 'কাকে' প্রশ্ন করে (স্বত্ব ত্যাগ করে) যে উত্তর পাওয়া যায় তা সম্প্রদান কারক।
* 'কোথা' থেকে প্রশ্ন করে যে উত্তর পাওয়া যায় তা অপাদান কারক।
* 'কোথায়' প্রশ্ন করে যে উত্তর পাওয়া যায় তা অধিকরণ কারক।

বিভক্তি: বিভক্তি মাত্রই পদের অন্বয় সাধন করে। বাক্যের পদগুলোর একটির সাথে আরেকটির সম্পর্ক বা অন্বয়সাধনের জন্য শব্দের শেষে যেসব বর্ণযুক্ত করা হয় তাদের বিভক্তি বলে।

বিভক্তির প্রকারভেদ:

বিভক্তি প্রধানত দুই প্রকার। যেমন: শব্দ বিভক্তি ও ক্রিয়া বিভক্তি। শব্দ বিভক্তি আবার সাত প্রকার। যেমন: প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী।

কারক ও বিভক্তি নির্ণয়

অ

অসৎ পাত্রে কন্যা দিয়ো না — সম্প্রদান কারকে ৭মী।
অন্ধজনে আলো দাও — সম্প্রদানে কারকে ৭মী।
অল্প শোকে কাতর অধিক শোকে পাথর — করণে ৭মী।
অন্ন চাই, প্রাণ চাই — কর্মে শূন্য।
অর্থে অনর্থ ঘটে — কর্মে শূন্য।

আ

আমাকে কুরআন পড়তে হবে — কর্তায় দ্বিতীয়া।
আকাশে সূর্য উঠিয়াছে — অধিকরণে ৭মী।
আমায় একটু আশ্রয় দিন — কর্মে ৭মী।
আমরা ফুটবল খেলতে ভালোবাসি — কর্মে শূন্য।
আমরা জাতিতে মুসলমান — করণে ৭মী।
আজকে আমার যাওয়া হবে না — অধিকরণে ৭মী।
আয়রে পাখি লেজ-ঝোলা — কর্তায় শূন্য।
আকাশে চাঁদ উঠেছে — অধিকরণে ৭মী।
আর বিদ্যালয় পালাইও না — অপাদান কারকে শূন্য বিভক্তি।
আমি কাল ঢাকায় যাব — অধিকরণে ৭মী।

উ

উপসাগরীয় সংকটে তেলের দর বেড়েছে — অপাদানে ৭মী।
উল্কা ঢাকা ছাড়ল — অপাদানে শূন্য।
উদয়ের পথে শুনি কার বাণী — অপাদানে ষষ্ঠী।

এ, ঐ

এ কাজ আপনি নিজ হাতে করুন — করণে ৭মী।
একজন ডাক্তার ডাকো — কর্মে ২য়া।
এ বছর ভালো ফসল ফলেছে — অধিকরণে শূন্য।
ঐ হলো পুণ্যের যাত্রীরা খেয়া পার — কর্তৃকারকে শূন্য।
এ বনে বাঘ আছে — অধিকরণে এ বিভক্তি।
এ দেশের জমিতে সোনা ফলে — অধিকরণে ৭মী।

ক

কাকে দিব আমার এ মালাখানি — কর্মে ৭মী।
কী সাহসে এমন কথা বলিলে — কর্মে ৭মী।
কাননে কুসুম কলি সকলি ফুটিল — অধিকরণে ৭মী।
কলসিটা কানায় কানায় ভরা — অধিকরণে ৭মী।
কৃষক লাঙল চষিতেছে — করণে শূন্য।
কান্নায় শোক মন্দীভূত হয় — করণে ৭মী।
ক্লান্তিহরণ হাসি হাসলেন তিনি — কর্মে শূন্য।
কোকিল ডাকে — কর্তৃকারকে শূন্য।
কাঁথায় শীত যায় — করণে ৭মী।
কালির দাগ দাও — করণে ষষ্ঠী।
কথা আমাকেও শুনতে হয় — কর্তায় শূন্য।
কপাল ভাসিয়া গেল দু'নয়নের জলে — কর্মকারকে শূন্য।
কোথাও আমার হারিয়ে যাবার নেই মানা — কর্তৃকারকে ষষ্ঠী।
কত ধানে কত চাল হয় তা আমি জানি — করণে ৭মী।
কাচের জিনিস ভাঙে — করণে ষষ্ঠী।
কেন বঞ্চিত হবে ভোজে — অপাদানে ৭মী।

খ

খারাপ রঙে ভালো ছবি হয় না — করণে ৭মী।
খুব ঘুম ঘুমিয়েছি — কর্মে শূন্য।
খিলিপান দিয়ে ওষুধ খাবে — অধিকরণে শূন্য।
খোকাকে দুধ দাও — কর্মে শূন্য।

গ, ঘ

গাঁয়ে মানে না আপনি মোড়ল — করণে ৭মী।
জ্ঞানে বিমল আনন্দ লাভ হয় — করণে ৭মী।
ঘরকে যাও — অধিকরণে ২য়া।
ঘর হতে ভুল দেখা যায় — অধিকরণে ৫মী।
ঘোড়াতে চড়িয়া মর্দ হাঁটিয়া চলিল — করণে ৭মী।
ঘরেতে ভ্রমর এলো গুনগুনিয়ে — অধিকরণে ৭মী।
ঘোড়াতে চড়িয়া মর্দ হাঁটিয়া চলিল — করণে ৭মী।
ঘরেতে ভ্রমর এলো গুণগুনিয়ে — অধিকরণে ৭মী।
ঘোড়াকে চাবুক মারো — করণে শূন্য।

চ, ছ

ছাগলে কি না খায় — কর্তৃকারকে এ বিভক্তি।
ছেলেরা ছাদ থেকে ঘুড়ি ওড়ায় — অপাদানে ৫মী।
ছাদ হতে শোভাযাত্রা দেখলাম — অপাদানে ৭মী।
ছোট কারবার হতে জীবিকা চলে না — অপাদানে ৫মী।
চোরাচালানী দমন করিবে কে — কর্মে শূন্য।

চোর ধরেছে — কর্মকারকে শূন্য।
চেষ্টা করো প্রাণপনে — করণে ৭মী।
চোখের পানিতে ঘুম ভেঙে গেল — করণে ৭মী।

জ, ঝ

জাহিদ অংকে কাঁচা — অধিকরণে শূন্য।
ঝিকে মেরে বৌকে শেখাও — কর্মে শূন্য।
জিজ্ঞাসিব জনে জনে — অধিকরণে ৭মী।
জল পড়ে পাতা নড়ে — কর্তায় শূন্য।
জ্বলন্ত অক্ষরে লেখো — করণে সপ্তমী।

ট, ড

টানে এক আঁকে বক — করণ কারকে ৭মী।
টাকায় টাকা হয় — করণে ৭মী।
টাকার লোভ ভালো নয় — সম্প্রদানে ৬ষ্ঠী।
ট্রেন স্টেশনে এল — অধিকরণে ৭মী।
ডাক্তার ডাকো — কর্ম কারকে শূন্য।
ট্রেন লাকসাম ছেড়েছে — অপাদানে শূন্য।

ত

তৈল আছে — অধিকরণে ৭মী।
তাস খেলে কত ছেলে পড়া নষ্ট করে — করণে ৭মী।
তোমার দ্বারা এ কাজ হবে না সাধন — কর্তায় ৩য়া।
ত্রিশ বছর ভিজায়ে রেখেছি দু'নয়নের জলে — করণে ৭মী।
তোমায় দেখলেও পাপ — কর্তায় ৭মী।
তার হাসিতে মুক্তা ঝরে — অপাদানে ৭মী।
ত্যাগ তিনি নিরহংকার — অধিকরণে ৭মী।
তার নাক দিয়ে রক্ত ঝরছে — অপাদানে ৩য়া।
তোমার দেখা পেলাম না — কর্তৃকারক ষষ্ঠী।
তার চক্ষুতে জলধারা বহিতেছে — অপাদানে ৭মী।

দ, ধ

দুধে ছানা হয় — অপাদানে ৭মী।
দূরে দূরে গ্রাম দশ বারোখানি — অধিকরণে ৭মী।
ধোপাকে কাপড় দাও — কর্মে ২য়া।
ধানে ভরা মাঠ — করণে ৭মী।
ধর্ম হতে বিচলিত হয়ো না — অপাদানে ৫মী।
ধর্মে মন দাও — অধিকরণে ৭মী।
ধন হতে মান বড় — অপাদানে ৫মী।
দুধে ছানা হয় — অপাদানে ৭মী।
দরিদ্রকে সাহায্য করো — সম্প্রদানে ৪র্থী।
দেশের সেবা করো — সম্প্রদানে ষষ্ঠী।
দুধে মাখন আছে — অধিকরণে ৭মী।

দিন যায় কথা থাকে — কর্মে শূন্য।
দিনে দিনে বাড়ে শিশু চন্দ্রকলাসম — অধিকরণে ৭মী।

ন

নৌকা ছুটে চলল — কর্তৃকারকে শূন্য বিভক্তি।
নতুন ধান্যে হবে নবান্ন — করণে ৭মী।
নিজ বুদ্ধিতে কাজ করো — করণে ৭মী।

প, ফ

পড়াশোনায় তার মন নেই — অধিকরণে ৭মী।
প্রজা রাজাকে কর দেয় — সম্প্রদানে ৭মী।
পৃথিবীতে সাতটি মহাসাগর আছে — অধিকরণে ৭মী।
পথের ধারে আমার বাড়ি — অধিকরণে ৭মী।
পরীক্ষা এলে চোখে জল পড়ে — কর্মে শূন্য।
ফররুখ কর্তৃক পাঞ্জেরী রচিত — কর্তৃকারকে তৃতীয়া।
প্রভাতে উঠিল রবি লোহিত বরণ — অধিকরণে শূন্য।
পাছে লোকে কিছু বলে — কর্তায় ৭মী।
পদ্মা কখন ঢাকা ছাড়ে? — অপাদানে শূন্য।
পাখিতে ধান খায় — কর্তৃকারকে ৭মী।
প্যারিস ঘুরে এসে ঢাকা আর ভালো লাগে না — অপাদানে শূন্য
ফুলে ফুলে সাজিয়েছ মোর জন্মভূমি — করণে ৭মী।
ফুলে ফুলে ভরেছে বাগান — করণে ৭মী।

ব, ভ

বক্তার মুখে খই ফুটল — অধিকরণে ৭মী।
বর্ষাকালে সাপের ভয় আছে — অপাদানে ষষ্ঠী।
বুদ্ধি খাটিয়ে কাজ করো — করণে শূন্য।
বাড়ি থেকে নদী দেখা যায় — অধিকরণে ৫মী।
বাঘে-মহিষে এক ঘাটে পানি খায় — কর্তায় ৭মী।
বৃষ্টি পড়ে টাপুর টুপুর — কর্তায় শূন্য।
বাবা বাড়ি নেই — অধিকরণে শূন্য।
বইখানা ধর — কর্মে শূন্য।
বুলবুলিতে ধান খেলেছে খাজনা দিব কীসে? — কর্তায় ৭মী।
বিপদে মোরে রক্ষা করো এ নহে মোর প্রার্থনা — অপাদানে ৭মী।
বিপদে যেন জয় করতে পারি — কর্মে ৭মী।
বাবাকে বড় ভয় পাই — অপাদানে দ্বিতীয়া।
বন্যায় দেশ প্লাবিত হয়েছে — করণে ৭মী।
বাজিল কার বীণা? — কর্মে শূন্য।
বাড়ি ঘুরে এসো — অধিকরণে শূন্য।
বিদ্যালয় হতে স্টেশন দেখা যায় — অধিকরণে শূন্য।
বালিকা মালা গাঁথে — কর্মে শূন্য।
ভিখারিকে সাহায্য করো — সম্পাদনে ৪র্থী।

ভাবাবেগে হৃদয় উথলিয়ে উঠল — করণে ৭মী।
ভূতকে আবার কীসের ভয় — অপাদানে ২য়া।
ভিক্ষা মাগি দ্বারে দ্বারে — অধিকরণে ৭মী।
বাঘকে ভয় পায় না কে? — অপাদানে ২য়া।

ম

মেঘে বৃষ্টি হয় — অপাদানে ৭মী।
মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন — কর্মে শূন্য।
মন দিয়ে করো সবে বিদ্যা উপার্জন — করণে ৩য়া।
মনে পড়ে সেই জ্যৈষ্ঠের দুপুরে পাঠশালা পলায়ন — অপাদানে শূন্য
মরুভূমিতে বহু লোক মারা গেল — অধিকরণে ৭মী।
মানুষ ভাবে এক, হয় আর এক — কর্তৃকারকে সপ্তমী।

র

রাখাল বাজায় বাঁশি বটের ছায়ায় — কর্তায় শূন্য।
রবিবার পরীক্ষা শুরু হবে — অধিকরণে শূন্য।
রাজায় রাজায় লড়াই, উলুখাগড়ার প্রাণান্ত — কর্তায় ৭মী।
রহিম সাহেব হাদিস পড়ান — কর্তায় প্রথমা
রেখো মা দাসেরে মনে — কর্মে ২য়া।
হৃদয় আমার নাচেরে আজিকে — অধিকরণে ২য়া।

ল

লোভে পাপ পাপে মৃত্যু — অপাদানে ৭মী।
লোকটিকে মনে পড়ে না — কর্মে দ্বিতীয়া।
লোকটা কান্নায় ভেঙে পড়ল — ভাবাধিকরণে ৭মী।
লোকে বলে — কর্তৃকারকে সপ্তমী।
লোকমুখে খবর পেলাম — অপাদানে ৭মী।
লোকটি কানে খাটো — করণে ৭মী।

শ, স

সে বিপদে পড়েছে — অধিকরণে ৭মী।
সে চমৎকার ফুটবল খেলে — করণে ৭মী।
সর্ব বিষয়ে তাঁর পাণ্ডিত্য আছে — অধিকরণে ৭মী।
সব ঝিনুকে মুক্তা মেলে না — অধিকরণে ৭মী।
সে কানে শোনে না — করণে ৭মী।
সাধনায় তোমার সিদ্ধি লাভ হবেই — করণে ৭মী।
সারা দিন বৃষ্টি হয়েছিল — অধিকরণে শূন্য।
সে ইংরেজিতে পাকা — অধিকরণে ৭মী।
শ্রদ্ধাবান লাভে জ্ঞান অন্যে কভু নয় — কর্তৃকারকে ৭মী।
শীতে গাছের পাতা ঝরে যায় — অধিকরণে ৭মী।
শিকারি বিড়াল গোঁফে চেনা যায় — করণে ৭মী।
শরতে ধরাতল শিশিরে ঝলমল — করণে ৭মী।
শন্ শন্ বায়ু বয় — সম্প্রদানে ৭মী।
শুনেছি রাক্ষসপতি মেঘের গর্জনে — করণে ৭মী।
সূর্য উঠলে অন্ধকার দূরীভূত হয় — কর্তৃকারকে শূন্য।
সরিষা দিয়ে তৈল হয় — করণে ৫মী।
সূর্যোদয়ে পদ্ম ফোটে — অধিকরণে ৭মী।
সে তোমাকে ভয় পায় — অপাদানে ২য়া।
সে সুখের ঘুম ঘুমাল — কর্মে শূন্য।
সকাল বেলা মন প্রফুল্ল থাকে — অধিকরণে শূন্য
সে কলেরায় মারা গেছে — করণে ৭মী।
সমিতিতে চাঁদা দাও — সম্প্রদানে ৭মী।
সে নৌকায় নদী পার হয় — করণে ৭মী।
সমুদ্রে প্রবাল পাওয়া যায় — অধিকরণে ৭মী।
স্যার আমাদের আদর করেন — কর্মকারকে ষষ্ঠী।
সকলকে মরতে হবে — কর্তায় ২য়া।
সাপুড়ে সাপ খেলা দেখায় — কর্তৃকারকে শূন্য।
সুন্দরবন ঘুরে এলাম — অধিকরণে ৭মী।
সরিষায় তৈল হয় — অপাদানে ৭মী।

হ

হাতের তৈরি গামছা টেকসই হয় — করণে ষষ্ঠী।
হাতে না মেরে ভাতে মারব — করণে ৭মী।
হাতের তৈরি জিনিস খুব টেকশই হয় — করণে ৬ষ্ঠী।
হাতে মেরো ভাতে মেরো না — করণে ৭মী।

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. কারক বলতে কী বোঝায়?
ক. ক্রিয়ার সাথে সম্বন্ধযুক্ত পদ
খ. কোনো কিছুর সাথে যার কোনো সম্বন্ধ থাকে
গ. সম্বোধন করে যাকে কিছু বলা হয়
ঘ. যে সময় কোনো ক্রিয়া অনুষ্ঠিত হয়

২. 'আশার ছলনে ভুলি কী ফল লভিনু হায়'-বাক্যে 'ছলনে' কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে সপ্তমী খ. অধিকরণে সপ্তমী
গ. অপাদানে সপ্তমী ঘ. কর্মে সপ্তমী

৩. 'বিপদে মোরে রক্ষা করো এ নহে মোর প্রার্থনা' বাক্যে 'বিপদে' কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে সপ্তমী
খ. কর্তায় সপ্তমী
গ. অপাদানে সপ্তমী
ঘ. অধিকরণে সপ্তমী

৪. 'মাঠে ধান ফলেছে' বাক্যে 'মাঠে' কোন কারক?
ক. স্থানাধিকরণ খ. কালাধিকরণ
গ. বিষয়াধিকরণ ঘ. ভাবাধিকরণ

৫. 'এ দেহে প্রাণ নেই।'- বাক্যে রেখাঙ্কিত শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে শূন্য বিভক্তি খ. অপাদানে সপ্তমী
অধিকরণে শূন্য বিভক্তি ঘ. অধিকরণে সপ্তমী বিভক্তি

৬. নিচের কোন বাক্যটিতে কর্মকারকে প্রথমা বিভক্তি আছে?
ক. বাবাকে ভয় নাই খ. বাঁশি বাজে
গ. ফলে বৃক্ষের পরিচয় ঘ. পাপে বিরত হও

৭. 'কান্নায় শোক কমে'- বাক্যে 'কান্নায়' কোন কারক?
ক. কর্মকারক খ. অপাদান কারক
গ. অধিকরণ কারক ঘ. করণ কারক

৮. তিনি চোখে দেখেন না'- চোখে কোন কারক?
ক. অধিকরণ খ. অপাদান
গ. করণ ঘ. সম্প্রদান

৯. 'বেলা যে পড়ে এল জলকে চল।' জলকে কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ২য়া খ. সম্প্রদানে ৪র্থী
গ. নিমিত্তার্থে ৪র্থী ঘ. করণে ৭মী

১০. আমাদের তুমি করিবে ত্রাণ এ নহে মোর প্রার্থনা-এখানে 'আমারে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তৃকারকে সপ্তমী খ. কর্তৃকারকে ষষ্ঠী
গ. কর্মকারকে দ্বিতীয়া ঘ. সম্প্রদানে দ্বিতীয়া

১১. সে অংকে পণ্ডিত-বাক্যে 'অংকে' কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদান কারকে সপ্তী খ. অধিকরণে সপ্তমী
গ. সম্প্রদানে ষষ্ঠী ঘ. কর্মকারকে সপ্তমী

১২. নিচের কোনটি সম্প্রদান কারকে শূন্য বিভক্তি?
ক. দিব তোমা শ্রদ্ধাভক্তি খ. গাছ থেকে পাতা পড়ে
গ. ধোপাকে কাপড় দাও ঘ. বাড়ি ঘুরে এসো

১৩. জগতে কীর্তিমান হও সাধনায়-বাক্যে 'সাধনায়' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদান কারকে সপ্তমী খ. কর্মকারকে সপ্তমী
গ. সম্প্রদান কারকে সপ্তমী ঘ. করণকারকে সপ্তমী

১৪. উদ্দিষ্ট বস্তু যদি সমগ্র আধার ব্যাপ্ত করে বিরাজমান থাকে, তবে তাকে কোন ধরনের অধিকরণ বলে?
ক. কালাধিকরণ খ. অভিব্যাপক অধিকরণ
গ. বৈষয়িক অধিকরণ ঘ. ঐকদেশিক অধিকরণ

১৫. নদীতে কুমির আছে।- 'নদীতে' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মকারক, ষষ্ঠী বিভক্তি
খ. করণকারক, পঞ্চমী বিভক্তি
গ. অপাদান কারক, শূন্য বিভক্তি
ঘ. অধিকরণ কারক, সপ্তমী বিভক্তি

১৬. কলে ছাঁটা চাল ভালো নয়।- বাক্যে 'কলে' কোন কারক?
ক. কর্তৃকারক খ. করণকারক
গ. কর্মকারক ঘ. অধিকরণ কারক

১৭. 'শহরটি ওই অদূরে'।- অর্থানুসারে বাক্যটি কোন ধরনের?
ক. নির্দেশক খ. প্রশ্নসূচক
গ. বিস্ময় সূচক ঘ. নিষেধাত্মক

১৮. নিমিত্তার্থে 'কে' বিভক্তি যুক্ত হলে সেখানে কোন বিভক্তি হয়?
ক. ৩য়া বিভক্তি খ. ৪র্থী বিভক্তি
গ. ৫মী বিভক্তি ঘ. ৬ষ্ঠী বিভক্তি

১৯. আমি ঢাকায় বাস করি-এখানে 'আমি' কোন কারকে কোন বিভক্তি?
ক. কারণকারকে শূন্য খ. কর্তৃকারকে শূন্য
গ. কর্মকারকে শূন্য ঘ. অপাদান কারকে শূন্য

২০. যে বিশেষ্য বা সর্বনাম ক্রিয়া সম্পন্ন করে, তাকে কোন কারক বলে?
ক. কর্তৃকারক খ. কর্মকারক
গ. করণকারক ঘ. সম্প্রদান কারক

উত্তরপত্র

১.	ক	২.	গ	৩.	ঘ	৪.	ক	৫.	গ
৬.	খ	৭.	গ	৮.	গ	৯.	গ	১০.	গ
১১.	খ	১২.	ক	১৩.	ঘ	১৪.	ক	১৫.	ঘ
১৬.	খ	১৭.	ক	১৮.	খ	১৯.	খ	২০.	ক

সমাস

পরস্পর অর্থসঙ্গতিবিশিষ্ট দুই বা ততোধিক পদের বিভক্তি লোপ করে একটি বৃহৎ শব্দ সৃষ্টি করার নাম সমাস। সমাস করার ফলে যে পদের উৎপন্ন হয়, তাকে সমাসবদ্ধ পদ বলে। যে যে পদ নিয়ে সমস্তপদ গঠিত হয়, তাদের সমস্যমান পদ বলে।
পদগুলো পরস্পর অর্থসঙ্গতিবিশিষ্ট না হলে সমাস হয় না।
সমাস প্রধানত চার প্রকার। যথা: ১. দ্বন্দ্ব সমাস, ২. তৎপুরুষ সমাস, ৩. কর্মধারয় সমাস, ৪. বহুব্রীহি সমাস। এ ছাড়া অলুক সমাস, প্রাদি সমাস প্রভৃতি আরও কয়েকটি সমাস আছে।

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

১. 'সমাস' শব্দের অর্থ কী?
উত্তরঃ সংক্ষেপণ।

২. সমাসবদ্ধ পদের প্রথম অংশকে কী বলে?
উত্তরঃ পূর্বপদ।

৩. অর্থসঙ্গতি বিশিষ্ট একাধিক পদের একপদে পরিণত হওয়ার নাম কী?
উত্তরঃ সমাস।

৪. সমাসবদ্ধ পদের অংশগুলো বিচ্ছিন্ন করে দেখবার জন্য কোন যতি চিহ্নের ব্যবহার হয়?

উত্তরঃ হাইফেন চিহ্ন।

৫. সমাসবদ্ধ পদের পরবর্তী অংশকে কী বলে?
উত্তরঃ উত্তরপদ/পরপদ।

৬. সমাসের রীতি কোন ভাষা হতে আগত?
উত্তরঃ সংস্কৃত।

৭. ব্যাসবাক্যের অপর নাম কী?
উত্তরঃ বিগ্রহ বাক্য।

৮. সমাসনিষ্পন্ন পদটির নাম কী?
উত্তরঃ সমস্তপদ।

৯. যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটির নাম কী?
উত্তরঃ সমস্যমান পদ।

১০. সমস্তপদকে ভেঙ্গে যে বাক্যাংশ করা হয় তার নাম কী?
উত্তরঃ ব্যাসবাক্য বা বিগ্রহ বাক্য।

১১. যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটির নাম কী?
উত্তরঃ সমস্যমান পদ।

১২. কোন সমস্ত পদটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?
উত্তরঃ অহি-নকুল।

১৩. 'হাট-বাজার' কোন অর্থে দ্বন্দ্ব সমাস?
উত্তরঃ সমার্থে।

১৪. যে সমাসে সমস্যমান পদের পরিবর্তে অন্যপদ প্রধান হয় তাকে কী বলে?
উত্তরঃ বহুব্রীহি।

১৫. যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদে অর্থের প্রাধান্য থাকে তাকে কী বলে?
উত্তরঃ দ্বন্দ্ব সমাস।

১৬. 'দা-কুমড়া' কোন দ্বন্দ্ব সমাসের উদাহরণ?
উত্তরঃ বিরোধার্থক দ্বন্দ্ব।

১৭. জমা-খরচ কোন শব্দযোগে দ্বন্দ্ব সমাস?
উত্তরঃ বিপরীতার্থক।

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. সমাস শব্দের অর্থ হলো-
ক. সংযোজন খ. বিশ্লেষণ
গ. সংশ্লেষণ ঘ. সংক্ষেপণ

২. নীল যে অম্বর = নীলাম্বর। কোন সমাস?
ক. বহুব্রীহি খ. তৎপুরুষ
গ. কর্মধারয় ঘ. অব্যয়ীভাব

৩. 'ফুলকুমারী' কোন সমাস?
ক. উপমিত কর্মধারয় খ. উপমান কর্মধারয়
গ. রূপক কর্মধারয় ঘ. মধ্যপদলোপী কর্মধারয়

৪. 'দম্পতি' কোন সমাসের উদাহরণ?
ক. দ্বন্দ্ব খ. দ্বিগু
গ. তৎপুরুষ ঘ. অব্যয়ীভাব

৫. 'গোঁফখেজুরে' কোন সমাস?
ক. মধ্যপদলোপী বহুব্রীহি
খ. ব্যতিহার বহুব্রীহি
গ. ব্যাধিকরণ বহুব্রীহি ঘ. দ্বিগু

৬. নিচের কোনটি উপপদ তৎপুরুষ সমাস?
ক. তেমাথা খ. প্রতিকূল
গ. নির্জল ঘ. পকেটমার

৭. নিচের কোনটি কর্মধারয় সমাসের অধীনে নয়?
ক. উপমান খ. অলুক
গ. উপমিত ঘ. রূপক

৮. 'মধুমাখা'- এর সঠিক ব্যাসবাক্য কোনটি?
ক. মধু দ্বারা মাখা খ. মধুকে মাখা
গ. মধুতে মাখা ঘ. মধুর মাখা

৯. 'প্রতিবাদ' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?
ক. প্রতির বাদ খ. প্রতির নিমিত্তে বাদ
গ. বিরুদ্ধ বাদ ঘ. প্রতিকে বাদ

১০. 'জমাখরচ' সমস্ত পদটির সঠিক ব্যাসবাক্য হলো—
ক. জমা ও খরচ খ. জমার খরচ
গ. জমাকে খরচ ঘ. জমা থেকে খরচ

১১. অলুক তৎপুরুষ সমাস 'তেলেভাজা'র ব্যাসবাক্য কী?
ক. তেলে ভাজা খ. তেল দ্বারা ভাজা
গ. তেলের ওপর ভাজা ঘ. তেলের মধ্যে ভাজা

১২. 'গায়ে হলুদ' কোন সমাস?
ক. অলুক দ্বন্দ্ব খ. অলুক তৎপুরুষ
গ. অলুক বহুব্রীহি ঘ. ব্যাতিহার বহুব্রীহি

১৩. নিচের কোনটি দ্বন্দ্ব সমাস?
ক. রাজর্ষি খ. অহিনকুল
গ. নীলকণ্ঠ ঘ. গ্রামান্তর

১৪. কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?
ক. সিংহাসন খ. ভাই-বোন
গ. কানাকানি ঘ. গাছপাকা

১৫. বিভক্তিহীন নামশব্দকে কী বলে?
ক. নামপদ খ. উপপদ
গ. প্রাতিপদিক ঘ. উপমিত

১৬. 'লাঠালাঠি' শব্দটির সমাস-
ক. দ্বন্দ্ব খ. বহুব্রীহি
গ. কর্মধারয় ঘ. তৎপুরুষ

১৭. 'হরবোলা' কোন সমাস?
ক. দ্বিগু খ. বহুব্রীহি
গ. উপপদ তৎপুরুষ ঘ. কর্মধারয়

১৮. 'হাতাহাতি' কোন সমাসের উদাহরণ?
ক. অব্যয়ীভাব খ. কর্মধারয়
গ. বহুব্রীহি ঘ. দ্বন্দ্ব

১৯. ব্যাসবাক্যটির সমাস নির্ণয় করুন।
ক. উপমিত কর্মধারয়
খ. মধ্যপদলোপী বহুব্রীহি
গ. উপমান বহুব্রীহি
ঘ. উপমান কর্মধারয়

২০. মধ্যপদলোপী কর্মধারয়ের দৃষ্টান্ত-
ক. ঘর থেকে ছেড়ে-ঘরছাড়া
খ. অরুণের মতো রাঙা-অরুণরাঙা
গ. হাসিমাখা মুখ-হাসিমুখ
ঘ. ক্ষণ ব্যাপিয়া স্থায়ী-ক্ষণস্থায়ী

উত্তরপত্র

১.	ঘ	২.	গ	৩.	ক	৪.	ক	৫.	ক
৬.	ঘ	৭.	খ	৮.	ক	৯.	গ	১০.	ক
১১.	ক	১২.	গ	১৩.	খ	১৪.	খ	১৫.	গ
১৬.	খ	১৭.	গ	১৮.	গ	১৯.	ঘ	২০.	গ

গুরুত্বপূর্ণ কিছু শুদ্ধ ও অশুদ্ধ বানান

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
অংক	অঙ্ক	অনাটন	অনটন
অত্যাল্প	অত্যল্প	অনিষ্ঠ	অনিষ্ট
অধ্যাবসায়	অধ্যবসায়	অনুদিত	অনূদিত
অধগতি	অধোগতি	অদ্যাবধি	অদ্যাবধি
অন্তর্ভূক্ত	অন্তর্ভুক্ত	আহ্নিক	আহ্নিক
আশক্তি	আসক্তি	অলংকরন	অলংকরণ
আবিষ্কার	আবিষ্কার	আমানৎ	আমানত
আমাবস্যা	অমাবস্যা	আনুসঙ্গিক	আনুষঙ্গিক
আক্রমন	আক্রমণ	আভরণ	আবরণ
আচরন	আচরণ	আদ্যাক্ষর	আধ্যাক্ষর
আদিষ্ঠ	আদিষ্ট	আশ্বস্থ	আশ্বস্ত
আশীষ	আশিস	আষ্পদ	আস্পদ
ব্যাতিক্রম	ব্যতিক্রম	ব্যাভিচার	ব্যভিচার
ব্যাতিরেক	ব্যতিরেক	ব্যাঞ্জন	ব্যঞ্জন
ব্যাতীত	ব্যতীত	ব্যার্থ	ব্যর্থ
ব্যাক্তি	ব্যক্তি	ব্যাস্ত	ব্যস্ত
ব্যাবধান	ব্যবধান	ব্যাথিত	ব্যথিত
ব্যাবস্থা	ব্যবস্থা	ব্যাবসা	ব্যবসা
ব্যয়াম	ব্যায়াম	ব্যস্ত	ব্যাপ্ত
মৃন্ময়	মৃণ্ময়	মধ্যান্ত	মধ্যস্থ
মুহর্মুহূ	মুহুর্মুহু	মুধ্যাহ্ন	মধ্যাহ্ন
শাপদ	শ্বাপদ	শীরধার্য	শিরোধার্য
শিরমণি	শিরোমনি	শারিরীক	শারীরিক
শিরপীড়া	শিরঃপীড়া	শংকা	শঙ্কা
শিক্ষয়েত্রী	শিক্ষয়িত্রী	শশুর	শ্বশুর
দৃষ্টিকোন	দৃষ্টিকোণ	ভগভতী	ভগবতী
নমষ্কার	নমস্কার	মর্ধন্য	মূর্ধন্য
নিবারন	নিবারণ	নিস্ফল	নিষ্ফল
নিরোগ	নীরোগ	নীরিক্ষণ	নিরীক্ষণ
নাগরীক	নাগরিক	সন্ত্রাশ	সন্ত্রাস
নিক্কন	নিক্বণ	লাবন্যময়	লাবণ্যময়
পরিনাম	পরিণাম	নীরিহ	নিরীহ
প্রনাম	প্রণাম	মাকরসা	মাকড়সা
প্রশস্থ	প্রশস্ত	নৃসংশ	নৃশংস
উৎকর্ষতা	উৎকর্ষ	ব্যকরণ	ব্যাকরণ
কৃতীত্ব	কৃতিত্ব	উল্লেখিত	উল্লিখিত
কৃষ	কৃশ	উদগীরণ	উদগিরণ
কুৎসিৎ	কুৎসিত	উশৃঙ্খল	উচ্ছৃঙ্খল
কুটনীতি	কূটনীতি	উপকারীতা	উপকারিতা
কৌতুহল	কৌতূহল	উদ্ভুত	উদ্ভূত
কৌতূক	কৌতুক	উচিৎ	উচিত
কনিকা	কণিকা	উচ্ছসিত	উচ্ছ্বসিত
কল্যান	কল্যাণ	উত্তরসূরী	উত্তরসূরি
কথপোকথন	কথোপকথন	উচ্ছাস	উচ্ছ্বাস
কিম্বা	কিংবা	উজ্জল	উজ্জ্বল
কিত্রিম	কৃত্রিম	উত্তলন	উত্তোলন
ক্কচিৎ	ক্বচিৎ	উত্যক্ত	উত্ত্যক্ত
কাংক্ষিত	কাঙ্ক্ষিত	ঋন	ঋণ
কণক	কনক	এমতোবস্থায়	এমতাবস্থায়
কটুক্তি	কটূক্তি	ওতঃপ্রোত	ওতপ্রোত
জগত	জগৎ	ঘোষনা	ঘোষণা
জাগরুক	জাগরূক	চতুস্পদ	চতুষ্পদ
জগবন্ধু	জগদ্বন্ধু	গোস্পদ	গোষ্পদ
জাতিয়করণ	জতীয়করণ	ঘনিষ্ট	ঘনিষ্ঠ
ডংকা	ডঙ্কা	চীকীর্ষা	চিকীর্ষা
তরান্বিত	ত্বরান্বিত	চনচল	চঞ্চল
তুলণা	তুলনা	চিকীৎসা	চিকিৎসা
তিরষ্কার	তিরস্কার	আবশ্যকীয়	আবশ্যক
ততধিক	ততোধিক	উপরোক্ত	উপরিউক্ত
তত্তজ্ঞান	তত্ত্বজ্ঞান	উপচার্য	উপাচার্য
তরুছায়া	তরুচ্ছায়া	উপযোগীতা	উপযোগিতা
তষ্কর	তস্কর	আয়ত্তাধীন	আয়ত্ত
তেজস্ক্রীয়তা	তেজস্ক্রিয়তা	উদ্ধতপূর্ণ	উদ্ধত
ত্যাক্ত	ত্যক্ত	উদ্বেলিত	উদ্বেল
ত্রান	ত্রাণ	উর্ধ, উদ্ধ, উর্দ্ধ	ঊর্ধ্ব

ত্রহস্পর্শ	ত্র্যসস্পর্শ	বশম্বদ	বংশবদ
দ্রবিভূত	দ্রবীভূত	বাকদান	বাগদান
দ্বন্দ	দ্বন্দ্ব	বাগেশ্বরী	বাগীশ্বরী
দর্শণ	দর্শন	বাকদত্তা	বাগদত্তা
শ্বাশত	শাশ্বত	বারন	বারণ
সন্মিলন	সম্মেলন	বিভৎস	বীভৎস
সন্মান	সম্মান	বিভিষন	বিভীষণ
সুসম	সুষম	ভুয়সী	ভূয়সী
সন্যাস	সন্ন্যাস	ভবিষ্যবাণী	ভবিষ্যদ্বাণী
স্নিগ্ধচ্ছায়া	স্নিগ্ধছায়া	ভষ্ম	ভস্ম
সন্মাত	সম্মত	ভনিতা	ভণিতা
সেচ্ছাচারিতা	স্বেচ্ছাচারিতা	ভুতপূর্ব	ভূতপূর্ব
কানণ	কানন	মহাত্ম	মাহাত্ম্য
স্নেগাস্পদ	স্নেহাস্পদ	ভূয়া	ভুয়া
স্বজাত্যাভিমান	স্বাজাত্যভিমান	ভূল	ভুল
স্বতোস্ফূর্ত	স্বতঃস্ফূর্ত	ভুরি ভুরি	ভূরি ভূরি
স্বতোসিদ্ধ	স্বতঃসিদ্ধ	ভূবন	ভুবন
স্বরণিকা	স্মরণিকা	ভ্রাম্যমান	ভ্রাম্যমাণ
স্বস্ত্রীক	সস্ত্রীক	ভ্রূক্ষেপ	ভ্রুক্ষেপ
স্বপরিবার	সপরিবার	ভ্রকূটি	ভ্রুকুটি
স্বাতন্ত্র	স্বাতন্ত্র্য	ভুষন	ভূষণ
স্বাক্ষড়	সাক্ষর	ভৌগলিক	ভৌগোলিক
সহযোগীতা	সহযোগিতা	মিমাংসা	মীমাংসা
অসুয়া	অসূয়া	মুণি	মুনি
অমৃতাক্ষর	অমিত্রাক্ষর	মনোহরিনী	মনোহারিণী
অপক্ষেমান	অপেক্ষমাণ	মুর্খ	মূর্খ
অপরিনত	অপরিণত	ভ্রমন	ভ্রমণ
অভ্যস্থ	অভ্যস্ত	ভ্রাতুস্পুত্র	ভ্রাতুষ্পুত্র
অশরিরী	অশরীরী	মুষিক	মূষিক
অদ্যাপি	অদ্যাপি	মূখছবি	মুখচ্ছবি
অন্তরেন্দ্রিয়	অন্তরিন্দ্রিয়	মহত্ব	মহত্ত্ব
অহর্নিশি	অহোরাত্র	মানষিক	মানসিক
অশ্রুজল	অশ্রু	আকর্ষিক	আকৃষ্ট
অপরাহ্ন	অপরাহ্ণ	মর্ধন্য	মূর্ধন্য
অস্পশ্য	অস্পর্শ	আকৃতি	আকুতি
অসহ্যনীয়	অসহ্য	অহোরাত্রি	অহোরাত্র

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. কোনটি শুদ্ধ বানান?
ক. বিপরীত খ. বিপরিত
গ. বীপরিত ঘ. বীপরীত

২. কোন শব্দটির বানান সঠিক?
ক. দোষণীয় খ. দূষণীয়
গ. দূষণিয় ঘ. দোষনীয়

৩. ভুল বানান কোনটি?
ক. সমিতি খ. জ্যামিতি
গ. প্রকৃতি ঘ. প্রতিতি

৪. কোন বানানটি শুদ্ধ?
ক. ব্যাতিত খ. ব্যাতীত
গ. ব্যতীত ঘ. বেতিত

৫. বিশুদ্ধ বানান কোনটি?
ক. নৈর্ঋত খ. নৈঋিত
গ. নৈঋত ঘ. নৈহৃত

৬. নির্ভুল বানান কোনটি?
ক. শ্রদ্ধাস্পদেষু খ. শ্রদ্ধাস্পদেষু
গ. শ্রদ্ধাস্পাদাসু ঘ. শ্রদ্ধাস্পদাসু

৭. শুদ্ধ বানান কোনটি?
ক. উদ্‌গিরণ খ. উদ্‌গীরণ
গ. উদ্‌গিরন ঘ. উদ্‌গীরন

৮. কোন বানানটি শুদ্ধ?
ক. অহংকার খ. অহঙ্কার
গ. অহঙ্কার ঘ. ক ও খ দুটিই

৯. কোন বানানটি শুদ্ধ?
ক. নিরিহ খ. নীরিহ
গ. নিরীহ ঘ. নীরীহ

১০. নিচের কোনটি শুদ্ধ?
ক. লজ্জাষ্কর খ. লজ্জাকর
গ. লজ্জাকর ঘ. লজ্বাকর

১১. কোনটি শুদ্ধ বানান?
ক. সান্তনা খ. শান্তনা
গ. সান্ত্বনা ঘ. শান্ত্বনা

১২. শুদ্ধ বানান কোনটি?
ক. দূরাবস্তা খ. দূরাবস্থা
গ. দুরবস্থা ঘ. দুরবস্তা

উত্তরপত্র

১.	ক	২.	খ	৩.	ঘ	৪.	গ	৫.	ক
৬.	ক	৭.	ক	৮.	ঘ	৯.	গ	১০.	গ
১১.	গ	১২.	গ						

সমার্থক বা প্রতিশব্দ

সমার্থক

(সম + অর্থ + ক) = 'সমার্থক' শব্দের অর্থ একই অর্থবোধক অর্থাৎ এক বা অনুরূপ অর্থবিশিষ্ট শব্দ। একে প্রতিশব্দও বলা হয়। একটি শব্দের বিভিন্ন প্রতিশব্দ জানা থাকলে তা বহুমুখী ব্যবহারের মাধ্যমে ভাবের বিচিত্র প্রকাশ ঘটানো যায় এবং বক্তব্যের গাম্ভীর্যভেদে প্রতিশব্দ থেকে উপযুক্ত শব্দটি বেছে নিয়ে ভাবের যথাযথ রূপটি প্রকাশ করা যায়। প্রতিশব্দ রচনাকো পুনরাবৃত্তি দোষ থেকে মুক্ত করে তাকে শ্রুতিমধুর করে তোলে। যেকোনো সৃষ্টিশীল রচনায় একই শব্দের নানা প্রতিশব্দ বা সমার্থক শব্দ জানা থাকলে রচনার যেমন শ্রীবৃদ্ধি ঘটে তেমনি ভাষাও সরস-সুন্দর হয়ে ওঠে।

সমার্থক শব্দে উদাহরণ

মূল শব্দ	সমার্থক শব্দ
অশ্ব	বাজী, হয়, তুরগ, ঘোটক, ঘোড়া।
অগ্নি	বহ্নি, হুতাশন, কৃশানু, অনল, পাবক, বৈশ্বানর, আগুন, সর্বভুক, শিখা, বিভাবসু, দহন হুতাশ।
অন্ধকার	তিমির, তমিস্র, আঁধার, আঁধিয়ার, তম, অমানিশা, তমসা।
অতনু	মদন, অনঙ্গ, কাম, কন্দর্প।
আকাশ	আসমান, অম্বর, গগন, নভোমণ্ডল, ব্যোম অন্তরীক্ষ।
আলোক	আলো, জ্যোতি, কিরণ, দীপ্তি, প্রভা।
ইচ্ছা	আকাঙ্ক্ষা, অভিলাষ, অভিরুচি, অভিপ্রায়, আগ্রহ, স্পৃহা, কামনা, বাসনা, বাঞ্ছা, ঈপ্সা, ঈহা।
কপাল	ললাট, ভাগ্য, অদৃষ্ট, নিয়তি, অলিক।
কর্ণ	শ্রবণ, শ্রুতি, শ্রবণেন্দ্রিয়, কান।
কেশ	অলক, চুল, কুন্তল, চিকুর।
কোরক	কলি, মুকুল, কুঁড়ি, কলিকা, বউল (আমের মুকুল)
কোকিল	কলকণ্ঠ, পরভৃত, পরপুষ্ট, বসন্তদুত, পিক, অন্যপুষ্ট।
কন্যা	দুহিতা, নন্দিনী, আত্মজা, মেয়ে, সুতা, তনয়া।
কুহক	মায়া, ইন্দ্রজাল, ভেরকি, প্রতারণা, ছল, ধোকা।
কথা	উক্তি, বিবৃতি, বচন, বক্তব্য, গদ্য, পরামর্শ।
খবর	বার্তা, ফরমান, সংবাদ, সন্দেশ, সন্ধান।
গরু	গাভী, গো, পয়স্বিনী।
ঘোড়া	অশ্ব, ঘোটক, তুরগ, বাজি, তুরঙ্গ, তুরঙ্গম।
ঘর	গৃহ, আলয়, নিবাস, আবাস, আশ্রয়, নিলয়, নিকেতন, ভবন, সদন, বাড়ি, বাটী, বাসস্থান।
ঘন	জলদ, মেঘ, জলধর, বারিদ, আম্বুদ, পয়োধর, নীরদ।
চক্ষু	চোখ, আঁখি, অক্ষি, লোচন, নেত্র, নয়ন, দর্শনেন্দ্রিয়।
চন্দ্র	চাঁদ, চন্দ্রমা, শশী, শশধর, শশাঙ্ক, শুধাংশু, হিমাংশু, সুধাকর, সুধাংশু, সোম, বিধু, ইন্দু, নিশাকার, নিশাকান্ত, মৃগাঙ্ক, রজনীকান্ত।
চুল	চিকুর, কুন্তল, কেশ, অলক।
জননী	মা, মাতা, প্রসূতি, গর্ভধারিণী, জন্মদাত্রী।
দিন	দিবা, দিবস, দিনমান।
দেবতা	অমর, দেব, সুর, ত্রিদশ, অজর, ঠাকুর।
দ্বন্দ্ব	বিরোধ, ঝগড়া, কলহ, বিবাদ, যুদ্ধ।
তীর	কূল, তট, পাড়, সৈকত, পুলিন, ধার, কিনারা।
দিবস	দিবা, দিন দিনমান, তমমসতাড়িনী, দিনযামিনী, অহ্ন।
ধন	বিত্ত, অর্থ সম্পদ, বিভব।
নদী	স্রোতস্বিনী, কল্লোলিনী, কলস্বিনী, গাঙ, গিরনি, স্রাব।
নারী	স্ত্রীজাতি, রমণী, বামা, ললনা, ভামিনী, কান্তা, পত্নী।
নৌকা	নাও, তরণী, জলযান, তরী।
পণ্ডিত	বিদ্বান, জ্ঞানী, বিজ্ঞ, অভিজ্ঞ।
পদ্ম	কমল, উৎপল, সরোজ, পঙ্কজ, নলিন, শতদল, রাজীব, কোকনদ, কুবলয়, পুণ্ডরীক, অরবিন্দ, ইন্দীবর, পুষ্কর, তামরস, মৃণাল, সরসিজ, কুমুদ।
পৃথিবী	ধরা, ধরিত্রী, ধরণী, অবনী, মেদিনী, পৃ, পৃথ্বী, ভূ, বসুধা, বসুন্ধরা, জাহান, জগৎ, দুনিয়া, ভূবন, বিশ্ব, ভূ-মণ্ডল।
পর্বত	শৈল, গিরি, পাহাড়, অচল, অটল, অদ্রি, চূড়া, ভূধর, নগ, শৃঙ্গী, শৃঙ্গধর, মহীধর, মহীন্দ্র।
পানি	জল, বারি, সলিল, উদক, অম্বু, নীর, পয়ঃ, তোয়, অপ, জীবন, পানীয়।
পুত্র	তনয়, সুত, আত্মজজ, ছেলে, নন্দন।
পত্নী	জায়া, ভার্যা, ভামিনী, স্ত্রী, অর্ধাঙ্গী, সহধর্মিণী, জীবন সাথী, বউ, দারা, বনিতা, কলত্র, গৃহিণী, গিন্নী।
পাখি	পক্ষী, খেচর, বিহগ, বিহঙ্গ, বিহঙ্গম, খগ, শকুন্ত, দ্বিজ।
ফুল	পুষ্প, কুসুম, প্রসূন, রঙ্গন।
বৃক্ষ	গাছ, শাখী, বিটপী, অটবি, দ্রুম, মহরুহ, তরু, পাদপ।
বন	অরণ্য, জঙ্গল, কানন, বিপিণ, কুঞ্জ, কান্তার, অটবি, বনানী, গহন।
বায়ু	বাতাস, অনিল, পবন, হাওয়া, সমীরণ, মারুত, গন্ধবহ।
বিদ্যুৎ	চপলা, বিজলী, তড়িৎ, চিকুর, দামিনী, অচিরপ্রভা।
বন্ধু	সুহৃদ, সখা, মিত্র, বান্ধব।

বস্ত্র	অম্বর, কাপড়, বসন, বাস, পরিচ্ছেদ, পোশাক।
ভার্যা	সহধর্মিনী, অর্ধাঙ্গিনী, স্ত্রী, কলত্র, অঙ্গনা, পোশাক।
ভ্রমর	মধুপ, মধুকর, অরি, ষটপদ, ভৃঙ্গ, শিলীমুখ
মাতা	অম্বা, প্রসূতি, গর্ভধারিণী, জননী, মা, জন্মদাত্রী, আম্মা।
মেঘ	বারিদ, ঘন, জলদ, জীমুত, পর্জন্য, জলবর্ষী, কলম্ব।
মৃত্যু	স্বর্গলাভ, পরলোকগমন, সংবরণ, চিরবিধায়, শেষ।
মানুষ	মানব, মনুষ্য, লোক, জন, নৃ, নর।
মাটি	ক্ষিতি, মৃত্তিকা।
যুদ্ধ	সমর, আহব, সংগ্রাম, বিগ্রহ, রণ।
রাজা	নপেন্দ্র, নৃপতি, নরেশ, নরপতি, ভূপাল, দণ্ডদর
রাত	রাত্রি, রজনী, নিশি, যামিনী, শর্বরী, বিভাবরী, নিশা, নিশিথিনী, ক্ষণদা, ত্রিযামা।
শরীর	দেহ, বিগ্রহ, কায়, কলেবর, গাত্র, তনু, অঙ্গ, অবয়ব।
সর্প	সাপ, অহি, আশীবিষ, উরহ, নাগ, নাগিনী, ভুজঙ্গ, ভুজগ, ভুজঙ্গম, সরীসৃপ, ফণাধর, বিষধর, বায়ুভক।
স্ত্রী	পত্নী, জায়া, সহধর্মিণী, ভার্যা, বেগম, বিবি, বধূ
স্বর্ণ	সোনা, কনক, কাঞ্চন, সুবর্ণ, হেম, হিরণ্য, হিরণ
স্বর্গ	দেবলোক, দ্যুলোক, বেহেশত, সুরলোক, দ্যু, ত্রিদশালয়, ইন্দ্রালয়, বিদ্যলোক, জান্নাত।
সাহসী	অভীক, নির্ভীক
সোনা	স্বর্ণ, কাঞ্চন, কনন, হিরন্যে, সুবর্ণ, হেম।
সাগর	সমুদ্র, সিন্ধু, অর্ণব, জলধি, জলনিধি, বারিধি, পারাবার, রত্নাকর, বরুণ, দরিয়া, পারাবার, বারীন্দ্র, পাথার, বারীশ, পয়োনিধি, তোয়ধি, বারিনিধি, অম্বুধি।
সূর্য	রবি, সবিতা, দিবাকর, দিনমনি, দিননাথ, দিবাবসু, অর্ক, ভানু, তপন, আদিত্য, ভাস্কর, মার্তণ্ড, অংশু, প্রভাকর, কিরণমালী, অরুণ, মিহির, পুষা, সূর মিত্র, দিনপতি, বালকি, অর্যমা
সিত	শ্বেত, সফেদ, সাদা, শুক্ল, শুভ্র, অরঞ্জিত।
হাত	কর, বাহু, ভুজ, হস্ত, পাণি।
হস্তী	করী, দ্বিপ, বারণ, নাগ, কুঞ্জর, হাতি, দন্তী, দ্বিরদ।
লাল	লোহিত, রক্তবর্ণ
হস্ত	বাহু, ভুজ, কর, হাত।
ঢেউ	তরঙ্গ, উর্মি, বীচি, মওজ।

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. সমার্থক শব্দগুচ্ছ শনাক্ত করুন—
ক. দীর্ঘিকা, নদী, প্রণালি খ. শৈবলিনী, তরঙ্গিণী, সরিৎ
গ. গাঙ, তটিনী, অর্ণব ঘ. স্রোতস্বিনী, নির্ঝরিণী, সিন্ধু

২. 'অনিল' শব্দের অর্থ কী?
ক. বাতাস খ. যা নীল নয়
গ. কোকিল ঘ. কারো নাম

৩. 'শ্বশ্রু' এর শব্দার্থ কী?
ক. দাড়িগোঁফ খ. শাশুড়ি
গ. শত্রু ঘ. অশ্রু

৪. যে শব্দগুচ্ছ সমার্থক নয়—
ক. অম্বর, গগন, নভঃ, ব্যোম
খ. অচল, আদ্রি, ভূধর, শৈল
গ. অর্ণব, জলধি, পারাবার, রত্নাকর
ঘ. কুঞ্জর, গঞ্জ, মাতঙ্গ, ভুরদ

৫. 'গণ্ডগ্রাম'-এর অর্থ কী?
ক. অজপাড়া গাঁ খ. মূর্খদের গ্রাম
গ. অতি ক্ষুদ্র গ্রাম ঘ. বৃহৎ গ্রাম

৬. 'ঘাঘু' শব্দের দ্বারা কী বোঝায়?
ক. অভিজ্ঞ খ. দুর্বৃত্ত
গ. গোঁয়ার ঘ. সর্বাঙ্গে ঘা

৭. 'অম্বর' শব্দের অর্থ কী?
ক. মেঘ খ. বজ্রধ্বনি
গ. আকাশ ঘ. হাতি

৮. 'আবিল' শব্দের অর্থ কী?
ক. স্বচ্ছ খ. স্বাভাবিক
গ. কলুষিত ঘ. অস্বাভাবিক

৯. 'উষ্ণীষ'- এর শব্দার্থ—
ক. অত্যন্ত উষ্ণ খ. কুসুম কুসুম উষ্ণ
গ. পাগড়ি ঘ. শীতের আমেজ

১০. 'রামগরুড়ের ছানা' কথাটির অর্থ—
ক. কাল্পনিকের জন্তু খ. গোমড়ামুখো লোক
গ. মুরগি ঘ. পুরাণোক্ত পাখি

১১. 'বিরাগী' শব্দের অর্থ কী?
ক. উদাসীন খ. প্রতিকূল
গ. রাগহীন ঘ. বিশেষভাবে রুষ্ট

১২. 'Intellectual' শব্দের বাংলা অর্থ—
ক. বুদ্ধিমান খ. মননশীল
গ. বুদ্ধিজীবী ঘ. মেধাবী

১৩. 'শিষ্টাচার'- এর সমার্থক শব্দ কোনটি?
ক. নিষ্ঠা খ. সদাচার
গ. সততা ঘ. সংযম

১৪. 'পানি'র সমার্থক শব্দ—
ক. উদর খ. উপল
গ. উদক ঘ. উষার

১৫. 'নন্দিনী'-এর সমার্থক শব্দ কোনটি?
ক. ননদিনী খ. নারী
গ. তনয়া ঘ. সুন্দরী

১৬. 'নির্বন্ধ' অর্থ—
ক. বিধান খ. আগ্রহ
গ. নিবিড় ঘ. সত্যাসত্য

১৭. 'বকনা' শব্দের অর্থ—
ক. গাভি খ. বাছুর
গ. গাই-বাছুর ঘ. ষাঁড়-বাছুর

১৮. 'অভিনিবেশ' শব্দটির অর্থ কী?
ক. অভিরুচি খ. নিস্পৃহ
গ. মনোযোগ ঘ. বিশেষভাবে

১৯. 'জঙ্গম'-এর শব্দার্থ কোনটি?
ক. প্রচণ্ড যুদ্ধ খ. গতিশীল
গ. নিবিড় বন ঘ. সম্মিলন

উত্তরপত্র

১.	ঘ	২.	ক	৩.	খ	৪.	ঘ	৫.	ক
৬.	ক	৭.	গ	৮.	গ	৯.	গ	১০.	খ
১১.	ক	১২.	গ	১৩.	খ	১৪.	গ	১৫.	গ
১৬.	ক	১৭.	গ	১৮.	গ	১৯.	খ		

বিপরীত শব্দ

বিপরীতার্থক শব্দ

বাংলা ভাষায় অসংখ্য শব্দ আছে। সেগুলোর বিপরীতার্থক শব্দও বর্তমান। সম্পূর্ণ বিপরীতধর্মী মনোভাব প্রকাশের জন্য এ ধরনের শব্দ ব্যবহার করা হয়।

একটি শব্দ যে ভাব বা অর্থ প্রকাশ করে, অন্য একটি শব্দ তার বিপরীত ভাব বা অর্থবোধক হলে শব্দ দুটিকে পরস্পরের বিপরীতার্থক শব্দ বা বিপরীত শব্দ বলে। যেমন : পার্বত্য এলাকার কোথাও উঁচু কোথাও নিচু। এই বাক্যে 'উঁচু' শব্দটি দিয়ে যে অর্থ প্রকাশ পায়। নিচু শব্দটি তার বিপরীত অর্থ প্রকাশ করে। এ জন্য 'উঁচু', 'নিচু'-এর বিপরীতার্থক শব্দ। অর্থাৎ পরস্পরের সম্পূর্ণ বিপরীত অর্থ প্রকাশক শব্দই বিপরীতার্থক শব্দ। যেমন : অকর্মক-সকর্মক, কাছে-দূরে, কুটিল-সরল, কুমেরু-সুমেরু, এপার-ওপার ইত্যাদি।

বিপরীত শব্দের উদাহরণ

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
অন্তরঙ্গ	বহিরঙ্গ	অভ্যাস	অনভ্যাস
অজ্ঞ	বিজ্ঞ	অশন	অনশন
অগ্রগামী	পশ্চাৎগামী	অধমর্ণ	উত্তমর্ণ
অনুরাগ	বিরাগ	অজ্ঞান	সজ্ঞান
অলীক	সত্য	অর্থ	অনর্থ
অবিরল	বিরল	অভিশাপ	আশীর্বাদ
অবনত	উন্নত	অনুকূল	প্রতিকূল
অনুরক্ত	বিরক্ত	অম্ল	মধুর
আদি	অন্ত	আপন	পর
আবির্ভাব	তিরোভাব	আমদানি	রপ্তানি
আমোদ	বিষণ্নতা	আয়	ব্যয়
আটক	ছাড়	আদান	প্রদান
আদর	অনাদর	আর্দ্র	শুষ্ক
আবিল	অনাবিল	আগম	নির্গম
আগমন	নির্গমন	আসল	নকল
আস্তিক	নাস্তিক	আবৃত	অনাবৃত
আচার	অনাচার	আত্মীয়	অনাত্মীয়
আস্থা	অনাস্থা	আসলে	চটপটে
উৎকর্ষ	অপকর্ষ	কুটিল	সরল
উদার	অনুদার	গৌরব	অগৌরব
উৎসাহ	নিরুৎসাহ	গরিষ্ঠ	লঘিষ্ঠ
উদ্যম	নিরুদ্যম	গোপন	প্রকাশ
গ্রহণ	বর্জন	গৃহী	সন্ন্যাসী
গ্রহীতা	দাতা	জ্ঞানী	মূর্খ
গুরু	লঘু	জরা	যৌবন
গরল	অমৃত	জড়	চেতন
গ্রাম্য	শহুরে	টক	মিষ্টি
গোপনীয়	প্রকাশ	ঠান্ডা	গরম
চড়াই	উৎরাই	দুর্গম	সুগম
চেতন	অচেতন	দুরন্ত	শান্ত
চেনা	অচেনা	দুর্লভ	সুলভ
চোর	সাধু	দূর	নিকট
ছাড়া	ধরা	দুর্নাম	সুনাম
জন্ম	মৃত্যু	দুর্বল	সবল
জননী	জনক	দৃশ্য	অদৃশ্য
জোয়ার	ভাটা	দ্রুত	মন্থর
জয়	পরাজয়	ধার্মিক	পাপিষ্ঠ
জাগ্রত	সুপ্ত	দিবা	নিশি
জ্বলন্ত	নিভন্ত	দিগন্ত	আদিগন্ত
ধবল	কৃষ্ণ	ধীর	অধীর

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. 'প্রকৃতি' এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. স্বাভাবিক খ. বিকৃতি
গ. মৃদু ঘ. উদ্বৃত্ত

২. 'অনুগ্রহ'-এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. প্রতিগ্রহ খ. বিগ্রহ
গ. দয়া ঘ. নিগ্রহ

৩. 'যাযাবর'- এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. সর্বজনীন খ. স্থায়ী
গ. সার্বিক ঘ. স্থির

৪. 'গরল'-এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. মিষ্টি খ. পানসে
গ. ঝাল ঘ. অমৃত

৫. 'তস্কর' এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. লস্কর খ. নিরীহ
গ. সাধু ঘ. নির্লোভ

৬. 'বিলীন'-এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. অন্তর্হিত খ. অস্তিত্ব
গ. নিমগ্ন ঘ. নিঃশেষ

৭. 'আপদ'- এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. বিপদ খ. সম্পদ
গ. মুক্তি ঘ. নিশান

৮. 'অনন্ত'- এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. অসীম খ. সীমাহীন
গ. অকুল ঘ. সান্ত

৯. 'গুপ্ত'-এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. প্রকাশ খ. ব্যক্ত
গ. অব্যক্ত ঘ. উন্মীলিত

১০. 'যামিনী'র বিপরীত শব্দ কী?
ক. আলো খ. রাত্রি
গ. দিন ঘ. কামিনী

১১. 'নৈসর্গিক'-এর বিপরীত শব্দ কী?
ক. প্রাকৃতিক খ. কৃত্রিম
গ. রাত্রিকালীন ঘ. দিবাকালীন

১২. 'উত্তপ্ত'-এর বিপরীত শব্দ কোনটি?
ক. শীতল খ. শৈত্য
গ. শীত ঘ. বরফ

১৩. 'আদিতি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?
ক. পৃথ্বী খ. নীর
গ. ক্ষিতি ঘ. অবণী

১৪. 'প্রশান্তি' শব্দের বিপরীতার্থক শব্দ কী?
ক. অশান্তি খ. নিন্দা
গ. দুশ্চিন্তা ঘ. চঞ্চলতা

১৫. 'নিরাকার'-এর বিপরীতার্থক শব্দ—
ক. আকার খ. সাকার
গ. তাদৃশ্য ঘ. দৃশ্যমান

১৬. 'ইতি' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?
ক. অবসান খ. বরেণ্য
গ. শেষ ঘ. বিরাম

১৭. নিচের কোনটি 'ঈশান'-এর বিপরীত শব্দ?
ক. নৈর্ঋত খ. অনুদার
গ. নিশান ঘ. অবনত

১৮. কোনটি 'ঝটিতি'-এর বিপরীতার্থক শব্দ?
ক. তাড়াতাড়ি খ. বিলম্ব
গ. অতৃপ্তি ঘ. নিন্দা

১৯. 'আর্দ্র'-এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. উষ্ণ খ. শুষ্ক
গ. শীতল ঘ. সিক্ত

উত্তরপত্র

১.	খ	২.	ঘ	৩.	খ	৪.	ঘ	৫.	গ
৬.	খ	৭.	খ	৮.	ঘ	৯.	খ	১০.	গ
১১.	খ	১২.	ক	১৩.	খ	১৪.	ক	১৫.	খ
১৬.	খ	১৭.	ক	১৮.	খ	১৯.	খ		

কাল ও কালের বিশিষ্ট প্রয়োগ

যে সময়ে কোন ক্রিয়া সংঘটিত হয়ে থাকে সে সময়কে ক্রিয়ার কাল বলে। অর্থাৎ ক্রিয়া সংঘঠনের সময়কে কাল বলে। যেমনঃ আমি ভাত খাই।

ক্রিয়ার কালের শ্রেণীবিন্যাসঃ

ক্রিয়ার কাল প্রধানত তিন প্রকার। যথাঃ
১। বর্তমান কাল ২। অতীত কাল ৩। ভবিষ্যৎ কাল

বর্তমান কালঃ যে ক্রিয়া বর্তমান সময়ে সংঘটিত হয় বা হচ্ছে বুঝায় তার কালকে বর্তমান কাল বলে। যেমনঃ আমি পড়ি।
বর্তমান কাল চার প্রকার। যথাঃ
১. সাধারণ বর্তমান কালঃ আফজাল ভাত খায়।
২. ঘটমান বর্তমান কালঃ শাকিল পড়ছে।
৩. পুরাঘটিত বর্তমান কালঃ সৌরভ স্কুলে গিয়েছে।
৪. বর্তমান অনুজ্ঞাঃ সে বেঁচে থাকুক।

অতীত কালঃ যে ক্রিয়া অতীতে সংঘটিত হয়েছিল বা হচ্ছিল তার কালকে অতীত কাল বলে। যেমনঃ আমি খেয়েছিলাম।
অতীত কাল চার প্রকার। যথাঃ
১. সাধারণ অতীত কালঃ তিনি হাসলেন।
২. ঘটমান অতীত কালঃ শাহানাজ পড়ছিল।
৩. পুরাঘটিত অতীত কালঃ তুহিন গেয়েছিল।

৪. অতীত অনুজ্ঞা: সে নিয়মিত প্রাইভেট পড়ত।

<u>ভবিষ্যৎ কাল</u>: যে ক্রিয়া এখনও সম্পন্ন হয় নি পরে হবে এরূপ বুঝায়, তাকে ভবিষ্যৎ কাল বলে। যেমন: আমি বাড়ি যাব।

ভবিষ্যৎ কাল চার প্রকার। যথা:

১. সাধারণ ভবিষ্যৎ কাল: সিহাব হাসবে।

২. ঘটমান ভবিষ্যৎ কাল: তুহিন যেতে থাকবে।

৩. পুরাঘটিত ভবিষ্যৎ কাল: তুমি আসার পূর্বে আমি আসব।

৪. ভবিষ্যৎ অনুজ্ঞা: ধর্মের বিধান মেনে চলবে।

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. 'এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি'- বাক্যটির কাল নির্ণয় কর।
ক. সাধারণ বর্তমান খ. সাধারণ অতীত
গ. নিত্যবৃত্ত বর্তমান ঘ. পুরাঘটিত বর্তমান

২. কোন কাল নির্ণয় করুন : 'সে স্কুলে গিয়েছে'।
ক. সাধারণ বর্তমান খ. পুরাঘটিত বর্তমান
গ. ঘটমান বর্তমান ঘ. বর্তমান অনুজ্ঞা

৩. 'সে পুরস্কার পেয়েছে'- কোন ধরনের বর্তমান কাল?
ক. সাধারণ বর্তমান খ. ঘটমান বর্তমান
গ. পুরাঘটিত বর্তমান ঘ. বর্তমান অনুজ্ঞা

৪. 'বাঙালিরা ভাত খায়'। কোন কালের উদাহরণ?
ক. বর্তমান অনুজ্ঞা খ. ঘটমান বর্তমান
গ. সাধারণ অতীত ঘ. সাধারণ বর্তমান

৫. নিচের কোনটি নিত্যবৃত্ত অতীত?
ক. পড়ালাম খ. পড়িয়েছিলাম
গ. পড়াতাম ঘ. পড়াব

৬. কোন বাক্যে পুরাঘটিত অতীতকালের ক্রিয়া আছে?
ক. আমরা গিয়েছি
খ. সে কি গিয়েছিল
গ. তুমি যেতে থাকো
ঘ. সেখানে গিয়ে দেখে এসো

৭. কোন বাক্যটি ঘটমান বর্তমানের ক্রিয়া দ্বারা গঠিত?
ক. এ কথা জানতে তুমি খ. কে যেন আসছে
গ. দেখে এলাম তারে ঘ. আবার আসিব ফিরে

৮. যে কাজ এখনো চলছে, তাকে কী বলে?
ক. নিত্য বর্তমান খ. ঘটমান বর্তমান
গ. পুরাঘটিত বর্তমান ঘ. বর্তমান অনুজ্ঞা

৯. 'বালকেরা স্কুলে যাচ্ছে'- বাক্যটি কোন ধরনের বর্তমান কাল নির্দেশ করে?
ক. সাধারণ বর্তমান খ. ঘটমান বর্তমান
গ. নিত্যবৃত্ত বর্তমান ঘ. বর্তমান অনুজ্ঞা

১০. 'আগে প্রতিবছর এখানে খেলা হতো'। বাক্যটি কোন ধরনের অতীতকাল নির্দেশ করে?
ক. সাধারণ অতীত খ. ঘটমান অতীত
গ. পুরাঘটিত অতীত ঘ. নিত্যবৃত্ত অতীত

১১. কাজ শেষ করার জন্য সে আদাজল 'খেলে লেগেছে'- এখানে ক্রিয়াপদটির কাল হচ্ছে—
ক. সাধারণ বর্তমান খ. পুরাঘটিত বর্তমান
গ. ঘটমান বর্তমান ঘ. ঐতিহাসিক বর্তমান

১২. 'তুমি যদি যেতে ভালো হতো'। বাক্যটিতে 'যেতে' শব্দটি ক্রিয়ার কোন কাল?
ক. সাধারণ অতীত খ. ঘটমান অতীত
গ. পুরাঘটিত অতীত ঘ. নিত্যবৃত্ত অতীত

১৩. সে হয়তো 'এসে থাকবে'- এখানে কোন কালের পরিবর্তে সাধারণ ভবিষ্যৎ কাল ব্যবহৃত হয়েছে?
ক. পুরাঘটিত বর্তমান খ. পুরাঘটিত ভবিষ্যৎ
গ. ঘটমান অতীত ঘ. সাধারণ অতীত

১৪. সাতাশ 'হতো' যদি একশ সাতাশ'- এখানে 'হতো' কোন কালের ক্রিয়া?
ক. পুরাঘটিত অতীত খ. সাধারণ অতীত
গ. পুরাঘটিত বর্তমান ঘ. নিত্যবৃত্ত অতীত

১৫. ত্রিশ লাখ শহিদের রক্তে বাংলাদেশ স্বাধীন হয়েছে। বাক্যটি কোন কালের?
ক. সাধারণ বর্তমান খ. পুরাঘটিত অতীত
গ. নিত্যবৃত্ত বর্তমান ঘ. পুরাঘটিত বর্তমান

উত্তরপত্র

১.	ঘ	২.	খ	৩.	গ	৪.	ঘ	৫.	গ
৬.	খ	৭.	খ	৮.	খ	৯.	খ	১০.	ঘ
১১.	গ	১২.	ঘ	১৩.	ঘ	১৪.	ঘ	১৫.	খ

উপসর্গ ও অনুসর্গ

উপসর্গ: উপসর্গ কথাটির অর্থ উপসৃষ্টি উপসর্গ এক ধরনের অব্যয় সূচক শব্দ বা শব্দাংশ। যে সব অব্যয় ধাতুর আগে যুক্ত হয়ে অর্থযুক্ত শব্দের সৃষ্টি করে তাদেরকে উপসর্গ বলে।

<u>উপসর্গের শ্রেণী বিভাগ:</u>

বাংলা ভাষায় উপসর্গগুলোকে তিনভাগে ভাগ করা যায়। যথা:
১। বাংলা উপসর্গ ২। তৎসম বা সংস্কৃত উপসর্গ
৩। বিদেশী উপসর্গ।

<u>বাংলা উপসর্গ</u>: আর্য জনগোষ্ঠী এদেশে আসার পূর্বে যেসব জাতি বাস করত, তাদের ভাষা হতে যে উপসর্গগুলো এসেছে সেগুলোকে বাংলা উপসর্গ বলে।

বাংলা উপসর্গ মোট একুশটি। যথাঃ অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন, কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

তৎসম বা সংস্কৃত উপসর্গঃ যেসব উপসর্গ সংস্কৃত ভাষা হতে বাংলা ভাষায় প্রবেশ করেছে তাদেরকে তৎসম বা সংস্কৃত উপসর্গ বলে। সংস্কৃত উপসর্গ মোট বিশটি। যথাঃ
প্র, পরা, অপ, সম, নি, অনু, অব, নির, দুর, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অতি, অপি, অভি, উপ, আ।

বিদেশী উপসর্গঃ বিদেশীদের সাথে ভাব বিনিময়ের কারণে বিদেশী ভাষা থেকে যেসব উপসর্গ বাংলা ভাষায় মিশে গেছে তাদেরকে বিদেশী উপসর্গ বলে। যেমনঃ বে, ব, বাজে, বদ, বর, ফি, গর, নিম, দর, কার, কম, আম, খাস, লা, ফুল, হাফ, হেড, সাব ইত্যাদি।

অনুসর্গঃ বাংলা ভাষায় এমন কতগুলো অব্যয় সূচক শব্দ রয়েছে যেগুলো বাক্য মধ্যে বিশেষ্য বা সর্বনামের পরে, আবার কখনো শব্দ বিভক্তির ন্যায় বাক্য মধ্যে ব্যবহৃত হয়ে বাক্যের অর্থ প্রকাশে সাহায্য করে, এদেরকে অনুসর্গ বা কর্ম প্রবচনীয় শব্দ বলে।

অনুসর্গের প্রকারভেদঃ
অনুসর্গ দুই প্রকার হতে পারে। যেমনঃ
১। বিভক্তিসূচক অনুসর্গ ২। অনুসর্গ অব্যয়

বিভক্তিসূচক অনুসর্গঃ হতে, থেকে, চেয়ে, সাথে, চাইতে, দ্বারা, দিয়ে, কর্তৃক, কারণে, জন্য প্রভৃতি বিভক্তিসূচক অনুসর্গ।
নিম্নে কিছু উদাহরণ দেওয়া হলঃ
ক. মায়ের থেকে মেয়েই লম্বা।
খ. নকলের চেয়ে আসল ভাল।

অনুসর্গ অব্যয়ঃ বিনা, অপেক্ষা, সাথে, যেন প্রভৃতি যেসব অব্যয় বা অব্যয় স্থানীয় পদ উপমা, তুলনা ও কারক বুঝাতে ব্যবহৃত হয়, তাদেরকে অনুসর্গ অব্যয় বলে। নিম্নে কিছু উদাহরণ দেওয়া হলঃ
ক. জল বিনা মাছ বাঁচে না।
খ. তার মতো এমন নিষ্ঠুর লোক আর নেই।

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. উপসর্গের কাজ কী?
ক. ভাবের পার্থক্য নিরূপণ খ. নতুন শব্দ গঠন
গ. সংস্করণ ঘ. যদি সংস্করণ

২. তৎসম উপসর্গ কোনটি?
ক. অজ খ. গর
গ. পরি ঘ. পাতি

৩. 'বর' কোন শ্রেণির উপসর্গ?
ক. ইংরেজি খ. তৎসম
গ. খাঁটি বাংলা ঘ. বিদেশি

৪. উপসর্গকে কোন জাতীয় শব্দাংশ বলা হয়?
ক. বিশেষ্য খ. সর্বনাম
গ. বিশেষণ ঘ. অব্যয়

৫. খাঁটি বাংলায় উপসর্গ মোট কয়টি?
ক. ১০টি খ. ১৫টি
গ. ২১টি ঘ. ২০টি

৬. কার অর্থবাচকতা আছে, কিন্তু অর্থদ্যোতকতা নেই?
ক. কারকের খ. অনুসর্গের
গ. উপসর্গের ঘ. সমাসের

৭. কোনটি বিদেশি উপসর্গের দৃষ্টান্ত?
ক. কু খ. অপ
গ. অজ ঘ. বদ

৮. উপসর্গ প্রধানত কয় প্রকার?
ক. তিন প্রকার খ. চার প্রকার
গ. পাঁচ প্রকার ঘ. চয় প্রকার

৯. খাঁটি বাংলা উপসর্গ কোনটি?
ক. আম খ. রাম
গ. বাম ঘ. নিম

১০. 'পৃথিবীর একটি উপগ্রহ আছে'। এখানে 'উপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক. ক্ষুদ্র খ. সদৃশ
গ. সামীপ্য ঘ. বিশেষ

১১. কোনটি ইংরেজি উপসর্গ?
ক. ফুল খ. নিম
গ. আম ঘ. গর

১২. 'বিজ্ঞান' শব্দের 'বি' উপসর্গ কী শ্রেণির অর্থে ব্যবহার হয়েছে?
ক. বিশেষ খ. অভাব
গ. গতি ঘ. সাধারণ

১৩. 'দুর্নাম' শব্দটিতে কোন শ্রেণির উপসর্গ যুক্ত হয়েছে?
ক. তৎসম খ. খাঁটি বাংলা
গ. বিদেশি ঘ. কোনোটিই নয়

১৪. 'প্রতি' কোন ভাষার উপসর্গ?
ক. আরবি খ. বাংলা
গ. ইংরেজি ঘ. সংস্কৃত

১৫. 'অপ' উপসর্গটি 'অপকর্ম' শব্দে কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক. নিকৃষ্ট খ. বিকৃত
গ. বিপরীত ঘ. দুর্নাম

১৬. কোনটি সংস্কৃত উপসর্গ?
ক. আড় খ. অজ
গ. কদ ঘ. পরা

১৭. কোনটি ইংরেজি উপসর্গ?
ক. সাব খ. কার
গ. অব ঘ. আব

১৮. অভিকার শব্দে 'অধি' উপসর্গটি হচ্ছে—
ক. খাঁটি বাংলা উপসর্গ খ. তৎসম উপসর্গ
গ. ইংরেজি উপসর্গ ঘ. হিন্দি উপসর্গ

১৯. বাংলা উপসর্গ মোট কয়ভাবে বিভক্ত?
ক. দুই ভাগে খ. পাঁচ ভাগে
গ. তিন ভাগে ঘ. ছয় ভাগে

২০. 'এত দিন কোথায় নিখোঁজ ছিলেন?' এ বাক্যে নিখোঁজ উপসর্গটি কোন জাতীয়?
ক. তৎসম খ. খাঁটি বাংলা
গ. বিদেশি ঘ. কোনোটিই নয়

২১. যেসব অব্যয় শব্দ কখনও স্বাধীন পদরূপে আবার কখনও শব্দ বিভক্তিরূপে ব্যবহৃত হয়, তাদেরকে কী বলে?
ক. নাম প্রকৃতি খ. কৃৎ প্রত্যয়
গ. উপসর্গ ঘ. অনুসর্গ

২২. বাক্যের অর্থ প্রকাশে সাহায্য করে কোনটি?
ক. উপসর্গ খ. কর্মপ্রবচনীয়
গ. প্রত্যয় ঘ. বিভক্তি

২৩. অনুসর্গের আর কী নাম রয়েছে?
ক. অনন্বয়ী অব্যয় খ. কর্মপ্রবচনীয় অব্যয়
গ. পদাশ্রিত অব্যয় ঘ. বিভক্তি

২৪. অনুসর্গ কী?
ক. শব্দ বিভক্তি বা ধাতু খ. উপসর্গ
গ. ক্রিয়া বিভক্তি ঘ. অব্যয়/শব্দ

২৫. অনুসর্গগুলো কয়ভাবে ব্যবহৃত হয়?
ক. একভাবে খ. দুভাবে
গ. তিনভাবে ঘ. চারভাবে

উত্তরপত্র

১.	খ	২.	গ	৩.	ঘ	৪.	ঘ	৫.	গ
৬.	গ	৭.	ঘ	৮.	ক	৯.	খ	১০.	ক
১১.	ক	১২.	ক	১৩.	ক	১৪.	ঘ	১৫.	ক
১৬.	ঘ	১৭.	ক	১৮.	খ	১৯.	গ	২০.	খ
২১.	ঘ	২২.	খ	২৩.	খ	২৪.	ঘ	২৫.	খ

দ্বিরুক্ত শব্দ বা শব্দদ্বৈত

দ্বিরুক্ত শব্দ কতগুলো ধ্বনির সমন্বয় মাত্র। দ্বিরুক্ত অর্থ দুবার উক্ত হয়েছে এমন। বাংলা ভাষায় কোনো কোনো শব্দ, পদ বা অনুকার শব্দ একবার ব্যবহার করলে যে অর্থ প্রকাশ করে, সেগুলো দ্বিতীয়বার ব্যবহার করলে অন্য একটি সম্প্রসারিত অর্থ প্রকাশ করে। শব্দের এ ধরনের পরপর দুবার প্রয়োগেই দ্বিরুক্ত শব্দ গঠিত হয়। যেমন: আমার জ্বরজ্বর লাগছে।

<u>দ্বিরুক্ত শব্দের শ্রেণীবিভাগ:</u>

বাংলা ভাষায় ব্যবহৃত দ্বিরুক্ত শব্দ সমূহকে প্রধানত তিন ভাগে ভাগ করা যায়। যথা:

১। শব্দের দ্বিরুক্তি ২। পদের দ্বিরুক্তি ৩। ধ্বন্যাত্মক দ্বিরুক্তি

<u>শব্দের দ্বিরুক্তি:</u> একই শব্দ পরপর দু'বার ব্যবহৃত হয়ে বিশিষ্ট ভিন্ন অর্থ প্রকাশ করলে তাকে শব্দের দ্বিরুক্তি বা শব্দ দ্বৈত বলে। যেমন: ভালো ভালো ফল, ফোঁটা ফোঁটা পানি।

<u>পদের দ্বিরুক্তি:</u> বাংলা ভাষায় কখনো বাক্য মধ্যে বিভক্তি এবং পদের পুনরাবৃত্তি হয়। একে পদের দ্বিরুক্তি বা পদ দ্বৈত বলে। যেমন: ঘরে ঘরে লেখাপড়া হচ্ছে।

<u>ধ্বন্যাত্মক দ্বিরুক্তি:</u> কোন কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতিবিশিষ্ট শব্দের রূপকে ধন্যাত্মক শব্দ বলে। আর ধ্বন্যাত্মক শব্দের দু'বার প্রয়োগের নাম ধ্বন্যাত্মক দ্বিরুক্তি। যেমন: ঘেউ ঘেউ, মিউ মিউ।

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. এক শব্দ দুবার ব্যবহৃত হয়ে অর্থের সম্প্রসারণ ও বিশেষ রূপ প্রকাশ করলে তাকে কী বলে?
ক. শব্দ খ. পদ
গ. দ্বিরুক্ত শব্দ ঘ. বাক্য

২. কোন দ্বিরুক্ত শব্দটি ক্রিয়াবিশেষণ হতে পারে?
ক. ধনবান খ. ভনভন
গ. ঘরবাড়ি ঘ. চোরচোর

৩. কোন দ্বিরুক্তিটি ধ্বনাত্মক শব্দ?
ক. শন শন খ. শীত শীত
গ. পড়ো পড়ো ঘ. হাতে নাতে

৪. সমার্থক শব্দযোগে দ্বিরুক্তি হয়েছে কোনটিতে?
ক. ভালো-মন্দ খ. তোড়-জোড়
গ. ধন-দৌলত ঘ. আমির-ফকির

৫. 'ডালভাত' কোন অর্থের শব্দযোগে দ্বিরুক্তি হয়েছে?
ক. সমার্থক খ. মিলনার্থক
গ. বিপরীতার্থক গ. ভিন্নার্থক

৬. দ্বিরুক্ত শব্দকে কয় ভাগে ভাগ করা যায়?
ক. দুই ভাগে খ. তিন ভাগে
গ. চার ভাগে ঘ. পাঁচ ভাগে

৭. লাল লাল ফুল-বাক্যে কী অর্থে দ্বিরুক্ত হয়েছে?
ক. ইষৎ খ. শূন্য
গ. একবচন ঘ. বহুবচন

৮. কোনটিতে শব্দের দ্বিরুক্তি ঘটেছে?
ক. হেসে হেসে বলল
খ. মনে মনে ভাবছি
গ. হেসে হেসে এল
ঘ. ফোঁটা ফোঁটা পানি

৯. বিভক্তিহীন শব্দ দুবার উক্ত হলে তাকে কী বলা হয়?
ক. পদের দ্বিরুক্তি খ. শব্দের দ্বিরুক্তি
গ. অনুকার দ্বিরুক্তি ঘ. কোনোটিই নয়

১০. বিভক্তিযুক্ত শব্দ দুবার উক্ত হলে তাকে কী বলা হয়?
ক. শব্দ দ্বিরুক্তি খ. অনুকার দ্বিরুক্তি
গ. পদের দ্বিরুক্তি ঘ. ধ্বন্যাত্মক দ্বিরুক্তি

১১. দ্বিরুক্ত শব্দ জোড়ায় দ্বিতীয় শব্দটির কীরূপ পরিবর্তন হয়?
ক. সম্পূর্ণ খ. অর্ধেক
গ. আংশিক ঘ. কোনোটিই নয়

১২. একই শব্দের ঈষৎ পরিবর্তন করে দ্বিরুক্ত শব্দ গঠনের রীতিকে কী বলে?
ক. পদাত্মক দ্বিরুক্তি খ. যুগ্ম দ্বিরুক্তি
গ. শব্দের দ্বিরুক্তি ঘ. কোনোটিই নয়

১৩. 'রাশি' শব্দের দ্বিরুক্তিতে কোন অর্থ প্রকাশ পায়?
ক. সামান্য খ. আধিক্য
গ. শূন্য ঘ. আতিশয্য

১৪. 'জ্বর' এর সাথে কোন শব্দের দ্বিরুক্তিতে সামান্য অর্থ প্রকাশ পায়?
ক. জারি খ. বিকার
গ. জ্বর ঘ. ব্যাধি

১৫. 'কবি কবি ভাব কিন্তু ছন্দের অভাব'
— কবি কবি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক. ভালো অর্থে খ. পুনরাবৃত্তি অর্থে
গ. পৌনঃপুনিকতা অর্থে ঘ. উপহার অর্থে

১৬. যুগ্মরীতিতে দ্বিরুক্তি গঠনে কয়টি নিয়ম রয়েছে?
ক. ৮টি খ. ৬টি
গ. ৪টি ঘ. ৩টি

১৭. কোন প্রত্যয়যোগে বিশেষ্য দ্বিরুক্তি গঠিত হয়?
ক. আনী খ. অ
গ. আরী ঘ. আই

১৮. কোন দ্বিরুক্তিটি ধ্বন্যাত্মক শব্দ?
ক. শন শন খ. শীত শীত
গ. পড়ো পড়ো ঘ. হাতে হাতে

১৯. পদের দ্বিরুক্তিতে বিশেষণের ব্যবহার কোনটি?
ক. ফাঁকে ফাঁকে খ. হেসে হেসে
গ. আসি আসি ঘ. ভালোয় ভালোয়

২০. নিচের কোনটি একই বিভক্তি প্রয়োগে দ্বিরুক্তি?
ক. ঘরে ঘরে খ. ঝির ঝির
গ. বড় বড় ঘ. ছোট বড়

উত্তরপত্র

১.	গ	২.	গ	৩.	ক	৪.	গ	৫.	ঘ
৬.	খ	৭.	ঘ	৮.	ঘ	৯.	খ	১০.	গ
১১.	গ	১২.	খ	১৩.	খ	১৪.	গ	১৫.	ঘ
১৬.	খ	১৭.	ক	১৮.	ক	১৯.	ঘ	২০.	ক

সমোচ্চারিত শব্দ

বাংলা ভাষায় এমন কতকগুলো শব্দ আছে, যেগুলোর উচ্চারণ প্রায় এক হলেও বানান ও অর্থের দিক দিয়ে পার্থক্য রয়েছে। বাংলা ব্যকরণের এসব শব্দকে সমোচ্চারিত শব্দ বলে। নিচে কতকগুলো সমোচ্চারিত শব্দের প্রয়োগ উপস্থাপন করা হলো:

জোড় বা সমোচ্চারিত শব্দ ও তার প্রয়োগ :

- ➪ অভিহিত (কথিত)
  অবিহিত (অন্যায়)
- ➪ অন্যপুষ্ট (কোকিল)
  অন্নপুষ্ট (ভোজনপুষ্ট)
- ➪ অবধান (মনোযোগ)
  অবাদন (সৎকর্ম)
- ➪ অবচয় (চয়ন)
  অপচয় (ক্ষতি)
- ➪ অন্য (অপর)
  অন্ন (খাদ্য)
- ➪ অন্ত (শেষ)
  অন্ত্য (যার শেষ আছে)
- ➪ অজগর (সাপ বিশেষ)
  অজাগর (নিদ্রিত)
- ➪ আবরণ (আচ্ছাদন)
  আভরণ (অলংকার)
- ➪ অসিত (কৃষ্ণ)
  অশীত (শীত নয়)
- ➪ অশক্ত (অসমর্থ)
  অসন (নিক্ষেপ)
- ➪ ঈশ (ঈশ্বর)
  ঈষ (লাঙলের দণ্ড)
- ➪ উপাদান (উপকরণ)
  উপাধান (বালিশ)
- ➪ উৎপত (পাখি)
  উৎপথ (কুপথ)
- ➪ ঋতি (গতি)
  রীতি (প্রথা)
- ➪ একদা (কোনো এক সময়)
  একধা (এক প্রকারে)
- ➪ এণ (কৃষ্ণসার মৃগ)
  এন (দোষ, পাপ)
- ➪ ঔষধি (ভেষজ উদ্ভিদ)
  ঔষধি (একবার ফল দিয়ে যে গাছ মারা যায়)
- ➪ কপাল (গণ্ডদেশ)
- ➪ করি (সম্পন্ন করা)
  করী (হাতি)
- ➪ কু-শাসন (খারাপ শাসন)
  কুশাসন (কুশনির্মিত আসন)
- ➪ কমল (পদ্মফুল)
  কোমল (নরম)
- ➪ কূট (জটিল)
  কুট (পর্বত শৃঙ্গ)
- ➪ খুর (পশুর পায়ের তলদেশ)
  ক্ষুর (চুল কাটার যন্ত্র)
- ➪ ক্ষুরধার (ক্ষুরের ধার)
  ক্ষরধারা (তীব্র স্রোত)
- ➪ গোল (গোলমাল)
  গোল (বৃত্তাকার)
- ➪ গোলক (গোল বস্তু)
  গোলক (বৈকুণ্ঠ)
- ➪ গিরিশ (শিব)
  গিরীশ (হিমালয়)
- ➪ গোচর (প্রত্যক্ষ)
  গো-চর (গুরু চরার স্থান)
- ➪ গুন (দড়ি)
  গুণ (ধর্ম, বৈশিষ্ট্য)
- ➪ গোঁড়া (অন্ধ বিশ্বাসী)
  গোড়া (মূল)
- ➪ চির (দীর্ঘ)
  চীর (ছিন্ন বস্ত্র)
- ➪ চুত (জ্যেষ্ঠ)
  চ্যুত (ভ্রষ্ট, ছিন্ন)
- ➪ চতুষ্পথ (চার পা বিশিষ্ট)
  চতুষ্পদ (চৌমাথা)
- ➪ ছাড় (ত্যাগ)
  ছার (তুচ্ছ)
- ➪ ছোরা (বড় চাকু)
- ➪ ছাঁদ (ভঙ্গি-আকৃতি)

যোড়া (তরুণ)
➪ জড় (অচেতন)
জ্বর (রোগ বিশেষ)
➪ জাম (ফল বিশেষ)
যাম (প্রহর)
➪ জ্যোতি (তেজ)
যতি (বিরাম চিহ্ন)
➪ যমক (যমজ)
জমক (সমারোহ)
➪ জৈষ্ঠ (মাস বিশেষ)
জ্যেষ্ঠ (অগ্রজ)
➪ জানু (হাঁটু)
ঝানু (পাকা, চতুর)
➪ টিকা (রোগ নিবারক)
টীকা (সংক্ষিপ্ত ব্যাখ্যা)
➪ তন্ত্রী (তাঁত)
তন্ত্রি (তার)
➪ তুল্য (তুলনা)
তুলা (কার্পাস তুলা)
➪ দিন (দিবস)
দীন (দরিদ্র)
➪ দীপ (বাতি)
দৃপ্ত (উজ্জ্বল)
➪ দ্বারা (কর্তৃক)
দারা (পত্নী)
➪ ধরা (পৃথিবী)
ধড়া (বস্ত্র)
➪ নাশ (ধ্বংস)
নাস (নস্য)
➪ নিত্য (প্রতিদিন)
নৃত্য (নাচ)
➪ পুরী (নিকেতন)
প্রকার (রকম)
➪ পরশু (পরশ্ব)
পুরুষ (নর)
➪ পক্ষ (পনের দিন, পাখির ডানা)
পক্ষ্ম (চোখের লোম)
➪ পরভৃত (কোকিল)
পরভৃৎ (কাক)
➪ পানি (জল)
পাণি (হাত)
➪ কি (প্রশ্নবোধক)
কী (কেমন)

ছাদ (ঘরের আচ্ছাদান)
➪ জলা (জলাময় নিম্নভূমি)
জ্বলা (যন্ত্রণা)
➪ জালা (বড় পাত্র বিশেষ)
জ্বালা (যন্ত্রণা)
➪ জাল (ফাঁদ, নকল)
জ্বাল (আগুন, জ্বালানো)
➪ জোর (শক্তি)
জোড় (যুগল)
➪ ঝুরি (বটগাছ ইত্যাদির জট)
ঝুড়ি (চাঙারি)
➪ ঝাড়া (নাড়া দেয়া)
ঝারা (সছিদ্র পাত্র)
➪ তরণী (নৌকা)
তরুণী (যুবতী)
➪ ত্বরিত (দ্রুত)
তড়িৎ (বিদ্যুৎ)
➪ দর্প (গর্ব)
দর্ভ (তৃণ)
➪ দেরি (বিলম্ব)
দেড়ী (দেড়গুণ)
➪ দাড়ি (শ্মশ্রু)
দাঁড়ি (পূর্ণ ছেদ)
➪ ধনী (ধনবান)
ধ্বনি (শব্দ)
➪ ধাতৃ (বিধাতা)
ধাত্রী (দাই)
➪ নীর (পানি)
নীড় (পাখির বাসা)
➪ নিশিত (ধারালো)
নিশীত (গভীর রাত)
➪ প্রাসাদ (বড় দালান)
প্রসাদ (অনুগ্রহ)
➪ পরিচ্ছদ (পোশাক)
পরিচ্ছেদ (অধ্যায়)
➪ পুং (ছেলে)
পূত (পবিত্র)
➪ পরিষদ (সভা, সংসদ)
পরিষোধ (অনুমুক্ত)
➪ পরি (লক্ষণ)
পুরি (লুচি)
➪ কাড়া (ঢেরা)
কাঁড়া (বিপদ আশঙ্কা)

➪ বেদ (ধর্মগ্রন্থ)
বেধ (গভীরতা)
➪ ভোজন (আহার)
ভাজন (আরাধনা)
➪ ভঞ্জন (নিবারণ)
ভুঞ্জন (ভোগ করা)
➪ মাস (ত্রিশ দিন)
মাষ (কলাই)

➪ বৃন্ত (বোঁটা)
বিস্মিত (ভুলে যাওয়া)
➪ ভারা (মাচান)
ভাড়া (ভারি বস্তু)
➪ মন (চিত্ত)
মণ (চল্লিশ সের)
➪ মুখ (বদন)
মূক (বোবা)

পারিভাষিক শব্দ বা পরিভাষা

পৃথিবীর সব ভাষাই একে অন্যের থেকে ভাব ও শব্দ গ্রহণ করে সমৃ অর্জন করে। যে ভাষা অন্যান্য ভাষা থেকে যত বেশি পরিমাণে শব্দ গ্রহণ করতে পারে, সে ভাষা তত বেশি সমৃদ্ধ। অন্য ভাষার শব্দ নিজের ভাষায় রূপান্তরিত করার পরও রূপান্তরিত শব্দটি অপেক্ষা অন্য ভাষার শব্দটি অর্থাৎ বিদেশি শব্দটি যদি বহুল প্রচলিত অর্থবহ ও প্রয়োগে অধিকতর সফলতা বয়ে আনে, তবে এ ধরনের ভা প্রয়োগকে পরিভাষা বলে। সাধারণত মূল ভাষায় কোনো বিদেশি শব্দের প্রতিশব্দ না থাকলে পরিভাষা প্রয়োগ করা হয়। আবার মূল ভাষার প্রতিশব্দ থাকলেও বিদেশি শব্দটি যদি বহুল প্রচলিত ও অর্থবহ হয় এবং প্রয়োগে অধিকতর সাফল্য আসে, তবে সে ক্ষেত্রে পরিভাষা প্রয়োগ করা হয়।

পারিভাষিক শব্দের উদাহরণ

A

Abstain (অ্যাবসটেইন) — বিরত হওয়া
Above per (এবাভ পার) — অধিমূল্য
Abrogate (অ্যাবরোগেট) — রদ করা
Abolition (অ্যাবোলিশন) — বিলোপ
Abeyance (অ্যাবিয়েন্স) — স্থগিত
Abbreaviation (অ্যাবরিভিয়েশন) — সংক্ষেপ
Abridge (অ্যাব্রিজ) — সংক্ষিপ্ত করা
Absent (অ্যাবসেন্ট) — অনুপস্থিত
Absence (অ্যাবসেন্স) — অনুপস্থিতি

B

Barrack (ব্যারাক) — সেনানিবাস
Barrel (ব্যারেল) — বন্দুকের নল
Bearer (বিয়ারার) — বাহক
Block (ব্লক) — শক্তি, জোঁট
Board (বোর্ড) — পরিচালক সমিতি
Book post (বুক পোস্ট) — খোলাডাক
Boss (বস) — মনিব

C

Committee (কমিটি) — কমিটি
Council (কাউন্সিল) — পরিষদ
Cash (ক্যাশ) — নগদ
Cashier (ক্যাশিয়ার) — কোষাধ্যক্ষ
Chief (চীপ) — প্রধান
Crown (ক্রাউন) — মুকুট
Circle (সার্কেল) — বৃত্ত

D

Debit (ডেবিট) — খরচ
Demand (ডিমান্ড) — খরচ
Disign (ডিজাইন) — নকশা
Diplomacy (ডিপ্লোমেসি) — কূটনীতি
Discharge (ডিসচার্জ) — বরখাস্ত
Discipline (ডিসিপ্লিন) — নিয়মানুবর্তিতা
Due (ডিউ) — বাকি

E

Engineer (ইঞ্জিনিয়ার) — প্রকৌশলী
Executive (এক্সিডিকিউটিভ) — নির্বাহী
Editor (এডিটর) — সম্পাদক
Editorial (এডিটরিয়াল) — সম্পাদকীয়
Excess (একসেজ) — অতিরিক্ত
Exhibition (এক্সিবিশেন) — প্রদর্শনী

F

Fat (ফ্যাট) — তৈল বা স্নেহজাতীয়
Fine Art (ফাইন আর্ট) — চারুকলা
File (ফাইল) — নথিপত্র
Formal (ফর্মাল) — আনুষ্ঠানিক

G

Geometry (জিওম্যাট্রি) — জ্যামিতি
Goodwill (গুডউইল) — সুনাম
God (গড) — ঈশ্বর, প্রভু
Government (গভর্নমেন্ট) — সরকার
Graduate (গ্রাজুয়েট) — স্নাতক
Graph (গ্রাফ) — লেখচিত্র

H

Headmaster (হেড মাস্টার) — প্রধান শিক্ষক
Headmistress (হেড মিসট্রেস) — প্রধান শিক্ষিকা
Honorarium (অনারারিয়াম) — সম্মানী
Housing (হাউজিং) — আবাসন
Hajj (হজ্ব) — মক্কায় তীর্থযাত্রা

I

In-charge (ইনচার্জ) — ভারপ্রাপ্ত
Income-tax (ইনকামট্যাক্স) — আয়কর
Increament (ইনক্রিমেন্ট) — বৃদ্ধি
Index (ইনডেক্স) — নির্ঘণ্ট
Inspector (ইন্সপেক্টর) — পরিদর্শক
Institute (ইনস্টিটিউট) — সংস্থা, প্রতিষ্ঠান

J

Judge (জাজ) — বিচারক
Judgement (জাজমেন্ট) — রায়
Journal (জার্নাল) — পত্রিকা
Journalist (জার্নালিস্ট) — সাংবাদিক
Jacket (জ্যাকেট) — বহিরাবরণ
Jail (জেল) — কয়েদখানা

K

Keep (কিপ) — রাখা
Key word (কি-ওয়ার্ড) — মূল শব্দ
Keeper (কিপার) — রক্ষক
Kidnap (কিডন্যাপ) — হরণ করা
Knowhow (নোহাউ) — কৌশল
Knight (নাইট) — সম্মানজনক সামরিক পদ

L

Lecturer (লেকচারার) — প্রভাষক
Lender (লেন্ডার) — মহাজন
Liquid (লিকুইড) — তরল
Liver (লিভার) — যকৃৎ
Laboratory (ল্যাবরেটরি) — পরীক্ষাগার

M

Minister (মিনিস্টার) — মন্ত্রী
Mistress (মিস্ট্রেস) — শিক্ষিকা
Monogram (মনোগ্রাম) — নকশা
Municipality (মিউনিসিপ্যালিটি) — পৌরসভা
Machine (মেশিন) — যন্ত্র
Method (মেথড) — পদ্ধতি
Memorandam (মেমোর‍্যানডাম) — স্মারকপত্র
Major (মেজর) — মুখ্য

POPULAR EDUCATION FAMILY RAJSHAHI EST: 2013

N

Navy (নেভী) — নৌবাহিনী

Nerve (নার্ভ) — স্নায়ু

Note (নোট) — মন্তব্য

Number (নাম্বার) — সংখ্যা

Nationality (ন্যাশনালিটি) — জাতীয়তা

O

Oath (ওথ) — শপথ

Ocean (ওশান) — মহাসাগর

Ocan current (ওশান কারেন্ট) — সমুদ্র স্রোত

Office (অফিস) — কার্যালয়

Oxygen (অক্সিজেন) — অম্লজান

Oblige (অবলাইজ) — বাধিত করা, বাধ্য করা

On behalf (অন বিহাফ) — পক্ষে

P

Para (প্যারা) — অনুচ্ছেদ

Parliament (পার্লামেন্ট) — সংসদ

Parliamentary (পার্লামেন্টারি) — সংসদীয়

Physical (ফিজিক্যাল) — শারীরিক

Physics (ফিজিক্স) — পদার্থবিদ্যা

Philosopher (ফিলোসফার) — দার্শনিক

Q

Quarters (কোয়ার্টারস) — আবাস

Question paper (কোয়েশ্চেন পেপার) — প্রশ্নপত্র

Quota (কোটা) — বরাদ্দ, নির্ধারিত অংশ

Quack (কুয়াক) — হাতুড়ে ডাক্তার

Quality (কোয়ালিটি) — গুণ, উপযোগিতা

R

Return (রিটার্ন) — ফেরত, আয়ের হিসাব

Registration (রেজিস্ট্রেশন) — নিবন্ধন

Rehearsal (রিহার্সাল) — মহড়া

Relief (রিলিফ) — ত্রাণ

Record (রেকর্ড) — নথি

Receipt (রিসিট) — রসিদ

S

Salary (স্যালারি) — বেতন

Selesman (সেলসম্যান) — বিক্রেতা

Secondary (সেকেন্ডারি) — মাধ্যমিক

Secratariate (সেক্রেটারিয়েট) — সচিবালয়

Secretary (সেক্রেটারি) — সচিব

Section (সেকশন) — ধারা

T

Teacher (টিচার) — শিক্ষক

Teachnical (টেকনিক্যাল) — কারিগরি

Telegraph (টেলিগ্রাফ) — তার

Telescrope (টেলিস্কোপ) — দূরবীক্ষণ যন্ত্র

Television (টেলিভিশন) — দূরদর্শন যন্ত্র

U

Union (ইউনিয়ন) — সংঘ

Union council (ইউনিয়ন কাউন্সিল) — গ্রাম পরিষদ

Urgent (আর্জেন্ট) — জরুরি

Uptodate (আপটুডেট) — হালনাগাদ

Unskilled (আনস্কিল্ড) — অদক্ষ

Urban (আরবান) — পৌর

V

Venus (ভেনাস) — শুক্রগ্রহ, রোমানদের সৌন্দর্য দেবী

Vice-chancellor (ভাইস-চ্যান্সেলর) — উপাচার্য

Vice-Chairman (ভাইস-চেয়ারম্যান) — সহ সভাপতি

Visitor (ভিজিটর) — সাক্ষাৎ প্রার্থী

Visit (ভিজিট) — সফর, পরিদর্শন

W

Welfare (ওয়েলফার) — কল্যাণ

Weather (ওয়েদার) — আবহাওয়া

Weight (ওয়েট) — ওজন

Waiter (ওয়েটার) — পরিবেশক

X

X-ray (এক্স-রে) — রঞ্জনরশ্মি

Y

Yen (ইয়েন) — জাপানের মুদ্রাবিশেষ

Yellow (ইয়েলো) — হলদে

Yak (ইয়াক) — চমরী গাই

Yard (ইয়ার্ড) — এক গজ, অঙ্গন, উঠোন

Youth (ইয়থ) — তারুণ্য

Yearly (ইয়ারলি) — বাৎসরিক

Z

Zion (জিয়ন) — স্বর্গ, ইহুদি ধর্ম, খ্রিস্টানদের উপাসনালয়

Zoo (জু) — চিড়িয়াখানা

Zoology (জুওলজি) — প্রাণিবিদ্যা

Zero (জিরো) — শূন্য

এক কথায় প্রকাশ

ভাষার সৌন্দর্য সৃষ্টির জন্য যেসব রীতি প্রচলিত রয়েছে তাদের মধ্যে এক কথায় প্রকাশ বা বাক্য সংকোচন অন্যতম। একটি দীর্ঘ বাক্যের অন্তর্গত একাধিক পদকে এক পদে পরিণত করলে বাক্যের যে আকৃতিগত হ্রাস ঘটে, সে রীতিকেই এক কথায় প্রকাশ বা বাক্য সংকোচন বলে। বাক্য সংকোচনের ফলে বক্তব্য বিষয় যে কেবল সংক্ষিপ্ত আকারে প্রকাশ পায় তা নয়, বরং তা দিয়ে বক্তব্যের মধ্যে সৌন্দর্য শ্রুতিমাধুর্য ও ঋজুতা আনা যায়। একটি ভাবকে অনেক পদের সাহায্যে প্রকাশ না করে এক পদের মাধ্যমে প্রকাশ করলে তাতে ভাষার সৌন্দর্যের বৃদ্ধি ঘটে।

বাক্য সংকোচন

অ

অংশ আছে যার — অংশীদার
অঙ্গের সঙ্গে বর্তমান — সাঙ্গ
অন্যের ওপর নির্ভরশীল গাছ — পরগাছা
অশ্রু বিগলিত হচ্ছে যার — গলদশ্রু
অধ্যাপনা করেন যিনি — অধ্যাপক
অন্য নামে — ওরফে
অগভীর সতর্ক নিদ্রা — কাকনিদ্রা
অত্যন্ত আগ্রহান্বিত — লালায়িত
অরণ্যে জাত — আরণ্যক
অন্ত্যবর্ণের পূর্ব বর্ণ — উপধা
অল্পেই ভাঙে যা — ক্ষণভঙ্গুর
অন্যের হয়ে সই করা — একলমা
অবসরের অভাব — অনবসর
অভিলাষিত বিষয়ে সাফল্য — ইষ্টসিদ্ধ
অভীষ্ট বস্তুর প্রাপ্তি — ইষ্ট প্রাপ্তি
অনুর ভাব — অনিমা
অবাঞ্ছনীয় প্রবেশ — অনুপ্রবেশ
অপরের গুন গ্রহণ করে যে — গুণগ্রাহী
অন্তর্গত অপ যার — অন্তরীপ
অনুকরণের যোগ্য — অনুকরণীয়
অবলীলার সঙ্গে — সাবলীল
অন্য গতি না থাকায় — অগত্যা
অবধানতার সঙ্গে — সাবধান
অন্য ব্যক্তির মধ্যে থাকে না যা — অনন্যসাধারণ
অক্ষির সমীপে — সমক্ষে
অগ্রে জন্ম গ্রহণ করেছে যে — অগ্রজ
অগ্রে গমন করে অভিবাদন — প্রত্যুৎগমন
অগ্র পশ্চাৎ না ভেবে কাজ করে যে — অবিমৃষ্যকারী
অতি দীর্ঘ নয় যাহা — নাতিদীর্ঘ
অতি শীতও নয়, অতি উষ্ণও নয় — নাতিশীতোষ্ণ
অর্থ নাই যার — নিরর্থক
অধ্যয়ন করা হয়েছে যাহা — অধীত
অরণ্যে অগ্নিকাণ্ড — দাবানল
অপকার করার ইচ্ছা — অপচিকীর্ষা
অপরাধ নাই যার — নিরপরাধ
অপরাধ করেছে যে — অপরাধী
অপরের দোষ খুঁজে বেড়ায় যে — ছিদ্রান্বেষী
অপকার করতে ইচ্ছুক — অপচিকির্ষু
অবশ্য ঘটিবে যাহা — অবশ্যম্ভাবী
অব্যক্ত মধুর যে ধ্বনি — কলতান
অতিশয় ভীত — বিত্রস্ত
অমৃতের ন্যায় মধুর — অমৃতমধুর
অতিক্রম করা কষ্টসাধ্য এমন — দুরতিক্রম্য
অদ্রবকে দ্রব করার কাজ — দ্রবীকরণ
অবজ্ঞায় নাক উঁচু করে এমন — উন্নাসিক
অপচয় হচ্ছে যে বস্তুর — অপচীয়মান
অশ্রুর দ্বারা সিক্ত — অশ্রুসিক্ত
অর্ধেক সম্মত — নিমরাজী
অপত্য হতে বিবেচনা না করে — অপত্যনির্বিশেষে
অহন বা অহ্ন এবং রাত্র — অহোরাত্র
অকাল পক্ব যাহা — অকালপক্ব
অক্ষির অগোচরে — পরোক্ষ
অভিনয় করে যে — অভিনেতা
অমৃতের মত কাজ করে যে — অমৃতায়ন
অন্ন ভক্ষণ করে যে প্রাণ ধারণ করে — অন্নগতপ্রাণ
অনেক কষ্টে যাওয়া যায় যেখানে — দুর্গম
অনুকরণ করার ইচ্ছা — অনুচিকির্ষা।
অনুসন্ধান করার ইচ্ছা — অনুসন্ধিৎসা
অনুসন্ধান করতে ইচ্ছুক — অনুসন্ধিৎসু
অনেকের মধ্যে একজন — অন্যতম
অন্যদিকে মন যার — অন্যমনস্ক
অন্য দেশ — দেশান্তর
অনেক দেখেছে যে — বহুদর্শী
অন্যের সহিত পার্থক্য — স্বাতন্ত্র্য
অল্প কথা বলে যে — অল্পভাষী

অল্প সাহস যার — অল্পসাহসিক
অস্থায়ীভাবে থাকা হয় যেখানে — বাসা
অশ্বের ডাক — হ্রেষা
অকালে যে বোধন (জাগরণ) — অকালবোধন
অতিক্রম করা যায় না যা — অনতিক্রম্য
অনায়াসে লাভ করা যায় যা — অনায়াসলভ্য
অন্য ভাষার রূপান্তর — অনুবাদ
অভ্র লেহন করে যে — অভ্রংলেহী
অশ্ব-রথ-হস্তী-পদাতিক সৈন্যের সমাহার — চতুরঙ্গ
অহম বা আত্ম (নিজ) সম্পর্কে অতি চেতনার ভাব — অহমিকা
অন্তিমকাল উপস্থিত যার — মুমূর্ষু

আ

আকাশ ও পৃথিবী — ক্রন্দসী
আহারে যার সংযম আছে — মিতাহারী
আগমনের কোনো তিথি নেই যার — অতিথি
আইনে ভেদ হয় যা — বিধায়ক
আধারস্থ বস্তু — আধেয়
আঙুল দিয়ে মাপা যায় এমন — অঙ্গুলিমেয়
আকাশ মারফত পাঠানো বাণী — আকাশবাণী
আসক্তি দূর হয়েছে যার — বীতরাগ
আহারের ফলে খিদের উপশম — ক্ষুন্নিবৃত্তি
আয়াস ছাড়াই যা লাভ করা যায় — অনায়াসলভ্য
আমিষ খান না যিনি — নিরামিষাশী
আমৃত্যু যে যুদ্ধ করে — সংশপ্তক
আপনাকে হীন করার ভাব — হীনম্মন্যতা
আপনাকে যে হত্যা করে — আত্মঘাতী
আকাশে গমন করে যে — বিহঙ্গ
আকাশে চরে বেড়ায় যে — খেচর
আচারে নিষ্ঠা আছে যার — আচারনিষ্ঠ
আচরণের যোগ্য — আচরণীয়
আগে চিন্তা করা হয়নি যা — অচিন্তাপূর্ব
আগে যা শোনা যায়নি — অশ্রুতপূর্ব
আদালত যার অনুকূলে ডিক্রি দেয় — ডিক্রিদার
আবেগ জড়িত অব্যক্ত ইঙ্গিতে কণ্ঠস্বর — গদগদ
আনন্দ নেই যার — নিরানন্দ
আজ্ঞাকে অতিক্রম করে — যথাজ্ঞা
আটপ্রহর পরার মতো — আটপৌরে
আবক্ষ জলে নেমে স্নান — অবগাহন
আদি হতে অন্ত পর্যন্ত — আদ্যোপান্ত
আদব জানে না যে — বেআদব
আট মাসে জন্মেছে যে — আটাশে
আদরের সাথে — সাদরে
আপনাকে ভুলে থাকে যে — আত্মভোলা
আপনাকে পণ্ডিত মনে করে যে — পণ্ডিতম্মন্য
আপনাকে কেন্দ্র করেই যার চিন্তা — আত্মচিন্তা
আপনার বর্ণ লুকায় যে — বর্ণচোরা
আরাধনার যোগ্য — আরাধ্য
আল্লাহকে বিশ্বাস করে যে — আস্তিক
আল্লাহকে বিশ্ব করে না যে — নাস্তিক
আনন্দ প্রদান করে যে — আনন্দপ্রদ
আমিষের অভাব — নিরামিষ
আয় বুঝে ব্যয় করে যে — মিতব্যয়ী
আয় বুঝে ব্যয় করে না যে — অমিতব্যয়ী
আমাকে অতিক্রম করে — আমাতীত
আসমানের মতো রং যার — আসমানি
আপনাকে কৃতার্থ মনে করেন যিনি — কৃতার্থমন্য
'আমিই সকলের প্রথমে' এরূপ মনোভাব — অহম্পূর্বিকা

ই

ইন্দ্রিয়ের দ্বারা যে বাহ্য বিষয়ের জ্ঞান জন্মে — জ্ঞানেন্দ্রিয়
ইচ্ছার অনুরূপ — ঐচ্ছিক
ইন্দ্রজালে নিপুণ — ঐন্দ্রজালিক
ইক্ষুরস জাত মদ্য — শীধু
ইহলোকে সামান্য নয় যা — অলোকসামান্য
ইন্দ্রজাল জানেন যিনি — সৌভিক
ইউরোপ সম্বন্ধীয় — ইউরোপীয়
ইহলোক সম্পর্কিত — ঐহিক
ইতিহাস সম্পর্কিত যা — ঐতিহাসিক
ইতিহাসে অভিজ্ঞ যিনি — ইতিহাসবেত্তা
ইত মধ্যকার ঘটনা — ইদানীং
ইন্দ্রকে জয় করেছে যে — ইন্দ্রজিত
ইন্দ্রিয়কে জয় করেছে যে — জিতেন্দ্রিয়
ইহার তুল্য — ইদৃশ
ইহকাল সম্পর্কিত যা — ইহলৌকিক
ইহলোকে সামান্য নয় যা — অলোকসামান্য

ঈ

ঈষৎ জাত — কবোষ্ণ
ঈষৎ নীল — অনীল
ঈষৎ কম্পিত — আধুত

ঈষৎ লাল — আরক্ত
ঈশ্বরে বিশ্বাস আছে যার — আস্তিক
ঈশ্বরে বিশ্বাস নাই যার — নাস্তিক

উ

উন্নত নয় যা — অনুন্নত
উদিত হয়নি যা — অনুদিত
উপদেশ দেওয়া হচ্ছে যাকে — উপদিশ্যমান
উত্তপ্ত করা হয়েছে যা — উত্তাপিত
উচ্চারণ করা কষ্টকর যা — দুরুচ্চার্য
উপমা নেই যে নারীর — নিরুপমা বা অনুপমা
উত্তরাধিকার সূত্রে পাওয়া ধন — রিকথ
উপস্থিত আছে যা — বর্তমান
উষ্ণ সহ্য করতে পারে না যে — উষ্ণাসু
উপেক্ষিত শস্য কণায় জীবন ধারণ — উঞ্ছবৃত্তি
উপেক্ষিত শস্যকনায় বাঁচে যে — উঞ্ছজীবী
উপদেশ লাভের যোগ্য — উপদেষ্টব্য
উত্তর দিক সম্পর্কিত — উদীচ্য
উচ্চারণ করা যায় না যা — অনুচার্য
উপকার করার ইচ্ছা — উপচিকীর্ষা
উদিত হচ্ছে যা — উদীয়মান
উর্বর নয় যা — উষর
উপস্থিত বুদ্ধি আছে যার — প্রত্যুৎপন্নমতি
উড়তে চায় এমন — উড়ু উড়ু
উপযুক্ত বয়স হয়েছে এমন — প্রাপ্ত বয়স্ক বা সাবালক
উদরই সর্বস্ব যার — উদরসর্বস্ব
উপকার করায় ইচ্ছা — উপচিকীর্ষা
উপকারীর উপকার স্বীকার করে যে — কৃতজ্ঞ
উপকারীর উপকার স্বীকার করে না যে — অকৃতজ্ঞ
উপকারীর অপকার করে যে — কৃতঘ্ন
উপায় নাই যার — নিরুপায়
উড়ে যাচ্ছে যা — উড্ডীয়মান

ঋ

ঋণ নেই যার — অঋণী
ঋণ শোধের অবস্থা নেই যার — দেউলিয়া
ঋণ আছে যার — ঋণী
ঋণ দেয় যে — উত্তমর্ণ
ঋষির দ্বারা উক্ত — আর্যবাক্য

এ

একই কালে বর্তমান — সমকালীন
একটুতেই ক্রুদ্ধ হয় এমন — কোপনস্বভাব
এক মতের ভাব — ঐকমত্য
একদিকে দৃষ্টি যার — একচোখা
এক জন্ম ও পরবর্তী অন্যান্য জন্ম — জন্মান্তর
একবার মাত্র সন্তান প্রসব করে যে নারী — কাকবন্ধ্যা
একবার শুনলেই যার মনে থাকে — শ্রুতিধর
একবার মাটির প্রলেপ দেয়া হয়েছে যাতে — একমেটে
একই সঙ্গে বসবাস — সহবাস
এখন বশে এসেছে — বশীভূত
এক ধর্ম যার — সহধর্মী
একবার মাত্র গর্ভধারণ করেছেন যে নারী — সকৃৎগর্ভা
একের পরিবর্তে আরেক — বিকল্প
এক গোঁ যার — একগুঁয়ে
একই ধারা বেয়ে চলে যা — ধারাবাহিক
এসেছেন যিনি — আগন্তুক
একতানের ভাব — ঐকতান
একের ভাষা অন্যকে বুঝিয়ে দেয় যে — দোভাষী
এখনো যার বালকত্ব কাটেনি — নাবালক
একদিকে চোখ যার — একচোখী
একই কর্মে নিযুক্ত যারা — সহকর্মী
একই সারিতে বসার অযোগ্য — অপাঙক্তেয়
একই সময়ে বর্তমান — সমসাময়িক
এক হতে আরম্ভ করে — একাদিক্রমে
একই গুরুর শিষ্য — সতীর্থ
একই সময়ে — যুগপৎ
একই স্বামীর পত্নী যারা — সপত্নী
একই মায়ের সন্তান — সহোদর
এক বিষয়ে নিবিষ্ট চিত্ত যার — একাগ্রচিত্ত
এক সঙ্গে পাঠ করে যে — সহপাঠী
এ পর্যন্ত শত্রু নাই যার — অজাতশত্রু
এ পর্যন্ত দাড়ি-গোঁফ জন্মায়নি যার — অজাতশ্মশ্রু

ক

কণ্ঠ পর্যন্ত — আকণ্ঠ
কনুই থেকে কাঁধ পর্যন্ত বহে ভাগ — প্রকোষ্ঠ
কনুই থেকে মুষ্টিবধ হস্তাগ্র পর্যন্ত পরিমাণ — রত্নি
কুলমান জানা নেই যার — অজ্ঞাতকুলশীল
কুম্ভ তৈরি করে যে — কুম্ভকার
ক্লেশ সৃষ্টি করে যে — ক্লেশকর
কষ্টি পাথরে ঘর্ষিত — নিকষিত

কৃষিই যার জীবিকা — কৃষিজীবী
কাজ করতে যে দেরি করে — দীর্ঘসূত্র, দীর্ঘসূত্রী
কোকিলের ডাক — কুহু
কোনো বিষয়ে যে শ্রদ্ধা হারিয়েছে — বীতশ্রদ্ধ
কাতর না হয়ে — অকাতরে
কানের পাশে লম্বিত কেশগুচ্ছ — কাকপক্ষ
কার্য সফল হয়নি যার — অকৃতকার্য
কদম ফুলের মতো — কদমা
কল্পনা করা যায় না যা — অকল্পনীয়
কাটা যায় যার দ্বারা — কাটারি
কথায় যা বর্ণনা করা যায় না — অনির্বচনীয়
কিছুদূর এগিয়ে যাওয়া — অনুব্রজন
কিছু নেই যার — অকিঞ্চন, নিঃস্ব
কুকুরের ডাক — বুক্কন
কষ্ট সহ্য করতে পারে যে — কষ্টসহিষ্ণু
কমে আসছে যা — হ্রাসমান
কুমারী মাতার সন্তান — কানীন
কয়েকটি মৌজার সমষ্টি — ডিহি
কুমুদ শোভিত পুষ্করিণী — কৌমুদিনী
কানের নিচের কোমল অংশ — লতি
কর দিতে হয় না যে জমির — নিষ্কর
কাচা হয়নি যা — অকাচা
কৃত্তিকার পুত্র — কার্তিকেয়
কৃশ উদর যে নারীর — কৃশোদরী
কখনো ভাবা যায়নি যা — অভাবনীয়
কর্মে অতিশয় কুশল — কর্মঠ
করার ইচ্ছা — চিকীর্ষা
কুন্তির পুত্র — কৌন্তেয়
কৈশোর হতে — আকৈশোর
কেউ জানতে পারে না এমনভাবে — অজ্ঞাতসারে
কিছুই পরোয়া করে না যে — বেপরোয়া
কষ্টে নিবারণ করা যায় যা — দুর্নিবার
কষ্টে অতিক্রম করা যায় যা — দুরতিক্রম্য
কষ্টে লাভ করা যায় যা — দুর্লভ
কষ্টে জয় করা যায় যা — দুর্জয়
কম্পন রাখার আধার — বিড়া
কোনো বিষয়ে নিশ্চিত জ্ঞান — প্রমা
কথা দিয়ে যিনি কথা রাখেন — বাঙনিষ্ঠ
ক্রমশ শীর্ণ হচ্ছে যা — বিশীর্যমান

কবিতার মধ্যে কবির পরিচয় জ্ঞাপক উক্তি — ভনিতা
কৃষ্ণ পক্ষের প্রতিপদযুক্ত চাঁদ — রাকা
কথা স্পষ্ট বোঝা যায় না যে লেখকের — লোহল
কচি ঘাসে ঢাকা জমি — শাদ্বল
কুৎসিৎ আকৃতি যার — কদাকার
কোথাও নত আবার কোথাও উন্নত — বন্ধুর
করুণা আছে যার — করুণাময়
কর দান করে যে — করদ
কাতর না হয়ে — অকাতরে
কথায় যা বর্ণনা করা যায় না — অবর্ণনীয়
কাঠের দ্বারা নির্মিত — কেঠো
কী করতে হবে বুঝতে না পারা — কিংকর্তব্যবিমূঢ়
কণ্ঠের সমীপে — উপকণ্ঠ
কোথাও হতে ভয় নাই যার — অকুতোভয়
কামনা দূর হয়েছে যার — বীতকাম
কর্মে অতিশয় কুশল — কর্মকুশল
কর্মে অতিশয় তৎপর — করিৎকর্মা
কর্মে তত্ত্বাবধান যিনি করেন — কর্মাধ্যক্ষ/কর্মকর্তা
কুশের অগ্রভাগের ন্যায় সূক্ষ্ম বুদ্ধি যার — কুশাগ্রবুদ্ধি
কুম্ভ (মাটিরপাত্র তৈরি) করে যে — কুম্ভকার
করে হয়েছে যা — কৃত

খ

খেয়া পার করে যে — পাটনী
খেলায় দক্ষ যে — খেলোয়াড়
খ্যাতি আছে যার — খ্যাতিমান
খুন করেছে যে — খুনি
খুব ঠান্ডাও নয়, গরমও নয় — নাতিশীতোষ্ণ
খরচের হিসাব নেই যার — বেহিসাবি
খুব বেশি দীর্ঘ নয় যা — নাতিদীর্ঘ
খুশি করতে ইচ্ছুক — প্রিয়চিকীর্ষু
খাইবার ইচ্ছা — ক্ষুধা

গ

গণ্ডারের মেরুদণ্ডে প্রস্তুত ধনু — গাণ্ডাব
গিরিতে শয়ন করেন যিনি — গিরিশ
গো দোহন করে যে কন্যা — দুহিতা
গমন করতে ইচ্ছুক — গন্তকাম
গমনের ইচ্ছে — জিগমিষা
গমন করতে পারে যে — জঙ্গম
গর্জনকারী ও জলবর্ষী মেঘ — গর্জন্য

গাড়ি চালায় যে — গাড়োয়ান
গতির অভাব — বেগতিক
গভীর রজনী — নিশীথ
গাছের মধ্যে গণ্য নয় যা — আগাছা
গদ্য পদ্যময় রচনা — চম্পু
গোলাপের মতো রং — গোলাপি
গলায় কাপড় দিয়ে — গানপত্য
গঙ্গার অপত্য — গাঙ্গেয়
গমন করে না যে — নগ
গোপন করার ইচ্ছা — জুগুপ্সা
গম্ভীর ধ্বনি — মন্দ্র
গ্রীবা সুন্দর যার — সুগ্রীব
গাঁয়ে প্রস্তুত — গ্রাম্য
গলায় ফাঁস আঁটিয়ে যে মৃত্যু — ফাঁসি
গলায় ফাঁস দিয়ে মরে যে — ফাঁসুড়ে

ঘ

ঘরের অভাব — হাঘর
ঘরে আশ্রিত যে জামাই — ঘরজামাই
ঘোড়ার ডাক — হ্রেষা
ঘুমাচ্ছে যে — ঘুমন্ত
ঘন হচ্ছে যা — ঘনায়মান
ঘৃণার উদ্রেক করে যে — ঘৃণাকর
ঘাম ঝরে পড়ছে এমন — গলদঘর্ম
ঘোর অন্ধকার রাত্রি — তমিস্রা
ঘর্ষণ বা প্রেষণাজাত গন্ধ — পরিমল
ঘর নাই যার — হাঘরে
ঘৃণার যোগ্য — ঘৃণ্য/ঘৃণাহ
ঘৃতের অল্প গন্ধ যাতে — ঘৃতগন্ধি

চ

চিরুনির মতো দাঁত যার — চিরুনদাঁতি
চল নেই যার — অচল
চতুরঙ্গ সেনাবিশিষ্ট বাহিনী — অক্ষৌহিনী
চোকের মণি — কনীনিকা
চার চাল যুক্ত ঘর — চৌরী
চড়ে যাওয়া যায় যাতে — যান
চোখ সুন্দর যে নারীর — সুলোচনা
চিন্তা করা যায় না যা — অচিন্তনীয়
চঞ্চল করে যা — চাঞ্চল্যকর
চক্ষুর নিমেষ কাল — পল
চন্দ্র সূর্যের গ্রহণ উপলক্ষে স্নান — মুক্তিস্নান
চোষা হচ্ছে যা — চুষিত
চোখের কোণ — অপাঙ্গ
চিরকাল মনে রাখার যোগ্য — চিরস্মরণীয়
যা চলছে — চলমান, চলিষ্ণু, চলন্ত
চিরকাল কাজ করছে তো করছেই — চিরক্রিয়
চর্বণ করে খাওয়া যায় যা — চর্ব্য
চক্ষুর সম্মুখে — চাক্ষুস
চলার শক্তি — চলচ্ছক্তি/চলৎশক্তি
চাঁদের মতো — চাঁদপনা
চিরকাল ধরিয়া স্থায়ী — চিরস্থায়ী
চিন্তার অতীত — চিন্তাতীত
চিরকাল স্থায়ী নয় যা — নশ্বর
চেটে খাওয়া যায় যা — লেহ্য
চৈত্র মাসের ফসল — চৈতালী
চক্ষুর দ্বারা নিষ্পন্ন — চাক্ষুষ
চুষিয়া খাওয়া যায় যা — চোষ্য
চোরা কারবার করে যে — চোরাকারবারী
চোখের নিমেষ না ফেলে — অনিমেষ
চোখে দেখা যায় যা — প্রত্যক্ষ
চেষ্টা নেই যার — নিশ্চেষ্ট

ছ

ছাদের উপরিস্থিত গ্রহ — বলভি
ছায়া প্রধান তরু — ছায়াতরু
ছিদ্র অন্বেষণ করে যে — ছিদ্রান্বেষী
ছ'মাস পর পর ঘটে — ষান্মাসিক
ছন্দো জ্ঞানসম্পন্ন — ছান্দসিক
ছিন্ন শাখা যার — ছিন্নশাখ
ছুতারের কাজ — তক্ষণ
ছুড়ে ফেলা হয়েছে — নিক্ষিপ্ত
ছল করে যে কান্না — মায়াকান্না

জ

জল দেয় যে — জলদ
জলই ওক বা আশ্রয় — জলৌকা
জলময় স্থান — অনুপ
জ্ঞানের অভাব — অজ্ঞান
জয়সূচক উৎসব — জয়ন্তী
জীবিত থাকার ইচ্ছা — জিজীবিষা
জীবিত থাকতে ইচ্ছুক — জিজীবিষু

জ্যেষ্ঠের বর্তমানে অনুজের পরিণয় — পরিবেদন
জরা নেই যার — নির্জর, অজর
জমির সীমানার বিবরণ — তায়াদাদ
জলে ডুব দিয়ে নিমজ্জিত বস্তুর উদ্ধার করে যে — ডুবুরি
জলাশয়ে নির্মিত গৃহ — জলটুঙি
জীব সম্পর্কীয় — জৈবিক
জয় করা হয়েছে এমন — জিত
জয় যেদিকে, সেদিকেই কাত হয় যে — হয়কেতা
জন্মগ্রহণ করেছে যে — জাতক
জন্ম থেকে অন্ধ — জন্মান্ধ
যে জমিতে বছরে দুবার ফসল ফলে — দুফসলি, দোজমি
জহ্নু মনির কন্যা — জাহ্নবী
জায়া ও পতি — দম্পতি
জীবনের দৈনিক বিবরণের বই — রোজনামচা
জল আর্দ্র যে ভূমি — জলী
জীবন থাকবে যত দিন — যাবজ্জীবন
জানা যায়নি যা — অজ্ঞাত
জানা যায় না যা — অজ্ঞেয়
জানা উচিত যা — জ্ঞেয়
জঙ্গলের অধিবাসী — জংলী
জলবেষ্টিত ভূভাগ — দ্বীপ
জল দ্বারা ব্যাপ্ত — জলময়
জানু পর্যন্ত লম্বিত — আজানুলম্বিত
জীবিত থাকিয়াও মৃত — জীবন্মৃত
জন্ম থেকে শুরু করে — আজন্ম
জন্মে নাই যে — অজ
জল পানের জন্য দেয় অর্থ — জলপানি
জলে চরে যে — জলচর
জল ও স্থলে চরে যে — উভচর
জ্বলজ্বল করছে যাহা — জাজ্বল্যমান
জয় করার ইচ্ছা — জিগীষা
জয় করতে ইচ্ছুক — জিগীষু
জানার ইচ্ছা — জিজ্ঞাসা
জানতে ইচ্ছুক — জিজ্ঞাসু
জীবন পর্যন্ত — আজীবন

ঝ, ট, ঠ, ড, ঢ

ঝাড়া মোছা হয় যার দ্বারা — ঝাড়ন
ঝুলে পড়েছে এমন — প্রলম্বিত
টোল পড়েনি এমন — নিটোল
ডাইনিকে পেটার মতো সাহস যার — ডানপিঠে
ঢেউয়ের ছলাৎ ছলাৎ শব্দ — ছলছল
ঢাকায় উৎপন্ন — ঢাকাই
ঢাক বাজায় যে — ঢাকী

ত

তিন ভাগের এক ভাগ — তেহাই
তড়িৎ থেকে উৎপন্ন — তাড়িত
তোষামোদের জন্য কারো কাছে যাওয়া — উপসর্পণ
তন্তু হতে জাত — তন্তুজ
তবলায় যে পারদর্শী — তবলচি
তার অপেক্ষা অধিক — ততোধিক
তল নেই যার — অতল
তার মতো — তদৃশ
তৃষ্ণার সঙ্গে — সতৃষ্ণ
ত্বরার সঙ্গে — সত্বর
তিন নদীর মিলন স্থল — তেমোহনা
তনু হতে জাত — তনুজ
তুলার তৈরি — তুলট
ত্যাগ করার ইচ্ছা — তিতীক্ষা
তীর ছোড়ে যে — তীরন্দাজ
ত্বরায় গমন করে যে — তুরগ
তল স্পর্শ করা যায় না যার — অতলস্পর্শ
তিন ফলের সমাহার — ত্রিফলা
তন্তু দ্বারা বয়ন করে যে — তন্তু বায় / তাঁতি

দ

দুদিকের হার সমান যার — দোহারা
দুরকমের অর্থ যার — দ্ব্যর্থক
দূর করা হয়েছে যা — দূরীকৃত
দেশের প্রতি প্রেম আছে যার — দেশপ্রেমিক
দান করার ইচ্ছা — দিৎসা
দগ্ধ হয়েছে যা — দগ্ধীভূত
দগ্ধ করা যায় না যা — অদাহ্য
দান গ্রহণ করা উচিত নয় যার থেকে — অপ্রতিগৃহ্য
দার পরিগ্রহ করেনি যে — অকৃতদার
দড়ির মতো লম্বা পথ — দগড়া, দাগড়া
দেশকে ভালোবাসার শিক্ষা — দেশপ্রেম
দেখা যায় না যা — অদৃশ্য
দেখা যায়নি যা — অদৃষ্ট
দেখতে ইচ্ছুক — দিদিক্ষা

...ন করার ইচ্ছা — দিৎসা
...দের মধ্যে একটি — অন্যতম
...ড় চালনা করে যে — ক্ষেপনিক
...হ, মনে ও কথায় — কায়মনোবাক্যে
...লছে যা বারবার — দোদুল্যমান
...ন করা উচিত — দাতব্য
...রের ঘটনাও যিনি দেখতে পারেন — দূরদর্শী
...গ্ধবতী গাভী — পয়স্বিনী
...পাশ বৃক্ষশ্রেণি যুক্ত পথ — বীথি
...ধ থেকে ছানা, দই ইত্যাদি পরিণত করা — তঞ্জন
...র্ভাবনা করছে যে — দুধূণায়মান
...দখার যোগ্য — দর্শনীয়
...য়া আছে যার — সদয়
...দশ আনন যার — দশানন
দিনের মধ্য ভাগ — মধ্যাহ্ন
দিনের শেষ ভাগ — অপরাহ্ণ
দিনে একবার আহার করে যে — একাহারী
দিন ও রাত্রির সন্ধিক্ষণ — গোধূলি
দীপ্তি ছড়াচ্ছে যা — দীপ্যমান
দমন করা কষ্টকর যা — দুর্দমনীয়
দমন করা যায় না যা — অদম্য
দর্শন শাস্ত্র জানেন যিনি — দার্শনিক
দন্ত্য-ণ মূর্ধন্য-ন হওয়ার নিয়ম — ণত্ববিধান
দিব্য আবেশের প্রভাবে বক্তৃতাকারী — বক্তা
দেখা যাচ্ছে যা — দৃশ্যমান
দূরের বস্তু দেখার যে বৈজ্ঞানিক যন্ত্র — দূরবীক্ষণ
দূরাত্মার কাজ — দেওরাত্ম
দুটি পাহাড়ের মাঝখানের নিচুভূমি — দ্রোণি
দুই পুত্রের জননী — দ্বিপুত্রিকা
দুই মাতার সন্তান — দ্বৈমাতুর
দ্বার রক্ষায় নিযুক্ত — দৌবারিক
দান করার ইচ্ছা — দিৎসা
দুই রথীর যুদ্ধ — দ্বৈরথ
দশরথের পুত্র — দাশরথি
দগ্ধ হয় না যা — অদাহ্য
দগ্ধ হয় যা — দাহ্য
দিনের প্রথম ভাগ — পূর্বাহ্ণ
দুঃখে দমন করা যায় যা — দুদমনীয়
দূর ভবিষ্যৎ ভেবে দেখেন যিনি — দূরদর্শী

দুহাতে সমান দক্ষতা যার — সব্যসাচী
দেহ সম্বন্ধীয় যা — দৈহিক
দেখার ইচ্ছা — দিদৃক্ষা
দ্বার পাহারা দেয় যে — দারোয়ান
দুবার জন্মে যা — দ্বিজ
দুবার ফসল জন্মে জাতে — দুফসলা
দুঃখে গমন করা যায় যেখানে — দুর্গম
দুঃখে নিবারণ করা যায় যা — দুর্ণিবার

ধ

ধূলিধূসরিত হয়ে যে উৎসব করা হয় — ধুলোট
ধন নাই যার — নির্ধন
ধনুকের ধ্বনি — টঙ্কার
ধার আছে যাতে — ধারালো
ধব (স্বামী) বিগত হয়েছে যার — বিধবা
ধন জয় করেন যিনি — ধনঞ্জয়
ধাতু ও পাথরের মূর্তি নির্মাণ করে যে — ভাস্কর
ধীরে গমন করে যে — মন্দগামী, শ্লথগামী
ধরকে ধারণ করে যে — ধরন্ধর
ধূম ছড়াচ্ছে এমন — ধূমায়মান
ধ্যানের যোগ্য — ধ্যেয়
ধ্যান করে যে — ধ্যাতা
ধারা ধরে চলে যা — ধারাবাহিক
ধনুকের ছিলা — জ্যা
ধারণ করে আছে এমন — ধারয়িষ্ণু
ধূম উদগীরণ করছে যা — ধূমায়মান

ন

নগরের উপকণ্ঠ — উপনগর
নত করা যায় না যা — অনমনীয়
নব প্রসূতি গাভী — ধেনু
নাসিকাবিহীন ব্যক্তি — বিগ্র
নিজেকে হত্যা করে যে — আত্মঘাতী
নিজের চোখে দেখেছে যে — সাক্ষী
নিজেকে কৃতার্থ মনে করার ভাব — কৃতার্থমন্যতা
নিজেকে কৃতার্থ মনে করে যে — কৃতার্থম্মন্য
নেই রদ (দন্ত) যার — নীরদ
যে নারীর উপমা নেই — নিরূপমা
নীর দান করে যে — নীরদ
নির্দোষের ভাব — নির্দোষতা
নিদারুণ মনকষ্ট — অন্তর্দাহ

POPULAR EDUCATION FAMILY RAJSHAHI EST: 2018

ন্যায় শাস্ত্রে পারদর্শী — নৈয়ায়িক
নাভি পর্যন্ত লম্বিত হার — লম্বিকা
নৌ চলাচলের যোগ্য — নাব্য
নদী ও বৃষ্টির জলে উর্বর দেশ — নৈমাত্রিক
নীরে জন্মে যার — নীরজা
নষ্ট হয় যা — নশ্বর
নষ্ট হয় না যা — অবিনশ্বর
নদী মাতা যার — নদীমাতৃক
নিশাকালে চরে বেড়ায় যে — নিশাচর
নীল বর্ণ পদ্ম — ইন্দীবর, কুবলয়
নিচে জল থাকে যার — অন্তঃসলিলা
নারীর লিলায়িত নৃত্য — লাস্য
নাম অজানা যার — অজ্ঞাতনামা
নাটকের পাত্রপাত্রী — কুশীলব
নির্ধারিত সময় — ওয়াদা
নির্মিত হচ্ছে যা — নির্মিৎসা
নিন্দা করার অযোগ্য — অনিন্দ্য
নূপুরের ধ্বনি — নিক্বণ
নৌকা চালায় যে — নাবিক
ন্যায় ভালো জানেন যিনি — নৈয়ায়িক
নিজেকে ধন্য মনে করে যে — ধন্যম্মন্য
নিজেকে ধন্য মনে করার ভাব — ধন্যম্মন্যতা
নিজেই পতি নির্বাচন করে যে — স্বয়ংবরা/পতিংবরা
নিজের দ্বারা অর্জিত — স্বোপার্জিত
নিজেকে বড় মনে করে যে — হামবড়া

প

পৃথিবীতে উৎপন্ন — পার্থিব
পুত্র নেই যার — অপুত্রক
প্রায় প্রভাত হয়েছে — প্রভাতকল্প
প্রস্তুত না হয়ে যিনি বক্তৃতা করেন — উপস্থিতবক্তা
পশম দিয়ে তৈরি — পশমী
পাখির বাসা — নীড়, কুলায়
পর্বতে উৎপন্ন — পার্বত্য
পলায়ন করছে যে — পলায়মান
পরস্পর আলিঙ্গন — কোলাকুলি
পরের মুখ চেয়ে থাকে যে — পরমুখাপেক্ষী
পথ চলার খরচ — পাথেয়
যাকে প্রীত করা হচ্ছে — প্রীয়মান
পরিব্রাজকের ভিক্ষা — মাধুকরী
পুরাকালের বিষয় জানেন যিনি — পুরাতাত্ত্বিক
পুত্রহীনা নারী — অবীরা
পরের অন্নে যে জীবন ধারণ করে — পরান্নজীবী
পানের অযোগ্য — অপেয়
পূর্বে শোনা যায় নি যা — অশ্রুতপূর্ব
প্রবেশে ইচ্ছুক — বিবিক্ষু
পূর্বে অধ্যাপক ছিলেন যিনি — অধ্যাপকচর
পুনঃপুনঃ দীপ্ত পাচ্ছে যা — দেদীপ্যমান
প্রথমা স্ত্রী থাকতে দ্বিতীয়বার বিবাহকারী — অধিবেত্তা
পণ্য দ্রব্য জীবিকা যার — পণ্যজীব
পচে যাচ্ছে যা — পচমান
পাক করা হচ্ছে যা — পচ্যমান
পাওয়া যায় না যা — অপ্রাপ্য
পানের ডিবা বহনকারী দাসী — তাম্বুল করঙ্ক বাহিনী
পরিশোধ করা যায় না যা — অপরিশোধ্য
পরিতোষ সহকারে যা দেওয়া যায় — পারিতোষিক
পূর্বকাল সম্বন্ধীয় — প্রাক্তন
প্রাণ যায় তাও স্বীকার করে — প্রাণ পণে
পরের দ্রব্য আত্মঘাতকারী — পরস্বাপহারী
পেতে ইচ্ছে করা যায় যে বস্তু — ইপ্সিত
পেতে ইচ্ছুক — পেপ্সু
পাহাড়ের পথ যেখানে নিম্নমুখী হয়েছে — উতরাই
পত্নি যার বিদেশী থাকে — প্রোষিতপত্নীক
প্রতিনিধান ইচ্ছুক — প্রতিবিধিৎসু
প্রচুর ফলযুক্ত — পলাঢ্য
প্রতি মাসের রোজ — মাসিক
প্রাক্কালে ছিল যা — প্রাক্তন
প্রকাশ করা যায় না যা — অপ্রকাশ্য
প্রতিবিধান করা যায় না যার — অপ্রতিরোধ্য
প্রতীক্ষা করছে যে নারী — প্রতীক্ষমাণ
প্রভাতে ভ্রমণকারী — উষাচার
প্রবল বাতাসের সংঘাত ধ্বনি — নির্ঘাত
প্রমাণ করে যে — প্রমাতা
প্রাজ্ঞজনের স্ত্রী — প্রাজ্ঞী
পরদ্রব্য হরণ না করা — অস্তেয়
পা দ্বারা পান করে যে — পাদপ
পৃথিবীর সহিত সম্পর্কযুক্ত যা — পার্থিব
প্রথমে পথ দেখান যিনি — পথিকৃৎ
প্রতিষ্ঠা লাভ করেছে যে — লব্ধপ্রতিষ্ঠ

প্রশংসার যোগ্য — প্রশংসনীয়
প্রতিকার করার ইচ্ছা — প্রতিচিকির্ষা
প্রবেশ করার ইচ্ছা — বিবিক্ষা
প্রমাণ করা যায় না যা — অপ্রমেয়
প্রমাণ করা যায় যা — প্রমেয়
প্রাণের চেয়ে প্রিয় — প্রাণপ্রিয়
প্রিয় কথা বলে যে — প্রিয়ংবদা
প্রিয় কথা বলে যে রমনী — প্রিয়ংবদী
প্রেম করে যে বা যিনি — প্রেমিক / প্রেমিকা
প্রেমের যোগ্য — প্রিয়
প্রিয় কাজ করতে ইচ্ছুক — প্রিয়চিকীর্ষু
পুরুষানুক্রমে ভোগ্য — মৌরুসী
পশুপাখি বধের কাজ — মৃগয়া
পদ্ম নাভিতে যার — পদ্মনাভ
পাঁচ মুখ যার — পঞ্চানন
পানীয় পাওয়া যায় যে স্থানে — প্রপা, প্রপান
পুত্রের হত্যাকারী যে — পুত্রহা
প্রথম প্রথম যা মধুর অথচ পরে তা নয় — আপাতমধুর
পট আঁকে যে — পটুয়া
পবর্তের কনা — পার্বতী
পরে জন্মেছে যে — অনুজ
পঙ্কে জন্মে যা — পঙ্কজ
পত্নীর সহিত — সপত্নীক
পরের উন্নতি দেখলে যার হিংসা হয় — পরশ্রীকাতর
পরিহার করা যায় না যা — অপরিহার্য
পরলোক করা যায় না যা — পারলৌকিক
পরিমিত ব্যয় করেন যিনি — মিতব্যয়ী
পিতার ভ্রাতা — পিতৃব্য
পুনঃপুনঃ জ্বলছে যা — জাজ্বল্যমান
পুনঃপুনঃ কাঁদছে যা — রোরুদ্যমান
পূর্বে কখনো যা ঘটে নাই — অভূতপূর্ব
পূর্বে যা ছিল এখন নাই — ভূতপূর্ব
পূর্ব জন্মের কথা স্মরণ থাকে যার — জাতিস্মর
পূর্বে স্বাদ লওয়া হয়নি যার — অনাস্বাদিত
পূর্বে যার ঘ্রাণ নেয়া হয়নি — অনাঘ্রাত
পাকির কলরব — কূজন
পান করার ইচ্ছা — পিপাসা
পান করা যায় যা — পেয়
পা ধুইবার জল — পাদ্য
পাঁচ রকমের জিনিস মেলানো যাতে — পাঁচমিশালী
পা হতে মাথা পর্যন্ত — আপাদমস্তক
প্রেম করার ইচ্ছা — প্রেমিষা

ফ

ফুল পাকিলে যে গাছ মরে যায় — ওষধি
ফুলের তৈরি — ফুলেল
ফাঁস দিয়ে যে মানুষ মরে — ফাঁসুড়ে

ব

বীর সন্তান প্রসব করেন যিনি — বীরপ্রসূ
বৃহৎ অরণ্য — অরণ্যানী
বেলাভূমি অতিক্রম করেছে যে — উদ্বেল
বাক্যে যা প্রকাশ করা যায় না — অনির্বচনীয়
বৃদ্ধির দিকে যার গতি — বর্ধিষ্ণু
বয়ে যাচ্ছে যা — প্রবহমান
বুকে হেঁটে চলে যা — উরগ
বিনাশ নেই যার — অবিনশ্বর
বলা হচ্ছে যা — উচ্যমান
বারবার যাকে দেখেও আশা মেটে না — অসেচনক
বাসস্থান না জানিয়ে থাকা — অজ্ঞাতবাস
বিজয়ে, অনিচ্ছুক — অবিজিগীষু
বিদেশে স্থায়ীভাবে বসবাসের জন্য যাত্রা — প্রবসন
ব্যয় নেই যার — অব্যয়
বসন্ত ইত্যাদি রোগের টিকা হয়নি যার — সোঁদা
বিড়ালের মিউ মিউ ডাক — জিবন
বর দেয় যে নারী — বরদা
বাইরের আদবকায়দায় দক্ষ অথচ ফাঁকিবাজ — লেফাফাদুরস্ত
বহুর মধ্যে প্রধান — শ্রেষ্ঠ
বহু থেকে ভিক্ষা সংগ্রহ করে যে — মাধুকর
বন্দনা করার যোগ্য — বন্দ্য
বাঘের চামড়া — কৃত্তি
বারি দান করে যে — বারিদ
বাস্তু হতে উৎখাত যারা — উদ্বাস্তু
বালক হতে শুরু করে বৃদ্ধ পর্যন্ত — আবালবৃদ্ধবণিতা
বিজ্ঞান জানেন যিনি — বৈজ্ঞানিক
বিনা যত্নে উৎপন্ন — অযত্নসম্ভূত
বিনা আরামে সম্পাদিত — অযত্নকৃত
বিনা আয়াসে লাভ করা যায় যা — অনায়াসলভ্য
বিনা যত্নে লাভ করা যায় — প্রযত্নসম্ভূতলব্ধ
বিচার বিবেচনা করে কাজ করে না যে — অবিমৃষ্যকারী

বিষ্ণুর উপাসক — বৈষ্ণব
বিবাদ করছে যারা — বিদ্যমান
বিদেশ হতে আগত — বৈদেশিক
বিদেশে থাকে যে — প্রবাসী
বিহঙ্গের ধ্বনি — কাকলি
বীর সন্তান প্রসব করে যে — বীরপ্রসূ
বীণার ঝঙ্কার — নিক্কণ
বীরের ধ্বনি — হুংকার
বেদান্ত জানেন যিনি — বৈদান্তিক
বৃহৎ অরণ্য — অরণ্যানী
ব্যাকরণ জানেন যিনি — বৈয়াকরণ
ব্যাঙের ছানা — ব্যাঙাচি
বাঘের ডাক — হালুম
বাঘ ছালের বস্ত্র — বাঘাম্বর
বরণ করার যোগ্য — বরেণ্য
বলা হবে যা — বক্ষ্যমান
বিশ্বাস করার যোগ্য — বিশ্বাসযোগ্য
বুদ্ধের উপাসক — বৌদ্ধ
বাঁধতে ইচ্ছুক — বিজীবিষু
বারো মাসের কাহিনি — বারমাস্যা
বয়সে সকলের ছোট — কনিষ্ঠ
বুদ্ধিমাত্র জীবিকা যার — বুদ্ধিজীবী
বিশেষভাবে দেখা হচ্ছে যে নারীকে — বীক্ষ্যমানা
বিবাহের যোগ্য কন্যা — সমকন্যা
বেতন দেওয়া হয় না যাতে — অবৈতনিক
বীজ বপনের উপযুক্ত সময় — জো
বমি করার ইচ্ছা — বিবমিষা
বরণ করার যোগ্য — বরণীয়
বহুকাল যাবৎ চলে আসছে যা — চিরন্তন
বলার ইচ্ছা — বিবক্ষা
বলার যোগ্য নয় যা — অকথ্য
বক্তৃতা দানে যিনি পটু — বাগ্মী
বনে বাস করে যে — বনবাসী
বয়সের তুল্য — বয়স্য
বপন করা হয়েছে যা — উপ্ত
বলা হয়নি যা — অনুক্ত
বলা হয়েছে যা — উক্ত
বাক্য দ্বারা গঠিত — বাঙ্ময়
বিশেষভাবে চিন্তা করা হয়েছে এমন — বিচিন্তিত

ভ

ভাসছে যা — ভাসমান
ভিক্ষার অভাব — দুর্ভিক্ষ
ভুজ বা বাহুতে ভর করে চলে যে — ভুজঙ্গম
ভূত, ভবিষ্যৎ ও বর্তমান জানেন যিনি — ত্রিকালজ্ঞ
ভোজন করার ইচ্ছা — বুভুক্ষা
ভোজন করতে ইচ্ছুক — বুভুক্ষু
ভ্রমরের ধ্বনি — গুঞ্জন
ভ্রমণ করে যে — ভ্রমণকারী / পর্যটক
ভাতের অভাব — হাভাতে
ভাতের জন্য পরের গলগ্রহ — ভাতুড়ে
ভ্রাতাদের পরস্পর প্রীতি — সৌভ্রাত্র
ভিক্ষা মেলে না যে অবস্থায় — দুর্ভিক্ষ
ভাবী স্বামী মৃত যে নারীর — অন্যপূর্বা
ভীষণ কাঁদছে এমন — রোরুদ্যমান
ভেতরে যার কিছু নেই — অন্তঃসারশূন্য
ভেতরে থেকে গোপনে ক্ষতি সাধন — অন্তর্ঘাত
ভাবা যায় না যা — অভাবনীয়
ভবিষ্যৎ কী হবে দেখে যে — পরিণামদর্শী
ভয় নাই যার — নির্ভীক
ভদ্র লোক যে রকম ব্যবহার করেন — ভদ্রোচিত
ভালো বোঝা যায় না যা — দুর্বোধ্য
ভেতরে ধার নেই যার — অসয়

ম

মাটির মতো রং যার — মেটে
মাটি (মৃত্তিকা) দিয়ে তৈরি — মৃন্ময়
মাথা পেতে নওয়ার যোগ্য — শিরোধার্য
মুষ্টি দ্বারা পরিমাপ করা যায় যা — মুষ্টিমেয়
মৃত্যুকাল পর্যন্ত — আমৃত্যু
মরতে ইচ্ছুক — মূর্তুকাম
মাটি ভেদ করে ওপরে ওঠে যা — উদ্ভিদ
মাসের শেষ দিন — সংক্রান্তি
মুখে (দাঁতে) যার বিষ — আশীবিষ
মনে জন্ম যার — মনসিজ
মমতা আছে যার — অমায়িক
মমতা নাই যার — নির্মম
ময়ূরের ডাক — কেকা
মরমর অবস্থা হয়েছে যার — মুমূর্ষু
মর্মকে স্পর্শ করে যা — মর্মস্পর্শী

মর্মকে পীড়া দেয় যে — মর্মন্তুদ/মর্মান্তিক
মরণ পর্যন্ত — আমরণ
মন হরণ করে যা — মনোহারি
মামলা করতে অভ্যস্থ — মামলাবাজ
মৃত গবাদি পশু ফেলা হয় যেখানে — ভাগাড়

র

রাত্রির প্রথম ভাগ — পূর্বরাত্রি
রাত্রির মধ্যভাগ — মধ্যরাত্রি
রাত দিন সর্বদা — অহোরাত্র
রাতে দেখে না যে — রাতকানা
রাত্রিকালীন আহার — সায়শন
রসের স্বাদ নেওয়া যায় যা দিয়ে — রসনা
রাষ্ট্র সম্বন্ধীয় — রাষ্ট্রিক
রক্তবর্ণ পদ্ম — কোকনদ
রস আছে যার — রসিক
রস আছে যাতে — রসাল
রাজ্যের অভ্যন্তরীণ শাসন ও অন্যান্য — স্বরাষ্ট্র

ল

লেখা যায় যার দ্বারা — লেখনী
লজ্জা পাচ্ছে যে নারী — ত্রপমাগ, লজ্জামানা
লোভ নেই যার — নির্লোভ
লেহন করা হয়েছে যা — লীঢ়
লাভ করার ইচ্ছা — লিপ্সা

শ

শোনা যাচ্ছে যা — শ্রুয়মান
শতবর্ষের সমাহার — শতাব্দী
শত্রুকে হনন করে যে — শত্রুঘ্ন
শক্তির উপাসক — শাক্ত
শত্রু এখনো জন্মায় নাই যার — অজাতশত্রু
শহরে থাকে যে — শহুরে
শ্রনিবামাত্র যিনি মনে রাখতে পারেন — শ্রুতিধর
শৈশবকাল অবধি — আশৈশব
শ্রদ্ধার যোগ্য — শ্রদ্ধেয়
শ্রবণ করার ইচ্ছা — শ্রবণেচ্ছা
শুনলেই যার মনে থাকে — শ্রুতিধর
শুনতে ইচ্ছুক — শুশ্রূষু
শ্রবণের যোগ্য — শ্রাব্য
শ্রবনের যোগ্য নয় — অশ্রাব্য
শিক্ষা লাভই উদ্দেশ্য যার — শিক্ষার্থী
শোভন হৃদয় যার — সুহৃদ
শত্রুকে বধ করেন যিনি — শত্রুঘ্ন
শিক্ষা করছে যে — শিক্ষানবীস
শবের শয়ান স্থান — শ্মশান
শুভক্ষণে জন্ম যার — ক্ষণজন্মা
শ্রবণের যোগ্য — শ্রবণী

স

সকলের জন্য প্রযোজ্য — সর্বজনীন
সকলের জন্য অনুষ্ঠেয় — সর্বজনীন
সত্য কথা বলে যে — সত্যবাদী
সহ্য করা স্বভাব যার — সহিষ্ণু
সর্বস্ব হৃত হয়েছে যার — হৃতসর্বস্ব
সরোবরে জন্মে যা — সরোজ
সেবা করার ইচ্ছা — শুশ্রূষা
সেবা করেন যিনি — সেবক / সেবিকা
সুন্দর দাঁত যে রমণীর — সুদন্তী
সহজে নষ্ট হয়ে যায় যা — নশ্বর
সমান বয়স্ক যাদের — সমবয়স্ক
সহজে নষ্ট হয়ে যায় না যা — অবিনশ্বর
স্বয়ং যিনি হয়েছেন — স্বয়ম্ভূ
স্বীয় জ্যোতিতে দীপ্তিশীল — স্বয়ংপ্রভ
সমুদ্র হতে হিমাচল পর্যন্ত — আসমুদ্রহিমাচল
সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা — প্রত্যুদগমন
সকল খাদ্য ভক্ষণ করে যে — সর্বভুক
স্ত্রীর বশীভূত যিনি — স্ত্রৈণ
সমস্ত জীবন ব্যাপীয়া — আজীবন
সিংহের গর্জন — নাদ
সন্তান প্রসব করেন যিনি — প্রসূতি

হ

হিসাব নাই যার — বেহিসাবি
হরিণের চামড়া — অজিন
হস্তীর চিৎকার — বৃংহতি
হিরণ্য দ্বারা নির্মিত — হিরণ্ময়
হনন করার ইচ্ছা — জিঘাংসা
হৃত হতেছে যার পুঁজি — হৃতসর্বস্ব

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. মৃতের মতো অবস্থা যার — এককথায় কী বলা হয়?
ক. মুমূর্ষা খ. মুমূর্ষু
গ. মুমূর্ত ঘ. মুমূর্ষ

২. 'জয়ের জন্য যে উৎসব'- এককথায় কী হবে?
ক. বিজয়জয়ন্তী খ. জয়ন্তী
গ. জয়াত্রী ঘ. বিজয়োৎসব

৩. উপস্থিত বুদ্ধি আছে যার-
ক. বুদ্ধিমান খ. বুদ্ধিমতী
গ. বিচক্ষণ ঘ. প্রত্যুৎপন্নমতি

৪. যিনি বক্তৃতাদানে পটু —
ক. বাকপটু খ. সুবক্তা
গ. বাগ্মী ঘ. অনলবর্ষী

৫. 'মিলের অভাব' শব্দ দুটি এককথায় প্রকাশ করুন।
ক. গামিল খ. মিল
গ. নির্মল ঘ. গরমিল

৬. একই সময়ে বর্তমান—
ক. সমসাময়িক খ. যুগপৎ
গ. সতীর্থ ঘ. যুগল

৭. প্রতিকার করার ইচ্ছা—
ক. প্রতিচিকীর্ষু খ. প্রতিচিকীর্ষা
গ. অপকারাকীর্ষা ঘ. প্রতিহিংসা

৮. মনে যাহার জন্ম—
ক. মৃন্ময় খ. মনসিজ
গ. মনসিজ ঘ. মহাহৃত

৯. যাহা অধ্যয়ন করা হইয়াছে—
ক. অধ্যয়ন খ. পঠিত
গ. অধিন্ন ঘ. অধীত

১০. যাহা উচ্চারণ করিতে কষ্ট হয়—
ক. কষ্টার্ত খ. দুর্গম
গ. অনুচ্চার্য ঘ. অপঠিত

১১. যাহা বলা উচিত নয়—
ক. উক্ত খ. অপ্রতক্য
গ. অকথ্য ঘ. অনুচিত্য

১২. যাহা অতিক্রম করা যায় না—
ক. অনতিক্রম খ. অসম্ভব
গ. দুরতিক্রম্য ঘ. অতিক্রমনা

১৩. যাহার এ পর্যন্ত দাড়ি উঠে নাই—
ক. অজাতশত্রু খ. অজাতশ্মশ্রু
গ. অজাতশ্মশ্রূ ঘ. অজাতশ্মশ্রূক

১৪. যিনি বিদ্যালাভ করিয়াছেন—
ক. বিদ্বান খ. বিদ্যাপতি
গ. লব্ধজ্ঞান ঘ. কৃতবিদ্য

১৫. যা বলা হয়েছে—
ক. উপ্ত খ. উক্ত
গ. বক্তব্য ঘ. কথ্য

১৬. 'লাফিয়ে চলে যা' এককথায় কী হবে?
ক. প্লবগ খ. নগ
গ. খেচর ঘ. লম্ফমান

১৭. 'যা সহজে অতিক্রম করা যায় না'- বাক্যাংশের সংক্ষিপ্ত রূপ
ক. অনতিক্রম্য খ. অলঙ্ঘ্য
গ. দুরতিক্রম্য ঘ. দুর্গম

১৮. 'অক্ষির সমীপে'র সংক্ষেপ হলো—
ক. সমাক্ষ খ. পরোক্ষ
গ. প্রত্যক্ষ ঘ. নিরপেক্ষ

উত্তরপত্র

১.	খ	২.	ঘ	৩.	ঘ	৪.	গ	৫.	[illegible]
৬.	ক	৭.	খ	৮.	খ	৯.	ঘ	১০.	[illegible]
১১.	গ	১২.	গ	১৩.	খ	১৪.	ঘ	১৫.	[illegible]
১৬.	ক	১৭.	ক	১৮.	গ				

বাগধারা ও প্রবাদ-প্রবচন

'বাগধারা' শব্দের অর্থ কথা বলার 'বিশেষ ঢং বা রীতি'। এ
একধরনের গভীর ভাব ও অর্থবোধক শব্দ বা শব্দগুচ্ছ।
ভাষায় এমন কিছু শব্দ বা বাক্যাংশ থাকে, যা সাধারণ অর্থের বা
বিশিষ্ট অর্থ প্রকাশ করে থাকে। এসব শব্দ বা বাক্যাংশকে বাগ
বা বাগবিধি বলে। বাগধারা বাংলা ভাষার বিশিষ্ট সম্পদ। বাগধা
মাধ্যমে বক্তার মনের গভীর ভাবকে অল্প কথায় সুন্দরভাবে প্রক
করা যায়। এগুলো ভাষাকে শক্তিশালী, ব্যঞ্জনাময় ও আকর্ষ
করে তোলে। তাই সব ভাষাতেই বাগধারার বিশেষ প্রয়োগ ল
করা যায়।

বাগধারার প্রয়োগ

১. অন্ধের যষ্টি (একমাত্র অবলম্বন) : বিধবার আঁচলের নি
অন্ধের যষ্টি এ ছেলেটিকে কেড়ে নিয়ো না ঠাকুর।
২. অকাল কুষ্মাণ্ড (অপদার্থ) : ডাক্তার বাবুর ছেলেটি অক
কুষ্মাণ্ড।
৩. অক্কা পাওয়া (মরে যাওয়া) : লাঞ্ছিতা মেয়েটি বাসের চাপ
অক্কা পেয়েছে।
৪. অকূল পাথার (অসীম বিপদ) : অকূল পাথারে থেকো তুমি
ভরসার আলো।
৫. অগস্ত্য যাত্রা (চিরতরে যাত্রা) : গুরুজনের সাথে দুর্ব্যবহার কর
ছেলেটি স্কুল থেকে অগস্ত্য যাত্রা করেছে।

৬. **অগ্নিপরীক্ষা** (কঠোর পরীক্ষা) : এবার সামনে ইংরেজি পরীক্ষা, এ অগ্নিপরীক্ষায় উত্তীর্ণ হতে পারলে আর ভয় নেই

৭. **অমাবস্যার চাঁদ** (অদর্শনীয় বস্তু) : গালিব ডাক্তার হওয়ায় বাবা, মা যেন অমবস্যার চাঁদ হাতে পেলেন।

৮. **অর্ধচন্দ্র** (গলাধাক্কা) : সন্ত্রাসী ছেলেকে অর্ধচন্দ্র দিয়ে বাবা বাড়ি থেকে বিদায় করে দিলেন।

৯. **অন্ধকারে ঢিল মারা** (আন্দাজে কাজ করা) : অধিকাংশ সময় আমরা অন্ধকারে ঢিল মারি; এটা ঠিক নয়।

১০. **অঘটন-ঘটনপটীয়সী** (অসাধারণ ক্ষমতাসম্পন্ন ব্যক্তি) : ছিদ্দিক সাহেব যে এমন অঘটন-ঘটনপটীয়সী লোক, তা আমি জানতাম না।

১১. **অথৈ জলে পড়া** (ভীষণ বিপদে পড়া) : এনাম সাহেব চাকরিজীবনের সব সঞ্চয় হারিয়ে এখন অথৈ জলে পড়েছেন।

১২. **অরণ্যে রোদন** (বৃথা চেষ্টা) : কৃপণের কাছে দরিদ্রদের জন্য সাহায্য চাওয়া অরণ্যে রোদন মাত্র।

১৩. **অনুরোধে ঢেঁকি গেলা** (অনুরোধ কষ্ট সহ্য করা) : নেতা-নেত্রীর অনুরোধে কি শেষ পর্যন্ত ঢেঁকি গিলতে হবে?

১৪. **অনধিকার চর্চা** (অধিকার নাই এমন বিষয়ে আলোচনা) : পরের পারিবারিক বিষয় আলোচনা তোমার অনধিকার চর্চা।

১৫. **অল্পবিদ্যা ভয়ংকরী** (অল্পবিদ্যার দেমাক) : অল্পবিদ্যা ভয়ংকরী বলেই তো সে আজ সমাজের কাছে নাজেহাল হয়েছে।

১৬. **অহিনকুল সম্পর্ক** (শত্রু সম্পর্ক) : ভাইয়ে ভাইয়ে অহিনকুল সম্পর্ক থাকা ভালো না।

১৭. **আকাশ-কুসুম ভাবা** (অসম্ভব কল্পনা) : ঢাকা শহরে একটা বাড়ি নির্মাণ করা নীতিনিষ্ঠ মানুষের পক্ষে আকাশ-কুসুম ভাবার ব্যাপার।

১৮. **আক্কেল গুড়ুম** (হতবুদ্ধি হওয়া) : সন্ত্রাসীর ঔদ্ধত্য দেখে সবার একেবারে আক্কেল গুড়ুম।

১৯. **আক্কেল সেলামি** (বোকামির দণ্ড) : অসৎ বন্ধুদের সাথে মিশে আক্কেল সেলামি স্বরূপ একবার ফেল করেছি, আর মিশছি না।

২০. **আক্কেল দাঁত** (বুদ্ধির পরিপক্বতা) : নেতা-নেত্রীর কথা শুনে মনে হয় জাতির এখনো আক্কেল দাঁত ওঠেনি।

২১. **আঙুল ফুলে কলাগাছ** (হঠাৎ বড়লোক) : স্বাধীনতাযুদ্ধের বাজারে চুরি করে কতজন যে আঙুল ফুলে কলাগাছ হয়েছে, কে তার হিসাব রাখে।

২২. **আট কপালিয়া** (হতভাগ্য) : স্বামীহারা এই আটকপালী/কপালিয়া নারীর দুর্ভোগের সীমা নেই।

২৩. **আঠারো মাসে বছর** (দীর্ঘসূত্রিতা) : সেতু নির্মাণকাজের গতি দেখে মনে হচ্ছে আঠারো মাসে বছর।

২৪. **আঁতে ঘা দেওয়া** (মনঃকষ্ট দেওয়া) : সত্য কথা বলায় তার আঁতে ঘা লেগেছে।

২৫. **আদা-জল খেয়ে লাগা** (বিশেষ চেষ্টা করা) : গ্রামে কলেজ স্থাপনের জন্য এক শ্রেণির যুবক আদা-জল খেলে লেগেছে।

২৬. **আদিখ্যেতা** (ন্যাকামি) : হয়েছে, আর আদিখ্যেতা করতে হবে না, এখন কথাটা বলে ফেলো।

২৭. **আদায় কাচকলা সম্বন্ধ** (শত্রুতা) : রহিম ও করিম দুই ভাইয়ের মধ্যে এখন আদায় কাচকলা সম্বন্ধ।

২৮. **আমড়া কাঠের ঢেঁকি** (অপদার্থ) : তুমি তো আমড়া কাঠের ঢেঁকি, লেখাপড়া করে কী হবে তা তুমি জানবে কী করে?

২৯. **আমতা আমতা করা** (ইতস্তত করা) : সত্যকে গোপন রাখতে গেলে যে আমতা আমতা করতে হয়।

৩০. **আহ্লাদে আটখানা** (অতিশয় খুশি) : চাকরি পেয়ে এনাম একেবারে আহ্লাদে আটখানা।

৩১. **আহ্লাদের পুতুল** (নিষ্কর্মা) : আর কত দিন আহ্লাদের পুতুল হয়ে থাকবে? কাজ কারবারের ব্যবস্থা করো।

৩২. **আলালের ঘরের দুলাল** (আদুরে ছেলে) : গালিব রহিম সাহেবের একমাত্র ছেলে আলালের ঘরের দুলাল। তার আর ভাবনা কীসের।

৩৩. **আষাঢ়ে গল্প** (অবিশ্বাস্য কাহিনি) : রহিম শেখ আষাঢ়ে গল্প বলতে ওস্তাদ।

৩৪. **ইলশে গুঁড়ি** (গুঁড়ি গুঁড়ি বৃষ্টি) : আজ কদিন যাবৎ কী যে ইলশে গুঁড়ি বৃষ্টি শুরু হয়েছে।

৩৫. **ইলাহি কাণ্ড** (বিরাট আয়োজন) : রহিম সাহেবের ছেলের বিয়ের আয়োজন এক ইলাহি কাণ্ড।

৩৬. **ইতর বিশেষ** (ভেদাভেদ) : হিন্দু মুসলমান ইতর বিশেষ আমি পছন্দ করি না।

৩৭. **ইঁদুর কপালে** (মন্দ ভাগ্য) : ইঁদুর কপালে মেয়েটি অবশেষে স্বামীকে হারিয়েছে।

৩৮. **ইঁচড়ে পাকা** (অকাল পক্ব) : ছেলেটি কি ইঁচড়ে পাকা, স্কুল থেকে কলেজে যেতে না যেতেই অস্ত্র হাতে নিয়েছে।

৩৯. **ঈদের চাঁদ** (অতি আকাঙ্ক্ষিত বস্তু) : হারানো ছেলেকে ফিরে পেয়ে মা ঈদের চাঁদ হাতে পেল।

৪০. **উভয় সংকট** (দুদিকে বিপদ) : অর্থনীতি না ইংরেজিতে পড়ব সে নিয়েই উভয় সংকটে পড়েছি।

৪১. **উড়ে এসে জুড়ে বসা** (অবাঞ্ছিত অধিকার) : তুমি আবার কোথা থেকে উড়ে এসে জুড়ে বসলে।

৪২. **উড়নচণ্ডী** (অমিতব্যয়ী) : উড়নচণ্ডীরা প্রায়ই শেষ বয়সে অশেষ দুঃখ ভোগ করে।

৪৩. **উত্তম মধ্যম** (প্রহার) : চোরটাকে ধরে সবাই উত্তম মধ্যম দিয়ে বের করে দিল।

৪৪. **উঠতে বসতে** (যখন তখন) : উঠতে বসতে গঞ্জনা শুনে মাহারা মেয়েটি অতিষ্ঠ হয়ে উঠল।

৪৫. **উঠে পড়ে লাগা** (দৃঢ় সংকল্প) : টেস্ট পরীক্ষার পর ইরিনা এসএসসি পরীক্ষার প্রস্তুতির জন্য উঠে পড়ে লেগেছে।

৪৬. **ঊনপাঁজুরে** (অভাগা) : এই ঊনপাঁজুরে মেয়েটির লতিকা নাম ঠিকই আছে।

৪৭. **উলুবনে মুক্তা ছড়ানো** (অপাত্রে দান) : তার মতো গবেট মূর্তিকে সদুপদেশ দেওয়া আর উলুবনে মুক্তা ছড়ানো সমান কথা।

৪৮. **উদোর পিণ্ডি বুদোর ঘাড়ে** (একের দোষ অন্যের ওপর) : দোষ করল গালিব, মার খেল আকাশ; একেই বলে উদোর পিণ্ডি বুদোর ঘাড়ে।

৪৯. **এক ঢিলে দুই পাখি মারা** (এক কৌশলে দুই কাজ সিদ্ধ করা) : একই বই আমি ইন্টারমিডিয়েট ও বিএ-র জন্য কিনে এক ঢিলে দুই পাখি মারলাম।

৫০. **এক মাঘে শীত যায় না** (বিপদ একবারে শেষ হয় না) : ভেবেছ বিপদ কেটে গেছে, তাই তুমি আমাকে এড়িয়ে চলছ, মনে রেখো, এক মাঘে শীত যায় না।

৫১. **একচোখা** (পক্ষপাতিত্ব) : আমাদের বড় ভাই এক চোখা লোক।

৫২. **একহাত নেওয়া** (জব্দ করা) : সুযোগ পেলে আমিও তাকে একহাত নেব।

৫৩. **একাদশে বৃহস্পতি** (সুসময়) : রহিম সাহেবের এখন একাদশে বৃহস্পতি, ধুলো ধরলে সোনা হয়।

৫৪. **এলোপাতাড়ি** (বিশৃঙ্খলভাবে) : সন্ত্রাসীর এলোপাতাড়ি গুলিতে দুটি নিরীহ শিশু প্রাণ হারান।

৫৫. **কলুর বলদ** (অন্ধভাবে চলা) : সংসারের বোঝা টানতে গিয়ে কলুর বলদের মতো খাটলাম।

৫৬. **ভুশণ্ডির কাক** (দীর্ঘায়ু) : বন্ধুবান্ধব আত্মীয়স্বজন একে একে সকলে চোখ বুজল, আমি কেবল ভুশণ্ডির কাক হয়ে আছি।

৫৭. **কালে ভদ্রে** (কদাচিৎ) : রহিম কালে ভদ্রে আমাদের বাড়ি আসে।

৫৮. **কড়ায় গণ্ডায়** (পুরোপুরি) : মহাজন সুদ ও আসলের টাকা কড়ায় গণ্ডায় বুঝে নিয়ে তবে আমাকে নিষ্কৃতি দিল।

৫৯. **কেঁচে গণ্ডূষ করা** (নতুন করে শুরু করা) : মধুর দোষে যদু শাস্তি পাচ্ছে—এ যুগেও এমন কাজির বিচারের নজির দুর্লভ দৃষ্ট নয়।

৬০. **কলির সন্ধ্যা** (কিছুদূর অগ্রগতি) : সবে কলির সন্ধ্যা, ভাড়াবে এখনই টান পড়লে, সারা বছর চলবে কী করে?

৬১. **কাঠের পুতুল** (নিষ্কর্মা) : কাঠের পুতুল হয়ে বসে থাকলে সংসার চলবে কী করে?

৬২. **কোণঠাসা** (বেকায়দা অবস্থা) : বিদ্যুৎ পরিস্থিতি নিয়ে সরকারের এখন কোণঠাসা অবস্থা।

৬৩. **কুরুক্ষেত্র** (তুমুল ঝগড়া) : সামান্য এক হাত জায়গা নিয়ে আমার দুই প্রতিবেশীর মধ্যে কুরুক্ষেত্র বেধেছে।

৬৪. **কানাকড়ি** (মূল্যহীন) : এমন জিনিসের দাম এক কানাকড়িও নয়।

৬৫. **খাল কেটে কুমির আনা** (নিজের বিপদ নিজে ডেকে আনা) : আমরা বিদেশি সরকারের কাছে মাথা বিকিয়ে খাল কেটে কুমির আনতে চাই না।

৬৬. **খয়ের খাঁ** (অনুগ্রহপুষ্ট) : সেকালে যারা ইংরেজদের খয়ে ছিল, তারাই 'রায় বাহাদুর' খেতাব পেত।

৬৭. **গো বেচারা** (নিতান্ত নিরীহ) : শান্তশিষ্ট গোবেচারা মানুষ তোমাদের রাজনীতির কচকচির মধ্যে এসে শুধু দুঃ বাড়িয়েছে।

৬৮. **গণেশ উল্টানো** (ব্যবসা উঠে যাওয়া) : কর্মচারীরা যেভাবে চুরি করছে তাতে ওষুধের ব্যবসা দুদিনেই গণেশ উল্টাবে।

৬৯. **গোবরে পদ্মফুল** (নীচ বংশে মহৎ ব্যক্তি) : অশিক্ষিত পরিবারে শিক্ষিত ভদ্র ছেলে হরলালকে দেখে মনে হয় গোবরে পদ্মফুল।

৭০. **গোবর গণেশ** (অপদার্থ) : গোবর গণেশদের নিয়ে কোনো দায়িত্বপূর্ণ কাজ হয় না।

৭১. **গোয়ার গোবিন্দ** (একগুঁয়ে) : সংসারে যেখানে পাঁচজনের মিলেমিশে বাস করতে হয় সেখানে সবাই গোয়ার গোবিন্দ। অশান্তি বৈ শান্তি আসে না।

৭২. **গা ঢাকা দেওয়া** (আত্মগোপন করা) : পুলিশ এসেছে দুষ্কৃতকারীরা গা ঢাকা দিয়েছে।

৭৩. **গোড়ায় গলদ** (মূলেই ত্রুটি) : ছেলেটাকে অতিরিক্ত স্নেহে গোড়ায় গলদ করেছ। এখন শাসন তাড়ন করে কোনো হবে না।

৭৪. **গাছে কাঁঠাল গোঁফে তেল** (প্রাপ্তির পূর্বে ভোগের কল্প চাকরি পাওয়ার আগেই গাড়ি-বাড়ির যেভাবে হিসাব করা দেখে তোমার গাছে কাঁঠাল গোঁফে তেলের অবস্থা বলে হচ্ছে।

৭৫. **গাঁয়ে মানে না আপনি মোড়ল** (অন্যে মানে না অথচ নিজে বড় মনে করা) : গাঁয়ে মানে না আপনি মোড়ল হয়ে কেউ না চাইলেও সব কাজে হামবড়া ভাব দেখানো।

৭৬. **গোবর গণেশ** (মূর্খ) : অনেক ধনী লোকের ছেলেই গণেশ হয়।

৭৭. **গোল্লায় যাওয়া** (নষ্ট হওয়া) : মতিন সাহেবের ছেলেটি গেছে। সে হেরোইন ধরেছে।

৭৮. **গা তোলা** (ওঠা) : গা তুলুন, নামাজের সময় হয়েছে।

৭৯. **গভীর জলের মাছ** (চালাক) : বড় মিয়া গভীর জলের মা তার ফাঁক বোঝা যার তার কাজ নয়।

৮০. **গায়ে হাত তোলা** (মারা) : চাকরবাকরের গায়ে হাত তু নেই।

৮১. **ঘুণাক্ষর** (সামান্যতম পূর্বাভাস) : ছেলেটা যে বাড়ি থেকে যাবে তা ঘুণাক্ষরেও জানতাম না।

৮২. **ঘোড়ার ডিম** (অলীক বস্তু) : সবার ভাগ্যে কিছু কিছু জু আমার কপালে মিলল আস্ত এক ঘোড়ার ডিম।

৮৩. **চশমখোর** (চক্ষুলজ্জাহীন) : চশমখোর যারা, পাঁচ পয়সা স্বা জন্য খাতকের গলায় পা তুলতে তাদের বাধে না।

৮৪. **চক্ষুদান করা** (চুরি করা) : আমার মূল্যবান ঘড়িটি কে যে চক্ষুদান করেছে।

৮৫. **চোখের বালি** (চক্ষুশূল) : নতুন বউ এসেই ননদিনীর চোখের বালি হয়েছে।

৮৬. **চোখ টাটানো** (ঈর্ষা করা) : পাণ্ডবদের ঐশ্বর্য দেখে দুর্যোধনের চোখ টাটিয়ে উঠল।

৮৭. **চাঁদের হাট** (আনন্দমুখর সংসার) : রাম, লক্ষ্মণ ও সীতা বনবাসে যাওয়ায় অযোধ্যায় চাঁদের হাট গেল ভেঙে।

৮৮. **চোখে চোখে রাখা** (সতর্ক দৃষ্টি রাখা) : ছেলেটাকে চোখে চোখে রেখো, ওর হাতটান স্বভাব আছে।

৮৯. **চুনোপুঁটি** (নগণ্য ব্যক্তি) : আমাদের মতো চুনোপুঁটিদের কথা কে বা মনে রাখে?

৯০. **চক্কর দেয়া** (ঘুরে আসা) : আজ ছুটির দিন, চলোই না জয়দেবপুর জাতীয় উদ্যানে একটু চক্কর দিয়ে আসি।

৯১. **চাচা আপন প্রাণ বাঁচা** (স্বার্থপর) : সামরিক আইন চালু হওয়ার পর থেকে অধিকাংশ লোকই এখন 'চাচা আপন প্রাণ বাঁচা' পথ ধরেছে।

৯২. **চিনির পুতুল** (যে অল্প পরিশ্রমে ভেঙে যায়) : তোমার মতো চিনির পুতুল দিয়ে ইট ভাঙার কাজ চলবে না আমার।

৯৩. **চোখের পর্দা** (লজ্জা) : চোখের পর্দা থাকলে এমন কথা কখনো বলতে পারতে না।

৯৪. **চুনকালি দেয়া** (কলঙ্ক দেওয়া) : অধ্যাপক সাহেবের ছেলে বার্ষিক পরীক্ষায় ফেল করে বাবার মুখে চুনকালি দিয়েছে।

৯৫. **চোরাবালি** (অদৃশ্য বিপদাশঙ্কা) : রায় বাহাদুর মারা যাওয়ার পর সমস্ত সংসারটাই এখন চোরাবালির ওপর দাঁড়িয়ে আছে।

৯৬. **চোখের মণি** (প্রিয়) : বিধবার চোখের মণি একমাত্র ছেলেটাও শেষ পর্যন্ত ফাঁকি দিয়ে চলে গেল।

৯৭. **জগা খিচুড়ি** (বিসদৃশ মিশ্রণ) : বাংলা, হিন্দি, ইংরেজি, সাধু ও চলিত সবকিছু মিশিয়ে বিচিত্র এক জগা খিচুড়ি ভাষায় তিনি দীর্ঘ বক্তৃতা দিলেন।

৯৮. **ঝোপ বুঝে কোপ মারা** (সুযোগ বুঝে তা গ্রহণ করা) : মহিম বাবুকে ধরলে ছেলেটার চাকরি হবে এ কথা বুঝতে পেরেই যদু ঝোপ বুঝে কোপ মেরেছে।

৯৯. **ঝিকে মেরে বৌকে শেখানো** (একজনকে শাস্তি দিয়ে অপরকে শিক্ষা দেওয়া) : গোবেচারা প্রশান্তকে বহিষ্কার করে গোটা ক্লাসটা আয়ত্বে এনে প্রধান শিক্ষক মশায় ঝিকে মেরে বৌকে শেখানোর নজির রাখলেন।

১০০. **টাকার কুমির** (প্রচুর টাকার অধিকারী) : আমাদের দলপতি টাকার কুমির, লাখ টাকা তার হাতে ফিরছে।

১০১. **টাকার গরম** (সম্পদের অহংকার) : টাকার গরম গালিবের বাবা আত্মীয়স্বজনদের মানুষ বলেই মনে করে না।

১০২. **টইটুম্বর** (কানায় কানায় পূর্ণ) : বর্ষার জলে নদীনালা, খালবিল টইটুম্বর হয়েছে।

১০৩. **টনক নড়া** (জ্ঞানোদয় হওয়া) : পরীক্ষায় ফেল করে এবার অশোক কুমারের টনক নড়েছে।

১০৪. **টানাপোড়ন** (অনটন) : বর্তমান আক্রার বাজারে দারুণ টানাপোড়েনের মধ্যে কাল কাটাচ্ছি।

১০৫. **ঠোঁট কাটা** (স্পষ্ট কথা বলা) : ঠোঁট কাটা লোকেরা কোনো কথা বলতে ভয় করে না।

১০৬. **ঠেলার নাম বাবাজি** (সংকটে পড়লেই কাবু) : ঠেলার নাম বাবাজি কাকে বলে একাত্তরের স্বাধীনতাযুদ্ধের হানাদার খান সেনারা তা টের পেয়েছে।

১০৭. **ঠোঁট ফুলানো** (অভিমান করা) : সামান্য কথাতেই একরত্তি মেয়েটা ঠোঁট ফুলিয়ে রইল।

১০৮. **ডান হাতের ব্যাপার** (আহার) : রাত্রি হলো আর দেরি করে কাজ নেই। ডান হাতের ব্যাপারটা সেরে নেওয়া যাক।

১০৯. **ডুবে ডুবে জল খাওয়া** (গোপনে কিছু করা) : ছেলে পড়াশোনার নাম করে বন্ধুবান্ধব নিয়ে ফুর্তি করে বেড়াচ্ছিল, ডুবে ডুবে জল খাওয়ার এই খবর বাবা টের পেলেন অনেক পরে।

১১০. **ডুমুরের ফুল** (দুর্লভ বস্তু) : তুমি যে আজকাল ডুমুরের ফুল হয়েছ, বছর অন্তেও তোমার টিকিট দেখা যায় না।

১১১. **ঢাক পেটানো** (প্রচার করা) : ঢাক পেটানো স্বভাব যাদের, তাদের পেটে কথা থাকে না।

১১২. **ঢলাঢলি** (কেলেঙ্কারি কাণ্ড) : আজকাল রাস্তাঘাটে ছেলে-মেয়েদের ঢলাঢলি অনেকের চোখেই খারাপ লাগে।

১১৩. **ঢাকের কাঠি** (মোসাহেব) : আমি তো ভাই ঢাকের কাঠি, বড় সাহেব যেমন বলেন আমিন তেমনটি করি, ভালোমন্দের হিসাব কই আমার কাছে।

১১৪. **তুষের আগুন** (দীর্ঘস্থায়ী অন্তর্দাহ) : মেয়ে-জামাইকে এক সঙ্গে হারিয়ে বিধবার বুকে তুষের আগুন ধিকি ধিকি জ্বলছে।

১১৫. **তিলকে তাল করা** (সামান্য ঘটনাকে ফুলিয়ে ফাঁপিয়ে বড় করে তোলা) : যারা তিলকে তাল করে তোলে, তাদের ওপর আস্থা রাখলে ঠকতে হয়।

১১৬. **তেলা মাথায় তেল দেওয়া** (যার দরকার নেই তাকে দেওয়া) : তেল মাথায় তেল দেওয়া মনুষ্যজাতির রোগ।

১১৭. **তামার বিষ** (অর্থের কুপ্রভাব) : তামার বিষে আচ্ছন্ন ধনী সম্প্রদায় মানবধর্ম ভুলতে বসেছে।

১১৮. **তেলেবেগুনে জ্বলে ওঠা** (হঠাৎ রেগে যাওয়া) : পরীক্ষায় ছেলের ফেলের খবর শুনে পিতা তেলেবেগুণে জ্বলে উঠলেন।

১১৯. **তাসের ঘর** (ক্ষণস্থায়ী) : অসাধু উপায়ে অর্জিত তার বিশাল সম্পদ একদিন তাসের ঘরের মতো ভেঙে বিনষ্ট হলো।

১২০. **তীর্থের কাক** (প্রত্যাশী ব্যক্তি) : ভিখারিটি দ্বারে সকাল থেকে তীর্থের কাকের মতো বসে আছে।

১২১. **তালপাতার সেপাই** (অতি কৃশ ও দুর্বল) : ছেলেটা দেখতে যেন তালপাতার সেপাই।

১২২. তুলসী বনের বাঘ (ভণ্ড সাধু) : লোকটা বাইরে নামাজ-রোজা করলেও আসলে তুলসী বনের বাঘ।

১২৩. দক্ষ যজ্ঞ (চরম বিশৃঙ্খলা) : নির্ধারিত শিল্পীর গরহাজিরায় জলসার আসরে সে কী দক্ষ যজ্ঞ কাণ্ড?

১২৪. দা-কুমড়া (বৈরিতা) : দা-কুমড়া সম্পর্ক পরিহারের উদ্দেশ্যে দুভাইয়ে পিতাঠাকুরের শরণাপন্ন হয়েছে।

১২৫. দোটানায় পড়া (উভয়সংকট অবস্থা) : চাষি হবে না ব্যবসায়ী হবে দোটানায় পড়েছে মহিম।

১২৬. দহরম মহরম (খুব ঘনিষ্ঠতা) : অফিসের বড় সাহেবের সঙ্গে সুরেশের বেশ দহরম মহরম আছে। ও চেষ্টা করলে তোমার ছেলের চাকরি হতে পারে।

১২৭. দাঁত থাকতে দাঁতের মর্যাদা না বোঝা (সময় থাকতে ক্ষমতাকে কাজে লাগাতে হয়) : বাপ বেঁচে থাকতে সংসারের কাজকর্ম শিখলে না, বাপ চোখ বুজলে তখন দাঁত থাকতে দাঁতের মর্যাদা না বোঝার মর্মার্থ অনুভব করবে।

১২৮. ধরাকে সরা জ্ঞান (অহংকারের উন্মত্ত হওয়া) : কাঁচা টাকা হাতে আসায় কানাই ধরাকে সরা জ্ঞান করছে।

১২৯. ধর্মের কল বাতাসে নড়ে (কোনো কিছু গোপন অন্যায়ের আকস্মিক শাস্তি প্রাপ্তি) : ভেজাল ওষুধ ব্যবসায়ের বলি হলো মেয়ে জামাই, কেলেঙ্কারি তো ফাঁস হলোই; দুঃখ রাখারও ঠাঁই নেই, এভাবেই ধর্মের কল বাতাসে নড়ে।

১৩০. ধামা চাপা দেওয়া (মুলতবি রাখা, গোপনীয়তা রক্ষা) : টাকা আত্মসাতের ঘটনা সেক্রেটারি ধামা চাপা দেওয়ার চেষ্টা করেও শেষমেশ ব্যর্থ হয়েছে।

১৩১. ধকল সওয়া (উপদ্রব সহ্য করা) : বুড়ো বয়সে শরীরে আর এতসব ধকল সইতে চায় না।

১৩২. ধরি মাছ না ছুঁই পানিন (পরিশ্রম না করে কাজ উদ্ধার) : হারুন কাজকর্মে নেই, ধরি মাছ না ছুঁই পানি নীতি অবলম্বন করে পদোন্নতি চায়।

১৩৩. ননীর পুতুল (যে কষ্ট সহ্য করতে অক্ষম) : রোদে এসো না, তোমার মতো ননীর পুতুল গলে যাবে।

১৩৪. নাম করা (খ্যাতি লাভ করা) : সাম্প্রতিক গদ্য কবিতার ওপর সমালোচনা করে আমাদের সমর বাবু খুব নাম করেছেন।

১৩৫. নেই মামার চেয়ে কানা মামা ভালো (না থাকার চেয়ে যৎসামান্য থাকাও ভালো) : নেই মামার চেয়ে কানা মামা ভালো। এ কথা জানতাম বলে বাড়ি থেকে বেরুবার সময় কুড়িয়েলে কিছু নিতে না পেয়ে নিজের গামছাটা কাঁধে ফেলে এলাম।

১৩৬. নেকনজরে পড়া (সুনজরে পড়া) : সেক্রেটারি সাহেবের নেকনজরে যখন পড়েছ, তখন তোমার চাকরি স্থায়ী হয়ে যাবে।

১৩৭. নয় ছয় করা (নষ্ট করা) : বাপের সম্পত্তি হাতে পেয়ে নগেণ দুদিনে নয় ছয় করে লাটে তুলবে।

১৩৮. নাচতে না জানলে উঠান বাঁকা (অক্ষমত ঢাকার নিমিত্ত অজুহাত) : আঁকতে না পারলে বরং তুলির ওপর দোষ জানতাম, কারণ নাচতে না জানলে উঠান বাঁকা অজুহাত সৃষ্টি ওর স্বভাব।

১৩৯. নিমরাজি (অর্ধসম্মত) : অনেক কাকুতিমিনতির পর শেষাবধি সভাপতি পদের জন্য নিমরাজি করানো হয়

১৪০. পটোল তোলা (মরা) : বুড়ো আজ বাদে কাল পটোল অথচ দেমাগ কত।

১৪১. পুঁটি মাছের প্রাণ (অল্পপ্রাণ) : অমন পুঁটি মাছের প্রাণ নিয়ে আমরা পাততাড়ি গুটিয়ে পাড়া ছেড়ে পালিয়ে এসেছি।

১৪২. পাততাড়ি গুটানো (তল্পিতল্পাসহ বসবাস উঠিয়ে দেও চোরের ভয়ে আমরা পাততাড়ি গুটিয়ে পাড়া ছেড়ে প এসেছি।

১৪৩. পরের মাথায় কাঁঠাল ভাঙা (ফাঁকি দিয়ে কাজ হাসিল : পরের মাথায় কাঁঠাল ভেঙে যদুনাথ এতকাল যে এবার নিজে কিছু করতে গিয়ে কূলকিনারা পাচ্ছে না।

১৪৪. পালের গোদা (দলনেতা) : সব অনাসৃষ্টির মূলে যে পালের গো সে কিন্তু পালিয়েছে, ধরা পড়েছে অসহায় সাগরেদরা।

১৪৫. পোঁ ধরা (তোষামোদ করা) : বাবুদের পো ধরে চলা য স্বভাব, তাদের দলে আমাকে ফেলো না।

১৪৬. পুকুরচুরি (বড় ধরনের চুরি) : কর্মচারীরা পুকুরচুরি ক ব্যবসায় লালবাতি জ্বলছে।

১৪৭. পাকা ধানে মই (বিপুল ক্ষতি সাধন) : তোমার পাকা (কি মই দিয়েছি যে আমার ছেলেটার পরীক্ষা পণ্ড করলে

১৪৮. পথের কাঁটা (প্রতিবন্ধক) : তুমি দলপতি হলে চাইলে ব তোমার পথের কাঁটা হবো না।

১৪৯. পাড়া মাথায় করা (হৈচৈ করা) : সামান্য দুই টাকার ঃ তারা স্বামী-স্ত্রীতে কথা-কাটাকাটি করে পাড়া মাথায় কর

১৫০. ব্যাঙের সর্দি (অসম্ভব ব্যাপার) : লোকটা জেল ঘুঘু, তা দেখাচ্ছ জেলের ভয়, ব্যাঙের আবার সর্দি।

১৫১. বুদ্ধির ঢেঁকি (নিরেট বোকা) : এই বুদ্ধির ঢেঁকি ভাগ্নে দি বিশাল সম্পত্তি রক্ষা হবে না জেনেই মামা অন্য লে রেখেছেন।

১৫২. বাঘের দুধ (দুষ্প্রাপ্য জিনিস) : লোকে কথায় বলে, টা থাকলে কী না হয়, বাগের দুধও পাওয়া যায়।

১৫৩. বুকের পাটা (সাহস) : হেড মাস্টার মহাশয়ের মুখের ওপ কথা বলে। ছেলেটার বুকের পাটা তো কম নয়।

১৫৪. ভিক্ষার চাল কাঁড়া আর আঁকাড়া (দানের বাছবিচার ক অনুচিত) : বিপদের সময় যা দেয় হাত পেতে নাও। কে কি কম এ বিচার কোরো না। জানোই তো ভিক্ষার চাল কাঁ আর আঁকাড়া।

১৫৫. মগের মুলুক (অরাজক দেশ) এ যে দেখছি মগের মুলুক, ক কর্তারা যা খুশি তাই করছেন।

১৫৬. **লঙ্কাকাণ্ড** (তুমুল ব্যাপার) : শরিকি ব্যাপার নিয়ে চৌধুরীবাড়িতে ভাইয়ে ভাইয়ে লঙ্কাকাণ্ড লেগেই রয়েছে।

১৫৭. **লঙ্কা পোড়া** (বিভ্রাট) : এমন লঙ্কা পোড়া কাণ্ড কে বাধালো আমার সংসারে?

১৫৮. **শেষ রক্ষা** (শুভ সমাপ্তি) : মোটামুটি পড়েছি, এখন শেষ রক্ষা হলেই ভালো।

১৫৯. **শিয়ালের যুক্তি** (অর্থহীন পরামর্শ) : কাজের সঙ্গে খোঁজ নেই, রাত-দিন কেবল শিয়ালের যুক্তি।

১৬০. **শুকনোয় ডিঙি চালানো** (অসম্ভব কাজ) : অর্থ হলে শুকনোয় ডিঙি চালানোও যায়।

১৬১. **ষোলকলা পূর্ণ** (পরিপূর্ণ) : সবই তো গেছে, এই পৈতৃক ভিটেটুক গেলে ষোলকলা পূর্ণ হয়।

১৬২. **ষোল কড়াই কানা** (সব অসার) : সংসারে ষোল কড়াই আর কানা হয় না ভাই, তাহলে কি আর সংসার চলত।

১৬৩. **সেয়ানে সেয়ানে** (সমানে সমানে) : প্রতিদ্বন্দ্বী উভয়ই বড়লোক, সেয়াসে সেয়ানে বেশ জমবে।

১৬৪. **সাপে-নেউলে** (চিরশত্রুতা) : চৌধুরীদের সঙ্গে খানদের বিষয় সম্পত্তি নিয়ে চিরকালের সাপে- নেউলে সম্পর্ক। যদিও ওরা পরস্পরের প্রতিবেশী।

১৬৫. **হাড় হাভাতে** (হতভাগ্য) : হাড় হাভাতে ছেলের জন্য মা-বাবার মনে একটুও শান্তি নেই।

১৬৬. **হাড়ে দূর্বা গজানো** (অত্যন্ত কুড়ো) : বাবা-মায়ের আদুরে বলেই ছেলেটার হাড়ে দূর্বা গজিয়েছে।

১৬৭. **হালে পানি পাওয়া** (সাধ্যের মধ্যে আনা) : যেতে অত খরচ যদি করতে হয়, তাহলে আমি হালে পানি পাব না।

১৬৮. **হাতির খোরাক** (যে বেশি পরিমাণ আহার করে) : লোকটার হাতির খোরাক দেখলে অবাক হতে হয়।

১৬৯. **হাতির পাঁচ** (শেষ সম্বল) : এ পঞ্চাশ টাকাই আমার হাতের পাঁচ। সেখান থেকে আর ধার দিই কী করে বলো।

১৭০. **হাতে খড়ি** (শিক্ষার সূচনা) : আজ আমার ভাইয়ের হাতে খড়ি হবে।

১৭১. **হাতে-কলমে** (প্রকৃত কাজ করে) : হাতে-কলমে শিক্ষাই আসল শিক্ষা।

১৭২. **হাত যশ** (খ্যাতি) : কামাল ডাক্তারের গ্রামে যথেষ্ট হাত যশ আছে।

১৭৩. **হাত টান** (চুরির অভ্যাস) : লোকটার হাত টান আছে।

১৭৪. **হ-য-ব-র-ল** (বিশৃঙ্খলা) : পড়ার টেবিলে বইগুলো এমন হ-য-ব-র-ল করে রাখল কে?

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. 'কূপমণ্ডূক' বাগধারাটির অর্থ কী?
ক. অসম্ভব বস্তু খ. ঘরকুনো
গ. গুরুত্বহীন বিষয় ঘ. পুনরায় আরম্ভ

২. নিচের কোনটি 'পরিপাটি' অর্থ বোঝাচ্ছে?
ক. ক্রেতাদুরস্ত
খ. গড্ডালিকা প্রবাহ
গ. গদাইলস্করী চাল
ঘ. গোবরগণেশ

৩. বাগধারা ভাষা-বিশেষের কী?
ক. অংশ খ. ঐতিহ্য
গ. বিশেষ অংশ ঘ. সংযুক্তি

৪. বাগধারা গঠনে বিভিন্ন পদের ব্যবহারকে কী বলে?
ক. যোগ্যতা খ. অপকর্ষ
গ. উৎকর্ষ ঘ. রীতিসিদ্ধ প্রয়োগ

৫. 'অরণ্যে রোদন' বাগধারাটির অর্থ কী?
ক. বনে রোদন খ. নীরবে কান্না
গ. নিষ্ফল আবেদন ঘ. দুর্লভ বস্তু

৬. অমিতব্যয়ী অর্থে কোন বাগধারাটি সঠিক?
ক. ইতরবিশেষ খ. ইচড়েপাকা
গ. আক্কেল গুড়ুম ঘ. উড়নচণ্ডী

৭. এখন তার .... ধুলোমুঠোও সোনামুঠো হচ্ছে। শূন্যস্থানে কী হবে?
ক. এলাহি কাণ্ড খ. একাদশে বৃহস্পতি
গ. খণ্ড প্রলয় ঘ. চাঁদের হাট

৮. 'অক্কা পাওয়া'-এর অর্থ কী?
ক. বেঁচে যাওয়া খ. মারা যাওয়া
গ. জ্ঞান ফেরা ঘ. সচেতন হওয়া

৯. বাংলা ভাষায় ব্যবহৃত বাগধারাগুলোকে কয় ভাগে ভাগ করা হয়?
ক. তিন ভাগে খ. পাঁচ ভাগে
গ. চার ভাগে ঘ. দুই ভাগে

১০. নিচের কোনটি ভীষণ বিপদ-অর্থে ব্যবহৃত হয়?
ক. অদৃষ্টের পরিহাস খ. অকূল পাথর
গ. অগ্নিশর্মা ঘ. অত্যন্ত গরিব

১১. 'আটকপালে'-এর অর্থ কী?
ক. ভালো ভাগ্য খ. অপদার্থ
গ. হতভাগ্য ঘ. অত্যন্ত গরিব

১২. 'বন থেকে বেরুল টিয়ে সোনায় টোপর মাথায় দিয়ে'-এটি কোন প্রকারের লোকসাহিত্য?
ক. প্রবাদ খ. ধাঁধা
গ. কথা ঘ. ছড়া

১৩. পাওয়ার আগেই ভোগের আয়োজন-
ক. ইচ্ছা থাকলেই উপায় হয়
খ. রথ দেখা কলা বেচা
গ. সবুরে মেওয়া ফলে
ঘ. গাছে কাঁঠাল গোঁফে তেল

১৪. "বাঁ হাতের ব্যাপার" বলতে কী বোঝানো হয়?
ক. বাম হাতের কাজ খ. ঘুষ গ্রহণ
গ. কোনো ব্যক্তির শক্তি ঘ. চাটুকারি

১৫. 'ব্যাঙের আধুলি' কোন অর্থে ব্যবহৃত হয়?
ক. অর্থের প্রাচুর্য খ. সামান্য অর্থ
গ. অসম্ভব বস্তু ঘ. সহজলভ্য বস্তু

১৬. উভয়সংকট বোঝাতে কোন বাগধারাটি ব্যবহৃত হয়?
ক. দুমুখো সাপ খ. শাঁখের করাত
গ. দা-কুমড়ো ঘ. অহিনকুল সম্বন্ধ

১৭. 'সাক্ষী গোপাল' অর্থ কী?
ক. দর্শক খ. প্রতিবাদকারী
গ. অচল ঘ. নিষ্ক্রিয় দর্শক

১৮. 'কেউ কাটা' অর্থ কী?
ক. বুদ্ধিমান খ. অগ্রসর
গ. সামান্য ঘ. অলস

১৯. 'কেঁচেগণ্ডূষ' বলতে কী বোঝায়?
ক. বুদ্ধিমান খ. পুনরায় শুরু করা
গ. রেগে যাওয়া ঘ. আশায় নৈরাশ্য

২০. 'অন্ধ অনুকরণ' নিচের কোনটির অর্থ?
ক. গড্ডালিকা প্রবাহ খ. গদাইলস্করী চাল
গ. গায়ে ফুঁ দিয়ে বেড়ানো ঘ. নেই আঁকড়া

উত্তরপত্র

১.	খ	২.	ক	৩.	খ	৪.	ঘ	৫.	গ
৬.	ঘ	৭.	খ	৮.	খ	৯.	ঘ	১০.	খ
১১.	গ	১২.	ঘ	১৩.	ঘ	১৪.	খ	১৫.	খ
১৬.	খ	১৭.	ঘ	১৮.	গ	১৯.	খ	২০.	ক

POPULAR EDUCATION FAMILY RAJSHAHI 2018 PEF

POPULAR EDUCATION FAMILY
PEF
RAJSHAHI
EST: 2018

পপুলার

ডিপ্লোমা ও মিডওয়াইফারি

নার্সিং ভর্তি গাইড

ইংরেজি

Parts of Speech

বাক্যের অন্তর্গত প্রত্যেকটি অর্থবোধক শব্দকে তাদের কার্যাবলি ও অর্থ অনুসারে ভিন্ন ভিন্ন শ্রেণিতে ভাগ করা হয়েছে। এই ভিন্ন ভিন্ন শ্রেণির প্রত্যেক ভাগকেই এক একটি Part of speech বলে।

কাজ ও অর্থ অনুসারে ইংরেজিতে Parts of speech ৮ প্রকার। যথা: Noun, Pronoun, Adjective, Verb, Adverb, Preposition, Conjunction and Interjection.

1. **Noun:** যে শব্দ দ্বারা কোনো কিছুর নাম (যেমন ব্যক্তি, বস্তু, স্থান, প্রাণী ইত্যাদি) বুঝায় তাকে Noun বলে।
   Example: **Chittagong** is the commercial capital of Bangladesh.
2. **Pronoun:** যেসব শব্দ Noun-এর পরিবর্তে ব্যবহৃত হয় তাকে Pronun বলে। (A pronoun is a word used for a noun or a clause.)
   Example: Kohinoor is a good girl. **She** goes to university everyday.
3. **Adjective:** যে শব্দ Noun বা Pronoun-এর দোষ, গুণ, সংখ্যা, অবস্থা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে তাকে Adjective বলে।
   Example: He is a **honest** man. Give me a **little** milk.
4. **Verb:** যে শব্দ দ্বারা কোনো কিছু করা, হওয়া, থাকা ইত্যাদি বুঝায় তাকে Verb বলে।
   Example: I shall **do** it. He **walks**.
5. **Adverb:** যে শব্দ Noun এবং Pronoun ব্যতীত অন্য যে কোনো Parts of Speech কে modify করে তাকে Adverb বলে।
   Example: She is **very** clever. He walks **fast.**
6. **Proposition:** যে শব্দ Noun বা Pronoun-এর পূর্বে বসে Sentence-এর অন্তর্গত অন্য Word-এর সাথে ঐ Noun বা Pronoun এর সম্পর্ক স্থাপন করে তাকে Preposition বলে।
   Example: The pen is **on** the table. He came **to** me.
7. **Conjunction:** যে শব্দ দুই বা ততোধিক words, phrases বা cluses এর মধ্যে সংযোগ স্থাপন করে তাকে Conjuction বলে।
   Example: He sat behind you, **but** infront of me. He is educated, **but** his brother is illiterate.
8. **Interjection:** যেসব শব্দ মনের আকস্মিক হর্ষ, বিষাদ, বিস্ময়, উচ্ছ্বাস, ভাব, অনুভূতি ইত্যাদি প্রকাশ করে তাকে Interjection বলে।
   Example: Hurrah! We have won the match. **Alas!** He failed the examination.

MCQ

1. What kind of noun is 'Cattle'?
   A. Proper B. Common
   C. Collective D. Material
2. 'I shall join the army'— এখানে 'army' শব্দটি কোন প্রকার noun?
   A. Material noun B. Proper noun
   C. Common noun D. Collective noun
3. Who, What, Which, Whom are —
   A. Demonstrative Pronoun
   B. Reflexive Pronoun
   C. Relative Pronoun
   D. Indefinite Pronoun
4. 'Habit' শব্দটির verb from কি?
   A. Habitable B. Habitation
   C. Habitual D. Habituate
5. The jury were divided in their opinion- এখানে 'jury' কোন Noun?
   A. Collective B. Proper
   C. Common D. Abstract
6. Accommodation —
   A. Noun B. Adjective
   C. Preposition D. Adverb
7. নিচের শব্দগুলোর কোনটি Adjective?
   A. crime B. miser
   C. special D. laugh
8. 'Homely' শব্দটি কোন Parts of Speech?
   A. Noun B. Adjective
   C. Verb D. Adverb
9. 'Salt' কোন Noun?
   A. Proper noun B. Common noun
   C. Material noun D. Collective noun
10. Beauty শব্দটির Verb form কি?
    A. Beauty B. Beautiful
    C. Beautify D. Beautifully

11. Beautiful কোন Parts of Speech?
A. Noun B. Verb
C. Adjective D. Adverb

12. Advice কোন পদ?
A. Verb B. Pronoun
C. Adverb D. Noun

13. Conjunction কোনটি?
A. The B. up
C. a D. and

14. Which is the noun of the word 'beautiful'
A. Beauty B. Beautify
C. Beauteous D. Beautifully

15. The day of my sister's marriage is drawing near. The underlined word is a/am
A. adjective B. verb
C. preposition D. adverb

16. 'Successful' শব্দটি কোন ধরনের Parts of Speech?
A. noun B. adjective
C. adverb D. verb

17. 'This is the go of the day. এখানে 'go' শব্দটি কোন Parts of Speech?
A. verb B. adverb
C. noun D. adjective

18. Seeing the baby, the mother rose in her. এখানে 'mother' শব্দটি হলো —
A. common noun B. proper noun
C. abstract noun D. collective noun

19. He looked at himself in the mirror. এখানে 'himself' শব্দটি কোন pronoun?
A. reflexive pronoun B. emphatic pronoun
C. distributive pronoun D. relative pronoun

20. Nazrul is the Byron of Bangladesh. এখানে 'Byron' শব্দটি হলো —
A. proper noun B. common noun
C. abstract noun D. material noun

21. 'Girl' কোন ধরনের Noun?
A. proper noun B. common noun
C. collective noun D. material noun

22. 'Heart' শব্দটির adjective form হলো —
A. heart B. hearten
C. heartening D. heartful

23. 'Family' শব্দটির verb form হলো —
A. familiar B. familiarly
C. familiarize D. none of these

24. One, Some, Any, Many, None are —
A. personal pronoun
B. indifinite pronoun
C. distributive pronoun
D. relative pronoun

25. 'Love' শব্দটি কোন Noun?
A. common noun B. proper noun
C. abstract noun D. collective noun

26. 'Natural' কোন পদ?
A. noun B. verb
C. adjective D. adverb

27. What is the noun of the word 'waste'?
A. wastage B. wasting
C. westage D. wasteful

28. Change the word 'clear' into verb —
A. clearly B. classification
C. cleanse D. clarify

29. 'Legal' is —
A. an adjective B. a pronoun
C. a verb D. a noun

30. The word 'propitious' is —
A. a noun B. a verb
C. an adjective D. an adverb

31. What is the adjective of the word 'village'?
A. rural B. village people
C. villagely D. villaging

32. Which of the following words is an adjective?
A. freedom B. cheerful
C. beautyfy D. attentively

33. 'Honesty is the best policy'. Here 'Honesty' is-
A. an abstract noun
B. a proper noun
C. a common noun
D. a collective noun

34. 'Nelson is famous for his victory as Trafalger.' বাক্যটিতে 'victory' হলো —
A. proper noun B. common noun
C. Collective noun D. abstract noun

35. Noun of the word 'poor' is —
A. poorify B. poority
C. poorness D. poverty

Answer Sheet

1.	C	2.	D	3.	C	4.	D	5.	A
6.	A	7.	C	8.	B	9.	C	10.	C
11.	C	12.	D	13.	D	14.	A	15.	D
16.	B	17.	C	18.	C	19.	A	20.	B
21.	B	22.	C	23.	C	24.	B	25.	C
26.	C	27.	A	28.	D	29.	A	30.	C
31.	A	32.	B	33.	A	34.	D	35.	D

Number

Number সম্পর্কে প্রাথমিক ধারণা আমাদের সকলেরই কম বেশি রয়েছে। কিন্তু ইংরেজি ভাষায় এমন কিছু Noun এবং Pronoun রয়েছে যেগুলোর singular কিংবা plural করার নিয়ম এবং তাদের ব্যবহার একটু ভিন্নতর। আর ভর্তি পরীক্ষার ক্ষেত্রে সাধারণত এ জাতীয় শব্দের ওপরই প্রশ্ন বেশি হয়ে থাকে। তাই এখানে আমরা Number সংক্রান্ত কতিপয় বিশেষ নিয়মের আলোচনা ও সংশ্লিষ্ট Vocabulary- এর ব্যবহার দেখানোর চেষ্টা করেছি।

Special Rule-01: কোনো Noun-এর শেষে যদি f বা fe থাকলে তাহলে plural করার সময় f/fe- এর স্থলে ves হয়। যেমন—

Singular	Plural
Knife (ছুরি)	knives
half (অর্ধেক)	halves
loaf (খণ্ডরুটি)	loaves
self (নিজ)	selves
wife (স্ত্রী)	wives
leaf (পাতা)	leaves
thief (চোর)	thieves

কিন্তু যে সকল Noun-এর শেষে ief, off, oof, erf, rife, iff, arf, urf, ulf, afe ইত্যাদি থাকে তাদের শেষে ves না হয়ে শুধু s বসে। যেমন —

Singular	Plural
grief (দুঃখ)	griefs
hoof (প্রাণীর খুর)	hoofs
proof (প্রমাণ)	proofs
serf (ভূমিদাস)	serfs
strife (কলহ, বিবাদ)	strifes
dwarf (বেটে, বামন)	dwarfs
scarf (ওড়না)	scarfs
scoff (উপহাস, ব্যঙ্গ)	scoffs
roof (ছাদ)	roofs
gulf (উপসাগর)	gulfs
cliff (পর্বত চূড়া)	cliffs
turf (ঘাস)	turfs
safe (সিন্দুক)	safes

Special Rule-02: কতগুলো Noun আছে যেগুলোর স বা es উভয়ই যোগ করা যায়। যেমন —

Singular	Plural
mosquito (মশা)	mosquitos/mosquit
portico (বারান্দা)	porticos/porticoes
calico (সুতীবস্ত্র)	calicos/calicoes
grotto (গুহা)	grottos/grottoes

Special Rule-03: এমন কতগুলো Noun আছে য মধ্যকার vowel পরিবর্তন করে plural করা হয়। যেমন—

Singular	Plural
man (মানুষ)	men
tooth (দাঁত)	teeth
goose (রাজহংসী)	geese
mouse (ইঁদুর)	mice
foot (পায়ের পাতা)	feet
woman (মহিলা)	women
louse (উকুন)	lice

Special Rule-04: কতগুলো বিদেশী শব্দ আছে য singular এবং plural বিশেষ নিয়মে সাধিত হয়। যেমন—

Singular	Plural
axis (বাহু, অক্ষ)	axes
agendum (আলোচ্য বিষয়)	agenda
analysis (আলোচনা)	analyses
appendix (পরিশিষ্ট)	Appendiceis
basis (ভিত্তি)	bases
crisis (সংকট)	crises
datum (তথ্য)	data
erratum (ছাপায় বা লেখায় ভুল)	errata
genius (প্রতিভা)	geniuses/genii
hypothesis (অনুসিদ্ধান্ত)	hypotheses
memorandum (স্মারকলিপি)	memoranda

Special Rule-05: কতগুলো Noun আছে যে singular-এ দুটি অর্থ এবং plural-এ একটি অর্থ হয়। যেমন—

	Singular	Plural
1.	a. Practice (অভ্যাস)	Practices (অভ্যাসমূহ)
	b. Practice (ব্যবসা)	
2.	a. Light (বাতি)	Lights (বাতিগুলো)
	b. Light (আলো)	
3.	a. Abuse (অপব্যবহার)	Abuses (অপব্যবহারসমূহ)
	b. Abuse (তিরস্কার)	
4.	a. Wood (বন)	Woods (বনসমূহ)
	b. Wood (কাঠ)	
5.	a. Issue (ফল)	Issues (ফলসমূহ)
	b. Issue (সন্তানসন্ততি)	
6.	a. People (জাতি)	Peoples (জাতিসমূহ)
	b. People (লোকজন)	Protesting against US
7.	a. Gain (লাভ)	Gains (লাভসমূহ)
	b. Gain (অর্জন)	
8.	a. Force (সেনা)	Forces (সেনাদল)
	b. Force (শক্তি)	
9.	a. Horse (ঘোড়া)	
	b. Horse (অশ্বারোহী সৈন্যদল)	Horses (ঘোড়াগুলো)

Special Rule-06: কতগুলো Noun আছে যাদের singular-এ একরকম অর্থ এবং plural-এ অন্যরকম অর্থ হয়। যেমন —

Singular	Plural
Air (বাতাস, আকাশ)	Airs (গর্বিতভাব)
Advice (উপদেশ)	Advices (সংবাদ বা তথ্য)
Respect (বিবেচনা)	Respects (শ্রদ্ধা)
Good (মঙ্গল, ভালো)	Goods (মালপত্র)
Iron (লোহা)	Irons (লোহার শিকল)
Return (প্রত্যাবর্তন)	Returns (বিবরণী)
Corn (শস্য)	Corns (পায়ের কড়া)
Sand (বালি)	Sands (বালিময় স্থান)
Machinery (যন্ত্রপাতি)	Machineries (যন্ত্রাংশ)

Special Rule-07: কতগুলো Noun আছে যাদের দেখতে singular কিন্তু তারা মূলত plural হিসেবে ব্যবহৃত হয় এবং তাদের পরবর্তী verb এর plural number হয়। যেমন —

1. Aristocracy (অভিজাত সম্প্রদায়): The aristocracy of Bangladesh are fond of money and power.
2. Peasantry (কৃষক সম্প্রদায়): The peasantry of our country are poor.
3. Gentry (ভদ্র সম্প্রদায়): The gentry of the country were against the govt. education policy.
4. Cattle (গবাদি পশু): The cattle were grazing in the field.
5. Poultry (হাঁস-মুরগি): Poultry need proper nursing to grow up fast.
6. Perfumery (সুগন্ধী দ্রব্যাদি): Perfumery of our country are not good enought to compete in the international market.
7. Public (জনসাধারণ): The public oppose the war policy of US government.
8. People (জনগণ): The people of our country are generous in nature.

তাছাড়া police, folk, mankind, government, majority, nobility, tenantry, virmin, artillery, clergy ইত্যাদি শব্দও এ নিয়মের আওতায় পড়ে।

Special Rule-08: কতগুলো Noun আছে যেগুলোর কোনো Plural form নেই। এরা সবসময় singular হিসেবে ব্যবহৃত হয় এবং এদের পরবর্তী verb ও সব সময় singular হয়। এগুলো হলো —

1. Bread (রুটি): I ate five pieces of bread.
2. Scenery (দৃশ্য): The scenery of our country is very charming.
3. Expenditure (ব্যয়): The expenditure of our family is not very big.
4. Furniture (আসবাবপত্র): The furniture was presented by my father.
5. Poetry (কবিতা) : I read many poetry of Al-Mahmud.

তাছাড়া Information, machinery, business প্রভৃতি ও এ নিয়মের আওতায় পড়ে।

Special Rule-09: কতগুলো Noun আছে যেগুলো সবসময় plural হিসেবে ব্যবহৃত হয় এবং এদের পরে verb ও plural হয়। যেমন —

1. Thanks (ধন্যবাদ জ্ঞাপন): Thanks are not always welcomed.
2. Principles (নীতিমালা): Islamic principles are not disregarded by the people.

অনুরূপ Compliments (সম্মান), regards (সম্মান), belongings (ব্যক্তিগত জিনিসপত্র) savings (সঞ্চয়), earnings (আয়), vegetables (শাকসবজি), surroundings, (চারপাশ/আশপাশ) scissors (কাঁচি), handcuffs (হাতকড়া) শব্দগুলো সবসময় Plural হিসেবে ব্যবহৃত হয়। উল্লেখ্য এদের কোনো কোনটির singular রূপ থাকলেও অর্থ ঠিক থাকে না।

Special Rule-10: কতগুলো Noun আছে যাদের Singular এবং Plural সব সময় একই রূপ থাকে। যেমন —

1. Deer (হরিণ): I saw five deer in the forest.
   Or, I saw a deer in the forest.
2. Means (উপায়): The means of getting rid of corruption are legion.
   Or, Only means of going away is to kill him.

অনুরূপ Apparatus (যন্ত্রপাতি), corps (সৈন্যদল), gross (১২ ডজন), pice (পয়সা), cannon (কামান), series (শ্রেণী), species (জাতি), sheep (ভেড়া), swine (শুকুরানী), stone (পাথর), score (কুড়ি), pair (জোড়া), ইত্যাদি শব্দও সাধারণত singular এবং plural-এ একইরূপ থাকে।

Special Rule-11:

a. Dozen, hundred, thousand, score, pair ইত্যাদি Noun-এর আগে নির্দিষ্ট সংখ্যাবাচক Adjective বসলে এদের কোনো plural number হয় না। যেমন —
   1. He bought two pair of shoes.
   2. The manager paid me with ten thousand Taka.
   3. The gocer has sold fifty dozen eggs today.

b. উপরোক্ত rule 12 a-এর উল্লিখিত noun গুলোর পূর্বে যদি অনির্দিষ্ট সংখ্যাবাচক Adjective যেমন some, several, a few, many ইত্যাদি ব্যবহৃত হয় তাহলে এগুলো plural number হয়। যেমন —
   1. She bought some pairs of shoes.
   2. Many thousands of people were killed in Afghanista.

Special Rule-12: কতগুলো Noun আছে যেগুলো দেখতে plural হলেও এরা singular অর্থে ব্যবহৃত হয় এবং এদের পরবর্তী verb সবসময় singular হয়। যেমন— Physics (পদার্থবিদ্যা), Politics (রাজনীতি), Mathematics (গণিতশাস্ত্র), Ethics (নীতিশাস্ত্র), Economics (অর্থশাস্ত্র), Wages (মজুরি), Measles (হাম), Athletics (শরীরচর্চা বিজ্ঞান), Innings, Order, Gallows (ফাঁসিকাষ্ঠ), Optics (দৃষ্টি সম্বন্ধীয় বিদ্যা) প্রভৃতি।

উদাহরণ :

1. Mathematics is a hard subject.
2. Ethics is a very difficult subject.
3. Athletics helps maintaining a good health.

উল্লেখ্য, এগুলো যখন Subject হিসেবে ব্যবহার হয়, তখন এদের singular form হয় কিন্তু কোনো বিশেষ দৃষ্টান্ত বুঝাতে হলে তাদের plural form বসে। যেমন— There are not ethics in politics. এখানে ethics দৃষ্টান্ত হিসেবে ব্যবহৃত হয়েছে।

Special Rule-13: কতগুলো word আছে যেগুলো কোনো জনসমষ্টিকে বুঝায়। এদের পরে singular এবং plural উভয় প্রকার verb বসতে পারে। এগুলো হলো :

1. Team	5. Class	9. Staff
2. Family	6. School	10. Union
3. Committee	7. Bank	11. Public
4. Club	8. Firm	12. Government

Special Rule-14: নির্দিষ্ট কোনো দৈর্ঘ্য বা পরিমাপ সূচক কোনো Noun দেখতে Plural হলেও তাদের পরবর্তী verb singular হয়। যেমন —

1. Fifty miles is a long distance.
2. Hundred taka is a good amount.
3. Twelve years is not a long time.

Special Rule-15: Adjective-এর পূর্বে The বসলে plural common noun হিসেবে বিবেচিত হয় এবং এর পর verb এর plural number হয়। যেমন—

1. The rich are not always happy.
2. The learned are always conscious about their responsibilities.
3. The poor live from hand to mouth.

Special Rule-16: একাংশ যেমন one fourth, one third ইত্যাদি ব্যতীত অন্য সকল ভগ্নাংশের ক্ষেত্রে plural number হয়। যেমন—

1. I have written three fourths of the book.
2. Two-thirds of the properties were damaged by the enemy.

MCQ

1. What will be plural form of the word 'Canon'?
   a. Canones　b. Canons
   c. Canon　d. Canonns
2. What will be the plural form of 'Deer'?
   a. Deers　b. Deeres
   c. None　d. Deer
3. Choose the plural form—
   a. Sheep　b. Swine
   c. Crops　d. Alls' are plural
4. What will be the plural form of 'Story'?
   a. Storys　b. Storyes
   c. Story　d. Stories

5. What will be the singular form of 'Enemies'?
   a. Eneme b. Enemy
   c. Enemee d. Enemmy
6. What will be the plural form of 'Wolf'?
   a. Wolfs b. Wolfes
   c. Wolffies d. Wolves
7. Which is the plural form of the word 'Mouse'?
   a. Mouses b. Mice
   c. Mices d. Mouness
8. Which is the plural form of the word 'Lady'?
   a. Lady b. Ladies
   c. Ladis d. Wome
9. Which is the plural form of the word 'Stomach'?
   a. Stomachs b. Stomaches
   c. Stomachies d. Stomachess
10. Which is the plural form of the word 'Hero'?
   a. Heros b. Heroes
   c. Heroeis d. Heroess
11. Which is the plural form of the word 'Knife'?
   a. Knifes b. Knivess
   c. Knives d. Knifess
12. Which of the following words is a plural number?
   a. Furniture b. Machinery
   c. Scenery d. Public
13. Which of the following is singular?
   a. Physics b. Roofs
   c. Bushes d. Boxes
14. Which of the following words is plural?
   a. Colour b. Customs
   c. Manner O. Spectacle

Answer Sheet

1.	b	2.	d	3.	d	4.	d	5.	b
6.	d	7.	b	8.	b	9.	a	10.	b
11.	c	12.	d	13.	a	14.	b	15.	

Article

A, An এবং The কে Article বলে। এগুলোকে ঘিরেই Article আবর্তিত। A এবং An- অন্তর্নিহিত অর্থ One এবং The-এর অর্থ একেবারে নির্দিষ্ট এবং That-এর প্রায় অনুরূপ। সুতরাং One এবং That থেকে হয়তো A ও An এবং The- এর উৎপত্তি ও ব্যবহার শুরু।

Article দুই প্রকার। যথা:

1. Indefinite Articles
2. Definite Article

1. **Indefinite Articles:** A এবং An Singular Countable Noun- এর পূর্বে বসে তাকে অনির্দিষ্টভাবে চিহ্নিত করে বিধায় এদেরকে Indefinite Article বলে। A এবং An-এর মধ্যে অর্থগত পার্থক্য নেই, তবে ব্যবহারগত পার্থক্য আছে।
2. **Definite Article :** The এক বা একাধিক Noun-এর পূর্বে বসে নির্দিষ্ট করে বোঝায় বিধায় একে Definite Article বলে।

Indefinite Article

Uses of A:

1. সাধারণত word-এর শুরুতে consonant থাকলে তার আগে A বসে। যেমন— a girl, a boy, a book প্রভৃতি।
2. Word-এর প্রথম অক্ষর 'h' এবং তা উচ্চারিত হলে তার পূর্বে A বসে। যেমন— a horse, a house প্রভৃতি।
3. Word-এর প্রথম অক্ষর Vowel থাকলে এবং তা 'u' (ইউ) বা 'ew'- এর মতো উচ্চারিত হলে তার পূর্বে A বসে। যেমন— a unique game, a useful book, a university প্রভৃতি।
4. 'One' শব্দটি Vowel দিয়ে শুরু হলেও তার পূর্বে A বসে। যেমন—a one taka note, a one eyed man প্রভৃতি।
5. সংক্ষিপ্ত শব্দের (Abbreviation)-এর প্রথম অক্ষরের উচ্চারণে প্রথমে consonant উচ্চারিত হলে তার আগে A বসে। যেমন— a BA, a PhD প্রভৃতি।

Uses of An:

1. Word-এর প্রথম অক্ষর Vowel হলে তার পূর্বে সাধারণত An বসে। যেমন— an orange, an apple প্রভৃতি।
2. Word-এর প্রথম অক্ষর h হলেও তা যদি উচ্চারিত না হয় তাহলে তার পূর্বে An বসে। an heir, an honest man প্রভৃতি।
3. সংক্ষিপ্ত শব্দ (Abbreviation)-এর প্রথম অক্ষর Vowel বা consonant যাই হোক তার উচ্চারণে প্রথম অক্ষর Vowel হলে তার আগে An বসে। যেমন— An MA, An FRCS প্রভৃতি।

Where to use A and An:

1. নির্দিষ্ট নয় এমন একজন ব্যক্তি বা বস্তু বোঝাতে Noun-এর পূর্বে a/an বসে। যেমন— Give me a pen. Buy me an icecream.
2. Plural Noun- এর পূর্বে কিছু modifying words যেমন— few, little, lot of, good many, great many, good deal প্রভৃতি বসলে তার আগে a বসে। যেমন— He earns a lot of money. Give me a little water.
3. সংখ্যাবাচক expression যেমন— couple, dozen, hundred, thousand, million প্রভৃতির আগে a বসে। যেমন— He bought a dozen pens.
4. Singular Countable Noun অনেকের মধ্যে একটি হলে a/an বসে। যেমন— He is an actor. He has a car.
   তবে তা যদি সংখ্যায় মাত্র একটাই হয় হবে a/an বসে না। যেমন— the moon (a moon নয়)।
5. এক জাতীয় সব বোঝাতে Singular Countable Noun- এর পূর্বে a/an বসে। যেমন— A cow is a domestic animal.
6. Singular Common Noun-এর পূর্বে quite, many, such, rather, but, more, not প্রভৃতি থাকলে ঐ noun-এর পূর্বে a/an বসে। যেমন— He is but a child. He is quite a humorous person.
7. Proper Noun Common Noun হিসেবে ব্যবহৃত হলে তার আগে a/an বসে। যেমন— You are a Nazrul, I see.
8. Abstract Noun Common Noun হিসেবে ব্যবহৃত হলে তার পূর্বে a/an বসে। যেমন— Nurjahan was a beauty.
9. Too/so + adjective + noun হলে ঐ Noun এর আগে a/an বসে। যেমন— He is so intelligent a man.
10. Disguised preposition হিসেবে a ব্যবহৃত হয়। যেমন— He has went a (on) hunting.
11. Exclamatory expression, Singular Countable Noun-এর আগে What, how, such- এর পরে a/an বসে। যেমন— What a food, Such a boy.
12. দর, অনুপাত, গতিবেগ প্রভৃতি প্রকাশে a/an ব্যবহৃত হয়। যেমন— He earns ten taka a day. Sugar sells thirty taka a sheer.
13. অচেনা ব্যক্তি বোঝাতে Mr/Mrs/Miss প্রভৃতির আগে বসে। যেমন— a Mr.. Ruhit came to him.

Definite Article

Uses of The:

1. যে কোনো number বা gender-এর নির্দিষ্ট কোনো ব্যক্তি বা বস্তু বোঝালে তার আগে The বসে। যেমন— The boy, the girls প্রভৃতি।
2. কোনো বস্তু বা বস্তুসমষ্টি অদ্বিতীয় বা অতুলনীয় হলে বা অদ্বিতীয় ও অতুলনীয় বলে বিবেচিত হলে, তার আগে The বসে। যেমন— The earth, the equator, the sky প্রভৃতি।
3. একই sentence-এ কোনো Noun দ্বিতীয়বার ব্যবহৃত হওয়ার ফলে তা নির্দিষ্ট হয়ে গেলে তার আগে the বসে। যেমন— His car struck a tree. You can still see the mark on the tree.
4. কোনো Noun-এর আগে Phrase বা clause যুক্ত হওয়ার কারণে তা নির্দিষ্ট হয়ে গেলে তার আগে The বসে। যেমন— The man in white. The place where he was killed প্রভৃতি।
5. নৈকট্য, পরিচিতি ও অবস্থানের কারণে কোনো Noun একটি মাত্র বোঝালে তার আগে The বসে। যেমন— Meen in the garden (the garden of this house). The post man came (the only post man who comes)
6. Ordinal numeral adjective-এর আগে The বসে। যেমন— He is the first boy, This is the sixth party.
7. Superlative degree-এর আগে The বসে। যেমন— He is the tallest boy.
8. এক জাতীয় সব বুঝাতে Singular Common Noun-এর আগে The বসে। যেমন— The cow is a domestic animal. তবে মানবজাতি বোঝাতে man-এর আগে the বসে না।
9. কতিপয় গোষ্ঠী বা দলের সদস্যের আগে The বসতে পারে। যেমন— The day labourer is finding life difficult day by day.
10. Adjective কোনো শ্রেণীর বা গোষ্ঠীর সমগ্র মানুষকে একবচনভাবে বোঝালে তার আগে The বসে। যেমন— The poor are not dishonest.
11. সমুদ্র, নদী, দ্বীপপুঞ্জ, পর্বতশ্রেণী, দেশের 'Plural' নাম, মরুভূমি, প্রভৃতি proper noun-এর আগে the বসে। যেমন— The Pan Pacific, The Jamuna, The Sahara, The Himalayas প্রভৃতি।

12. আরো কিছু নামের আগে The বসে। যেমন— The Panjab, The Sudan, The Yemen, The Strand, The Mall প্রভৃতি।
13. Noun + of + noun এভাবে কোনো noun গঠিত হলে তার আগে the বসে। যেমন— The United States of America.
    The cape of good hope.
    The gulf of Mexico
    The Bay of Bengal প্রভৃতি।
14. Adjective + Noun এভাবে Noun গঠিত হলে তার আগে the বসে। যেমন— The Arabian gulf, the new forest, the high street প্রভৃতি।
15. কিছু ক্ষেত্রে adjective east, west, south, north প্রভৃতি + noun-এর আগে the বসে। যদিও সাধারণত তা হয় না। যেমন— South America, South Africa প্রভৃতি। কিন্তু
    The West India/the East Indies
    The East End/the West End
    The North pole/The South pole প্রভৃতি।
16. তবে এককভাবে দিকের আগে The বসে। যেমন—The north of Bangladesh, the West, the Middle East প্রভৃতি।
17. Choirs, Orchestras, Pop groups প্রভৃতির আগে the বসে। যেমন— The Nagar Baul, The Back Choir, The Philadelphia Orchestra. প্রভৃতি।
18. ধর্মগ্রন্থ ও পত্রিকার নামের আগে The বসে। যেমন— The Holy Quran, The Daily Star.
19. কোনো অঙ্গ-প্রত্যঙ্গের নামের আগে Possessive adjective থাকলে তার পরিবর্তে The ব্যবহার করতে হয়। He caught him by the ear (his ear নয়)
20. 'যত.....তত' দ্বারা যদি সমানুপাতিক হ্রাস বা বৃদ্ধি বোঝায়, তাহলে comparative adjective দুটির আগে the বসে। যেমন— The sooner, the better, the more you read, the more you learn.
21. দুটির মধ্যে তুলনায় একটিকে বেছে নেয়া বোঝাতে প্রথমটির আগে The বসে। যেমন— He is the better of the two boys.
22. Noun দ্বারা পেশা বা বৃত্তি বোঝালে তার আগে the বসে। যেমন— He joined the Navy.
23. Abstract quality বোঝাতে adjective-এর আগে the বসে। We hate the coward.
24. Abstract Noun কোনো নির্দিষ্ট ব্যক্তির গুণ বোঝালে তার আগে The বসে। যেমন— The courage of Sultan Salauddin is known to all.
25. Common Noun যদি Abstract Noun হিসেবে ব্যবহৃত হয়, তার আগে The বসে। যেমন— Check the beast in you.
26. উৎস নির্দিষ্ট হলে Material Noun-এর আগে The বসে। যেমন—The rice of Barisal is fine.
27. Proper Noun-এর আগে adjective থাকলে তার আগে The বসে। The great Ashok.
28. Singular designation বা পদবি বা উপাধির আগে The বসে। যেমন— The Prime Minister.
29. Musical Instruments-এর আগে the বসে। যেমন— The flute, the piano.
30. পরিবারকে নির্দিষ্ট করে বোঝাতে The + plural surname-এর ব্যবহার সীমিত আকারে প্রচলিত আছে। যেমন—The Smiths = Mr. and Mrs. Smith (and children).
31. 'Of যুক্ত উপাধি ও পদবির আগে The বসে। যেমন— The captain of the ship, the Duke of York. অবশ্য উপাধি বা পদবি দিয়ে একক ব্যক্তিকে নির্দেশ করতেও The ব্যবহৃত হয়। যেমন— The captain ordered.
32. দুই বা ততোধিক অবিবাহিতা বোনের নিকট লিখিত পত্রে The + Misses + surname ব্যবহৃত হয়। যেমন— The Misses Smith.

MCQ

1. — dog was crossing — bridge with — piece of meat in its mouth.
   a. A, a, a b. A, the, no article
   c. A, no article, the d. no article, a, the
2. Honesty is — great virtue.
   a. the b. no article
   c. a d. a/the
3. There is — university of Savar.
   a. the b. a
   c. an d. no article
4. He plays — piano well.
   a. a b. an
   c. the d. no article
5. Shylock was — usher, wasn't he?
   a. a b. an
   c. the d. no article

6. — Bangaless are a brave nation.
 a. A b. An
 c. The d. no article

7. He can speak English like — Englishman.
 a. a b. an
 c. the d. no article

8. She will go and see — time.
 a. a b. an
 c. the d. no article

9. His interest in — English literature is great.
 a. a b. an
 c. the d. no article

10. He went to — hospital because he had — heart attack.
 a. the, no article b. no article, an
 c. a, an d. no article

11. I am — MBBS.
 a. the b. a
 c. an d. no article

12. He can speak English like — English.
 a. a b. an
 c. the d. no article

13. The cow is — useful animal.
 a. the b. an c. a d. no article

14. I saw — one-eyed man.
 a. an b. a
 c. the d. no article

15. Wait for — hour more.
 a. the b. no article
 c. a d. an

16. It is — ugly creature.
 a. the b. a
 c. an d. no article

17. He took — short sleep.
 a. a b. an
 c. the d. no article

18. Dhaka is — London of Bangladesh.
 a. a b. an
 c. the d. no article

19. He has spent — lot of money.
 a. a b. an
 c. the d. no article

20. — Bay of Bengal is to — south of Bangladesh.
 a. an, a b. a, the
 c. the, a d. the, the

21. It is — fact.
 a. a b. an
 c. the d. no article

22. Of — two girls she is the better.
 a. a b. an
 c. the d. no article

23. — virtuous are happy.
 a. a b. an
 c. no article d. the

24. I read — Daily Ittefaque everyday.
 a. the b. a
 c. an d. no article

25. Have you seen — ewe?
 a. a b. an
 c. the d. no article

26. — milk is a nutritious food.
 a. A b. An
 c. The d. No article

27. He lives — comfortable life.
 a. a b. an
 c. the d. no article

28. Rabindranath is — Shakespeare of Banglade
 a. a b. an
 c. the d. no article

29. I am awarded — gold medal.
 a. a b. an
 c. the d. no article

30. Dhaka stands on — Buriganga.
 a. an b. the
 c. a d. one

31. Gold is — precious metal.
 a. a b. an
 c. the d. no article

Answer Sheet

1.	a	2.	c	3.	b	4.	c	5.	b
6.	c	7.	b	8.	d	9.	d	10.	a
11.	c	12.	c	13.	c	14.	b	15.	d
16.	c	17.	a	18.	c	19.	a	20.	d
21.	a	22.	c	23.	d	24.	a	25.	a
26.	d	27.	a	28.	c	29.	a	30.	b
31.	a								

Degree

এক ব্যক্তির সাথে অন্য ব্যক্তি বা বস্তুর সাথে অন্য বস্তুর দোষ, গুণ বা অবস্থার সামঞ্জস্যপূর্ণ পার্থক্য বা তুলনা বুঝাতে Adjective-এর যে রূপান্তর ঘটে, তাকে Comparison of adjective বলে। আর এই দোষ ও গুণের পরিমাণ বা মাত্রাকে Degree বলে।

Degree তিন প্রকার। যথা—

1. Positive degree,
2. Comparative degree ও
3. Superlative degree.

Positive degree: কোনো প্রকার তুলনা না বুঝিয়ে যখন কোনো ব্যক্তি বা বস্তুর দোষ বা গুণ প্রকাশিত হয়, তখন Adjective-এর যে Degree হয় তাই Positive degree.

যেমন: (i) Karim is a good boy.
(ii) It is a beautiful place.

ওপরের বাক্য দুটি প্রথমটিতে good শুধু একটি বালকের গুণ ও beautiful একটি স্থানের গুণ প্রকাশ করে।

Comparative degree: দুই ব্যক্তি বা দুই বস্তুর মধ্যে Adjective-এর তুলনা করে একটির Adjective-এর degree বেশি হলে Comparative degree হয়।

বি:দ্র: দুটির মধ্যে যার Adjective-এর degree বেশি, সেটিই বাক্যের subject। বাক্য গঠনের নিয়ম হচ্ছে subject + verb + adjective- এর comparative form + than + তুলনীয় অপর ব্যক্তির বা বস্তু। যেমন—

(i) Khulna is bigger than Jessore.
(ii) Lovely is more beautiful than Rina.

Superlative degree: দুয়ের অধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে Adjective-এর তুলনা করে একটির Adjective-এর degree সব থেকে বেশি হলে Superlative degree হয়।

বি:দ্র: যার Adjective-এর degree সব থেকে বেশি, সেটিই বাক্যের Subject। বাক্য গঠনের নিয়ম— Subject + verb + the + adjective- এর Superlative form + extension. যেমন—

(i) Hannan Sarkar is the best cricketer in the team.
(ii) He is the tallest boy in the class.

Rules of Degree

Rule 01: Positive degree থেকে Comparative ও Superlative Degree-এর পরিবর্তনের সাথে সাথে Adjective-এর রূপেরও পরিবর্তন হয়। যেমন—

(i) এক Syllable বিশিষ্ট Adjective-এর Positive degree-কে Comparative ও Superlative-এ পরিবর্তিত করতে হলে যথাক্রমে er ও est যোগ করতে হয়। তবে যদি শব্দ বা Word-এর শেষ letter টি e হয় সে ক্ষেত্রে যথাক্রমে r ও st যোগ করতে হয়। যেমন:

Positive	Comparative	Superlative
Bright	Brighter	Brightest
Great	Greater	Greatest
Able	Abler	Ablest

(ii) কোনো Adjective-এর শেষ Letter বা বর্ণটি যদি Consonant হয় এবং এর পূর্বে যদি Vowel থাকে সেক্ষেত্রে Comparative ও Suprerlative Degree করতে হলে শেষের Letter বা বর্ণটি দ্বিত্ব অর্থাৎ Double হয়। যেমন:

Positive	Comparative	Superlative
Big	Bigger	Biggest
Hot	Hotter	Hottest
Thin	Thinner	Thinest

(iii) কোনো Adjective-এর শেষে যদি y এবং y-এর পূর্বে যদি Consonant থাকে তবে সেক্ষেত্রে Comparative ও Superlative-এ পরিবর্তন করার সময় প্রদত্ত শব্দটির শেষের y-এর পরিবর্তে যথাক্রমে ier ও iest হয়। যেমন:

Positive	Comparative	Superlative
Easy	Easier	Easiest
Heavy	Heavier	Heaviest
Ugly	Uglier	Ugliest

(iv) দুই বা ততোধিক Syllable বিশিষ্ট Adjective কে Positive হতে Comparative ও Superlative Degree- তে রূপান্তর করার সময় শব্দটির পূর্বে যথাক্রমে More ও Most বসে। যেমন:

Positive	Comparative	Superlative
Beautiful	More beautiful	Most Beautiful
Important	More important	Most important
Obedient	More obedient	Most obedient

(v) কিছু কিছু Adjective আছে যেগুলোকে Comparative ও Superlative করার সময় কোনো নিয়মের মধ্যে ফেলা যায় না। যেমন:

Positive	Comparative	Superlative
Good	Better	Best
Bad	Worse	Worst
Many/Much	More	Most

Rule 02: সাধারণত দুজন ব্যক্তি বা দুটি বস্তুর মধ্যে সাদৃশ্য (similarity) বুঝাতে as...as এবং বৈসাদৃশ্য (dissimilarity) বুঝাতে so....as ব্যবহৃত হয়।

Example:
Tareq is as wise as his father.
Your shirt is as blue as the sky.
His character is not so good as his father.
She is not so beautiful as her mother.

Note: As....as এর ব্যবহার সব সময় affirmative sentence-এ ব্যবহৃত হয় এবং so... as সবসময় negative sentence ব্যবহৃত হয়।

Rule 03: Superlative degree-এর পূর্বে সর্বদা The বসে। এবং যাদের মধ্যে তুলনা করা হয় তাদের পূর্বে of বসে কিন্তু কোনো স্থান নির্দিষ্ট করে বুঝালে সেই স্থানের পূর্বে in বসে।

Example:
He is the best of my friends.
I thought the prettiest one of all was the last one.
The boy is the yongest one of all.

Rule 04: সাধারণত superlative adjective বা degree-এর পূর্বে সবসময় 'The' বসে এবং comparative degree-এর পূর্বে the বসে না। কিন্তু দুই ব্যক্তি বা দুটি বস্তুর মধ্যে তুলনা করার সময় যদি 'Two' শব্দটির উল্লেখ থাকে তবে সেক্ষেত্রে comparative adjective বা degree-এর পূর্বে 'the' বসে।

Example:
Rehana is the more beautiful of the two girls.
Of the two books Gulliver's Travels is the more interesting.
He is the better of the two boys.
He is the more generous of the two persons.

Rule 05: Perfer যুক্ত sentence-এর prefer-এর পরে যদি একটি মাত্র verb থাকে তবে তার পূর্বে infinitive (to + verb) ব্যবহৃত হয় কিন্তু Prefer-এর পরে যদি দুটি verb থাকে তাহলে সেক্ষেত্রে verb দুটির প্রত্যেকের শেষে ing যোগ হয় এবং ing যুক্ত verb দুটি than দ্বারা যুক্ত না হলে to দ্বারা যুক্ত হয়।

Example:
I prefer to go there (সঠিক)
I prefer to speak than to write (ভুল)
I prefer reading to writing (সঠিক)
He prefers walking to riding (সঠিক)

Rule 06: superior, inferior, senior, junior, prior ulterior, posterior এবং preferable এই আটটি শব্দ সবসময় Compartive হিসেবে ব্যবহৃত হয় এবং এদের পরে than না বসে to বসে।

Example:
Guava is superior to (not than) apple.
Death is preferable to dishonour.
We must give thought to this prior to that
You are not fit for the job because you are ... to him by twently years.

Rule 07: Less এবং fewer দুটি শব্দের একই অর্থ (... কম) কিন্তু ভিন্ন ভিন্ন ক্ষেত্রে ব্যবহৃত হয়। ... uncountable (পরিমাণ বুঝাতে) noun এর ক্ষেত্রে le... countable (সংখ্যা বুঝাতে) noun এর ক্ষেত্রে fewer ... হয়।

Example:
USA has fewer soldiers than China.
No fewer than five lacks soldiers are ready ... war in the Gulf regions.
This container contains less oil than that.

Rule 08: Else এবং alternate শব্দ দুটির পরে সব... than ব্যবহৃত হয় যদিও শব্দ দুটি comparative adje... নয়। সাধারণত এ শব্দ দুটির পরে but ই বেশি প্রযোজ্য ম... যেমন Nobody else but Reza can do it কিন্তু ... সঠিক নয়। সঠিক বাক্যটি হবে Nobody else than R... can do it.

More example:
He can do nothing else than read all day long
Iraq has no other alternative than fight at ... moment.
There was no alternative way than back to ... home.

Rule 09: Older এবং elder শব্দ দুটি খুবই সাধারণ... পরিচিত। কিন্তু এদের সঠিক অর্থ ও ব্যবহার identify ... অভাবে অনেক সময় sentence বাছাই করা কঠিন হয়... কারণ আপাতদৃষ্টিতে শব্দ দুটির অর্থ একই মনে হয় কিন্তু ol... অর্থ অধিকতর বয়স্ক এবং elder অর্থ অধিকতর বড় এবং ol... সাধারণত অর্থে ব্যবহৃত হয় এবং elder একই পরিবা... ব্যক্তিদের বেলায় ব্যবহৃত হয়।

Example: Nakib is older than any other pers... in the village.
Arif has four brothers and his elder brother is ... student of Dhaka University.

Note: oldest এবং eldest-এর ক্ষেত্রেও একই নিয়ম প্রযো...

Rule 10: সাধারণত যখন sentence-এ একই জাতীয় nou... এর মধ্যে তুলনা করা হয় তখন পূর্ববর্তী কোনো noun-এ... পুনরাবৃত্তি পরিহার করার জন্য singular noun-এর পরি... that এবং plural noun-এর পরিবর্তে those ব্যবহৃত হ...

Example: The soil of Jessore is better than th... of Sylhet |এখানে than-এর পরে the soil দেওয়ার কো... প্রয়োজন নেই। এর পরিবর্তে that ব্যবহার করতে হবে। so...

gular noun হিসেবে ব্যবহৃত হয়েছে, তাই those না হয়ে t হবে। The mangoes of Rajshahi are better n those of Jessore [এখানে than-এর পরে mangoes পরিবর্তে those ব্যবহৃত হয়েছে that ব্যবহৃত না হয়ে, কারণ ngoes plural noun]।

MCQ

Positive degree of 'worse' is —
a. wor b. won
c. bad d. worst

The headmaster is the — person in the village.
a. best b. wise
c. better d. wisest

Rina is — than Debi.
a. beautiful b. more beautiful
c. most-beautiful d. as beautiful

The superlative degree of 'fast' is —
a. faster b. more fast
c. fastest d. most fast

'I am as strong as he, Here 'strong' is a degree of —
a. Positive b. Comparative
c. Superlative d. None of the above

Which one is the superlative degree of 'Precious'?
a. More precious b. Most precious
c. Preciousest d. Than precious

Which is the comparative degree of 'best'?
a. bad b. better
c. good d. worse

Dhaka is — than all other cities in Bangladesh.
a. big b. as big as
c. bigest d. bigger

Karim is — intelligent than his brother.
a. more b. less
c. few d. a & b are correct

). How many kinds 'degree'?
a. 2 b. 3
c. 4 d. 5

. Degree is a part of —
a. Adjective b. Adverb
c. Pronoun d. Interjection

. The Comparative degree of 'Heavy' is —
a. Heavyer b. Heavier
c. more heavy d. Heaviest

13. He is not — intimate to you than to me.
a. many b. much
c. most d. more

14. Which is the positive degree of 'Most'?
a. only many b. only much
c. Both many & much
d. None of theses

15. 'My book is finer than yours'. এর Positive degree হবে-
a. Your book is as fine as my book.
b. Your book is not as fine as mine.
c. Your book is not so fine as my book.
d. My book is not as fine as your book.

16. কোনটি Superlative Degree-এর অন্তর্ভুক্ত?
a. better b. further
c. less d. worst

17. 'Best' এর Positive degree কোনটি?
a. Better b. Fair
c. Well d. Good

18. 'Akbar was the greatest king of India'-এ বাক্যের Comparative degree কোনটি?
a. No other king of India was as Akbar.
b. Akbar was greater than any other king of India.
c. Akbar was the greater than all other king of India.
d. Akbar was the greater than some other king of India.

Answer Sheet

1.	c	2.	d	3.	b	4.	c	5.	a
6.	b	7.	b	8.	d	9.	d	10.	b
11.	a	12.	b	13.	d	14.	c	15.	b
16.	d	17.	d	18.	b				

Tense

Tense অর্থ কাল বা সময়। Verb বা ক্রিয়ার কালকে Tense বলে। Tense প্রধানত তিন প্রকার :

1. Present Tense (বর্তমান কাল)
2. Past Tense (অতীত কাল)
3. Future Tense (ভবিষ্যৎ কাল)

প্রত্যেক Tense কে আবার চার ভাগে ভাগ করা যায়:

1. Indefinite Tense
2. Continuous Tense
3. Perfect Tense
4. Perfect Continuous Tense

[Note : প্রচলিত ইংরেজিতে *Future Perfect Continuous Tense*-এর ব্যবহার নেই বললেই চলে। তাছাড়া *Future Perfect* ও *Future Perfect Continuous Tense* গুলোর না বোধক ও প্রশ্নবোধক ব্যবহার ও বর্তমানে বিলুপ্ত প্রায়।]

Present Tense

যে verb-এর কাজ বর্তমান সময়ে নিষ্পন্ন হয়, তার কালকে Present tense বলে।

Present Indefinite: বর্তমানে অনির্দিষ্টভাবে সাধারণত কোনো কাজ হয় বা হয়ে থাকে, অভ্যাসগতভাবে হয় বা প্রাকৃতিক নিয়মানুসারে হয়- এমন বুঝালে verb-এর Present Indefinite Tense হয়।

গঠন প্রণালী: Sub+ মূল verb এর present form+ Extension.

শুধু কর্তা 3rd Person Singular Number হলে verb-এর সাথে s/es যোগ হবে। অন্যথায় নয়।

Example:

আমরা তাকে চিনি— We know him.

তিনি দৈনিক সংবাদপত্রটি পড়েন— He reads the newspaper daily (কর্তা 3rd Person Singular)।

বালকেরা একটি গান গায়— Boys sing a song.

না বোধক বাক্যে কর্তার পর do not বা Does not (কর্তা 3rd person singular) বসে।

Example:

আমরা ছবিটি আঁকি না—We do not draw the picture.

তুমি ঘুড়ি উড়াও না—You do not fly a kite.

সে নিয়মিত এখানে আসে না— He does not come here regularly.

প্রশ্নবোধক বাক্যে Do বা Does কর্তার পূর্বে বসে।

Example:

আমরা কি তাকে সাহায্য করি?— Do we help him?

শিক্ষকগণ কি স্কুলে দেরিতে আসেন?—Do the teachers come to school late?

সে কি সাঁতার কাটতে জানে?— Does he know how to swim?

Note: *না-বোধক প্রশ্নবোধক বাক্যে Subject now হলে not কর্তার পূর্বে বসে অন্যথায় subject এর পরে not বসে।*

Example:

মিজান কি অংকটি করে না?— Does not Mizan do the sum?

সে কি সকালে হাঁটে না?—Does he not walk morning?

কর্তার কর্ম বাক্যে যদি উল্লেখ না থাকে তাহলে প্রশ্ন প্রশ্নবোধক শব্দ প্রথমে বসে। তারপর Tense সাহায্যকারী verb বসে।

What — কি, যা।

Which — কোনটি, যেটি।

How — কেমন, কত।

Where — কোথায়, যেথায়।

Whom — কাকে, যাকে।

When — কখন, যখন।

Why — কেন

Whose — কার, যার

How long — কতক্ষণ

How many — কি পরিমাণ (সংখ্যাবাচক পদার্থ)

How much — কি পরিমাণ (পরিমাণবাচক পদার্থ)

Example:

তোমার নাম কি?—What is your name??

কে তোমার ঘড়িটি চুরি করেছে?— Who has stolen watch?

সে কার গাড়ি চালায়?— Whose car does he drive

Present Continuous: যে verb-এর কাজ বর্তমানে বা চলছে তাকে Present Continuous Tense বলে।

গঠন প্রণালী: Sub+am/is/are+ মূল verb এর শেষে +Extension.

Note: এই Tense-এর সাহায্যকারী ক্রিয়া হচ্ছে am, are, যেগুলো subject অনুসারে ব্যবহৃত হয়।

গঠন প্রণালী: Sub+am/is/are+ মূল verb এর শেষে Extension.

Example:

আমি পবিত্র কুরআন পড়ছি/পড়তেছি—I am reading Holy Quran.

তুমি অঙ্কটি করছো—You are doing the sum.

বালিকাগুলো ফুল তুলছে—The girls are plu flowers.

রাসেল নদীতে সাঁতার কাটছে—Rasel is swimm the river.

না বোধক বাক্যে সাহায্যকারী verb-এর পর not বসে।

Example:

আমি রোদে দৌড়াচ্ছি না—I am not running in the

সিমি বই পড়ছে না— Simi is not reading books.

বালকগুলো মাঠে খেলছে না— The boys are not playing in the field.

প্রশ্ন বুঝালে সাহায্যকারী verb গুলো কর্তার পূর্বে বসে।

Example:

রুবেল কি ঘুমাচ্ছে?—Is Rubel spleeping?

তোমরা কি ঘর ঝাড়ু দিচ্ছ?—Are you sweeping the room?

Present Perfect: বর্তমান কালে কোনো কাজ এই মাত্র শেষ হয়েছে, কিন্তু এর ফল এখনও বিদ্যমান আছে, এরূপ বুঝালে তাকে Present Perfect Tense বলে।

গঠন প্রণালী: Sub+have/has+ মূল verb এর past participle+Extension.

Example:

তুমি পেনসিলটি কিনেছ— You have bought the pencil.

ছেলেটি আরোগ্য লাভ করেছে— The boy has come round.

না বোধক বাক্যে Not সাহায্যকারী verb-এর পর বসে।

Example:

আমরা এখনো আহার করিনি— We have not yet eaten our meal.

তুমি চা পান করনি— You have not taken tea.

সে চিঠিটি পায়নি— He has not got the letter.

প্রশ্ন বুঝালে সাহায্যকারী verb কর্তার পূর্বে বসে।

Example:

তারা কি ঢাকা পৌঁছেছে?— Have they arrived at Dhaka?

তুমি কি এ বছর এসএসসি পাস করেছ?— Have you passed the SSC this year?

ফেরদৌসী কি শাহনামা রচনা করেছে?— Has Ferdousi composed the Shahnama?

Present Perfect Continuous: কোনো কাজ অতীত কালে আরম্ভ হয়ে বর্তমান কালেও হচ্ছে বা চলছে বুঝালে তাকে Present Perfect Continuous Tense বলে।

গঠন প্রণালী: Sub+have been/has been+ মূল verb এর শেষে ing+Extension.

Note: কোনো কিছু শুরু হওয়ার নির্দিষ্ট সময়ের উল্লেখ থাকলে তার পূর্বে Since এবং অনির্দিষ্ট সময়ের পূর্বে for ব্যবহৃত হয়।

1st, 2nd, 3rd (plural) কর্তা হলে: [Sub + have been + verb + ing]

Example:

আমি ছয় বছর যাবৎ এ স্কুলে পড়ছি— I have been reading in this school for six years.

আমি সকাল আটটা হতে পড়ছি— I have been reading since 8am.

আমরা দশ বছর খুলনায় বাস করছি— We have been living in Khulna for ten years.

3rd Person Singular কর্তা হলে: [Sub + has been + verb + ing]

Exmple:

শিশির গত বুধবার হতে জ্বরে ভুগছে— Shishir has been suffering from fever since Wednesday last.

তিন ঘন্টা যাবৎ বৃষ্টি হচ্ছে—It has been raining for three hours.

মা সাতটা হতে রান্না করছেন— Mother has been cooking since 7 O'Clock.

না বোধক বাক্যে not, been-এর পূর্বে বসে।

Example:

সকাল হতে আমি কাজ করছি না—I have not been working since morning.

তুমি গত বুধবার হতে স্কুলে যাচ্ছ না— You have not been going to school since Wednesday last.

আমরা তিনঘন্টা যাবৎ পড়ছি না— We have not been reading for three hours.

প্রশ্নবোধক বাক্যে Have/Has কর্তার পূর্বে বসে।

Example:

আমি কি এক ঘন্টা যাবৎ খেলছি?— Have I been playing for an hour?

তুমি কি দুই ঘন্টা যাবৎ ইংলিশ পড়ছ?— Have you been reading English for two hours?

তারা কি সাত বছর যাবৎ এ স্কুলে পড়ছে?— Have they been reading in this school for seven years.

Past Tense

কোনো কার্য অতীত কালে সম্পন্ন হয়েছিল এ রূপ বুঝালে verb-এর Past Tense হয়।

গ. মিশ্র রাশি ঘ. ক্রমিক রাশি

ব্যাখ্যা: ধরি, সমানুপাতের রাশিগুলো

৭x : ৭x : ৭x : ৭x

এখানে, প্রথম রাশিকে বলে পূর্ব রাশি, মাঝের দুটোকে ব... মধ্য রাশি, আর শেষ রাশিটিকে বলে উত্তর রাশি।

৩. ৬০ মিটার দৈর্ঘ্য বিশিষ্ট একটি নলকে ৩ : ৭ : ১০ অনুপা... টুকরা করা হয়েছে। ছোট টুকরাটি কত মিটার?

ক. ৯ খ. ১০

গ. ৭ ঘ. ৮

ব্যাখ্যা: নলটির অনুপাত ৩ : ৭ : ১০

অনুপাতগুলোর যোগফল (৩ + ৭ + ১০)

= ২০

ছোট টুকরার দৈর্ঘ্য ৬০ এর $\frac{৩}{২০}$

= ৯ মিটার

৪. ৭,৫০০ টাকা ১ : ২ : ৩ : ৪ : ৫ অনুপাতে ভাগ করলে বৃহত্তম ও ক্ষুদ্রতম অংশের পার্থক্য হবে-

ক. ২৬০০ খ. ৩০০০

গ. ২০০০ ঘ. ২৫০০

ব্যাখ্যা: অনুপাতের রাশিগুলোর যোগফল

= ১+২+৩+৪+৫ = ১৫

∴ বৃহত্তম অংশ $\left(৭৫০০ \text{ এর } \frac{৫}{১৫}\right)$ = ২৫০০ টাকা

ক্ষুদ্রতম অংশ $\left(৭৫০০ \text{ এর } \frac{১}{১৫}\right)$ = ৫০০ টাকা

∴ বৃহত্তম ও ক্ষুদ্রতম অংশের পার্থক্য= (২৫০০-৫০০) টাকা

= ২০০০ টাকা

৫. ক, খ ও গ একত্রে ব্যবসা করে ১২০০ টাকা লাভ করে। যদি ক, খ ও গ-এর মূলধনের অনুপাত ৩ : ৪ : ৮ হয় তবে 'ক' কত লভ্যাংশ পাবে?
ক. ২৪০ খ. ২৩০
গ. ২৫০ ঘ. ২২০
ব্যাখ্যা: অনুপাতের রাশিগুলোর যোগফল (৩+৪+৮) =১৫
$\therefore$ ক এর লভ্যাংশ = $\left(১২০০ \text{ এর } \frac{৩}{১৫}\right)$ = ২৪০ টাকা

৬. একটি সোনার গয়নার ওজন ৩২ গ্রাম। এতে সোনা ও তামার অনুপাত ৩ : ১। এতে কী পরিমাণ সোনা মেশালে অনুপাত ৪ : ১ হবে?
ক. ২ গ্রাম খ. ৩ গ্রাম
গ. ৬ গ্রাম ঘ. ৮ গ্রাম
ব্যাখ্যা: সোনা ও তামার অনুপাতের যোগফল = ৩+১ = ৪
সোনার পরিমাণ = ৩২ এর $\frac{৩}{৪}$ = ২৪ গ্রাম
তামার পরিমাণ = ৩২ এর $\frac{১}{৪}$ = ৮ গ্রাম
ধরি, সোনা মেশাতে হবে x গ্রাম।
শর্তমতে,
২৪ + x : ৮ = ৪ : ১
বা, $\frac{২৪ + x}{৮} = \frac{৪}{১}$
বা, ২৪ + x = ৩২
বা, x = ৩২ - ২৪
$\therefore$ x = ৮
সোনা মেশাতে হবে ৮ গ্রাম।

৭. খোকন ও মন্টুর আয়ের অনুপাত ৯ : ৪। খোকনের আয় ৯০ টাকা হলে মন্টুর আয় কত?
ক. ৪৮ খ. ৬৫
গ. ৪০ ঘ. ৬০
ব্যাখ্যা: ধরি, খোকনের আয় ৯x
মন্টুর আয় ৪x
শর্তমতে, ৯x = ৯০
$\Rightarrow$ x = $\frac{৯০}{৯}$
$\therefore$ x = ১০
$\therefore$ মন্টুর আয় = (৪ × ১০) টাকা
= ৪০ টাকা

৮. ৩০ লিটার পরিমাণ মিশ্রণে এসিড ও পানির অনুপাত ৭ : ৩। ঐ মিশ্রণে কী পরিমাণ পানি মেশালে এসিড ও পানির অনুপাত ৩ : ৭ হবে?
ক. ৪৫ লিটার খ. ৩০ লিটার
গ. ৪০ লিটার ঘ. ৪৫ লিটার
ব্যাখ্যা: এসিড ও পানি = ৭ : ৩
অনুপাতের যোগফল = ৭ + ৩ = ১০
এসিডের পরিমান = ৩০$\frac{৭}{১০}$ লিটার = ২১ লিটার
পানির পরিমাণ = ৩০$\frac{৩}{১০}$ লিটার = ৯ লিটার
আবার, এসিড ও পানি = ৩ : ৭
এসিডের পরিমাণ ৩ লিটার হলে পানির পরিমাণ ৭ লিটার
$\therefore$ " " ১ " " " " $\frac{৭}{৩}$ "
$\therefore$ " " ২১ " " " " $\frac{৭ \times ২১}{৩}$ "
= ৪৯ লিটার
$\therefore$ পানি মিশ্রিত করতে হবে = ৪৯-৯ লিটার = ৪০ লিটার
$\therefore$ নির্ণেয় উত্তর = ৪০ লিটার।

৯. দুই বছর আগে বাবার বয়স পুত্রের বয়সের ১৪ গুণ ছিল। দুই বছর বাদে বাবার বয়স পুতের বয়সের চেয়ে ২৬ বছর বেশি হয়, তবে বাবা ও তার পুত্রের বয়সের অনুপাত কত হবে?
ক. ১৫ : ২ খ. ১ : ৪
গ. ৩ : ৬ ঘ. কোনোটিই নয়
ব্যাখ্যা: মনে করি, ২ বছর আগে পুত্রের বয়স ছিল x বছর
$\therefore$ ২ " " বাবার " " ১৪x বছর
বর্তমানে বাবার বয়স = ১৪x + ২ বছর
" পুত্রের " = x + ২ "
২ বছর পর বাবার বয়স হবে ১৪x+২+২=১৪x+৪ বছর
২ " " " " " x + ২ + ২ = x + ৪
$\therefore$ প্রশ্নমতে, ১৪x + ৪ − (x + ৪) = ২৬
বা, ১৪x + ৪ − x − ৪ = ২৬
বা, ১৩x = ২৬
বা, x = ২
বর্তমানে পিতার বয়স হবে ১৪x + ২ বা (১৪ × ২ + ২)
= ৩০ বছর
বর্তমানে পুত্রের বয়স হবে x + ২ বা (২+২) = ৪ বছর
$\therefore$ পিতার বয়স : পুত্রের বয়স
= ৩০ : ৪ = ১৫ : ২

১০. ১০ বছর আগে করিমের বয়স ছিল রহিমের বয়সের অর্ধেক। যদি তাদের বর্তমান বয়সের অনুপাত ৩ : ৪ হয়, তবে বর্তমানে তাদের মোট বয়স কত?
ক. ৩৫ বছর খ. ২৩ বছর
গ. ২৮ বছর ঘ. ৪৫ বছর
ব্যাখ্যা:
ধরি, করিমের ও রহিমের বর্তমান বয়স ৩x ও ৪x বছর

১০ বছর আগে করিমের বয়স = (৩x − ১০) বছর

১০ " " রহিমের " = (৪x − ১০) বছর

∴ (৩x − ১০) = $\frac{১}{২}$(৪x − ১০)

বা, ৩x − ১০ = ২x − ৫

বা, x = ৫

∴ করিমের বর্তমান বয়স = (৩ × ৫) বা ১৫ বছর

রহিমের " " = (৪ × ৫) বা ২০ বছর

মোট বয়স (১৫ + ২০) বা ৩৫ বছর।

১১. ক : খ = ৫ : ৬ এবং খ : গ = ৩ : ১০ হলে ক : গ = কত?

ক. ৬ : ১২ খ. ১০ : ১০

গ. ৫ : ২০ ঘ. ৫ : ১২

ব্যাখ্যা:

দেয়া আছে,

ক : খ = ৫ : ৬

এবং খ : গ = (৩ : ১০) × ২ = ৬ : ২০

∴ ক : খ : গ = ৫ : ৬ : ২০

∴ ক : গ = ৫ : ২০

১২. একটি জিনিস ১২০ টাকায় ক্রয় করে ১৪৪ টাকায় বিক্রি করলে ক্রয়মূল্য ও লাভের অনুপাত কত হবে?

ক. ৫ : ১ খ. ১২ : ৫

গ. ১৩ : ৭ ঘ. ১৫ : ৮

ব্যাখ্যা:

লাভ = ১৪৪ - ১২০ = ২৪ টাকা

∴ ক্রয়মূল্য ও লাভের অনুপাত = ১২০ : ২৪

= $\frac{১২০}{২৪}$

= ৫ : ১

১৩. দুটি রাশির অনুপাত ৬ : ১৩। উত্তররাশি ৯১ হলে পূর্বরাশি কত?

ক. ৪২ খ. ৫৪

গ. ৫৭ ঘ. ৬২

ব্যাখ্যা:

মনে করি, উত্তর রাশি ১৩x

পূর্ব রাশি ৬x

∴ প্রশ্নমতে, ১৩x = ৯১

বা, x = $\frac{৯১}{১৩}$

∴ x = ৭

∴ পূর্ব রাশি = ৬x

= ৬ × ৭

= ৪২

১৪. একজন লোক সপ্তাহে ৫০০০ টাকা আয় করেন ও ... টাকা ব্যয় করেন। তাঁর ব্যয়ের সাথে সঞ্চয়ের অনুপাত

ক. ৯ : ১ খ. ১ : ৯

গ. ১০ : ৯ ঘ. ৫ : ১

ব্যাখ্যা:

সঞ্চয় = ৫০০০ - ৪৫০০ = ৫০০ টাকা

∴ ব্যয় : সঞ্চয় = ৪৫০০ : ৫০০ = ৯ : ১

১৫. এক খণ্ড রাশিকে ৩ : ৪ অনুপাতে কর্তন করা হলে ... অংশ ১২.৮ মিটার হলে ক্ষুদ্রতম অংশ হবে-

ক. ৮.২ মিটার খ. ৯.৬ মিটার

গ. ৯.৮ মিটার ঘ. ১০.২ মিটার

ব্যাখ্যা: মনে করি, ছোট অংশ ৩x মিটার

এবং বড় অংশ ৪x

∴ প্রশ্নমতে, ৪x = ১২.৮

বা, x = $\frac{১২.৮}{৪}$

∴ x = ৩.২

∴ ছোট অংশের দৈর্ঘ্য ৩x মিটার

= ৯.৬ মিটার

১৬. তিন বছর পূর্বে মা ও মেয়ের বয়স যথাক্রমে ২৭ বছর ও ... বছর ছিল। ৫ বছর পর তাদের বয়সের অনুপাত-

ক. ৩ : ২ খ. ৭ : ২

গ. ২৭ : ২ ঘ. ২৭ : ৫

ব্যাখ্যা: মায়ের বর্তমান বয়স (২৭ + ৩) বা ৩০ বছর

মেয়ের " " (২ + ৩) বা ৫ বছর

∴ ৫ বছর পর তাদের বয়সের অনুপাত (৩০+৫) : (৫+...

= ৩৫ : ১০ = ৭ : ২

১৭. পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৫৪ বছর এবং অনুপাত ... ২। ১০ বছর পরে তাদের বয়সের অনুপাত কত হবে?

ক. ৩১ : ১৬ খ. ২৬ : ১১

গ. ১৭ : ১২ ঘ. ২ : ১

ব্যাখ্যা:

দেওয়া আছে, পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৫৪ ... তাদের বয়সের অনুপাত ৭ : ২

∴ ২ অনুপাতদ্বয়ের যোগফল = (৭ + ২) = ৯

∴ বর্তমানে পিতার বয়স = ৫৪ এর $\frac{৭}{৯}$ বছর = ৪২ বছর

∴ বর্তমানে পুত্রের বয়স = ৫৪ এর $\frac{২}{৯}$ বছর = ১২ বছর

= ১২ বছর

∴ ১০ বছর পরে পিতার বয়স = (৪২ + ১০) বছর

= ৫২ বছর

∴ ১০ বছর পরে পুত্রের বয়স = (১২ + ১০) বছর

= ২২ বছর

∴ ১০ বছর পরে পিতা ও পুত্রের বয়সের অনুপাত হবে

= ৫২:২২

= ২৬ : ১১ বছর

১৮. দুইটি সংখ্যা অনুপাত 3 : 4 এবং তাদের ল.সা.গু 180। সংখ্যা দুটি কি কি?

ক. 70, 60 খ. 60, 40
গ. 50, 40 ঘ. 45, 60

ব্যাখ্যা:

দুইটি সংখ্যার অনুপাত = 3 : 4

এবং ল.সা.গু = 180

অনুপাতের রাশির গুণফল = $3 \times 4 = 12$

সুতরাং

$$\frac{180}{12} = 15$$

∴ একটি সংখ্যা = $3\times15 = 45$

অপর সংখ্যা = 4×15

= 60

১৯. ৩৫ লিটার অকটেন ও পেট্রোল মিশ্রণে পেট্রোল ও অকটেনের অনুপাত ৪ : ৩। এতে আর কত অকটেন মেশালে পেট্রোল ও অকটেনের অনুপাত ৪ : ৫ হবে?

ক. ৮ লিটার খ. ১০ লিটার
গ. ১২ লিটার ঘ. ১৫ লিটার

ব্যাখ্যা: পেট্রোল: অকটেন = ৪ : ৩

পেট্রোলের পরিমাণ = $\frac{৪}{৪+৩} \times ৩৫$ = ২০ লিটার

অকটেনের পরিমাণ = $\frac{৩}{৪+৩} \times ৩৫$ = ১৫ লিটার

নতুন মিশ্রণে,

পেট্রোল : অকটেন = ৪ : ৫ (৪×৫) : (৫×৫) = ২০ : ২৫

∴ অকটেন মেশাতে হবে = ২৫ - ১৫ = ১০ লিটার।

২০. ৫ ঃ ৭ এবং ৩ ঃ ১৩ অনুপাতগুলোর ধারাবাহিক অনুপাত কত?

ক. ১৫ ঃ ২১ ঃ ৯১ খ. ২১ ঃ ১৫ ঃ ৯১
গ. ২১ ঃ ১৫ ঃ ৬৫ ঘ. ১৫ ঃ ২১ ঃ ৩৯

ব্যাখ্যা: দেয়া আছে, ৫ ঃ ৭ এবং ৩ ঃ ১৩

৫ ঃ ৭ = ১৫ ঃ ২১

৩ ঃ ১৩ = ২১ ঃ ৯১

∴ অনুপাতগুলো = ১৫ ঃ ২১ ঃ ৯১ (উত্তর)

২১. একটি দ্রব্য ২৫% লাভে বিক্রয় করলে উহার ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত কত?

ক. ৪ ঃ ৫ খ. ৪ ঃ ৬
গ. ৫ ঃ ৬ ঘ. ৫ ঃ ৪

ব্যাখ্যা: ২৫% লাভে ১০০ টাকার দ্রব্যের বিক্রয়মূল্য

= ১০০ + ২৫ = ১২৫ টাকা।

∴ ক্রয়মূল্য : বিক্রয়মূল্য = ১০০ ঃ ১২৫

= (৪ × ২৫) ঃ (৫ × ২৫) = ৪ ঃ ৫।

২২. একটি রাশি অপর রাশির ৬৪% হলে, রাশি দুটির অনুপাত কত?

ক. ২০ ঃ ২৫ খ. ১৬ ঃ ২৫
গ. ১৫ ঃ ২০ ঘ. ২৫ ঃ ৩০

ব্যাখ্যা:

ধরি, একটি রাশি = 'ক'

∴ অপর রাশি = 'ক' এর ৬৪%।

$= \frac{\text{৬৪ক}}{\text{১০০}}$

$= \frac{\text{১৬ক}}{\text{২৫}}$

∴ রাশি দুটির অনুপাত = ক ঃ $\frac{\text{১৬ক}}{\text{২৫}}$

= ২৫ক ঃ ১৬ ক

= ২৫ ঃ ১৬

= ১৬ : ২৫

২৩. ৩, ৪, ৯ এর চতুর্থ সমানুপাতিক কোনটি?

ক. ৬ খ. ৮
গ. ১০ ঘ. ১২

ব্যাখ্যা:

আমরা জানি,

১ম × ৪র্থ = ২য় × ৩য়

বা, ৩ × ৪র্থ = ৪ × ৯

বা, ৪র্থ = $\frac{৪ \times ৯}{৩}$ = ১২

২৪. চারটি সমানুপাতিক রাশির প্রান্তীয় রাশিদ্বয়ের গুণফল ৪৮ হলে মধ্য রাশিদ্বয়ের গুণফল কত?

ক. ৪০ খ. ৪৮
গ. ৬০ ঘ. ৮৪

ব্যাখ্যা:

প্রান্তীয় রাশিদ্বয়ের গুণফল, মধ্যরাশিদ্বয়ের গুণফলের সমান, অর্থাৎ ৪৮।

উত্তরপত্র

১.	খ	২.	ক	৩.	ক	৪.	গ	৫.	ক
৬.	ঘ	৭.	গ	৮.	গ	৯.	ক	১০.	ক
১১.	গ	১২.	ক	১৩.	ক	১৪.	ক	১৫.	খ
১৬.	খ	১৭.	খ	১৮.	ঘ	১৯.	খ	২০.	ক
২১.	ক	২২.	খ	২৩.	ঘ	২৪.	খ		

গড়

গড় : একজাতীয় কতিপয় রাশির সমষ্টিকে উক্ত রাশিগুলোর মোট সংখ্যা দ্বারা ভাগ করলে যে ভাগফল পাওয়া যায়, তাকে রাশিগুলোর গড় বলে।

$$\text{গড়} = \frac{\text{এক জাতীয় কতিপয় রাশির সমষ্টি}}{\text{রাশির সংখ্যা}}$$

যেমন: প্রথম দশটি স্বাভাবিক সংখ্যার গড়

$$= \frac{১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০}{১০}$$

$$= \frac{৫৫}{১০} = ৫.৫০$$

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. একজন ব্যাটসম্যান প্রথম তিনটি T-20 খেলায় ৮২, ৮৫, ও ৯২ রান করেন। চতুর্থ খেলায় কত রান করলে তার গড় রান ৮৭ হবে?

ক. ৫৮ | খ. ৮৭
গ. ৮৮ | ঘ. ৮৯

ব্যাখ্যা: ৮৭ গড়ে চার ম্যাচে মোট রান = (৮৭ × ৪) = ৩৪৮
তিন ম্যাচে মোট রান = ৮২ + ৮৫ + ৯২ = ২৫৯
∴ ৪র্থ ম্যাচে করতে হবে = (৩৪৮ - ২৫৯)
= ৮৯ রান।

২. তিন ভাইয়ের বয়সের গড় 16 বছর। পিতাসহ 3 ভাইয়ের বয়সের গড় 25 বছর হলে পিতার বয়স কত?

ক. 45 | খ. 42
গ. 52 | ঘ. 41

ব্যাখ্যা:
পিতাসহ 3 ভাইয়ের মোট বয়স (25 × 4) বা 100 বছর
3 " " " (16 × 3) বা 48 বছর
[(-) করে] ∴ পিতার বয়স = 52 বছর।

৩. ১০০ জন শিক্ষার্থীর পরিসংখ্যান গড় নম্বর ৭০, এদের মধ্যে ৬০ জন ছাত্রীর গড় নম্বর ৭৫ হলে ছাত্রদের গড় নম্বর কত?

ক. ৫৫.৫ | খ. ৬০.৫
গ. ৬৫.৫ | ঘ. ৬২.৫

ব্যাখ্যা:
১০০ জন শিক্ষার্থীর মোট নম্বর = (১০০×৭০) = ৭০০০
৬০ " ছাত্রীর " " = (৬০×৭৫) = ৪৫০০
∴ ৪০ জন ছাত্রের মোট নম্বর = ২৫০০
এবং ৪০ জন ছাত্রের গড় নম্বর $= \frac{২৫০০}{৪০}$
= ৬২.৫

৪. ৪, ৬, ৭ এবং x এর গড় মান ৫.৫ হলে x এর মান কত?

ক. ৫.০ | খ. ৭.৫
গ. ৬.৮ | ঘ. ৬.৫

ব্যাখ্যা: ৪, ৬, ৭ এবং x এর গড় ৫.৫
তাহলে ৪ + ৬ + ৭ + x এর সমষ্টি (৫.৫) × ৪
বা, ১৭ + x = ২২
বা, x = ২২ - ১৭
∴ x = ৫

৫. পিতা ও মাতার বয়সের গড় ৪৫ বছর। আবার পিতা, মা ও এক পুত্রের বয়সের গড় ৩৬ বছর। পুত্রের বয়স কত

ক. ৯ বছর | খ. ১৪ বছর
গ. ১৫ বছর | ঘ. ১৮ বছর

ব্যাখ্যা:
পিতা, মাতা ও এক পুত্রের মোট বয়স = ১০৮ বছর
পিতা ও মাতার বয়স = ৯০ বছর
∴ পুত্রের বয়স = ১৮ বছর

৬. ১০টি সংখ্যার যোগফল ৪৬২। প্রথম চারটির গড় ৫২, শেষ ৫টির ৩৮। পঞ্চম সংখ্যাটি কত?

ক. ৫০ | খ. ৬২
গ. ৬৪ | ঘ. ৬০

ব্যাখ্যা: ১ম চারটির সমষ্টি ৫২ × ৪ = ২০৮
শেষ ৫টির সমষ্টি ৩৮ × ৫ = ১৯০
মোট ৯টির সমষ্টি ২০৮ + ১৯০ = ৩৯৮
পঞ্চম সংখ্যাটি ৪৬২−৩৯৮ = ৬৪।

৭. ৬ জন পুরুষ, ৮ জন স্ত্রীলোক এবং ১ জন বালকের বয়সের গড় ৩৫ বছর। পুরুষদের বয়সের গড় ৪০ বছর এবং স্ত্রীলোকদের বয়সের গড় ৩৪ বছর। বালকের বয়স কত?

ক. ১৩ বছর | খ. ১৬ বছর
গ. ১৫ বছর | ঘ. ১৪ বছর

ব্যাখ্যা:
৬ জন পুরুষ, ৮ জন স্ত্রীলোক ও ১ জন বালকের মোট বয়স
= (৩৫ × ১৫) বছর = ৫২৫ বছর
৬ জন পুরুষের মোট বয়স = (৪০×৬) বছর = ২৪০ বছর
৮ জন স্ত্রীলোকের মোট বয়স = (৩৪×৮) বছর = ২৭২ বছর
∴ বালকের বয়স = (৫২৫−২৪০−২৭২) বছর = ১৩ বছর

৮. পাঁচ সন্তানের বয়সের গড় ৭ বছর এবং পিতাসহ তাদের বয়সের গড় ১৩ বছর। পিতার বয়স কত?

ক. ৪৩ বছর | খ. ৩৩ বছর
গ. ৫৩ বছর | ঘ. ৬৩ বছর

ব্যাখ্যা: পাঁচ সন্তানের বয়সের সমষ্টি = (৫×৭) বছর
= ৩৫ বছর
আবার, পিতাসহ পাঁচ সন্তানের বয়সের সমষ্টি = ৬×১৩
= ৭৮ বছর
∴ পিতার বয়স = (৭৮-৩৫) বছর = ৪৩ বছর।

৯. ক, খ ও গ এর মাসিক গড় বেতন ৫০০ টাকা। খ, গ ও ঘ এর মাসিক গড় বেতন ৪৫০ টাকা। ক এর বেতন ৫৪০ টাকা হলে ঘ এর বেতন কত?

ক. ৩৭৫ টাকা খ. ৩৮০ টাকা
গ. ৩৯০ টাকা ঘ. ৪০০ টাকা

ব্যাখ্যা:
ক, খ ও গ এর মাসিক গড় বেতন ৫০০ টাকা।
∴ ক, খ ও গ এর মাসিক মোট গড় বেতন (৫০০×৩)=১৫০০
ক, খ ও গ এর মোট বেতন = ১৫০০ টাকা
ক " " " = ৫৪০ টাকা
∴ খ ও গ এর মোট বেতন = ৯৬০ টাকা
খ, গ ও ঘ এর মাসিক গড় বেতন = ৪৫০ টাকা
∴ খ, গ ও ঘ এর মোট বেতন = ১৩৫০ টাকা
খ ও গ " " " = ৯৬০ টাকা
∴ ঘ এর বেতন = ৩৯০ টাকা

১০. পিতা ও ৩ পুত্রের বয়স অপেক্ষা মাতা ও পুত্রের বয়সের গড় $১\frac{১}{২}$ বছর কম। মাতার বয়স ৩০ বছর হলে পিতার বয়স কত?

ক. ৩০ বছর খ. $৩১\frac{১}{২}$ বছর
গ. ৩৬ বছর ঘ. ৩৮ বছর

ব্যাখ্যা:
পিতা ও ৩ পুত্রের বয়সের গড় অপেক্ষা মাতা এবং ওই ৩ পুত্রের বয়সের গড় $১\frac{১}{২}$ বছর কম,

তাদের সমষ্টির পার্থক্য হবে = $\left(১\frac{১}{২}\times ৪\right)$ বছর

$= \left(\frac{৩}{২}\times ৪\right)$ বছর = ৬ বছর

যেহেতু তিন পুত্রের বয়স দুই জায়গায় সমান, সেহেতু পিতার বয়স বেশি। অতএব, পিতার বয়স হবে (৩০+৬) বছর।

১১. এক ব্যক্তি ঘন্টায় ৫ কি. মি. বেগে চলে কোনো স্থানে গেল এবং ঘন্টায় ৩ কি. মি. বেগে চলে ফিরে এল। যাতায়াতের তার গতির গড় কত?

ক. $\frac{৪}{১৫}$ কি.মি. খ. ২ কি. মি.
গ. $৩\frac{৩}{৪}$ কি.মি. ঘ. ৪ কি. মি.

ব্যাখ্যা: ধরি, লোকটি x কি.মি. দূরত্ব অতিক্রম করে যেতে সময় লাগে $\frac{x}{5}$ ঘন্টা।

ফিরে আসতে সময় লাগে = $\frac{x}{3}$ ঘন্টা

∴ গড় বেগ = $\frac{\text{মোট দূরত্ব}}{\text{মোট সময়}}$

$$= \frac{x+x}{\frac{x}{5}+\frac{x}{3}} = \frac{2x}{\frac{3x+5x}{15}} = 2x\times\frac{15}{8x} = \frac{15}{4} = 3\frac{3}{4}$$

∴ নির্ণেয় যাতায়াতে তার গতির গড় $3\frac{3}{4}$ কি. মি.।

১২. পিতা ও দুই পুত্রের গড় বয়স ২০ বছর। দুই বছর পূর্বে দুই পুত্রের গড় বয়স ছিল ১২ বছর। পিতার বর্তমান বয়স কত?

ক. ২৬ বছর খ. ২৮ বছর
গ. ৩০ বছর ঘ. ৩২ বছর

ব্যাখ্যা: পিতা ও দুই পুত্রের গড় বয়স ২০ বছর
∴ " " " মোট বয়স = (২০×৩) = ৬০ বছর
২ বছর পূর্বে, দুই পুত্রের গড় বয়স ছিল ১২ বছর
∴ " " মোট " = (১২×২) = ২৪ বছর
বর্তমানে দুই পুত্রের বয়স = ২৪ + (২ + ২)
= ২৮ বছর
∴ পিতার বর্তমান বয়স = (৬০-২৮) = ৩২ বছর।

১৩. একজন মাঝি স্রোতের অনুকূলে ১ ঘন্টায় ৩ মাইল যায় এবং ৩ ঘন্টায় যাত্রাস্থানে ফিরে আসে। তার মোট ভ্রমণে প্রতি ঘন্টার গড় বেগ কত?

ক. $১\frac{১}{২}$ খ. $১\frac{২}{৩}$
গ. $১\frac{৩}{৪}$ ঘ. $১\frac{৩}{৫}$

ব্যাখ্যা: মোট দূরত্ব = ৩ + ৩ = ৬ মাইল
মোট সময় = ১ + ৩ = ৪ ঘন্টা
গড় বেগ = $\frac{৬}{৪} = ১\frac{১}{২}$ মাই/ঘন্টা

১৪. কোনো শ্রেণিতে ২০ জন ছাত্রীর বয়সের গড় ১২ বছর। ৪ জন নতুন ছাত্রী ভর্তি হওয়ায় বয়সের গড় ৪ মাস কমে গেল। নতুন ৪ জন ছাত্রীর বয়সের গড় কত?

ক. ৮ বছর খ. ৯ বছর
গ. ১০ বছর ঘ. ১১ বছর

ব্যাখ্যা: ২০ জন ছাত্রীর বয়সের গড় ১২ বছর।
∴ ২০ জন ছাত্রীর মোট বয়স = ১২×২০ = ২৪০ বছর
∴ ২৪ জন ছাত্রীর মোট বয়স = $\frac{৩৫}{৩}$ × ২৪ = ২৮০ বছর
∴ ৪ জন ছাত্রীর মোট বয়স = ২৮০-২৪০ বছর = ৪০ বছর
∴ ৪ জন ছাত্রীর গড় বয়স = $\frac{৪০}{৪}$ = ১০ বছর

১৫. একজন মাঝি স্রোতের অনুকূলে ২ ঘন্টায় ৬ মাইল যায় এবং ৫ ঘন্টায় যাত্রাস্থানে ফিরে আসবে। তার মোট ভ্রমণে প্রতি ঘন্টায় গড় বেগ কত?

ক. $১\frac{৫}{৮}$ খ. $১\frac{৫}{৭}$

গ. $১\frac{৫}{৬}$ ঘ. $১\frac{৪}{৫}$

ব্যাখ্যা:

মোট সময় = ২ + ৫ = ৭ ঘন্টা

মোট দূরত্ব = ৬ + ৬ = ১২ মাইল

$\therefore$ গড় বেগ = $\frac{১২}{৭} = ১\frac{৫}{৭}$ মাইল/ঘন্টা

১৬. ৭টি সংখ্যার গড় ১২। একটি সংখ্যা বাতিল করলে গড় হয় ১১। বাতিলকৃত সংখ্যাটি কত?

ক. ১০ খ. ১২

গ. ১৫ ঘ. ১৮

ব্যাখ্যা: দেওয়া আছে, ৭টি সংখ্যার গড় = ১২

$\therefore$ ৭টি সংখ্যার সমষ্টি (১২ × ৭) = ৮৪

আবার ১ সংখ্যা বাদে ৬টি সংখ্যার গড় ১১

$\therefore$ ৬টি সংখ্যার সমষ্টি (১১ × ৬)

= ৬৬

$\therefore$ বাতিল সংখ্যাটি (৮৪-৬৬)

= ১৮ (উত্তর)

১৭. তিনটি ক্রমিক সংখ্যার গুণফল তাদের যোগফলের ৫ গুণ; সংখ্যা তিনটির গড় কত?

ক. ৬ খ. ৩

গ. ৫ ঘ. ৪

ব্যাখ্যা: মনে করি, তিনটি ক্রমিক সংখ্যা যথাক্রমে x–১, x, x+১

প্রশ্নমতে, (x – ১) (x + ১) x = ৫ (x – ১ + x + ১)

বা, x $(x^2 – ১)$ = ৫ × ৩x

বা, x^2 – ১ = ১৫

বা, x^2 = ১৬

$\therefore$ x = ৪

৪ – ১ = ৪ – ১ = ৩

এবং x + ১ = ৪ + ১ = ৫

সুতরাং ক্রমিক সংখ্যা তিনটি ৩, ৪, ৫

$\therefore$ সংখ্যা তিনটির গড় = $\frac{৩ + ৪ + ৫}{৩} = \frac{১২}{৩}$ = ৪

১৮. এক ব্যক্তি কোনো দূরত্ব ঘন্টায় 4 মাইল বেগে অতিক্রম করে এবং ঘন্টায় 5 মাইল বেগে ফিরে আসে। তার গড় গতিবেগ ঘন্টায় কত মাইল?

ক. 5 খ. 4.54

গ. 4.44 ঘ. 4.50

ব্যাখ্যা: মনে করি, দূরত্ব = ক মাইল

যাওয়া-আসার মোট দূরত্ব = (ক + ক) মাইল = ২ক মা

ক দূরত্ব অতিক্রম করে = $\frac{ক}{4}$ ঘন্টায়

ক দূরত্ব ফিরে আসে = $\frac{ক}{5}$ ঘন্টায়

$\therefore$ গড় বেগ = $\frac{২ক}{\frac{ক}{৪} + \frac{ক}{৫}} = \frac{২x}{\frac{৯x}{২০}} = \frac{৪০}{৯}$

= ৪.৪৪ মাইল / ঘন্টা

১৯. .০২, .০০৮, ১.০০২, ৪০.০১২ ও x-এর গড় ১২.২১২ x-এর মান হচ্ছে-

ক. ২০.০০২ খ. ২০.০২০

গ. ২০.২০০ ঘ. ২০.০২২

ব্যাখ্যা:

$\frac{x + ০.০২ + ০.০০৮ + ১.০০২ + ৪০.০১২}{৫}$

= ১২.২১২৪

বা, x + ৪১.০৪২ = ৬১.০৬২

বা, x = ৬১.০৬২ – ৪১.০৪২

= ২০.০২

২০. কোনো শ্রেণিতে ২০ জন ছাত্রীর বয়সের গড় ১২ বছর। ৪ জন নতুন ছাত্রী ভর্তি হওয়ায় বয়সের গড় ৪ মাস কমে গেল। নতুন ৪ জন ছাত্রীর বয়সের গড় কত?

ক. ১১ বছর খ. ৯ বছর

গ. ১০ বছর ঘ. ৮ বছর

ব্যাখ্যা:

২০ জন ছাত্রীর বয়সের গড় ১২ বছর

$\therefore$ ২০ জন ছাত্রীর মোট বয়স = ২০ × ১২ বছর

= ২৪০ বছর

৪ জন নতুন ছাত্রী ভর্তি হওয়ায় মোট ছাত্রী সংখ্যা দাঁড়ায়

= (২০ + ৪) = ২৪ জন

বয়সের গড় কমে হয় ১১ বছর ৮ মাস বা $১১\frac{২}{৩}$ বছর

$\therefore$ ২৪ জন ছাত্রীর মোট বয়স হবে = $১১\frac{২}{৩}$ × ২৪ বছর

= $\frac{৩৫}{৩}$ × ২৪ বছর

= ২৮০ বছর

সুতরাং নতুন ৪ জন ছাত্রীর মোট বয়স = (২৮০-২৪০) বছর

= ৪০ বছর

$\therefore$ নতুন ৪ জন ছাত্রীর গড় বয়স = ৪০ ÷ ৪ বছর

= ১০ বছর

উত্তরপত্র

১.	ঘ	২.	গ	৩.	ঘ	৪.	ক	৫.	ঘ
৬.	গ	৭.	ক	৮.	ক	৯.	গ	১০.	গ
১১.	গ	১২.	ঘ	১৩.	ক	১৪.	গ	১৫.	খ
১৬.	ঘ	১৭.	ঘ	১৮.	গ	১৯.	খ	২০.	গ

ঐকিক নিয়ম

ঐকিক নিয়ম : একটি জিনিসের দাম, ওজন, পরিমাণ ইত্যাদি বের করে নির্দিষ্ট সংখ্যক এই জাতীয় জিনিসের দাম, ওজন, পরিমাণ ইত্যাদি বের করার নিয়মকে ঐকিক নিয়ম বলে।

সমাধানের নিয়ম : সমাধানের জন্য বাক্যটিকে সুন্দরভাবে সাজাতে হবে, যে জিনিসটি দেওয়া আছে তা বাম দিকে যা চাওয়া হয় তা ডানদিকে থাকে। মনে রাখতে হবে, গুণ ও ভাগের কাজ সবার শেষে হবে।

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. একটি গাড়ি ঘন্টায় ৬০ কিলোমিটার বেগে চলে, ৩ মিনিট ৩০ সেকেন্ডে সেটি কত দূর যাবে?
ক. ৩.৫ কিলোমিটার খ. ২১০ কিলোমিটার
গ. ২০ কিলোমিটার ঘ. ৩.৩ কিলোমিটার
ব্যাখ্যা: ১ ঘন্টা = ৩৬০০ সেকেন্ড
∴ ৩৬০০ সেকেন্ডে অতিক্রম করে = ৬০ কিলোমিটার
∴ ১ সেকেন্ডে অতিক্রম করে = $\frac{৬০}{৩৬০০}$ কিলোমিটার
∴ ২১০ সেকেন্ডে অতিক্রম করে = $\frac{৬০ \times ২১০}{৩৬০০}$ কিলোমিটার
= ৩.৫ কিলোমিটার

২. ঢাকা থেকে রংপুরের দূরত্ব ৪৫ মাইল। হাসান ঘন্টায় ৩ মাইল বেগে এবং শাহিন ঘন্টায় ৪ মাইল বেগে হাঁটে। হাসান ঢাকা থেকে রওনা হওয়ার ১ ঘন্টা পর শাহিন রংপুর থেকে ঢাকা রওনা হলো। শাহিন কত মাইল হাঁটার পর হাসানের সাথে দেখা হবে?
ক. ২৪ খ. ২১
গ. ২০ ঘ. ২৩
ব্যাখ্যা: ১ ঘন্টায় হাসানের অতিক্রান্ত দূরত্ব = ৩ মাইল
∴ অবশিষ্ট দূরত্ব = (৪৫-৩) মাইল
= ৪২ মাইল
যেহেতু তারা পরস্পর বিপরীত দিক থেকে অগ্রসর হয়, তাই তাদের ১ ঘন্টায় মোট অতিক্রান্ত দূরত্ব = (৪ + ৩) = ৭ মাইল।
∴ শাহিন মোট হাঁটে = $\frac{৪২}{৭}$ = ৬ ঘন্টা
∴ শাহিনের অতিক্রান্ত দূরত্ব = ৬ × ৪ = ২৪ মাইল।

৩. ১৫ জনের কোনো কাজের অর্ধেক করতে ২০ দিন লাগে, কত দিনে ২০ জন লোক পুরো কাজটি শেষ করতে পারবে?
ক. ৩০ খ. ৪০
গ. ২০ ঘ. ১৫
ব্যাখ্যা: ১৫ জনে $\frac{১}{২}$ কাজ করে ২০ দিনে
১ জনে $\frac{১}{২}$ কাজ করে ১৫ × ২০ দিনে
২০ জনে ১ কাজ করে $\frac{১৫\times২০\times২}{২০}$
= ৩০ দিন।

৪. কোনো পরীক্ষায় ৫২% পরীক্ষার্থী ইংরেজিতে এবং ৪২% পরীক্ষার্থী গণিতে ফেল করল। যদি উভয় বিষয়ে ১৭% ফেল করে থাকে, তবে কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে পাস করেছে?
ক. ২৫ জন খ. ২৬ জন
গ. ২৩ জন ঘ. ২৪ জন
ব্যাখ্যা: শুধু ইংরেজিতে ফেল করে (৫২−১৭)%
= ৩৫%
শুধু গণিতে ফেল করে (৪২−১৭)%
= ২৫%
এক বা একাধিক ফেল করে (৩৫ + ২৫ + ১৭)%
= ৭৭%
∴ উভয় বিষয়ে পাস করে (১০০ − ৭৭) = ২৩ জন।

৫. রেললাইনের পাশে একটি তালগাছ রয়েছে। ঘন্টায় ৪৫ কি.মি. বেগে ধাবমান ১৫০ মিটার লম্বা একটি ট্রেন কত সময়ে ঐ তালগাছটি অতিক্রম করবে?
ক. ১১ সেকেন্ড খ. ১২ সেকেন্ড
গ. ১৩ সেকেন্ড ঘ. ১৪ সেকেন্ড
ব্যাখ্যা: ৪৫ কি.মি. বা ৪৫,০০০ মিটার যায় ১ ঘন্টা বা ৩৬০০ সেকেন্ডে
১ মিটার যায় $\frac{৩৬০০}{৪৫০০০}$ সেকেন্ডে
১৫০ মিটার যায় $\frac{৩৬০০\times১৫০}{৪৫০০০}$ সেকেন্ড = ১২ সেকেন্ড

৬. কোনো স্থানে যত লোক আছে তত পাঁচ পয়সা জমা করায় মোট ৩১.২৫ টাকা জমা হলো। ঐ স্থানে কত লোক ছিল?
ক. ২৫ খ. ৫৫
গ. ১২৫ ঘ. ৬৫
ব্যাখ্যা: ধরি, লোকসংখ্যা = x জন

প্রশ্নমতে, x × x × ৫ = ৩১২৫ [৩১.২৫ টাকা = ৩১২৫ পয়সা]

$\Rightarrow x^2 = \frac{৩১২৫}{৫}$

$\Rightarrow x^2 = ৬২৫$

$\therefore x = ২৫$

৭. একটি প্রতিযোগিতামূলক পরীক্ষায় ৬০% পরীক্ষার্থী পাস করেছে। যার পাস করেনি তাদের ১৫ জন বিদেশে চলে গেল এবং ৪৫ জন ব্যবসা করল। কতজন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছে?

ক. ১০০ খ. ১৫০
গ. ২০০ ঘ. ২৫০

ব্যাখ্যা: পাস করেনি এমন শিক্ষার্থীর সংখ্যা = (১৫ + ৪৫)
= ৬০ জন

৪০% সমান ৬০ জন

১০০% সমান $\frac{৬০ \times ১০০}{৪০}$ জন = ১৫০ জন।

৮. চাউলের মূল্য ২০% বৃদ্ধি পাওয়ায় ৭৫০ টাকায় পূর্বাপেক্ষা ৫ কেজি চাল কম পাওয়া গেল, ১ কেজি চালের পূর্বমূল্য কত ছিল?

ক. ৫০ খ. ২৫
গ. ৩৫ ঘ. ৪৫

ব্যাখ্যা:

১০০ টাকায় কমে ২০ টাকা

∴ ৭৫০ টাকায় কমে $\frac{৭৫০ \times ২০}{১০০}$ টাকা

= ১৫০ টাকা

৫ কেজি চালের বর্তমান মূল্য ১৫০ টাকা

∴ ১ কেজি চালের বর্তমান মূল্য $\frac{১৫০}{৫}$ টাকা

= ৩০ টাকা।

২০% বৃদ্ধিতে,

বর্তমান মূল্য ১২০ টাকা হলে পূর্বমূল্য ১০০ টাকা

∴ বর্তমান মূল্য ৩০ টাকা হলে পূর্বমূল্য $\frac{১০০ \times ৩০}{১২০}$ বছর

= ২৫ টাকা।

৯. কোনো ছাত্রাবাসে ৪০ জন ছাত্রের ৩০ দিনের খাবার আছে। ৫ দিন পর আরও ১০ জন ছাত্র আসলে অবশিষ্ট খাদ্যে তাদের কতদিন চলবে?

ক. ২৫ দিন খ. ২৮ দিন
গ. ১৫ দিন ঘ. ২০ দিন

ব্যাখ্যা:

বাকি দিন (৩০-৫) বা ২৫ দিন

৫ দিন পর মোট ছাত্র সংখ্যা (৪০ + ১০) বা ৫০ জন।

১ জন ছাত্রের খাবার আছে ২৫ দিনের

৫০ জন ছাত্রের খাবার আছে $\frac{৪০ \times ২৫}{৫০}$ দিনের

= ২০ দিন।

১০. একটি কলম ও একটি বইয়ের মূল্য একত্রে ৯৫ টা[...] কলমটির মূল্য ১৫ টাকা বেশি ও বইটির মূল্য ১৪ টা[...] হলে কলমটির মূল্য বইটির মূল্যের দ্বিগুণ হয়। ক[...] মূল্য কত?

ক. কোনোটিই নয় খ. ৪৯ টাকা
গ. ৪৬ টাকা ঘ. ৫০ টাকা

ব্যাখ্যা: ধরি, কলমটির মূল্য ক টাকা

বইটির মূল্য (৯৫ − ৫) টাকা

প্রশ্নানুসারে ক + ১৫ = ২ (৯৫ − ক − ১৪)

বা, ক + ১৫ = ২ (৮১−ক)

বা, ক + ২ক = ১৬২−১৫

বা, ৩ক = ১৪৭

বা, ক = $\frac{১৪৭}{৩}$

∴ ক = ৪৯

∴ কলমটির মূল্য ৪৯ টাকা

বইটির মূল্য (৯৫−৪৯) বা, ৪৬ টাকা

১১. কোনো বছরে একটি গ্রামের লোকসংখ্যা ১৫% বৃ[...] বছরের শেষে লোকসংখ্যা ৬৯০০ হলে বছরের শুরুতে লো[...] সংখ্যা কত ছিল?

ক. ৫৭০০ খ. ৫৫০০
গ. ৬৩০০ ঘ. ৬০০০

ব্যাখ্যা: ১৫% বৃদ্ধিতে লোকসংখ্যা (১০০+১৫) = ১১৫

বছর শেষে লোকসংখ্যা ১১৫ হলে শুরুর লোকসংখ্যা ১০০ জন

∴ " " " ৬৯০০ " " = $\frac{৬৯০০ \times ১০০}{১১৫}$

= ৬০০০ জন

১২. যদি কাচ পানি অপেক্ষা ৩.৫ গুণ বেশি ভারি হয়, তবে [...] ঘন সেন্টিমিটার কাচের ওজন কত?

ক. ১০০ গ্রাম খ. ১৭৫ গ্রাম
গ. ৫০০ গ্রাম ঘ. ১০০০ গ্রাম

ব্যাখ্যা:

১ ঘন সেন্টিমিটার পানির ওজন ১ গ্রাম

∴ ৫০ ঘন সেন্টিমিটার পানির ওজন (৫০ × ১) গ্রাম

= ৫০ গ্রাম

∴ ৫০ ঘন সেন্টিমিটার কাচের ওজন (৫০ × ৩.৫) গ্রাম

= ১৭৫.০০ গ্রাম

(∴ কাচ পানি অপেক্ষা ৩.৫ গুণ বেশি ভারি)

১৩. ক-এর টাকা খ-এর টাকার দ্বিগুণ। তাদের দুজনের মোট ৩০ টাকা আছে। খ-এর কত টাকা আছে?

ক. ২০ টাকা খ. ১৫ টাকা
গ. ১০ টাকা ঘ. ৩০ টাকা

ব্যাখ্যা: ধরি, খ এর আছে x টাকা
ক এর আছে ২x টাকা
প্রশ্নমতে, ২x + x = ৩০
বা, ৩x = ৩০
∴ x = ১০ টাকা

১৪. একটি বিশ্ববিদ্যালয়ের ৮০% শিক্ষার্থী ছাত্রাবাসে অবস্থান করে। ছাত্রাবাসের সৌভাগ্যবান ৬০% শিক্ষার্থী একক কক্ষ পায়। যদি সৌভাগ্যবান শিক্ষার্থীর সংখ্যা ১২০০ হয়, তবে বিশ্ববিদ্যালয়ের মোট শিক্ষার্থীর সংখ্যা কত?

ক. ৩০০০ খ. ২৮০০
গ. ২৫০০ ঘ. ২০০০

ব্যাখ্যা: মোট ছাত্র সংখ্যা x জন

∴ ছাত্রাবাসে থাকে = x এর ৮০% $= x \times \frac{৮০}{১০০} = \frac{৪x}{৫}$

এবং একক কক্ষ পায় $= \frac{৪x}{৫}$ এর ৬০% $= \frac{৪x}{৫} \times \frac{৬০}{১০০} = \frac{১২x}{২৫}$

প্রশ্নমতে, $\frac{১২x}{২৫} = ১২০০$

বা, $x = \frac{১২০০ \times ২৫}{১২}$

∴ x = ২৫০০

১৫. স্থির পানিতে একটি নৌকার গতিবেগ ঘন্টায় ৭ কি.মি.। এরূপ নৌকায় স্রোতের অনুকূলে ৩৩ কি.মি. পথ যেতে ৩ ঘন্টা সময় লেগেছে। ফিরে আসার সময় নৌকাটির কত সময় লাগবে?

ক. ১৩ ঘন্টা খ. ১১ ঘন্টা
গ. ১০ ঘন্টা ঘ. ৯ ঘন্টা

ব্যাখ্যা:

স্রোতের অনুকূলে নৌকার গতিবেগ $= \frac{৩৩}{৩}$ কি.মি./ঘন্টা
= ১১ কি.মি./ ঘন্টা

∴ স্রোতের বেগ = ১১−৭ = ৪ কি.মি./ঘন্টা

∴ স্রোতের প্রতিকূলে বেগ = ৭−৪ = ৩ কি.মি./ঘন্টা

স্রোতের প্রতিকূলে ফিরে আসতে সময় লাগবে $= \frac{৩৩}{৩}$ ঘন্টা
= ১১ ঘন্টা

১৬. লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘন্টায় ১৮ কি.মি. ও ৬ কি.মি.। নদীপথে ৪৮ কি.মি. অতিক্রম করে পুনরায় ফিরে আসতে সময় লাগবে-

ক. ১০ ঘন্টা খ. ৯ ঘন্টা
গ. ৮ ঘন্টা ঘ. ৬ ঘন্টা

ব্যাখ্যা: স্রোতের অনুকূল = লঞ্চ + স্রোতের গতিবেগ
স্রোতের প্রতিকূল = লঞ্চ - স্রোতের গতিবেগ
স্রোতের অনুকূলে ১৮ + ৬ = ২৪ কি.মি. যায় ১ ঘন্টায়

∴ " " ১ " " $\frac{১}{২৪}$ ঘন্টায়

∴ " " ৪৮ " " $\frac{১\times৪৮}{২৪}$ ঘন্টায়
= ২ ঘন্টা।

স্রোতের প্রতিকূলে (১৮-৬) = ১২ কি.মি. যায় ১ ঘন্টায়

∴ " " ১ " " $\frac{১}{১২}$ ঘন্টায়

∴ " " ৪৮ " " $\frac{১\times৪৮}{১২}$ ঘন্টায়
= ৪ ঘন্টায়

∴ ৪৮ কি.মি. অতিক্রম করে ফিরে আসতে সময় লাগে
= ২ + ৪ = ৬ ঘন্টা
∴ নির্ণেয় উত্তর ৬ ঘন্টা।

১৭. একটি চৌবাচ্চা তিনটি নল দিয়ে যথাক্রমে ১০, ১২ ও ১৫ ঘন্টায় পূর্ণ হতে পারে। তিনটি নল একসঙ্গে খুলে দিলে চৌবাচ্চার অর্ধেক পূর্ণ হতে কত সময় লাগবে?

ক. ২ ঘন্টা খ. ৩ ঘন্টা
গ. ৪ ঘন্টা ঘ. ৬ ঘন্টা

ব্যাখ্যা:
১ম নল দ্বারা, ১০ ঘন্টায় পূর্ণ হয় ১ অংশ

∴ ১ " " " $\frac{১}{১০}$ অংশ

২য় নল দ্বারা, ১২ ঘন্টায় পূর্ণ হয় ১ অংশ

∴ ১ " " " $\frac{১}{১২}$ "

$= \frac{১}{১২}$ অংশ

৩য় নল দ্বারা, ১৫ ঘন্টায় পূর্ণ হয় ১ অংশ

∴ ১ " " " $\frac{১}{১৫}$ "

$= \frac{১}{১৫}$ অংশ

তিনটি নল একসাথে পূর্ণ করে $= \frac{১}{১০} + \frac{১}{১২} + \frac{১}{১৫}$

$= \frac{৬ + ৫ + ৪}{৬০}$

$= \frac{১৫}{৬০}$

$= \frac{১}{৪}$ অংশ

$\frac{১}{৪}$ অংশ পূর্ণ হতে সময় লাগে ১ ঘণ্টা

∴ ১ " " " " " $\frac{১\times৪}{১}$ ঘণ্টা

∴ $\frac{১}{২}$ " " " " " $\frac{১\times৪\times১}{১\times২}$ ঘণ্টা

= ২ ঘণ্টা

∴ নির্ণেয় উত্তর: ২ ঘণ্টা

১৮. একটি নৌকা স্রোতের প্রতিকূলে ৯ কি.মি. ও স্রোতের অনুকূলে ১৮ কি.মি. যায় ৩ ঘণ্টায়। নৌকার গতিবেগ ঘণ্টায় কত কি.মি.?

ক. ১.৫ কি.মি. খ. ৩ কি.মি.
গ. ৬ কি.মি. ঘ. ৪.৫ কি.মি.

ব্যাখ্যা:

স্রোতের প্রতিকূলে, ৩ ঘণ্টায় যায় ৯ কি.মি.

∴ ১ " " $\frac{৯}{৩}$ কি.মি.

= ৩ কি.মি.

স্রোতের অনুকূলে, ৩ ঘণ্টায় যায় ১৮ কি.মি.

∴ ১ " " $\frac{১৮}{৩}$ কি.মি. = ৬ কি.মি.

নৌকার বেগ + স্রোতের বেগ = ৬ কি.মি./ঘণ্টা
" " - " " = ৩ "

∴ ২ × নৌকার বেগ = ৯ কি.মি./ঘণ্টা

∴ নৌকার বেগ = $\frac{৯}{২}$ = ৪.৫ কি.মি./ঘণ্টা

১৯. প্রকৃত গতিবেগ ঘণ্টায় ৭ কি.মি. এরূপ নৌকার নদীর স্রোতের অনুকূলে ৩৩ কি.মি. পথ যেতে ৩ ঘণ্টা লেগেছে। ফিরে আসার সময় তার কত ঘণ্টা সময় লাগবে?

ক. ১৪ ঘণ্টা খ. ১৩ ঘণ্টা
গ. ১২ ঘণ্টা ঘ. ১১ ঘণ্টা

ব্যাখ্যা:

স্রোতের অনুকূলে,

৩ ঘণ্টায় যায় = ৩৩ কি.মি.

∴ ১ " " = $\frac{৩৩}{৩}$ = ১১ কি.মি.

যেহেতু, নৌকার গতিবেগ = ৭ কি.মি.

∴ স্রোতের গতিবেগ (১১−৭) কি.কি.

= ৪ কি.মি

∴ স্রোতের প্রতিকূলে,

যেহেতু স্রোতের প্রতিকূলে চলার সময় নৌকার গতিবেগ থেকে স্রোতের গতিবেগ বিয়োগ করতে হয়।

∴ নৌকার গতিবেগ (৭−৪) = ৩ কি.মি.

∴ ৩ কি.মি. যায় = ১ ঘণ্টায়

∴ ১ " " = $\frac{১}{৩}$ ঘণ্টায়

∴ ৩৩ " " = $\frac{১\times৩৩}{৩}$ = ১১ ঘণ্টায়।

২০. একটি চৌবাচ্চার দৈর্ঘ্য ৫ মিটার, প্রস্থ ৮ মিটার ও উচ্চতা ৩ মিটার। চৌবাচ্চাটিতে কত লিটার পানি ধরবে?

ক. ৬০ লিটার খ. ৬০০ লিটার
গ. ৬০০০ লিটার ঘ. ৬০০০০ লিটার

ব্যাখ্যা:

চৌবাচ্চাটিতে আয়তন = দৈর্ঘ্য × প্রস্থ × উচ্চতা

= (5×4×3) ঘন মি.

= 60 ঘন, মি.

আমরা জানি,

1 ঘন মিটার = 1000 লি.

60 " " = (60×1000) লি.

= 60,000 লিটার (উত্তর)।

উত্তরপত্র

১.	ক	২.	ক	৩.	ক	৪.	গ	৫.	[illegible]
৬.	ক	৭.	খ	৮.	খ	৯.	ঘ	১০.	[illegible]
১১.	ঘ	১২.	খ	১৩.	গ	১৪.	গ	১৫.	[illegible]
১৬.	ঘ	১৭.	ক	১৮.	ঘ	১৯.	ঘ	২০.	[illegible]

শতকরা

(ক) শতকরা প্রকাশের প্রতীক (%) এবং এর অর্থ প্রতি শতে যথা শতকরা (১০) অর্থাৎ $\frac{১০০}{১০০}$ বা $\frac{১}{১০০}$ এবং একে ১০% লেখা হয়।

(খ) যে কোন সাধারণ বা দশমিক ভগ্নাংশকে শতকরা এবং শতকরাকে সাধারণ বা দশমিক ভগ্নাংশে রূপান্তরিত করা যায়।

যেমন: $\frac{৩}{৪}$ একটি সাধারণ ভগ্নাংশ। একে ৭৫% এভাবে লেখা যায়। আবার, ১.৫০ কে ১৫০% লেখা যায়।

(গ) p = শতকরা অংশ, r = শতকরা ভগ্নাংশ এবং b = মোট রাশি হলে শতকরা হিসাব সংক্রান্ত প্রশ্নের সমাধানে p = br সূত্র ব্যবহার করা যায়।

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. কোনো পরীক্ষায় পরীক্ষার্থীর ৮০% গণিত এবং ৭০% বাংলায় পাস করল। উভয় বিষয়ে পাস করল ৬০%। উভয় বিষয়ে শতকরা কতজন ফেল করল?

ক. ১৫ খ. ১২
গ. ১০ ঘ. ৯

ব্যাখ্যা: শুধু গণিতে পাস করে = (৮০−৬০)% = ২০%
শুধু বাংলায় পাস করে = (৭০−৬০)% = ১০%
গণিত বা বাংলায় অথবা উভয় বিষয়ে পাস করে
= (২০ + ১০ + ৬০)% = ৯০%
∴ উভয় বিষয়ে ফেল করে = (১০০−৯০)% = ১০

২. একটি পরীক্ষায় ৭৫টি প্রশ্ন ছিল। আসাদ ৬০টি প্রশ্নের শুদ্ধ উত্তর দিয়েছে। সে শতকরা কতটি প্রশ্নের শুদ্ধ উত্তর দিয়েছে?

ক. ৭০% খ. ৭৫%
গ. ৮০% ঘ. ৮৫%

ব্যাখ্যা: ৭৫টির মধ্যে উত্তর দিয়েছে ৬০টি
∴ ১ " " " " $\frac{৬০}{৭৫}$ "
∴ ১০০ " " " $\frac{৬০\times১০০}{৭৫}$
= ৮০টি।

৩. চিনির মূল্য ২৫% বৃদ্ধি পাওয়ায় একটি পরিবার চিনি খাওয়ার পরিমাণ এমনভাবে কমাল যে চিনি বাবদ ব্যয় বৃদ্ধি পেল না। ঐ পরিবার চিনি খাওয়া বাবদ শতকরা কত কমাল?

ক. ৩০% খ. ২৫%
গ. ২২% ঘ. ২০%

ব্যাখ্যা: চিনির মূল্য ২৫% বৃদ্ধি পাওয়ায় বর্তমান মূল্য
= (১০০ + ২৫) টাকা
= ১২৫ টাকা
বর্তমান মূল্য ১২৫ টাকা হলে পূর্ব মূল্য = ১০০ টাকা
" " ১ " " " " = $\frac{১০০}{১২৫}$ "
" " ১০০ " " " " = $\frac{১০০\times১০০}{১২৫}$ টাকা
= ৮০ টাকা
∴ চিনির খরচ কমাতে হবে = (১০০−৮০) টাকা
= শতকরা ২০ টাকা।

৪. একটি স্কুলের মোট ৫৪০ জন ছাত্রের মধ্যে কোন এক বুধবারে ১৭ জন অনুপস্থিত ছিল। ঐদিন শতকরা কত জন ছাত্র উপস্থিত ছিল?

ক. ৯৫% খ. ৫%
গ. ৯৬.৮৫% ঘ. ৫০%

ব্যাখ্যা: মোট উপস্থিত ছিল = (৫৪০−১৭) = ৫২৩ জন
∴ শতকরা উপস্থিত = $\frac{৫২৩\times১০০}{৫৪০}$ = ৯৬.৮৫%

৫. রুনার আয় দিনার আয় অপেক্ষা ২৫% বেশি। দিনার আয় রুনার আয় অপেক্ষা শতকরা কত কম?

ক. ২০% খ. ২৫%
গ. ১৫% ঘ. ১২%

ব্যাখ্যা:
মনে করি,
দিনার আয় ১০০ টাকা হলে রুনার = ১২৫ টাকা
রুনার চেয়ে দিনার কম (১২৫−১০০) = ২৫ টাকা
∴ ১ টাকায় কম $\frac{২৫}{১২৫}$ টাকা
∴ ১০০ টাকায় কম = $\frac{২৫ \times ১০০}{১২৫}$ = ২০ টাকা

৬. কোনো পরীক্ষায় শতকরা ৮৫ জন ইংরেজিতে পাস করেছে। ইংরেজিতে মোট ফেলের সংখ্যা ৭৫ হলে পরীক্ষার্থীর সংখ্যা কত?

ক. ৭৭৫ জন খ. ৬৫০ জন
গ. ৫০০ জন ঘ. ৩৭৫ জন

ব্যাখ্যা: ইংরেজিতে শতকরা ফেল করে = (১০০−৮৫) জন
= ১৫ জন
∴ ১৫ জন ফেল করলে মোট পরীক্ষার্থী ১০০ জন
∴ ১ " " " " " $\frac{১০০}{১৫}$ জন
∴ ৭৫ " " " " " $\frac{১০০ \times ৭৫}{১৫}$ জন
= ৫০০ জন।

৭. ১৫.৬ এর ৮% = কত?

ক. ০.১২৪৮ খ. ১.২৪৮
গ. ১২.৪৮ ঘ. ১২৪.৮

ব্যাখ্যা:
১৫.৬ এর ৮%
= ১৫.৬ × $\frac{৮}{১০০}$
= $\frac{৮\times১৫.৬}{১০০}$
= $\frac{৮\times১৫৬}{১০০\times১০}$
= $\frac{১২৪৮}{১০০০}$ = ১.২৪৮

৮. কোনো পরীক্ষায় ১৮% পরীক্ষার্থী ইংরেজিতে, ১২% পরীক্ষার্থী গণিতে এবং ৯% পরীক্ষার্থী উভয় বিষয়ে ফেল করল। শতকরা কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে পাস করেছে?

ক. ৭৯ জন খ. ৭৫ জন
গ. ৭৭ জন ঘ. ৮২ জন

ব্যাখ্যা: শুধু ইংরেজিতে ফেল করে = (১৮−৯) = ৯ জন
শুধু গণিতে " " = (১২−৯) = ৩ "
উভয় বিষয়ে " " = ৯ "
মোট ফেল করে = ২১ জন
∴ উভয় বিষয়ে পাস করে = (১০০−২১) জন
= ৭৯ জন

৯. ১৬.৫ এর ১.৩% কত?

ক. ২১৪৫ খ. ২১.৪৫
গ. ০.০২১৪৫ ঘ. ০.২১৪৫

ব্যাখ্যা: ১৬.৫ এর ১.৩% = ১৬.৫ এর $\frac{১.৩}{১০০}$
$= \frac{১৬৫}{১০} \times \frac{১৩}{১০০০}$
$= \frac{২১৪৫}{১০০০০}$
= ০.২১৪৫

১০. ১২০ জন ছাত্রের মধ্যে ৩০ ছাত্র ফেল করলে পাসের হার কত?

ক. ৪০% খ. ২৫%
গ. ৮০% ঘ. ৭৫%

ব্যাখ্যা: ১২০ জনের মধ্যে ৩০ জন ফেল করলে পাস করে
(১২০−৩০) = ৯০ জন
১২০ জনে পাস করে ৯০ জন
১ " " " $\frac{৯০}{১০০}$ "
∴ ১০০ " " " $\frac{৯০ \times ১০০}{১২০}$ জন
= ৭৫%।

১১. একটি গ্রামের লোকসংখ্যা ৯% হারে বর্ধিত হয়ে ১৬৩৫ হলে পূর্বের লোকসংখ্যা কত ছিল?

ক. ১৩৫০ খ. ১৪০০
গ. ১৫০০ ঘ. ১৫৫০

ব্যাখ্যা: ৯% বৃদ্ধিতে
বর্তমানে লোকসংখ্যা ১০৯ জন হলে পূর্বের সংখ্যা ১০০ জন
" " ১ " " " " $\frac{১০০}{১০৯}$ "
" " ১৬৩৫ " " " " $\frac{১০০ \times ১৬৩৫}{১০৯}$ "
= ১৫০০ জন

১২. মুনাফার হার ৮% হলে ৫০০ টাকার ৪ বছরের মু... কত?

ক. ৪০ টাকা খ. ৩২ টাকা
গ. ১৬০ টাকা ঘ. ২০ টাকা

ব্যাখ্যা: ১০০ টাকায় ১ বছরের মুনাফা ৮ টাকা
১ " ১ " " $\frac{১}{৮}$ "
৫০০ " ৪ " " $\frac{৮ \times ৫০০ \times ৪}{১০০}$ "
= ১৬০ টাকা

১৩. জনির আয় ও ব্যয়ের অনুপাত ২০ : ১৫ হলে তার ... সঞ্চয় আয়ের শতকরা কত ভাগ?

ক. ২৫% খ. ২০%
গ. ১৫% ঘ. ৩০%

ব্যাখ্যা: এখানে, সঞ্চয় = (২০−১৫) = ৫ টাকা
২০ টাকায় সঞ্চয় = ৫ টাকা
১ " " = $\frac{৫}{২০}$ "
$= \frac{৫ \times ১০০}{২০} = ২৫\%$
ধরি, জনির আয় ২০x টাকা
" ব্যয় ১৫x টাকা
∴ " সঞ্চয় (২০x − ১৫x) = ৫x
∴ সঞ্চয়, আয়ের $\left(\frac{৫x}{২০x} \times ১০০\right)\% = ২৫\%$

১৪. একটি ক্লাসের ৪০% ছাত্র বাংলায় এবং ২৫% ছাত্র অংকে এবং ১০% ছাত্র উভয় বিষয়ে অকৃতকার্য হয়েছে। ঐ ক্লাসে শতকরা কতজন উভয় বিষয়ে কৃতকার্য হয়েছে?

ক. ২৫% খ. ৩৫%
গ. ৪৫% ঘ. ৩০%

ব্যাখ্যা:
T = N(B) + N(M) − Both + None
[None = উভয় বিষয়ে কৃতকার্য ছাত্রের সংখ্যা]
⇒ ১০০% = ৪০% + ২৫% − ১০% + None
⇒ None = ১০০% − ৫৫%
∴ None = ৪৫%
অর্থাৎ উভয় বিষয়ে কৃতকার্য হয়েছে ৪৫%।

১৫. একটি ১০,০০০ টাকার বিলের ওপর এককালীন ৪০% কমতি এবং এর পর ৩৬% ও ৪% কমতির পার্থক্য কত টাকা?

ক. ২৪২ খ. ১৪৪
গ. ২৫৬ ঘ. ৪০০

ব্যাখ্যা:

১০,০০০ টাকার ৪০% = ৪,০০০ টাকা

আবার, ১০,০০০ " ৩৬% = ৩৬০০ টাকা

এবং (১০,০০০–৩৬,০০০) টাকার ৪% = ২৫৬ টাকা

∴ কমতির পার্থক্য = ৪০০০ - (৩৬০০ + ২৫৬) টাকা

= ১৪৪ টাকা

১৬. ক-এর বেতন খ-এর বেতন অপেক্ষা শতকরা ৩৫ টাকা বেশি হলে খ-এর বেতন ক-এর বেতন অপেক্ষা কত টাকা কম?

ক. ২৭ টাকা খ. ২৫.৯৩ টাকা
গ. ৪০ টাকা ঘ. ২৫.৫০ টাকা

ব্যাখ্যা: ধরি, খ এর বেতন ১০০ টাকা

∴ ক " " ১৩৫ "

∴ ১৩৫ টাকায় বেতন কম ৩৫ টাকা

∴ ১০০ " " " $= \frac{৩৫\times১০০}{১৩৫}$

= ২৫.৯২৫৯ টাকা

= ২৫.৯৩ টাকা।

১৭. একটি ক্লাসের ৬৪০ জন ছাত্র-ছাত্রী আছে তার মধ্যে ৪০% ছাত্র। সেই ক্লাসে ছাত্রীর সংখ্যা কত?

ক. ২৫৬ খ. ৩৮৪
গ. ২৫২ ঘ. ২৬৫

ব্যাখ্যা: ১০০ জনে আছে ৪০ জন ছাত্র

১ " " $\frac{৪০}{১০০}$ " "

∴ ৬৪০ " " $\frac{৪০\times৬৪০}{১০০} = ২৫৬$

∴ ছাত্রী = (৬৪০–২৫৬) = ৩৮৪ জন

১৮. কোন সংখ্যার ৩৭% থেকে ৩৭ বিয়োগ করলে বিয়োগফল ৩৭ হবে

ক. ৭৪ খ. ১১১
গ. ১৪৮ ঘ. ২০০

ব্যাখ্যা:সংখ্যাটি x হলে, (x এর ৩৭%) – ৩৭ = ৩৭

$\Rightarrow x \times \frac{৩৭}{১০০} = ৭৪$

$\Rightarrow x = \frac{৭৪\times১০০}{৩৭}$ ∴ x = ২০০

১৯. প্রকৃত মূল্যের শতকরা ৮৫ ভাগ মূল্য ৬৮ টাকা হলে প্রকৃত মূল্য কত?

ক. ৯০ টাকা খ. ৮৭ টাকা
গ. ৮৫ টাকা ঘ. ৮০ টাকা

ব্যাখ্যা: ধার্য মূল্য ৮৫ টাকা হলে প্রকৃত মূল্য = ১০০ টাকা

" " ১ " " " " $= \frac{১০০}{৮৫}$ "

" " ৬৮ " " " " $= \frac{১০০\times৬৮}{৮৫}$ টাকা

= ৮০ টাকা।

২০. একটি গ্রামের মোট জনসংখ্যা $\frac{৫}{৯}$ ভাগ লোক পুরুষ। যদি পুরুষের ৩০% বিবাহিত হয়, তাহলে মোট জনসংখ্যার শতকরা কতজন মহিলা অবিবাহিত?

ক. ৭০% খ. ৪০%
গ. $২৭\frac{৭}{৯}\%$ ঘ. ২০%

ব্যাখ্যা: মনে করি,

মোট জনসংখ্যা = ৫ জন

∴ পুরুষের সংখ্যা = $\frac{৫ক}{৯}$ জন

∴ মহিলার সংখ্যা = $\left(ক - \frac{৫ক}{৯}\right)$ জন

$= \frac{৯ক - ৫ক}{৯}$ জন

$= \frac{৪ক}{৯}$ জন

বিবাহিত পুরুষের সংখ্যা = $\frac{৫ক}{৯} \times ৩০\%$ জন

$= \frac{৫ক\times৩০}{৯\times১০০}$ জন

$= \frac{ক}{৬}$ জন

অবিবাহিত মহিলার সংখ্যা = $\left(\frac{৫ক}{৯} - \frac{ক}{৬}\right)$ জন

$= \frac{৮ক - ৩ক}{১৮} = \frac{৫ক}{১৮}$ জন

∴ ক জনের মধ্যে অবিবাহিত মহিলা $\frac{৫ক}{১৮}$ জন

∴ ১ " " " " $\frac{৫\times ক}{১৮\times ক}$ জন

∴ ১০০ " " " " $\frac{৫\times ক\times১০০}{১৮\times ক}$ জন

$= \frac{২৫০}{৯}$

$= ২৭\frac{৭}{৯}\%$

উত্তরপত্র

১.	গ	২.	গ	৩.	খ	৪.	গ	৫.	ক
৬.	খ	৭.	খ	৮.	ক	৯.	খ	১০.	খ
১১.	গ	১২.	গ	১৩.	ক	১৪.	গ	১৫.	খ
১৬.	খ	১৭.	খ	১৮.	খ	১৯.	খ	২০.	গ

লাভ ও ক্ষতি

গুরুত্বপূর্ণ কিছু সূত্র

লাভ	= বিক্রয় মূল্য − ক্রয় মূল্য
ক্ষতি	= ক্রয় মূল্য − বিক্রয় মূল্য
বিনিয়োগ	= ক্রয় মূল্য + আনুষঙ্গিক খরচ
বিক্রয় মূল্য	= বিনিয়োগ + লাভ
বিক্রয় মূল্য	= বিনিয়োগ − ক্ষতি

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. টাকায় ১০টি করে লেবু ক্রয় করে ৮টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?

ক. ১৫%   খ. ২০%
গ. ২৫%   ঘ. ১০%

ব্যাখ্যা: শতকরা লাভ = $\frac{১০০}{বিক্রয়মূল্য}$ × লাভের পরিমাণ

$= \frac{১০০}{৮} \times (১০ - ৮)$

$= \frac{১০০}{৮} \times ২ = ২৫\%$

২. ৬১২ টাকায় একটি ব্যাগ বিক্রয় করায় ১৫% ক্ষতি হয়। ব্যাগটি কত টাকায় বিক্রি করলে ১০% লাভ হবে?

ক. ৭০০   খ. ৬০০
গ. ৭৯২   ঘ. ২০০

ব্যাখ্যা: ১৫% ক্ষতিতে ব্যাগটির বিক্রয়মূল্য (১০০ − ১৫)
= ৮৫ টাকা

বিক্রয়মূল্য ৮৫ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" ১ " " " $= \frac{১০০}{৮৫}$ "

" ৬১২ " " " $= \frac{১০০ \times ৬১২}{৮৫}$ "
= ৭২০ টাকা

আবার, ১০% লাভে
ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১১০ টাকা

" ১ " " " $= \frac{১১০}{১০০}$ "

" ৭২০ " " " $= \frac{১১০ \times ৭২০}{১০০}$ "
= ৭৯২ টাকা

৩. টাকায় ৫টি মার্বেল বিক্রয় করায় ১২% ক্ষতি হয়। ১০% লাভ করতে হলে টাকায় কয়টি বিক্রয় করতে হবে?

ক. ৪টি   খ. ৩টি
গ. ২টি   ঘ. কোনোটিই না

ব্যাখ্যা: ১২% ক্ষতিতে বিক্রয়মূল্য (১০০−১২) টাকা
= ৮৮ টাকা

বিক্রয়মূল্য ৮৮ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ " ১ " " " $= \frac{১০০}{৮৮}$ "

১০% লাভে বিক্রয়মূল্য (১০০+১০) টাকা
= ১১০ টাকা

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১১০ টাকা

" ১ " " " $= \frac{১১০}{১০০}$ "

" $\frac{১০০}{৮৮}$ " " " $= \frac{১১০}{১০০} \times \frac{১০০}{৮৮}$ টাকা

$= \frac{১১০}{৮৮}$ টাকা

$\frac{১১০}{৮৮}$ টাকায় বিক্রয় করতে হবে ৫টি মার্বেল

∴ ১ " " " " $= \frac{৫ \times ৮৮}{১১০}$ "
= ৪টি মার্বেল

৪. একটি জিনিস ২৫ টাকায় বিক্রি করায় ২৫% লাভ হয়। জিনিসটির ক্রয়মূল্য কত?

ক. ১৫ টাকা   খ. ২০ টাকা
গ. ১৭.৫০ টাকা   ঘ. ১৮ টাকা

ব্যাখ্যা: ২৫% লাভে,
১২৫ টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ ২৫ " " " " $= \frac{১০০ \times ২৫}{১২৫}$ টাকা
= ২০ টাকা

৫. একটি সাইকেল ৭২০০ টাকায় বিক্রি করায় ১০% ক্ষতি হয়। কত টাকায় বিক্রি করলে ১২% লাভ হবে?

ক. ৭০০০   খ. ৮৯৬০
গ. ৬৫০০   ঘ. ৮০০০

ব্যাখ্যা: ১০% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০−১০) টাকা
= ৯০ টাকা

বিক্রয়মূল্য ৯০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" ১ " " " $= \frac{১০০}{৯০}$ "

∴ ৭২০০ " " " = $\frac{১০০ \times ৭২০০}{৯০}$ "

= ৮০০০ টাকা।

আবার, ১২% লাভে বিক্রয়মূল্য = ১০০ + ১২ = ১১২ টাকা

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১১২ টাকা

∴ " ১ " " " = $\frac{১১২}{১০০}$ "

∴ ৮০০০ " " " = $\frac{১১২ \times ৮০০০}{১০০}$ "

= ৮৯৬০ টাকা

৬. এক ডজন আম ৬০ টাকায় ক্রয় করে হালি কত টাকায় বিক্রয় করলে ১০% লাভ হবে?

ক. ২৫ টাকা খ. ১২ টাকা

গ. ১৫ টাকা ঘ. ২২ টাকা

ব্যাখ্যা: ১২টি আমের ক্রয়মূল্য ৬০ টাকা

∴ প্রতি " " = $\frac{৬০}{১২}$ × ৪ টাকা = ২০ টাকা

১০% লাভে

১০০ টাকার আমের বিক্রয়মূল্য ১১০ টাকা

∴ ১ " " " = $\frac{১১০}{১০০}$ "

∴ ২০ " " " = $\frac{১১০ \times ২০}{১০০}$ "

= ২২ টাকা

৭. কোনো একটি দ্রব্যের ক্রয়মূল্য বাজারদরের ৮০%, এতে কত শতাংশ লাভ বা ক্ষতি হবে?

ক. ৮% লাভ খ. ৮% ক্ষতি

গ. ২৫% ক্ষতি ঘ. ২৫% লাভ

ব্যাখ্যা: ৮০ টাকায় ক্ষতি হয় ২০ টাকা

∴ ১ " " " = $\frac{২০}{৮০}$ "

∴ ১০০ " " " = $\frac{২০ \times ১০০}{৮০}$ টাকা

= ২৫% ক্ষতি।

৮. ১৫০ টাকায় একটি জিনিস ক্রয় করে কত দামে বিক্রয় করলে ৩০% লাভ হবে?

ক. ১৬০ টাকা খ. ১৭০ টাকা

গ. ১৮৫ টাকা ঘ. ১৯৫ টাকা

ব্যাখ্যা: ৩০% লাভে,

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১৩০ টাকা

∴ " ১ " " " = $\frac{১৩০}{১০০}$ টাকা

∴ " ১৫০ " " " = $\frac{১৩০ \times ১৫০}{১০০}$ টাকা

= ১৯৫ টাকা

৯. প্রতিটি ৩৬০০ টাকা করে দুটি চেয়ার বিক্রয় করা হয়েছে। একটি ২০% লাভে এবং অপরটি ২০% ক্ষতিতে বিক্রয় করা হয়েছে। সব মিলিয়ে কত লোকসান হয়েছে?

ক. লাভ-লোকসান কিছুই হয়নি খ. ৯০০ টাকা

গ. ৩০০ টাকা ঘ. ৬০০ টাকা

ব্যাখ্যা:

চেয়ার দুটির বিক্রয়মূল্য = ৩৬০০×২ = ৭২০০ টাকা

২০% লাভে,

বিক্রয়মূল্য ১২০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ " ৩৬০০ " " " = $\frac{৩৬০০ \times ১০০}{১২০}$ টাকা

= ৩,০০০ টাকা

২০% ক্ষতিতে,

বিক্রয়মূল্য ৮০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ " ৩৬০০ " " " = $\frac{১০০ \times ৩৬০০}{৮০}$ টাকা

= ৪৫০০ টাকা

মোট ক্রয়মূল্য = ৩০০০ + ৪৫০০ = ৭৫০০ টাকা

∴ মোট লোকসান = ৭৫০০ − ৭২০০ = ৩০০ টাকা

১০. কোনো একটি জিনিস নির্মাতা ২০% লাভে এবং খুচরা বিক্রেতা ২০% লাভে বিক্রয় করে। যদি ঐ জিনিসের নির্মাণ খরচ ১০০ টাকা হয়, তবে খুচরা মূল্য কত?

ক. ১৪০ টাকা খ. ১৪৪ টাকা

গ. ১২৪ টাকা ঘ. ১২০ টাকা

ব্যাখ্যা:

নির্মাতার বিক্রয়মূল্য = ১০০ + ২০ = ১২০ টাকা

∴ খুচরা বিক্রেতার " = ১২০ + ১২০ এর ২০%

= ১৪৪ টাকা

১১. নির্দিষ্ট দামে একটি দ্রব্য বিক্রয় করতে ২০% ক্ষতি হলো। এটি ৬০ টাকা বেশি মূল্যে বিক্রয় করতে পারলে ১০% লাভ হতো? দ্রব্যটির ক্রয়মূল্য কত?

ক. ২০০ টাকা খ. ৩০০ টাকা

গ. ২৬০ টাকা ঘ. ২২০ টাকা

ব্যাখ্যা: ক্রয়মূল্য $\frac{১০০ \times ৬০}{২০+১০} = \frac{১০০ \times ৬০}{৩০}$ = ২০০ টাকা।

১২. কোনো বই ৪০ টাকায় বিক্রি করলে ২০% ক্ষতি হয়। কত টাকায় বিক্রি করলে ৪০% লাভ হবে?

ক. ৫০ টাকা খ. ৪৪ টাকা

গ. ৭০ টাকা ঘ. ৬৫ টাকা

ব্যাখ্যা: ২০% ক্ষতিতে বিক্রয়মূল্য = ৮০ টাকা

বিক্রয়মূল্য ৮০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ " ১ " " " = $\frac{১০০}{৮০}$ "

$\therefore$ " ৪০ " " " $= \frac{১০০\times৪০}{৮০}$ "

$= ৫০$ টাকা

৪০% লাভে বিক্রয়মূল্য = ১৪০ টাকা

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১৪০ টাকা

$\therefore$ " ১ " " " $= \frac{১৪০}{১০০}$ "

$\therefore$ " ৫০ " " " $= \frac{১৪০\times৫০}{১০০}$ "

$= ৭০$ টাকা

১৩. একজন দোকানদার ১২% লাভে একটি জিনিস ৫৬ টাকায় বিক্রি করেন। জিনিসটির ক্রয়মূল্য কত?

ক. ৪৬ টাকা খ. ৪৮ টাকা
গ. ৫০ টাকা ঘ. ৫২ টাকা

ব্যাখ্যা: ১২% লাভে

বিক্রয়মূল্য ১১২ টাকা হলে ক্রয় মূল্য ১০০ টাকা

$\therefore$ " ৫৬ " " " " $\frac{১০০\times৫৬}{১১২}$ "

$= ৫০$ টাকা

১৪. একটি কলম ২৭০ টাকায় বিক্রি করায় ১০% ক্ষতি হয়; কলমটির ক্রয়মূল্য কত?

ক. ২৫০ টাকা খ. ৩০০ টাকা
গ. ৩১৫ টাকা ঘ. ৩২৫ টাকা

ব্যাখ্যা: ১০% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০−১০) = ৯০ টাকা

বিক্রয়মূল্য ৯০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

$\therefore$ " ১ " " " $\frac{১০০}{৯০}$ "

$\therefore$ " ২৭০ " " " $\frac{১০০\times২৭০}{৯০}$ "

$= ৩০০$ টাকা

১৫. ৩৬ টাকা ডজন দরে ক্রয় করে ২০% লাভে বিক্রয় করা হয়, এক কুড়ি কলার বিক্রয়মূল্য কত হবে?

ক. ৭২ টাকা খ. ৬২ টাকা
গ. ৬০ টাকা ঘ. ৭৫ টাকা

ব্যাখ্যা:

২০% লাভে ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য = ১২০ টাকা

$\therefore$ " " ১ " " " $= \frac{১২০}{১০০}$ "

$\therefore$ " " ৩৬ " " " $= \frac{১২০\times৩৬}{১০০}$ "

$= ৪৩.২$ টাকা

$\therefore$ ১২টি কলার মূল্য = ৪৩.২ টাকা

$\therefore$ ১ " " $= \frac{৪৩.২}{১০০}$ "

$\therefore$ ২০ " " $= \frac{৪৩.২\times২০}{১২}$ "

$= ৭২$ টাকা।

১৬. একজন দোকানদার ১০% লাভে একটি জিনিস [৫৫ টাকায়] বিক্রি করেন। জিনিসটির ক্রয়মূল্য কত?

ক. ৪২ টাকা খ. ৪৫ টাকা
গ. ৪৮ টাকা ঘ. ৫০ টাকা

ব্যাখ্যা:

১০% লাভে,

বিক্রয়মূল্য ১১০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

$\therefore$ " ৫৫ " " " $\frac{১০০\times৫৫}{১১০}$ "

$= ৫০$ টাকা

১৭. প্রতি ডজন কমলা ৭৫ টাকায় কিনে প্রতি হালি কত [টাকায়] বিক্রি করলে ২০% লাভ হবে?

ক. ৩০ টাকা খ. ২৫ টাকা
গ. ২৭.৫০ টাকা ঘ. ২৮ টাকা

ব্যাখ্যা: ১২টির ক্রয়মূল্য = ৭৫ টাকা

$\therefore$ ১ হালি বা ৪টির ক্রয়মূল্য $= \frac{৭৫\times৪}{১২} = ২৫$ টাকা

$\therefore$ ১ হালি কমলার বিক্রয়মূল্য = (২৫ + ২৫ এর ২০%)

$= (২৫ + ২৫ \times \frac{২০}{১০০})$

$= ৩০$ টাকা

১৮. ক্রয়মূল্য ৩৫০ টাকা হলে ১২% লাভে বিক্রয়মূল্য কত?

ক. ১১২ টাকা খ. ৩৬২ টাকা
গ. ৩৯২ টাকা ঘ. ৩৮৬ টাকা

ব্যাখ্যা: যদি ক্রয়মূল্য ১০০ টাকা হয় তবে ১২% [লাভে] বিক্রয়মূল্য (১০০ + ১২) = ১১২ টাকা

$\therefore$ ক্রয়মূল্য ১০০ হলে বিক্রয়মূল্য ১১২ টাকা

" ১ " " $\frac{১১২}{১০০}$ "

" ৩৫০ " " $\frac{১১২\times৩৫০}{১০০}$ টাকা

$= ৩৯২$ টাকা

১৯. ১০০ টাকায় ১৫টি কমলা ক্রয় করে ১০০ টাকায় [১২টি] কমলা বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?

ক. ২০% ক্ষতি খ. ২০% লাভ
গ. ২৫% ক্ষতি ঘ. ২৫% লাভ

ব্যাখ্যা:

১৫টি কমলার ক্রয়মূল্য ১০০ টাকা

১টি " " $\frac{১০০}{১৫} = \frac{২০}{৩}$ টাকা

১২টি কমলার বিক্রয়মূল্য ১০০ টাকা

∴ ১টি " " $\frac{১০০}{১২} = \frac{২৫}{৩}$ টাকা

∴ লাভ $= \frac{২৫}{৩} - \frac{২০}{৩} = \frac{২৫-২০}{৩} = \frac{৫}{৩}$

∴ শতকরা লাভের হার $= \frac{\frac{৫}{৩}}{\frac{২০}{৩}} \times ১০০ = \frac{৫}{৩} \times \frac{৩}{২০} \times ১০০$

$= ২৫$

২০. দুইটি গরু একই মূল্যে বিক্রি করলে একটিতে লাভ হয় ১০ টাকা, অন্যটিতে ক্ষতি হয় ১২ টাকা। শতকরা মোট কত লাভ বা ক্ষতি হলো?

ক. শতকরা ১ ভাগ লাভ   খ. শতকরা ২ ভাগ লাভ
গ. শতকরা ২ ভাগ ক্ষতি   ঘ. শতকরা ১ ভাগ ক্ষতি

ব্যাখ্যা: ধরি, প্রতিটি গরুর বিক্রয়মূল্য ১০০ টাকা করে।

∴ ২টি গরুর বিক্রয়মূল্য = ২০০ টাকা

আবার, একটি গরুর ক্রয়মূল্য = (১০০−১০) = ৯০ টাকা

এবং অপর " " = (১০০+১২) = ১১২ টাকা

∴ ২টি গরুর ক্রয়মূল্য = (৯০ + ১১২) = ২০২ টাকা

∴ ক্ষতি হয় = (২০২−২০০) = ২ টাকা

∴ শতকরা ক্ষতি $= \frac{২}{২০০} \times ১০০ = ১$ টাকা।

২১. টাকায় ১২টি লেবু বিক্রি করায় ৪% ক্ষতি হয়। ৪৪% লাভ করতে হলে টাকায় কতটি লেবু বিক্রি করতে হবে?

ক. ৮টি   খ. ৯টি
গ. ১০টি   ঘ. ১১টি

ব্যাখ্যা: ১টি লেবুর বিক্রয়মূল্য $= \frac{১}{১২}$ টাকা

৪% ক্ষতি হলে, ১টি লেবুর ক্রয়মূল্য $= \frac{১০০}{৯৬ \times ১২} = \frac{২৫}{২৮৮}$ টা.

৪৪% লাভে বিক্রয়মূল্য $= \frac{১৪৪}{১০০} \times \frac{২৫}{২৮৮} = \frac{১}{৮}$ টাকা

∴ $\frac{১}{৮}$ টাকায় বিক্রি করতে হবে ১টি লেবু

∴ ১ টাকায় = ৮টি লেবু

২২. এটি জিনিস ৬০ টাকা বিক্রি করলে ২০% লাভ হয়। জিনিসটির ক্রয়মূল্য কত?

ক. ৪০ টাকা   খ. ৫০ টাকা
গ. ৬০ টাকা   ঘ. ৮০ টাকা

ব্যাখ্যা: ২০% লাভে,
৬০ টাকায় বিক্রি করায় বিক্রয়মূল্য ১২০ টাকা
জিনিসটির বিক্রয়মূল্য ১২০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" " ১ " " " $\frac{১০০}{১২০}$ "

" " ৬০ " " " $\frac{১০০ \times ৬০}{১২০}$ "

$= ৫০$ টাকা

২৩. ২০ টাকায় এক ডজন কলা কিনে প্রতিটি ২ টাকা করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?

ক. ২০%   খ. ১২.৫%
গ. ১৫%   ঘ. ১০%

ব্যাখ্যা:১টি বিক্রয় করে ২ টাকায়

∴ ১ ডজন বা ১২টি " " ২×১২ টাকায়
বা, ২৪ টাকা

∴ লাভ = (২৪-১০) টাকা = ৪ টাকা

এখন, ২০ টাকায় লাভ হয় ৪ টাকা

∴ ১ " " " $\frac{৪}{২০}$ "

∴ ১০০ " " " $\frac{৪ \times ১০০}{২০}$ "

বা, ২০ টাকা। ∴ লাভ = ২০%।

২৪. ৪টি আপেল ২০ টাকায় কিনে ৩০ টাকায় বিক্রি করলে কত শতাংশ লাভ হয়?

ক. ৫০%   খ. ৩৫%
গ. ২০%   ঘ. ১০%

ব্যাখ্যা: লাভ = (৩০−২০) = ১০ টাকা

২০ টাকায় লাভ হয় ১০ টাকা

১ " " " $\frac{১০}{২০}$ "

১০০ " " " $\frac{১০ \times ১০০}{২০}$ " = ৫০ টাকা

২৫. একটি চেয়ার ১৮০ টাকায় বিক্রিয় করায় ক্রয়মূল্যের উপর ২০% লাভ হলো। চেয়ারটির ক্রয়মূল্য কত টাকা?

ক. ১২০ টাকা   খ. ১৫০ টাকা
গ. ২০০ টাকা   ঘ. ১০০ টাকা

ব্যাখ্যা: ২০% লাভে ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য
= (১০০ + ২০) টাকা = ১২০ টাকা

অর্থাৎ বিক্রয়মূল্য ১২০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ " ১ " " " $\frac{১০০}{১২০}$ "

∴ " ১৮০ " " " $\frac{১০০ \times ১৮০}{১২০}$ "

$= ১৫০$ টাকা

২৬. একটি গরু ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫০ টাকা বেশি হলে ৫% লাভ হতো। গরুটির ক্রয়মূল্য কত?

ক. ৩৫০০ টাকা খ. ৩২০০ টাকা

গ. ২৫০০ টাকা ঘ. ৩০০০ টাকা

ব্যাখ্যা: ১০% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০−১০) = ৯০ টাকা

৫% লাভে " = (১০০+৫) = ১০৫ টাকা

বিক্রয়মূল্য বেশি = (১০৫−৯০) টাকা = ১৫ টাকা

বিক্রয়মূল্য ১৫ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" ৪৫০ " " " $\frac{১০০ \times ৪৫০}{১৫}$ টাকা

= ৩০০০ টাকা।

২৭. একজন বিক্রেতা একটি বই এর বিক্রয়মূল্যের উপর ৫% ছাড় দিয়ে ক্রয়মূল্যের উপর ২৫% লাভ করলো। যদি ঐ বই এর ক্রয়মূল্য ৩৮০ টাকা হয়ে থাকে তবে ঐ বই এর বিক্রয়মূল্য কত লেখা ছিল?

ক. ৪০০ খ. ৪৫০

গ. ৫০০ ঘ. ৩৫০

ব্যাখ্যা: ২৫% লাভে,

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১২৫ টাকা

∴ " ৩৮০ " " " $\frac{১২৫ \times ৩৮০}{১০০}$ টাকা

= ৪৭৫ টাকা

৫% ছাড়ে,

বিক্রয়মূল্য ৯৫ টাকা হলে লিখিতমূল্য ১০০ টাকা

∴ " ৪৭৫ " " " $\frac{৪৭৫ \times ১০০}{৯৫}$ টাকা

= ৫০০ টাকা

২৮. 5 টাকায় 2টি করে কমলা কিনে 35 টাকায় কয়টি কমলা বিক্রয় করলে x% লাভ হবে?

ক. 1400 × xটি খ. $\frac{1400}{100+x}$টি

গ. $\frac{100+x}{1400}$টি ঘ. $\frac{100+x}{100}$টি

ব্যাখ্যা: 5 টাকায় ক্রয় করে 2টি কমলা

∴ 100 " " " $\frac{2 \times 100}{5}$ = 40 টি কমলা

x% লাভ করতে হলে ক্রয়মূল্য 100 টাকা

∴ বিক্রয়মূল্য (100+x) টাকা।

(100+x) টাকায় বিক্রয় করে 40টি কমলা

∴ 1 " " " $\frac{40}{100+x}$ "

∴ 35 " " " $\frac{40 \times 35}{100+x}$ " = [illegible]

২৯. ৪০ টাকায় ১০টি কলা কিনে ২৫% লাভে প্রতি কলা [illegible] কলা কত টাকায় বিক্রিয় করতে হবে?

ক. ৮ টাকা খ. ৭ টাকা

গ. ৬ টাকা ঘ. ৫ টাকা

ব্যাখ্যা: ১টি কলার ক্রয়মূল্য = (৪০ ÷ ১০) = ৪ টাকা

∴ ২৫% লাভে বিক্রয়মূল্য (১০০ + ২৫) = ১২৫ টাকা

∴ ১০০ টাকা ক্রয়মূল্য হলে বিক্রয়মূল্য ১২৫ টাকা

∴ ৪ " " " " $\frac{১২৫ \times ৪}{১০০}$ = ৫ টাকা

৩০. ক্রয়মূল্য ঃ বিক্রয়মূল্য = 5 : 6, লাভ কত?

ক. 20% খ. 25%

গ. 30% ঘ. 15%

ব্যাখ্যা: ধরি, অনুপাতের সাধারণ রাশি = x

ক্রয়মূল্য = 5x

বিক্রয়মূল্য = 6x

∴ লাভ = (6x − 5x) = x

5x টাকায় লাভ হয় x টাকা

∴ 100 " " " $\frac{100 \times x}{5x}$ = 20 টাকা

উত্তরপত্র

১.	গ	২.	গ	৩.	ক	৪.	খ	৫.	[illegible]
৬.	ঘ	৭.	ঘ	৮.	ঘ	৯.	গ	১০.	[illegible]
১১.	ক	১২.	গ	১৩.	গ	১৪.	খ	১৫.	[illegible]
১৬.	ঘ	১৭.	ক	১৮.	গ	১৯.	ঘ	২০.	[illegible]
২১.	ক	২২.	খ	২৩.	ক	২৪.	ক	২৫.	[illegible]
২৬.	ঘ	২৭.	গ	২৮.	খ	২৯.	ঘ	৩০.	[illegible]

সুদ-কষা

সুদের পরিমাণ = $\frac{\text{শতকরা বার্ষিক সুদের হার} \times \text{সময়} \times \text{আসল}}{১০০}$

▼ আসল = $\frac{১০০ \times \text{সুদ}}{\text{সময়} \times \text{হার}}$

▼ সুদের হার = $\frac{১০০ \times \text{সুদ}}{\text{আসল} \times \text{সময়}}$

▼ সরল সুদের ক্ষেত্রে, $i = brt$ যেখানে

i = মোট সুদ

b = মূলধন

$r = \frac{s}{100}$, s = সুদের হার

t = সময়

▼ চক্রবৃদ্ধি সুদের ক্ষেত্রে, $A = p(1+r)^n$ যেখানে

A = বার্ষিক পরিমাণ
P = বর্তমান পরিমাণ
n = সময় (বছরে)
r = সুদের হার (শতকরায়, $\frac{s}{100}$)

নৈর্ব্যক্তিক প্রশ্নোত্তর

১. বার্ষিক শতকরা ৭.৫০ টাকা হার সুদে কত টাকা ৩ বছরে সুদ-আসলে ১২২৫ টাকা হবে?
ক. ৮০০ টাকা   খ. ১০০০ টাকা
গ. ১০৫০ টাকা   ঘ. ১১০০ টাকা
ব্যাখ্যা:

$$\text{আসল} = \frac{১০০ \times \text{সুদাসল}}{১০০ + (\text{সময়} \times \text{হার})}$$

$$= \frac{১০০ \times ১২২৫}{১০০ + (৩ \times ৭.৫০)} = \frac{১২২৫০০}{১২২.৫}$$

= ১০০০ টাকা।

২. কোনো আসল ৩ বছরে সুদে-আসলে ৪৬০ টাকা এবং ৫ বছরে সুদে-আসলে ৫০০ টাকা হয়। শতকরা সুদের হার কত?
ক. ৭%   খ. ৬%
গ. ৪%   ঘ. ৫%
ব্যাখ্যা:
৫ বছরে সুদে-আসলে ৫০০ টাকা
৩ " " " ৪৬০ টাকা
= ৪০ টাকা

২ " " " = ৪০ টাকা

১ " " " = $\frac{৪০}{২}$ টাকা

৩ " " " = $\frac{৪০ \times ৩}{২}$ টাকা = ৬০ টাকা

∴ আসল (৪৬০ - ৬০) টাকা = ৪০০ টাকা

$$\therefore \text{সুদের হার} = \frac{১০০ \times \text{সুদ}}{\text{আসল} \times \text{সময়}}$$

$$= \frac{১০০ \times ৬০}{৪০০ \times ৩} = ৫\%$$

৩. শতকরা বার্ষিক ১৫% সুদে ৮,০০০ টাকার ৬ মাসের সুদ কত?
ক. ৬০০ টাকা   খ. ৭০০ টাকা
গ. ৮০০ টাকা   ঘ. ৫০০ টাকা
ব্যাখ্যা:

$$\text{সুদ} = \frac{\text{সুদের হার} \times \text{সময়} \times \text{আসল}}{১০০}$$

$$= \frac{১৫ \times ৬ \times ৮০০০}{১০০ \times ১২}$$

= ৬০০ টাকা।

৪. বার্ষিক শতকরা ১০ টাকা হার সুদে কোনো মূলধন কত বছর পরে সুদাসলে দ্বিগুণ হবে?
ক. ৯ বছর   খ. ১১ বছর
গ. ১২ বছর   ঘ. ১০ বছর

ব্যাখ্যা: $\text{সময়} = \frac{১০০ \times \text{সুদ}}{\text{আসল} \times \text{হার}}$

ধরি, আসল ১০০ টাকা, সুদাসলে দ্বিগুণ
অর্থাৎ ২০০ টাকা অতএব সুদ ১০০ টাকা

এখন সময় = $\frac{১০০ \times ১০০}{১০০ \times ১০}$ বছর

= ১০ বছর

৫. শতকরা 5 টাকা হার সুদের 120 টাকা 3 বছরে সুদ-আসলে কত হয়?
ক. 138 টাকা   খ. 137.50 টাকা
গ. 148 টাকা   ঘ. 135 টাকা
ব্যাখ্যা:

$I = pnr$
$= 120 \times 3 \times \frac{1}{20}$
$= 18$
∴ সুদাসল = 120 + 18 টাকা
= 138 টাকা

এখানে,
$p = 120$ টাকা
$r = 5\% = \frac{5}{100} = \frac{1}{20}$
$n = 3$

৬. শতকরা বার্ষিক কত হার সুদে কোনো মূলধন ২৫ বছরে সুদে-মূলে ৪ গুণ হবে?
ক. ১৫%   খ. ১৬%
গ. ৮%   ঘ. ১২%
ব্যাখ্যা: মনে করি, মূলধন ১০০ টাকা
সুদে - মূলে চার গুণ (১০০ × ৪) = ৪০০ টাকা
∴ সুদ (৪০০ - ১০০) টাকা = ৩০০ টাকা
১০০ টাকা ২৫ বছরের সুদ ৩০০ টাকা

১০০ " ১ " " $\frac{৩০০}{২৫}$ "

= ১২ টাকা। উত্তর: ১২%

৭. শতকরা ১ টাকা হার সুদে ১ টাকার সুদ ১ টাকা হবে কত বছরে?
ক. ১০ বছর   খ. ১০০০ বছর
গ. ১ বছর   ঘ. ১০০ বছর

ব্যাখ্যা: আমরা জানি,

$I = npr$

$\Rightarrow I = n \times 1 \times \frac{1}{100}$

$\therefore n = 100$ বছর।

৮. ৫০০ টাকা ৪ বছরের সুদ এবং ৬০০ টাকার ৫ বছরের সুদ একত্রে ৫০০ টাকা হলে সুদের হার কত?

ক. ৬% খ. ১০%

গ. ১২% ঘ. ৫%

ব্যাখ্যা: ধরি, সুদের হার r%

$\therefore (৫০০ \times ৪ \times \frac{r}{১০০}) + (৬০০ \times ৫ \times \frac{r}{১০০}) = ৫০০$

$\Rightarrow ২০r + ৩০r = ৫০০$

$\Rightarrow r = \frac{৫০০}{৫০} \therefore r = ১০$

৯. ২% হার সুদে ১০০ টাকার ৩ বছরের সুদ অপেক্ষা ৩% সুদে ঐ টাকার ৩ বছরের সুদ কত বেশি হবে?

ক. ১ টাকা খ. ২ টাকা

গ. ৩ টাকা ঘ. ৪ টাকা

ব্যাখ্যা: ১০০ টাকার ১ বছরের মুনাফা ২ টাকা

∴ ১০০ টাকা ৩ বছরের মুনাফা (২ × ৩) = ৬ টাকা

আবার, ১০০ টাকার ১ বছরের মুনাফা ৩ টাকা

১০০ টাকা ৩ বছরের মুনাফা (৩ × ৩) টাকা = ৯ টাকা

∴ মুনাফা বেশি হবে (৯ – ৬) বা ৩ টাকা।

১০. ৬০০ টাকার ৬ বছরের সরল সুদ ১৮০ টাকা হলে সরল সুদের হার কত?

ক. ৫% খ. ১০%

গ. ১২% ঘ. ১৭%

ব্যাখ্যা: সুদের হার $r = \frac{\text{সুদ} \times ১০০}{\text{আসল} \times \text{সময়}}$

$= \frac{১৮০ \times ১০০}{৬০০ \times ৬}$

$\therefore r = ৫\%$।

১১. সুদের হার ৭% থেকে কমে ৫% হলে এক ব্যক্তির আয় ৫ বছরের ৭০ টাকা কমে যায়। তার মূলধন কত?

ক. ১০০০ টাকা খ. ৮০০ টাকা

গ. ৭০০ টাকা ঘ. ৬০০ টাকা

ব্যাখ্যা: সুদের হার কমে = ৭% – ৫% = ২%

∴ ১ বছরে কমে ২ টাকা

∴ ৫ " " (২ × ৫) টাকা = ১০ টাকা

১০ টাকা কমলে মূলধন ১০০ টাকা

∴ ১ " " " $\frac{১০০}{১০}$ "

∴ ৭০ " " " $\frac{১০০ \times ৭০}{১০}$ = ৭০০ টাকা

১২. $6\frac{1}{4}\%$ হার সুদে কত সময়ে 96 টাকার সুদ 18 টাকা হবে?

ক. 2 বছর খ. $2\frac{1}{2}$ বছর

গ. 3 বছর ঘ. 4 বছর

ব্যাখ্যা: সরল মুনাফার ক্ষেত্রে, $I = Pnr$.

$\therefore n = \frac{I}{Pr}$

এখানে,
$I = 18$
$P = 96$
$r = 6\frac{1}{4}\% = \frac{25}{4}\%$

$= \frac{18 \times 100}{96 \times \frac{25}{4}}$

$= \frac{18 \times 4 \times 100}{96 \times 25}$

$\therefore n = 3$ বছর

১৩. ১০০ টাকা ৫ বছরে সুদে-আসলে ২০০ টাকা হলে সুদের হার কত?

ক. ৫% খ. ১০%

গ. ২০% ঘ. ২৫%

ব্যাখ্যা: সুদ = ২০০-১০০ = ১০০ টাকা

∴ সুদের হার $= \frac{১০০ \times ১০০}{১০০ \times ৫}\% \left[r = \frac{I \times 100}{pn}\%\right]$

$= ২০\%$

১৪. শতকরা বার্ষিক ১২ টাকা হারে ৬০০ টাকার ৬ মাসের সুদ কত?

ক. ২৪ টাকা খ. ৩৬ টাকা

গ. ৪৮ টাকা ঘ. ৬০ টাকা

ব্যাখ্যা: এখানে, $p = ৬০০$, $r = \frac{১২}{১০০}$, $n = \frac{৬}{১২} = \frac{১}{২}$

$I = pnr = ৬০০ \times \frac{১}{২} \times \frac{১২}{১০০}$

$\therefore I = ৩৬$

১৫. বার্ষিক ৮% সরল সুদে কত টাকা ৬ বছরে সুদে-আসলে ১০৩৬ টাকা হবে?

ক. ৫৫০ টাকা খ. ৬৫০ টাকা

গ. ১৫০ টাকা ঘ. ৭০০ টাকা

ব্যাখ্যা: ধরি,

আসল = ১০০ টাকা

১ বছরের সুদ = ৮ টাকা

৬ " " (৬ × ৮) = ৪৮ টাকা

∴ সুদাসল = (১০০ + ৪৮) টাকা = ১৪৮ টাকা

∴ সুদাসল ১৪৮ হলে আসল = ১০০ টাকা

" ১ " " = $\frac{১০০}{১৪৮}$ "

" ১০৩৬ " " = $\frac{১০০ \times ১০৩৬}{১৪৮}$ "

= ৭০০ টাকা।

১৬. X টাকার X% সরল সুদে ৪ বছরের সুদ X টাকা হলে X = ?

ক. ২০ খ. ২৫
গ. ৫০ ঘ. ৫৫

ব্যাখ্যা:

$$\frac{x \times x \times 4}{100} = x$$

বা, $4x^2 = 100x$

$\therefore x = 25$

১৭. শতকরা বার্ষিক কত সুদে ১ বছরের সুদ আসলের $\frac{১}{৫}$ অংশ হবে?

ক. ১০% খ. ১৫%
গ. ২০% ঘ. ২৫%

ব্যাখ্যা:

মনে করি, আসল = 100 টাকা

$\therefore$ 1 বছরের সুদ = 100 টাকা

$\therefore$ 5 " " = $\frac{100}{5}$ "

= 20 টাকা

১৮. বার্ষিক শতকরা হার কত হার সুদে ৪২৫ টাকা ৩ বছরের সুদে-আসলে ৪৭৬ টাকা হবে?

ক. ৩% খ. ৬%
গ. ৫% ঘ. ৪%

ব্যাখ্যা:

সুদ = (৪৭৬ - ৪২৫) = ৫১ টাকা

এখন, p = ৪২৫ টাকা, t = ৩ বছর, i = ৫১ টাকা,

শতকরা সুদের হার r = ? $r = \frac{100 \times i}{p \times t}$

= $\frac{১০০ \times ৫১}{৪২৫ \times ৩}$ = ৪

১৯. শতকরা বার্ষিক কত হার সুদে কোনো আসল ১০ বছরে সুদে-মূলে তিনগুণ হবে?

ক. ১০% খ. ১২%
গ. ১৫% ঘ. ২০%

ব্যাখ্যা: মনে করি, আসল ১০০ টাকা

১০ বছরে সুদ আসল = (১০০ × ৩) টাকা
= ৩০০ টাকা

১০ বছরের সুদ = (৩০০-১০০) টাকা
= ২০০ টাকা

$\therefore$ ১ " " $\frac{২০০}{১০}$ টাকা

শতকরা বার্ষিক সুদের হার ২০%।

২০. বার্ষিক শতকরা ৫.৫০ টাকা হার সুদে ৮০০ টাকার ৩ বছরের সুদ আসল কত হবে?

ক. ৯৩২ টাকা খ. ১৫০০ টাকা
গ. ১০০০ টাকা ঘ. ১২৪৫ টাকা

ব্যাখ্যা: ১০০ টাকার ৩ বছরের সুদ = (৫.৫ × ৩) টাকা

৮০০ " ৩ " " = (৮×৫.৫×৩) টাকা
= ১৩২ টাকা

সুতরাং ৩ বছরের সুদাসল = (৮০০ + ১৩২)
= ৯৩২ টাকা (উত্তর)

২১. সুদের হারের সূত্র কোনটি?

